"তাদের সম্পদ থেকে ছদকাহ গ্রহণ করুন এবং এর মাধ্যমে তাদেরকে পবিত্র ও পরিশুদ্ধি করুন"[৯] সুতরাং যাকাতদানকারীর যে সম্পদকে ও সম্পদ থেকে যাকাত হিসাবে দেয়া হয় যাকাত এই উভয়কেই পবিত্র ও পরিশুদ্ধি করে। সেই প্রেক্ষাপটে যাকাতের অর্থ পবিত্র করণ ও পরিশুদ্ধি করণ অত্যন্ত যুক্তি যুক্ত। যাকাত দানকারীর মাল বর্ধিত হওয়ার বিষয়েও কুরআনের উল্লেখ হয়েছে। বলা হচ্ছে-

وما أتيتم من زكاة تريدون وجه الله فألئك هم المضعفون ـ

"আল্লাহর সন্তুষ্টির জন্য তোমরা যে যাকাত দাও, প্রকৃত পক্ষে এ দ্বারা যাকাতদানকারী তাঁর সম্পদ বর্ধিত করে"[১০]। এ আলোকে যাকাতের অর্থ বেড়ে যাওয়াও হতে পারে।

পরিভাষায়-প্রত্যেক সাহেবে নেসাব মুসলমান তার মাল ও সম্পদ থেকে ইসলামী শরিয়াতে নির্ধারিত অংশটুকু নির্ধারিত হকদারদেরকে দিয়ে দেয়াকে যাকাত বলে।[১১]

## ইসলামে যাকাতের মর্যাদাঃ

যাকাত কোন অনুগ্রহের দান নয়। যাকাত ইসলামের অন্যতম রুকন। যাকাত অপরিহার্য ফরয। ছালাতের মত অপরিহার্য ইবাদতের সাথে আল কুরআনে ৮২টি জায়গায় সরাসরি যাকাত দানের নির্দেশ দেয়া হয়েছে। বলা হয়েছে-

أقيموا الصلاة وآتوا الزكاة ـ

"ছালাত প্রতিষ্ঠা কর এবং যাকাত আদায় কর"।[১২]

কোন কিছুকে অপরিহার্য করার জন্য আল্লাহর পক্ষ থেকে একটি নির্দেশ যথেষ্ট, সেখানে এতবার যাকাতের এই নির্দেশ মূলতঃ যাকাতের অপরিসীম গুরুত্ব ফুটায়ে তুলেছে। কুরআনের মোট ৩২টি জায়গায় যাকাত শব্দের উল্লেখ হয়েছে। তম্মধ্যে ২৬টি জায়গাতে যাকাতকে ছালাতের সাথে নিয়ে আসা হয়েছে। আল কুরআনে ইসলামের অন্য কোন দুটি রুকনকে এক সাথে এত বার নিয়ে আসা হয়নি। এ ছাড়াও আরো অনেক জায়গায় অন্য শব্দ ব্যবহার করে আলকুরআনে যাকাতকে বুঝান হয়েছে। যাকাত মূলত ইসলামের খুবই গুরুতপূর্ণ রুকন। কুরআনের বর্ণনা অনুযায়ী মুসলমান হয়ে অন্য মুসলমানের দ্বীনি ভাই হওয়ার স্বীকৃতি লাভ ও এই যাকাত দানের উপরেই নির্ভর করে।

فإن تابوا وأقاموا الصلاة وآتوا الزكاة فإخوانكم فى الدين ـ

" যদি তারা তাওবাহ করে, ছালাত কায়িম করে ও যাকাত আদায় করে তাহলে তারা তোমাদের দ্বীনি ভাই"।[১৩]

অত্যন্ত কঠোর ভাষায় যে যাকাত দেয় না তার জঘণ্য শাস্তির কথা মহাগ্রন্থ আল-কুরআনে বর্ণিত হয়েছেঃ

ولا يحسبن الذين يبخلون بما آتاهم الله من فضله هو خيرا لهم بل هو شرلهم سيطوقون ما بخلوا به يوم القيامة ـ

"যে সব লোককে আল্লাহ তার কৃপা দানে ধন্য করেছেন, তারা এগুলোকে নিয়ে কৃপণতা করে যেন মনে না করে যে এটা তাদের জন্য মঙ্গলজনক। বরং এটা হচ্ছে তাদের জন্য খুবই খারাপ জিনিস। যা নিয়ে তারা কৃপণতা করেছে তা কেয়ামতের দিন তাদের গলায় ঝুলায়ে দেয়া হবে"।[১৪] এ আয়াতে যাকাত না দেয়ার কঠোর শাস্তি অত্যন্ত পরিস্কার ভাবে উল্লেখ করা হয়েছে। যাকাত না দেয়া ক্ষুধা ও দুর্ভিক্ষের কারণ বলে রাসূল (সঃ) হুশিয়ারী দিয়েছেন। তিনি বলেনঃ

وما منع قوم الزكاة إلا منعوا القطر من السماء و لولا البهائم لم يمطروا ـ

"কোন সম্প্রদায় যাকাত বন্ধ করলে আসমান থেকে বৃষ্টিও বন্ধ করে দেয়া হয়। যদি সেখানে চতুষ্পদ প্রাণী না থাকত তাহলে বৃষ্টিই হত না"।[১৫]

যাকাত না দেয়ার ভংঙ্কর পরিণতির কথা আরো পরিষ্কার ভাষায় মহাগ্রন্থ আল-কুরআনে ঘোষিত হয়েছে। নশ্বর ধন সম্পত্তির ভালবাসায় উন্মত্ত্ব হয়ে যাকাত দেয়া থেকে বিরত থাকলে যে কঠোর শাস্তি তাদেরকে পেতে হবে সে বিষয়ে সতর্ক করে বলা হচ্ছেঃ

والذين يكنزون الذهب والفضة ولا ينفقونها في سبيل الله فبشرهم بعذاب أليم، يوم يحمى عليها في نار جهنم فتكوى بها جباههم وجنوبهم وظهورهم هذا ما كنزتم لأنفسكم فذوقوا ما كنتم تكنزون -

"যারা স্বর্ণ ও রৌপ্য সঞ্চয় করে রেখে তা থেকে আল্লার পথে খরচ করেনা তাদেরকে যন্ত্রনাদায়ক শাস্তির সুসংবাদ দাও। যে দিন জাহান্নামের আগুনে ঐ সব স্বর্ণ ও রৌপ্যকে উত্তপ্ত করে তা দিয়ে তাদের চেহারা, মুখমন্ডল, স্বার্শদশ ও পৃষ্ঠদেশে দাগ দেয়া হবে (এবং বলা হবে) এ হচ্ছে সেই ধন সম্পদ যা তোমরা নিজে দের জন্য সঞ্চয় করে রেখেছিলে। তোমরা যা সঞ্চয় করে রেখেছিলে তার আস্বাদ গ্রহণ কর"।[১৬] এ আয়াতের ব্যাপারে আল্লামা ইসলাহী বলেন যে, "যাকাত না দেয়া সম্পদের কারণেই এই কঠোর শাস্তি দেয়া হবে অন্য কোন কারণে নয়"।[১৭]

একসময় রাসূল (সঃ) দু'জন মহিলাকে স্বর্ণের চুড়ি পরিধান অবস্থায় দেখে জিজ্ঞাসা করলেন- "তোমরা কি এগুলোর যাকাত দাও? তারা বলল- "না"। তিনি বললেন- "তাহলে তোমরা কি এটা চাও যে, এ সবের পরিবর্তে তোমাদের আগুনের চুড়ি পরান হোক?[১৮]

এমনি ভাবে কুরআনের অসংখ্য আয়াতে ও হাদীসে অত্যন্ত পরিষ্কার ভাবে যাকাত থেকে বিরত থাকার ভয়ঙ্কর পরিণতি ও জঘণ্য পরিনামের কথা বর্ণিত হয়েছে। ইসলামের সকল বিধান পালন করার পরেও শুধু যাকাত না দেয়ার কারণে তাদের বিরুদ্ধে হযরত আবু বকর (রাঃ) এর যুদ্ধ ঘোষণা মূলত ইসলামে যাকাতের সীমাহীন মর্যাদারই বাস্তব প্রমাণ। এ প্রসঙ্গে তার ঐতিহাসিক বাণী ছিল এই যে,

والله لو منعوني عناقا كانوا يؤدونها إلى رسول الله لقاتلتهم على منعها -

"আল্লাহর শপথ, এক বছরের কম বয়সের দুম্বার বাচ্চা যা তারা রাসূল(সঃ) এর নিকট যাকাত হিসাবে পাঠাত, তা থেকে তারা বিরত থাকলে অবশ্যই আমি এই বিরত থাকার জন্য তাদের বিরুদ্ধে যুদ্ধ করব"।[১৯]

সুতরাং ইসলামের দৃষ্টিতে যাকাত কোন হেলায় খেলায় অবহেলা করার বিষয় নয়। এটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। কুরআনের একটি জায়গাতে যাকাত না দিলে মুশরিক হওয়ার হুমকীও দেয়া হয়েছে। বলা হচ্ছে-

وويل للمشركين الذين لايؤتون الزكاة -

"ধ্বংস ঐ সব মুশরিকদের জন্য যারা যাকাত দেয় না"।[২০]

যাকাত এমন একটি গুরুত্বপূর্ণ ইবাদত যা শুধু মুহাম্মদ (সঃ) এর উম্মতের উপরে ফরজ ছিল না। পূর্ববর্তী নবী রাসূলদের উপরেও ফরজ ছিল।[২১]

ফকীহদের দৃষ্টিতেও যাকাতের অপরিসীম গুরুত্ব ফুটে উঠেছে। তাদের মতে, কেউ যাকাত আদায় না করে মৃত্যু বরণ করলে, তার পরিত্যাক্ত সম্পদ বন্টন করা যাবে না।[২২] এমনি ভাবে কুরআন, হাদীস ও ইসলামের মনীষীদের দৃষ্টিতে যাকাত যে, ইসলামে অত্যন্ত গুরুত্বপূর্ণ ও অপরিহার্য বিষয় তা ফুটে উঠেছে।

## যাকাতের মর্মকথাঃ

সমগ্র পৃথিবীর একচ্ছত্র অধিপতি হচ্ছেন মহান রাব্বুল আলামীন। এরশাদ হচ্ছে-

لله ملك السموات والأرض وما فيهن -

"আসমান জমীন ও এর মধ্যে যা কিছু রয়েছে তার একচ্ছত্র বাদশাহী আল্লাহর জন্য"।[২৩] সুতরাং পৃথিবীর সকল সম্পদের মালিক একমাত্র আল্লাহ-ই। তিনি অত্যন্ত অনুকম্পা দেখায়ে শুধু মাত্র পরীক্ষা করার জন্য এই সম্পদকে বান্দাদের ভিতরে বন্টন করেছেন। তাদেরকে এই সকল সম্পদে তারই প্রতিনিধিত্ব করেছেন। এ প্রসঙ্গে আল্লাহ বলেনঃ

وأنفقوا مما جعلكم مستخلفين فيه -

"এবং যার উপর (সম্পদ) তোমাকে তিনি প্রতিনিধি বানায়েছেন তাথেকে তোমরা খরচ কর।"[২৪] তাহলে একথা পরিস্কার যে, পৃথিবীতে যে যে সকল সম্পদের মালিক মূলতঃ আল্লাহর অনুগ্রহেই সে ঐ গুলোর মালিক হয়েছে। এই সকল সম্পদের যাকাতের মাধ্যমে আল্লাহর এই অনুগ্রহ ও অনুকম্পার কৃতজ্ঞতা স্বীকার করা হয়। সাথে সাথে ক্ষণস্থায়ী এই পৃথিবীর সম্পদের ভালোবাসা যাতে বান্দাদেরকে আচ্ছন্ন করে চিরস্থায়ী আখেরাত বিমুখ না করে তোলে, যাকাত মূলত সম্পদকে বিলায়ে দেয়ার মাধ্যমে সেই শিক্ষাকে যাকাতদাতার মনে লালনের সুযোগ করে দেয়।

মানুষের সাথে দুই শ্রেনীর অধিকার জড়িত থাকে। একটি হচ্ছে 'হুকুকুল্লাহ' বা আল্লাহর হক। আর দ্বিতীয়টি হচ্ছে 'হুকুকুল ইবাদ' বা বান্দার হক। যাকাত মুলত বান্দার হক আদায়ের অন্যতম মাধ্যম।[২৫] সমাজের ধনীদের উপর সমাজের দুস্থ ও দিনাতিদীনদের প্রতি যে দায়িত্ব, যাকাত সে দায়িত্ব পালনে মানুষদেরকে সুযোগ দান করে।

## কর ও যাকাতঃ

সামন্ত প্রথা ও জমিদারী নিয়মনীতিতে এক ধরনের কর প্রজাদের থেকে আদায় করার নিয়ম ছিল। যে কর আদায় হত শুধু মাত্র দরিদ্র অথবা মধ্যবৃত্তদের নিকট হতে। এ বিষয়ে নির্ধারিত যেমন কোন নিয়মনীতি অনুসৃত হতনা, করের পরিমান ও আদায়ের প্রকৃতির ক্ষেত্রে তেমন কোন ইনসাফ ও ন্যায়নীতির বালাই ছিলনা। উল্লেখযোগ্য ধনীদের থেকে এই কর আদায় করা হতনা। দরিদ্র ও মধ্যবিত্ত যাদের থেকে এই কর আদায় করা হত প্রশাসন যন্ত্র যে কোন যুলম ও নির্যাতনের মাধ্যমে তাদের থেকে এই কর আদায় করেই ছাড়ত। আর তাদেরও অবস্থা ছিল এমন যে, যে কোন ছলে বলে কলে কৌশলে তারা এই কর থেকে পরিত্রাণ পাওয়ার চেষ্টা করত।[২৬] পক্ষান্তরে ইসলামের যাকাত ব্যবস্থা এই কর প্রথার থেকে একেবারেই ভিন্ন। ধনীদের সম্পদে দরিদ্র ও বঞ্চিতদের যে অধিকার রয়েছে তা ধনীদের থেকে আদায় করে তাদেরকে পৌছে দেয়াই এই ব্যবস্থার মূল লক্ষ্য। এ ক্ষেত্রে নির্ধারিত নীতিমালা থাকার কারণে সেখানে যুলম নির্যাতনের কোন সুযোগ নেই বরং সুষম বন্টনের মাধ্যমে বঞ্চিতদের মধ্যে এই সম্পদ বিতরণের সুপরিকল্পিত কার্যক্রমই হচ্ছে ইসলামের যাকাত ব্যবস্থা।

১৮৩৩ সালে সর্ব প্রথমে জার্মান তাদরে ধনী নাগরিকদের থেকে Socio Security কর নামে একধরনের কর আদায়ের রীতি প্রচলন করে। এর উদ্দেশ্য ছিল সমাজের বঞ্চিত দরিদ্রদের অর্থনৈতিক সমস্যা নিস্পত্তি করা। এ করের উদ্দেশ্য ও যাকাতের উদ্দেশ্য এক হলেও এর ধরণ, প্রকৃতি, বন্টন নীতি যাকাত থেকে একেবারেই ভিন্ন। জার্মানের দেখা দেখি ইউরোপের বেশ কিছু দেশে এই নিয়ম অনুসৃত হওয়া শুরু হয় বিগত শতাব্দির শেষের দিক হতে।[২৭] উনবিংশ শতাব্দিতে এসে সভ্যজগতের দাবীদাররা বঞ্চিতদের অর্থনৈতিক সমস্যা সমাধানের লক্ষ্যে বর্তমানে যে কর প্রথার প্রয়োজন অনুভব করল তাথেকে ১৩শত বছর আগেই তো ইসলাম যাকাত নামে এক সুষমা সুন্দর অর্থনৈতিক ব্যবস্থার প্রবর্তন করে এই সমস্যার সমাধানের পথ উন্মুক্ত করেছে। তাহলে অর্থনৈতিক সমস্যার সমাধান বিশেষ করে দারিদ্র্য বিমোচনে কাদের ভুমিকা অগ্রগামী ইসলামের না পাশ্চাত্যের?

আমাদের দেশেও যে প্রচলিত বিভিন্ন ট্যাক্স বা কর সরকারকে প্রদান করতে হয় এই ট্যাক্স বা কর যাকাত থেকে একেবারেই ভিন্ন। যাকাত ব্যবস্থায় নির্ধারিত সম্পদের নির্ধারিত অংশ ধনীকে অবশ্যই নির্ধারিত ব্যাক্তিদেরকে দিতে বাধ্য থাকতে হয়, যা এখানে একেবারেই অনুপস্থিত।

## বাংলাদেশের প্রেক্ষাপটে দারিদ্র বিমোচনে যাকাত ব্যবস্থাঃ

খুলাফায়ে রাশিদার সময়ে সাহেবি নিসাব (স্বচ্ছল ব্যাক্তি যার উপর যাকাত অনিবার্য) এর তালিকা প্রনয়ন করা হত। একই সাথে যাকাত প্রাপকদেরও তালিকা তৈরী করা হত। আধুনিক যুগে কর আদায়ের দপ্তরের মত

তদানিন্তন যাকাত আদায়ের দপ্তরে হাসিব, আশির, আরিফ, কাইয়াল, হাফিজ, সায়ী, কাতিব ক্বাসসাম এই আট শ্রেণীর লোক কর্মরত থাকতেন। তারা যাকাত সংগ্রহ করে প্রাপকদের কাছে পৌছানো দায়িত্ব পালন করতেন।[২৮] মুসলিম দেশ হিসাবে বাংলাদেশেও যাকাত আদায় ও বন্টনের এইরূপ ব্যবস্থা আকাংখিত হলেও বাস্তবে তা হতে দেখা যাচ্ছে না।

এক বেসরকারী হিসাব মতে এ দেশে প্রায় ১০,০০০ লোক রয়েছে যারা কোটিপতি। তন্মধ্যে ১০০ জন রয়েছে যারা ১০০ কেটি টাকার বেশীর মালিক তাদের প্রতিজন থেকে ২ লাখ ৫০ হাজার হিসাবে ১০০ জনের থেকে ২৫০ কোটি টাকা যাকাত আদায় সম্ভব।

বাংলাদেশের ব্যাংক গুলোতে যে টাকা আদান-প্রদান ও জমা থাকে তা ০.৪% অর্থাৎ প্রতি হাজারে মাত্র চার টাকা নিয়ে কারবার করে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ। তার পরেও এই ব্যাংক এই স্বল্প টাকার কারবার করে ১৯৯৭ সালে ৯৩ কোটি ৬০ লক্ষ টাকার ২.৫% ২ কোটি ৩৪ লাখ টাকা যাকাত আদায় করেছে তাহলে দেশের  সমগ্র ব্যাংক ব্যবস্থা থেকে ২৩ হাজার ৪শত কোটি টাকার ৫৮৫ কোটি টাকা যাকাত আদায় হওয়া সম্ভব।

এ দেশের ব্যবস্যা প্রতিষ্ঠান, শিল্প কলকারখানা, আয়কর ভুক্ত লোকজন, ব্যাংকের লকারে মহিলাদের জমান স্বর্ণালঙ্কার, ব্যাংকের ফিক্স ডিপোজিট প্রভৃতি থেকে প্রায় ৫০০ কোটি টাকা যাকাত আদায় করা মোটেও অবাস্তব নয়। উল্লেখ্য যে পরিবহন ব্যবসা, ইটের ভাটা, হিমাগার, কনসাল্টিং ফার্ম, ক্লিনিক প্রভৃতি প্রতিষ্ঠান যাকাতের অন্তর্ভুক্ত। এ গুলো থেকেও প্রায় ১০০ কোটি টাকা যাকাত আদায় করা সম্ভব।

বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রনালয়ের অধীন বাংলাদেশের ব্যুরো অব স্ট্যাটিসটিক্স এর প্রকাশিত Statistical year book Bangladesh. ১৯৯৭ এর তথ্য অনুসারে ১৯৯৫-৯৬ সালে দেশে মেয়াদী সঞ্চয়ের পরিমান ছিল নিম্নরূপ।

| | | | |
|---|---|---|---|
| ১। | তফসিল ব্যাংক সমূহে মেয়াদী সঞ্চয় | = | ৩১,২৩১.১৭ কোটি। |
| ২। | পোষ্টাল সেভিং ব্যাংকে নীট মেয়াদী সঞ্চয় | = | ৬, ৩২১. ৪৭কোটি। |
| ৩। | সরকারের বিভিন্ন সঞ্চয় প্রকল্পে ১৯৯১-৯৬ সালে নীট জমা ৬৬,৬০৮.৪০ কোটি যা থেকে গড়ে ২০% উত্তোলন বাদ দিলে দাঁড়ায় | = | ৫৩, ২৮৬.৮০ কোটি। |
| | মোট | = | ৯০,৮৩৯,৪৪ কোটি। |

যার যাকাত দাড়ায় ২,২৭১ কোটি টাকা।[২৯]

### শস্যের যাকাতঃ

১৯৯৩-৯৭ সালে দেশে গড়ে যে ধান উৎপাদন হয়েছে তা থেকে সম্ভাব্য প্রাপ্ত যাকাতের তালিকা নিম্নরূপঃ

| | | | |
|---|---|---|---|
| ১৯৯৩-৯৭ তে গড় উৎপাদিত ধান- | = | ১৭৫০০০০০ মেঃ টন | |
| তন্মধ্যে বৃষ্টির পানিতে উৎপাদিত ধান- | = | ১২৭২৩০০০ মেঃ টন | |
| যার যাকাত ১০% | = | | ১২৭২৩০০০ মেঃ টন |
| সেচের পানিতে উৎপাদিত ধান - | = | | ৪৭৭৭০০০ মেঃ টন |
| যার যাকাত ৫% | = | | ২৩৮৮৫০ মেঃ টন |
| | | মোট যাকাত = | ১৫১১১৫০ মেঃ টন |

যদি ধরে নেই উৎপাদিত ১৫ লাখ ১১ হাজার একশতে পঞ্চাশ মেট্রিক টন ধানে অর্ধেক উৎপাদিত হয়েছে দারিদ্র চাষীদের ক্ষেত হতে যাদের উপর ফসলের যাকাত অনিবার্য নয়, তাহলে বাকী অর্ধেক ৭ লাখ ৫৫ হাজার ৫ শত মেট্রিক টন ধান যাকাত হিসাবে পাওয়া সম্ভব। যদি ৭৫০০ টাকা করে প্রতি মেট্রিক টন ধানের নূন্যতম মূল্য দরা হয়, তাহলে এখানে যাকাত হিসাবে পাওয়া যাবে (৭৫৫৫৭৫ × ৭৫০০) = ৫৬৬ কোটি ৬৮ লাট ১২ হাজার পাঁচশত টাকা। এছাড়াও অন্যান্য উৎপাদিত শস্য ফল ফলাদিতো রয়েছে।

উল্লেখ্য যে, ছয় প্রকার[৩০] সম্পদের যাকাত রয়েছে তার সকল কিছু বাদ দিয়ে শুধু প্রতি বছর ব্যাংক ব্যবস্থা থেকে প্রাপ্ত ২২৭১ কোটি ও শস্যের যাকাত থেকে প্রাপ্ত ৫৬৬ কোটি ৬৮ লাখ ১২ হাজার পাঁচশত টাকা। যাকাত হিসাবে যদি সংগ্রহ হয় তাহলে প্রতি বছর আমাদের মত এই গরীব দেশেও মোট যাকাত সংগ্রহ হতে পারে ২৮৩৭ কোটি ৬৮ লাক টাকা।

বাংলাদেশে মোট ইউনিয়ন ৪৪৫১ টি আর পৌর ওয়ার্ড রয়েছে ৫৮৪ টি। তাহলে ইউনিয়ন ও ওয়ার্ডের সংখ্যা দাড়ায় ৫০৩৫টিতে। বাংলাদেশের ব্যাংক খাত ও শস্য খাত থেকে প্রাপ্ত সম্ভাব্য ২৮৩৭ কোটি ৭১ লক্ষ টাকাকে যদি ৫০৩৫টি ইউনিয়ন ও পৌর ওয়ার্ডের মধ্যে ভাগ করা হয় তাহলে গড়ে প্রতিটি ইউনিয়ন ও পৌর ওয়ার্ড পাবে ৫৬ লক্ষ ৩৫ হাজার ৯শত ৮ টাকা। এককালীন যদি প্রতিটি পরিবারকে ৪০ হাজার টাকা করে দেয়া হয় যা তারা বিনিয়োগ করে তার লভ্যাংশ দিয়ে নিজেদের দারিদ্র্য দূর করবে তাহলে প্রতিটি ইউনিয়ন ও পৌর ওয়ার্ডে ১৪০টি পরিবার প্রতি বছরের দারিদ্র্যের অভিশাপ থেকে মুক্ত হতে পারে। এই ধারা অব্যহত থাকলে ১০ বছরে প্রতিটি ইউনিয়ন ও পৌর ওয়ার্ডের ১৪০০টি পরিবারের দারিদ্র্য বিমোচন হতে পারে। উল্লেখ্য যে, অনেক ইউনিয়ন ও পৌর ওয়ার্ডে ১৪০০ দরিদ্র লোকও নেই।

যাই হোক এভাবে যাকাতের মাধ্যমে দারিদ্র্য বিমোচন মোটেও কঠিন নয়। উল্লেখ্য যে, সারা বাংলাদেশে ১৬ লাখ পরিবার রয়েছে ছিন্নমূল ও ঠিকানাহীন। আর ৩২ লাখ পরিবার রয়েছে তাদের সামান্য আশ্রয় থাকলেও কোন জমি নেই।[৩১] উপরের পদ্ধতিতে ১০ বছরে ৭০ লাখ ৪৯ হাজার পরিবারকে দারিদ্র্য মুক্ত করা সম্ভব।

আল্লাহ রাব্বুল আলামীন সবচেয়ে বিজ্ঞ, তিনি আহকামুল হাকিমীন। তার শখের সৃষ্টি আশরাফুল মাখলুকাত এই মানুষ। এই মানুষের সুখ শান্তি নিশ্চিত করার পন্থা উদ্ভাবন ও প্রণয়নের একচ্ছত্র অধিপতি তিনিই। তিনিই জানেন কোন পদ্ধতিতে এই মানুষের অর্থনৈতিক সমস্যা তথা দারিদ্র্যকে কিভাবে বিমোচন করা সম্ভব। সেই প্রেক্ষাপটে তিনি মানবতার সবচেয়ে কল্যাণকর অর্থ ব্যবস্থা যাকাত ভিত্তিক অর্থব্যবস্থা প্রণয়ন করেছেন। এই অর্থব্যবস্থা ছাড়া পৃথিবীতে মানুষের গড়া কোন অর্থ ব্যবস্থা যে, দারিদ্র্য বিমোচন করে মানব সমাজকে শান্তি শৃঙ্খলা ও প্রগতি উপহার দিতে পারেনি পুঁজিবাদী অর্থব্যবস্থা ও সমাজতন্ত্রী অর্থনীতি তার জাজ্বল্য প্রমাণ। সেজন্য আসুন, আমরা ঝঞ্ঝা বিক্ষুদ্ধ বুভুক্ষু এই পৃথিবীকে দারিদ্র্য বিমোচনে আল্লাহ প্রণীত যাকাত ভিত্তিক অর্থনীতিকে বাস্তবায়ন করে সমগ্র পৃথিবীকে দারিদ্র্যের ভয়াল অভিশাপ থেকে মুক্ত করি।

তথ্যসূত্রঃ


১। বাংলা একাডেমী, সংক্ষিপ্ত বাংলা অভিধান, পৃঃ ২৭৭

২। বায়হাকী ও তিবরানী

৩। আবু দাউদ

৪। বুখারী

৫। ডঃ ইউসূফ আল কারদাভী, **মুশকিলাতুল ফাকুর আকাইফা আলাজাহাল ইসলাম,** বৈরুত, দশম সংস্করণ, ১৯৯৪ পৃঃ ১৩

৬। বুখারী, মুসলিম নাসায়ী

৭। ডঃ ইউসূফ আর কারদাভী, ১৬

৮। মুজামমাউল-লুগাহ আল আরবিয়্যাহ, আল মু'আজামুল অসীত, আল- মাকতাবুতুল ইসলমিয়্যাহ, তেহরান পৃঃ ১/৩৯৮

৯। আত-তাওবাহঃ ১১

১০। রূমঃ ৩৯

১১। মাওঃ ইউসুফ ইসলাহী, **আসান ফেকাহ** (বাংলা) অনুবাদক আব্বাস আলী খান, আধুনিক প্রকাশনী, ৬ষ্ট সংস্করণ, ১৯৯৭ পৃঃ ২/০৪

১২। ৮টি জায়গা হচ্ছে, বাকারাহঃ ৫৩,৮৩.১১০ নিসা: ৭৭, নুর ৫৬মুজাদিলাহ; ১৩, মুজাম্মিলঃ ২০।

১৩। তাওবাহঃ ১১

১৪। তাওবাহঃ ১৮০

১৫। ইবন মাজাহ, বায়হাকী, বায্যার।

১৬। তাওবাহঃ ৩৪-৩৫

১৭। মাওঃ ইউসুফ ইসলাহী, পৃঃ ২/১৩
১৮। তিরমিযী
১৯। বুখারী
২০। হামীম সিজদাহঃ ৬-৭
২১। এ বিষয়ে দেখুন, আম্বীয়া ৭৩, বাকারাহ ৮৩, মায়িদাহঃ ১২, মারিয়াম ৩১, ৫৫
২২। আফীফ তববারাহ, **রূহ আদ-দীন আল-ইসলামী**, বৈরুত ১৯৯৩ পৃঃ ৩৫৪
২৩। মায়িদাঃ ১২০
২৪। আল হাদীদঃ ৭
২৫। মাওঃ ইউসুফ ইসলাহী ২/৯
২৬। আফীফ তববারাহ ৩৪৩
২৭। প্রাগুক্তঃ ৩৫৫
২৮। অধ্যাপক শাহ মুহাম্মদ হাবীবুর রহমান, প্রবন্ধ দারিদ্র্য বিমোচনে যাকাত দৈনিক সংগ্রাম ০৮/০৪৯৯
২৯। প্রাগুক্ত
৩০। যে ছয় প্রকার সম্পদের যাকাত দিতে হয় তা হচ্ছে- নগদ অর্থ, স্বর্ণ, রৌপ্য, ব্যবসার মালামাল, উৎপাদিত শস্য ও ফলফলাদি, পালিত পশু, খনিজ সম্পদ।
৩১। মুহাম্মদ শহীদুল আলমঃ দারিদ্র বিমোচনে জন প্রশাসনের ভূমিকা, পৃঃ ৩-৭

*একাউন্টেন্টস ফোরাম, চিটাগাং কর্তৃক আয়োজিত সেমিনার ও ইফতার মাহফিলে উপস্থাপিত প্রবন্ধ*
*তারিখঃ ১৫ই ডিসেম্বর, ২০০০ সাল, ১৮ই রমদান, ১৪২১ হিজরী*
*স্থানঃ চেম্বার হাউস, (২য় তলা), আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।*


*বিজ্ঞানের অগ্রগতির সাথে সাথে আমরাও নিজেদেরকে এগিয়ে নিচ্ছি। অডিও ভিডিও ক্যাসেটের পাশাপাশি ১০০ বছরের সংরক্ষণের নিশ্চয়তায় সংগ্রহ করুন*

**আমাদের উল্লেখযোগ্য ক্যাসেটের**

**সিডি ও ভি সি ডি**

তাছাড়া আপনার যে কোন ক্যাসেট সংরক্ষণের জন্য সিডিতে কনভার্ট করে নিন।

**চলে আসুন আমাদের শো-রুমে।**

আমাদের প্রযোজিত ৩ শতাধিক ক্যাসেট থেকে আপনার পছন্দেরটি সংগ্রহ করুন।

ক্যাসেট ক্রয় করার সময় CHP মনোগ্রাম দেখে নিন।

**চট্টগ্রামে আমাদের শো-রুম**

**ইসকপ অডিও ভিডিও সেন্টার**

৫৫, শাহী জামে মসজিদ মার্কেট, (২য় তলা), আন্দরকিল্লা, চট্টগ্রাম। ফোনঃ ০১৭-৩৮১৯৬০

**স্পন্দন অডিও ভিজ্যুয়াল সেন্টার**

৪৩৫, এ-২ চাষীকল্যাণ ভবন (ওয়ারলেস রেলগেইট)
বড় মগবাজার, ঢাকা-১২১৭ ফোনঃ ৯৩র৪২২১৫, ৪১৩২৯০, ০১৭৮২৭৯৫৩

# কাদিয়ানী মতবাদ ঃ মুসলিম বিশ্বে তার বিরূপ প্রভাব

মুহাম্মদ আবুল কালাম *

## উপক্রমণিকাঃ

সৃষ্টির আদিলগ্ন থেকেই পরস্পর বিরোধী দুটি শক্তি সক্রিয় রয়েছে। একটি শক্তির কাজ হচ্ছে মানুষকে হেদায়াত, কল্যাণ ও যাবতীয় মঙ্গলের পথে আহ্বান করা। পক্ষান্তরে এর বিপরীত শক্তিটি মানুষকে ধ্বংসের অতলান্তে নিমজ্জিত করার যাবতীয় অপ-প্রয়াসে প্রলুব্ধ ও কুমন্ত্রনা প্রদান করে। অথচ মানব ও জ্বিন সৃষ্টির উদ্দেশ্য বর্ণনা করতে গিয়ে আল্লাহ রাব্বুল আলামীন এরশাদ করেন, "আমি মানব ও জ্বিন জাতিকে একমাত্র আমার ইবাদতের নিমিত্তে সৃষ্টি করেছি।" আল্লাহ মহান প্রতিপালক ও মাবুদ এবং মানব তার প্রতিপালিত ও বান্দা। মানুষ যখন আল্লাহ্‌র বন্দেগী করে ও তাঁর হুকুম আহকাম সঠিকভাবে পালন করে তখন তাঁর উদ্দেশ্য সফল হয় এবং তাকে বলা হয় আনুগত্যশীল ঈমানদার বান্দা। পক্ষান্তরে সে যখন শয়তান তাগুতী শক্তি ও রিপুর ফাঁদে পড়ে নাফরমানীতে লিপ্ত হয়, তখন তার সৃষ্টিরউদ্দেশ্য ব্যহত হওয়ার পাশাপাশি সে খোদাদ্রোহী ও অকৃতজ্ঞ বান্দায় পরিণত হয়। যার উজ্জল দৃষ্টান্ত কওমে আদ, কওমে সামুদ সহ আরো কত। ইতিহাস যার জ্বলন্ত স্বাক্ষী। তারই ধারাবাহিকতায় এ উপমহাদেশে কাদিয়ানী সম্প্রদায়ের আবির্ভাব। যা মুসলিম মিল্লাতের জন্য মারাত্মক ক্যান্সার স্বরূপ। স্বার্থপর বৃটিশ সরকার তাদের আধিপত্য পাকাপোক্ত করা এবং মুসলমানদের মধ্যে বিভেদ সৃষ্টির উদ্দেশ্যে পূর্ব পাঞ্জাবের কাদিয়ানের অধিবাসী মির্যা গোলাম আহমদকে মিথ্যা নবুয়তের দাবীদার বানিয়ে দাড় করায়। যিনি তৎকালীন ইংরেজ সরকারের পৃষ্ঠপোষকতায় ও ছত্রছায়ায় অতি কৌশলে পর্যায়ক্রমে তার উক্ত দাবী প্রচারের মাধ্যমে কিছু সংখ্যক সরলপ্রাণ মুসলমানকে পথভ্রষ্ট করতে সক্ষম হন। পক্ষান্তরে সচেতন মুসলমানরা ও ওলামা সমাজ এই ভন্ড নবীর মিথ্যা নবুয়তের দাবীর প্রতিবাদে প্রথম থেকেই সোচ্চার ছিলেন। কিন্তু খ্রীষ্টান, ইয়াহুদীও অন্যান্য ইসলাম দুশমন শক্তির ছত্রছায়ায় ক্রমান্বয়ে তার একটি বিশেষ গোষ্ঠী গড়ে ওঠে। যদিও বিশ্বের ওলামা ও অধিকাংশ মুসলিম রাষ্ট্র তাদের কাফের বলে ফতওয়া দিয়েছেন, তবুও তাদের ষড়যন্ত্রমূলক প্রচার অভিযানের দ্বারা বহু সরল প্রাণ মুসলমান বিভ্রান্ত হচ্ছে। নিম্নে এ ধ্বংসাত্মক মতবাদ ও মুসলিম বিশ্বে তার বিরূপ প্রভাব সম্পর্কে নাতিদীর্ঘ আলোচনা করা হলো।

## কাদিয়ানী মতবাদের প্রতিষ্ঠাতাঃ

কাদিয়ানী মতবাদের প্রতিষ্ঠাতা মির্যা গোলাম আহমদ কাদিয়ানী। তিনি শিখ হুকুমতের শেষ দিকে ১৮৩৯/ ১৮৪০ সালে গুরুদাসপুর জেলার কাদিয়ান নামক গ্রামে জন্ম গ্রহন করেন।[১]

তার লেখা থেকে জানা যায়ঃ "১৮৫৭ সন হাংগামার সময় তার বয়স ছিল ষোল/ সতের বৎসর"।[২]

মির্যা সাহেব মাধ্যমিক স্তর পর্যন্ত নিজের বাড়ীতেই পরিবারের নিকট থেকে শিক্ষা লাভ করেন। তিনি

* লেখকঃ দাওয়াহ্ এন্ড ইসলামিক স্টাডিজ বিভগ, ৫ম সেমিস্টার

তৎকালীন প্রসিদ্ধ আলেমদের নিকট থেকে নাহু, মানতিক ও দর্শনের কিতাবগুলো অধ্যায়ন করেছেন। এবং স্বীয় পিতার কাছে চিকিৎসা বিজ্ঞানের উপর পড়াশুনা করে পান্ডিত্য অর্জন করেন। কর্মজীবনে মির্যা সাহেব প্রথমে ১৯৬৪ সনে শিয়ালকোট শহরে ডেপুটি কমিশনারের কাচারীতে অল্পবেতনে চাকুরী করেছিলেন। তার পর ১৮৬৮ সনে তিনি উক্ত চাকুরী ইস্তফা দিয়ে কাদিয়ান চলে আসেন এবং যথারীতি পৈত্রিক জমিদারীর কাজে মশগুল হয়ে যান। তবে অধিকাংশ সময় কুরআনের তাফসীর ও হাদীস অধ্যয়নের মাধ্যমে কাটাতেন।[৩] মির্যা সাহেব শৈশব কাল থেকেই সহজ সরল ও অনাড়ম্বর জীবন যাপন করতেন। দুনিয়াবী বিষয়ের ব্যাপারে উদাসীনতা শুরু থেকেই তার মধ্যে পরিলক্ষিত হতো। স্বাস্থ্যগত ভাবে তিনি হিষ্ট্রিয়া, ডায়াবেটিস সহ নানা রোগে ভুগেছিলেন। যৌবনকালে মুজাহাদা ও চিল্লাকাশীও করেছিলেন। লাগাতার রোযাও রাখতেন এবং বড় ধরনের চিল্লা করতেন।

মির্যা গোলাম আহমদ কাদিয়ানী ১৮৫২ বা ১৮৫৩ সনে নিজ গোত্রের এক মেয়েকে প্রথম বিবাহ করেছিলেন। এই স্ত্রীর কোলে দুই ছেলে মির্যা সুলতান আহমেদ ও মির্যা ফযলে আহমদ জন্ম গ্রহণ করেন। এই স্ত্রীকে তিনি ১৮৯১ সনে তালাক দেন। দ্বিতীয় বিবাহ করেছেন ১৮৮৪ সনে দিল্লীর নওয়াব নাসির সাহেবের মেয়েকে। মির্যা সাহেবের বাকী সন্তানগুলো তার ঔরসে জন্মলাভ করেছে। এই দ্বিতীয় স্ত্রীর গর্বে জন্ম লাভ করেছে তিন ছেলেঃ মির্যা বশীর উদ্দীন মাহমুদ, মির্যা বশীর আহমদ ও মির্যা শরীফ আহমদ।

মির্যা গোলাম আহমদ কাদিয়ানী সাহেব যখন ১৮৯১ সনে মসীহ মউউদ হওয়ার দাবী করলেন, অতঃপর ১৯০১ সনে নবুয়তের দাবী করে বসলে,[৪] তখন ওলামায়ে ইসলাম তার বিরোধীতা শুরু করেন। বিরুদ্ধচারণকারীদের মধ্যে "আহলে হাদীস" পত্রিকার সম্পাদক মাওলানা ছানাউল্লাহ অমৃতসরী ছিলেন অগ্রগণ্য। মির্যা সাহেব ১৯০৭ সনের ৫ই এপ্রিল একটি ইশতেহার জারী করেছিলেন। এই ইশতেহারের এক বছর পর ১৯০৮ সনের ২৫শে মে বাদ ইশা লাহোরে অবস্থানকালে মির্যা সাহেবের পাতলা পায়খানা শুরু হয়। রাত্রেই চিকিৎসার ব্যবস্থা করা হয়। কিন্তু অসুস্থতা ক্রমাগত বেড়েই চলে। অবশেষে ২৬শে মে মঙ্গলবার দিন তিনি ইন্তেকাল করেন।

কাদিয়ানী আন্দোলনের ইতিহাসে গুরুত্বও নেতৃত্বের দিক থেকে মির্যা সাহেবের পরেই হাকীম নূরুদ্দীন ভেয়রবী সাহেবের স্থান। মির্যা সাহেবের ভক্তরা তার হাতে বায়আত হন। তিনি "খলীফাতুল মসীহ আল মউউদ" এবং "নূরুদ্দীন আযম" উপাধি পান। মির্যা সাহেবের নবুয়তে যারা বিশ্বাস করে না, তারা কাফির কিনা এ ব্যাপারে অনেক দিন যাবত হাকীম সাহেবের সন্দেহ ছিল। পরিশেষে তাঁর সন্দেহ দূর হয়ে যায় তিনি তাদের কাফির বলতে শুরু করেন।[৫] কোন কোন বিশেষজ্ঞর মতে, হাকীম সাহেব এই সিলসিলায় মস্তিস্কের স্থান রাখেন। তার অস্তিত্বই এই আন্দোলনের জ্ঞান ও চিন্তাজগতের উৎস।

❑ কাদিয়ানী মতবাদের লাহোরের আমীর ছিলেন মুহাম্মদ আলী। তিনি ছিলেন বৃটিশের গুপ্তচর এবং "কাদিয়ানী" নামে যে পত্রিকা প্রকাশ হতো তার সম্পাদক। এভাবে এ সম্প্রদায়ের খলীফাদের মাধ্যমে কেন্দ্রীয় কার্যাবলী পরিচালিত হতো।

## কাদিয়ানীদের মৌলিক চিন্তাধারাঃ

যে সমস্ত মৌলিক আকীদাহ বা বিশ্বাসের উপর কাদিয়ানী মতবাদ পরিচালিত, তার উপর উল্লেখ্যযোগ্য কয়েকটি আকীদাহ নিম্মে তুলে ধরা হলো

১। কাদিয়ানীদের মতে, বৃটিশ সরকারের পূর্ণ আনুগত্য ও সহযোগীতা করা প্রত্যেক মুমিনের উপর ফরয।

২। মির্যা সাহেব ও তার ভক্তবৃন্দের মতে, জিহাদকে ফরয বিধান থেকে মানসুখ করা হয়েছে। অর্থাৎ বর্তমানে জিহাদ করা ফরয নয়।

৩। তাদের মতে, আল্লাহ রাব্বুল আলামীন রোযা রাখেন, নামাজ পড়েন, ঘুমান, লেখা-লেখি করেন, ভুল

ভ্রান্তি করেন ইত্যাদি। শুধু তাই নয়, কাদিয়ানীদের জনৈক খলীফা "মুসলমানদের খোদা আলাদা আর কাদিয়ানীদের খোদা আলাদা" এমন বক্তব্য পেশ করেছেন। যা ১৯১৭ সনের ২১ শে আগস্ট সংখ্যায় প্রকাশিত "তোলাবো কো নাদুয়য়েহ" শীর্ষক বক্তব্যে বলা হয়।

৪। তাদের কাছে মক্কা ও মদীনার চেয়ে "কাদিয়ান" নামক এলাকা অতি উত্তম এবং প্রতিবছর তথায় হজ্ব করা আরো বেশী সাওয়াবের কাজ।

৫। মুহাম্মদ (সঃ) এর মাধ্যমে নবুয়তের পরিসমাপ্তি ঘটেনি বরং তা (নবুয়ত) কেয়ামত অবধি চলবে এবং মির্যা গোলাম আহমদ ছিলেন সকল নবীদের মধ্যে উত্তম।

৬। যারা কাদিয়ানী মতবাদে বিশ্বাসী নয়, তারা কাফির

৭। তাদের ধারণা, মির্যা সাহেবের নিকট জিব্রাইল(আঃ) ওহী নিয়ে আসতেন এবং তার ওহী বা খোদায়ী প্রত্যাদেশ ছিল কোরাআনের মত।

৮। তাদের মতে, কাদিয়ানীরা হলো আলাদা জীবন বিধান ও শরীয়তের অনুসারী এবং গোলাম আহমদের সাথে বন্ধুত্ব স্থাপন করা হলো সাহাবীদের মত, যারা রাসূলের(সঃ) সাথে বন্ধুত্ব স্থাপন করেছিলেন।

৯। "কাদিয়ান" হলো এ মতবাদের অনুসারীদের কেবলা এবং পবিত্র স্থান। যার দিকে ফিরে সালাত আদায় করতে হয়।

১০। মদ, আফিম এবং সকল ধরনের নেশা দ্রব্য তাদের নিকট বৈধ

১১। মুসলমান শিশুরাও কাফির এবং তাদের নামাযে জানাজা বৈধ নহে।

১২। আহমদী কাদিয়ানীর যে কোন কন্যা অকাদিয়ানীয়ার নিকট বিয়ে দেয়া সম্পূর্ণ হারাম।

১৩। কাদিয়ানীদের মতে, মুসলমান ও খৃষ্টান এক ও অভিন্ন।
নবী করীম (সঃ) খৃষ্টানদের সহিত যেরূপ ব্যবহার করতেন, হযরত মসীহে মউউদ অকাদিয়ানীদের সহিত কাদিয়ানীর নামায আলাদা করা হয়েছে এবং তাদেরকে কাদিয়ানীদের কন্যা দান করা হারাম করা হয়েছে।[৬]

১৪। কাদিয়ানীদের দৃষ্টিতে, মির্যা সাহেবের কবর ও জনাব রাসূল (সঃ) এর মাযার শরীফের মতই মর্যাদা সম্পন্ন। কাদিয়ানের পক্ষ থেকে সেখানে আগতদের উদ্দেশ্যে হেদায়াতমালা রয়েছে যা আল ফযল পত্রিকার দশম খন্ডে ১৯২২ সালের ১৮ই ডিসেম্বর ৪৮তম সংখ্যায় কাদিয়ানের প্রশিক্ষণ বিভাগ কর্তৃক প্রকাশিত হয়েছে। তাতে বলা হয়, "এ পরিপ্রেক্ষিতে মদীনা মুনাওয়ারার সবুজ গম্বুজের নূরানী কিরণের পূর্ণ ছটা এই সাদা গম্বুজে বিকরিত হচ্ছে। মনে করুণ, আপনি সেই বরকত সমূহের অংশীদার হচ্ছেন যা একমাত্র রাসূলুল্লাহ(সঃ) এর রাওযায়ে আতহারের জন্যই সীমাবদ্ধ। কতইনা দূর্ভাগা সেই ব্যক্তি যে আহমদী হজ্জে আকবরের এ পূণ্য হতে বঞ্চিত হলো।[৭]

## মুসলিম বিশ্বে কাদিয়ানী মতবাদের বিরূপ প্রভাবঃ

কাদিয়ানী মতবাদের ফলে মুসলিম দেশ সমূহে যে সমস্ত নেতিবাচক প্রভাব লক্ষনীয়, তার কতিপয় দৃষ্টান্ত নিম্নে তুলে ধরছি-

### ১. দ্বীনে হক থেকে মুসলমানদেরকে দূরে সরানোঃ

কাদিয়ানী মতবাদ ইসলামী জীবন বিধান ও জীবনাদর্শের মোকাবিলায় একটি নতুন ধর্মীয় বিধান ও জীবনাদর্শ পেশ করেছে। সে নিজের মধ্যেই ধর্মীয় জীবনের সকল অংশ এবং সকল আবেদনের ছক পূরণ করতে চায়। তার অনুসারীদের সে নূতন নবুয়ত, মহব্বত ও শ্রদ্ধার নূতন কেন্দ্রস্থল, নূতন দাওয়াত, নূতন আধ্যাত্মিক কেন্দ্র ও পবিত্রভূমি, নূতন ধর্মীয় নিদর্শনাবলী, নূতন ইমাম ও পথ প্রদর্শক, নূতন ইতিহাস ও ব্যক্তিত্ব দান করে। মোটকথা সে মনন, চিন্তাধারা ও বিশ্বাসের একটি কেন্দ্রভূমি প্রতিষ্ঠিত করে। এটাই তাকে একটি ফের্কা এবং ফিকহী বা দর্শনগত কোন চিন্তাধারা পরিবর্তে স্বতন্ত্র একটি ধর্ম এবং জীবন বিধানের আকৃতি দান করে। এর

ভিতর একথার সুস্পষ্ট লক্ষণ দেখতে পাওয়া যায় যে, সে নতুন ধর্মীয় ভিত্তির উপর একটি নূতন সমাজ নির্মান করতে চায়। স্বাভাবিকভাবে এর ফল এই দাড়ায় যে যারা নিষ্ঠা ও উৎসাহ নিয়ে এ মতবাদ ও দাওয়াতকে কবুল করে এবং এর আওতায় এসে যায়, তাদের চিন্তাধারা ও বিশ্বাসের কেন্দ্রবিন্দু পরিবর্তন হয়ে যায়। তাদের চিন্তা চেতনায় পুরানো দ্বীনি কেন্দ্র, প্রতিষ্ঠান এবং ব্যক্তিত্বের স্থলে, নূতন দ্বীনি কেন্দ্র, প্রতিষ্ঠান এবং ব্যক্তিত্ব এসে যায়। তারা একটি নূতন সম্প্রদায় বনে যায়, যারা নিজেদের উদ্দীপনা, চিন্তাধারা ও ভক্তি ও ভালোবাসায় স্বতন্ত্র একটি ব্যক্তিত্ব এবং অস্তিত্বের অধিকারী হয়ে যায়। বিপরীত মূখীতা এবং স্বাতন্ত্রের এই লক্ষণ কাদিয়ানী ধর্মমতের ভিতর শুরু থেকেই কাজ করে আসছি। যা এখন পরিপূর্ণতা ও পরিপক্কতার এমন পর্যায়ে পৌছে গেছে যে, কাদিয়ানীরা নির্ভয়ে ও খোলাখুলিভাবে ইসলামী নিদর্শনাবলী ও পবিত্রভূমির সাথে কাদিয়ানী নিদর্শন ও পবিত্র স্থানের মুকাবেলা করে থাকে এবং ওগুলোর সমমানের কেরামের যে স্থান ও মর্যাদা রয়েছে তা সকলের কাছেই সুস্পষ্ট, কিন্তু কাদিয়ানীরা মির্যা সাহেবের বন্ধুবান্ধব ও সাথীদের সাহাবায়ে কেরামের সম্মানে নিয়ে যায়। একজন দায়িত্বশীল কাদিয়ানী তাদের এই চিন্তাধারার ব্যাখ্যা এভাবে করেছেনঃ এই উভয় দল(সাহাবায়ে কেরামও মির্যা সাহেবের সহচর বৃন্দ) এর মাঝে পার্থক্য সৃষ্টি করা অথবা একদলকে অপর দলের চেয়ে সামগ্রিকভাবে শ্রেষ্ঠ বানানো ঠিক নয়। এ উভয়গ্রুপ মূলত একই জামাতের অন্তর্ভূক্ত) এই সমস্ত ভ্রান্ত আকীদাহ সাধারণ ও সরল প্রাণ মুসলমানরা গ্রহন করে তাদের সত্যিকার আকীদাহ থেকে দূরে সরে যাচ্ছে এবং নিজেদেরকে জাহান্নামের ইন্ধনের জন্য অবশ্যম্ভাবী করে তুলছে।

## ২. মুসলমানদের ঐক্যে ফাটল ধরানো

"এই নতুন নবুয়তের দ্বারা আলমে ইসলামে যে রকম বিশৃংখলা মুসলমানের মধ্যে যে ভয়াবহ আত্মকলহ ও উম্মতের মধ্যে যে দুঃখজনক ফাটল সৃষ্টি হয়েছে, এর চিন্তা করলেও একজন মুসলমানের গা শিউরে না উঠে পারে না।"(৯) ধর্মহীনতা ও ধর্মবিমূখতার এই যুগে স্বভাবতই মানুষের ভিতর "আনাল হক" ও "আনানিয়্যাহ" বলার আগ্রয়রয়নি। কিন্তু, মির্যা গোলাম সাহেবের রচনাবলীর প্রতিক্রিয়া ও কাদিয়ানী মুবাল্লেগীনের প্রচারণার বদৌলতে যদি আজ আলমে ইসলামে নবুয়তের দাবী তোলার আগ্রহ সৃষ্টি হয়ে যায় এবং মুসলিম জাহানের বিভিন্ন স্থানে বিভিন্ন ব্যক্তি নিজের নবুয়তের পতাকা উড্ডীন করে, আর যে বা যারা এই পতাকার ছায়াতলে আশ্রয় না নেয়, নবুয়তের অবশ্যম্ভাবী ফল হিসাবে তাদের কাফের বলা শুরু হয়ে যায়, তবে ইসলামী দুনিয়ায় কি রকম বিশৃংখলা ও আত্মকলহের সৃষ্টি হতে পারে? আর মুসলিম জাহান কি রকম দলে উপদলে, কেন্দ্রে কেন্দ্রে শতধা বিচ্ছিন্ন হয়ে পড়বে? যে উম্মতের আবির্ভাব ঘটেছে বর্ণ, গোত্র ও সম্প্রদায়গত বিচ্ছিন্নতাকে মিটাবার জন্য, যে উম্মতের আগমন ঘটেছে সকল মানব জাতির একজনকে অপরজনের ভাই ও সহকর্মী বানাতে, কিভাবে সে উম্মত দ্বীনি এক গুয়েমী ও পরস্পর আত্মঘাতী সংঘর্ষে লিপ্ত হবে? কিভাবে একে অপরকে কাফির বলতে শুরু করবে? এই আশংকার কথা অনুভব করেছিলেন মৌলভী মুহাম্মদ আলী লাহোরীও। অত্যন্ত সুন্দর ও বলিষ্টভাবে নিজের একটি নিবন্ধে তিনি একথা প্রকাশও করেছিলেন। কিন্তু তিনি চিন্তা করেননি, এই ভয়াবহ দরজা মির্জা গোলাম আহমদ সাহেবই খুলেছেন। ইসলামের পুরো ইতিহাসে তিনিই প্রথম ব্যক্তি, যিনি নবুয়তের ধারাবাহিকতা জারী থাকাকে একটি দাওয়াত ও আন্দোলনের রূপ দিয়ে পেশ করেছেন। মৌলভী মুহাম্মদ আলী সাহেব চক্ষুষ্মান ব্যক্তিদের উদ্দেশ্য করে লিখেছেনঃ "আল্লাহর ওয়াস্তে চিন্তা করুন! মির্যা সাহেবের এই বিশ্বাস যদি যথার্থ হয় যে, নবী আসতে থাকবেন এবং হাজারো আসবেন। যেমন তিনি স্পষ্ট ভাবে "আনওয়ারে খেলাফতে" লিখে দিয়েছেন, তাহলে এই হাজারো গ্রুপ একে অপরকে কাফির আখ্যাদানকারী হবে কি-না, এবং তখন ইসলামী ঐক্য কোথায় যাবে? এ কথাও যদি মেনে নেয়া যায় যে, সে সব নবী আহমদী জামাতেই হবে, তাহলে আহমদী জামাতের কয়টি টুকরো হবে?

অতীত যুগের রীতিনীতি থেকে আমরা এতটুকু অজ্ঞ নই। নবীর আগমনের পর কিভাবে একটি দলের সাথে তার বিরোধ বাধে। সেই খোদা যিনি মুহাম্মাদুর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের হাতে সমগ্র দুনিয়ার জাতি সমূহকে একত্র করার ইচ্ছা পোষণ করেছেন, তিনি কি এখন মুসলমানদের এভাবে খন্ড বিখন্ড করে দিবেন যে, একে অপরকে কাফির বলতে শুরু করবে? এবং পরস্পরে ইসলামী ভ্রাতৃত্বের বন্ধন ছিন্ন হয়ে

যাবে? স্মরণ রাখুন, ইসলামকে সকল দ্বীনের উপর বিজয়ী করার ওয়াদা যদি সত্য হয়, তবে দ্বীনে ইসলামের উপর এই মুসিবত কখনো আসতে পারেনা যে, হাজারো নবী স্ব-স্ব পাড়া নিয়ে ভিন্ন ভিন্ন হয়ে ফিরবে। হাজারো ইটের মসজিদ হবে, যার পূজারীরা নিজ নিজ জায়গায় ঈমান ও নাজাতের ঠিকাদার হয়ে থাকবে এবং অপরাপর মুসলমানদের কাফিরও ও বেঈমান সাব্যস্ত করে বসবে।"[১০]

### ৩. ধ্বংসাত্মক মতবাদ প্রচার করাঃ

মুসলিম দেশ সমূহে ইসলামী চ্যানেল খোলার মাধ্যমে বিভিন্ন কলা কৌশলে মুসলমানদের ঈমান আকীদার সাথে সাংঘর্ষিক এমন ধ্বংসাত্মক মতবাদ প্রচার করা কাদিয়ানীদের অন্যতম কাজ। যার কতিপয় দৃষ্টান্ত নিম্নে তুলে ধরা হলোঃ

(১) শরীয়তের কোন গুরুত্বপূর্ণ বিধানকে পূর্ণ শক্তি ব্যয় করে সুস্পষ্ট ভাষায় রহিত ঘোষণা করে দেয়াও এ কথার প্রমাণ বহন করে যে, তিনি নিজেকে সাহেবে শরীয়ত ও আদেশ নিষেধের অধিকারী একজন স্বতন্ত্র নবী মনে করতেন, যিনি কোরআনী শরীয়তকে রহিত করতে পারেন। যেমন, জেহাদের ন্যায় কুরআনে সুস্পষ্টভাবে বর্ণিত একটি বিধান যার উপর উম্মতের ধারাবাহিক ভাবে আমল জারী রয়েছে এবং যার ব্যাপারে স্পষ্টভাবে হাদীসে বলা হয়েছে

الجهاد ماض إلى يوم القيامة

জিহাদ কিয়ামত অবধি জারী থাকবে।" জিহাদ নিষিদ্ধ ঘোষণা করা এবং একে রহিত আখ্যা দেয়া এর একটি প্রকৃষ্ট উদাহরণ। যে মুহূর্তে মুসলমানের মাঝে দ্বীনি চেতনা জাগরিত করার অতীব প্রয়োজন ছিল। সে সময়ে বারবার মির্যা সাহেব জিহাদকে নিষিদ্ধ ঘোষণা করেছেন। এক স্থানে তিনি লিখেছেনঃ "আমার বয়সের অধিকাংশ সময়ই এই ইংরেজ সরকারের সহযোগিতায় অতিবাহিত হয়েছে। আর আমি জিহাদকে নিষিদ্ধ করা এবং ইংরেজদের আনুগত্য করার ব্যাপারে এতো বেশী গ্রন্থ প্রণয়ন করেছি যে, যদি তা একত্রিত করা হয় তবে পঞ্চাশটি আলমারি ভরে যাবে। আমি এ ধরনের গ্রন্থগুলোকে আরব জাহান, মিশর, সিরিয়া, কাবুল ও রোম পর্যন্ত পৌছে দিয়েছি। সর্বদাই আমার এই প্রচেষ্টা ছিল যে, মুসলমানেরা যেন এ সরকারের যথার্থ হিতাকাংখী হয়। আর খুনী মেহেদী, খুনী মসীহ এ ধরণের ভিত্তিহীন বর্ণনাগুলো এবং জিহাদের স্পৃহা জাগ্রত করার মাসায়েল যা আহমকদের অন্তরকে কলষিত করে রেখেছে, তা যেন তাদের মন থেকে মুছে যায়"।[১১]

(২) মির্যা সাহেবের একটি সিদ্ধান্ত ইসলামী ধ্যানধারনার জন্যে হতাশা ও ইসলামী সমাজের জন্য কুৎসিৎ বিশৃংখলার স্বতন্ত্র একটি দরজা খুলে দেয়। তা হলোঃ "আল্লাহর সাথে কথোপকথনকে তিনি ধর্মের সত্যতার জন্য শর্ত এবং মুজাহাদার স্বাভাবিক পরিণতি মনে করেন। তাঁর নিকট যে ধর্ম ও মাযহাবে আল্লাহর সাথে সরাসরি কথোপকথনের ধারাবাহিকতা জারী নেই, সে মাযহাবে মৃত ও প্রক্ষিপ্ত, বরং তা শয়তানী মাযহাব। আর তা জাহান্নামের দিকে নিয়ে যায়। আর যে মাযহাবের অনুসারী খোদাভীতি ও মুজাহাদা সত্ত্বেও এ দৌলত হতে মাহরূম, সে পথ ভ্রষ্ট, গোমরাহী ও অন্ধ।"[১২] তিনি তার এ মতের উপর কোরআনের এই আয়াতকে দলীল হিসাবে পেশ করেনঃ

لايكلف الله نفساً إلا وسعها

"আল্লাহ কারো উপর এমন কোন কষ্টদায়ক দায়িত্ব অর্পন করেন না যা তার সাধ্যতীত"। (সূরা বাকারাঃ ২৮৬)।

অপর দিকে কোরআন শরীফে মুমিনদের সফলতার জন্য যে গুনাবলীর কথা বলা হয়েছে তা হচ্ছেঃ

الــم ـ ذلك الكتاب لاريب فيه ، هدي للمتقين ، الذين يؤمنون بالغيب ويقيمون الصلوة ومما رزقنا هم ينفقون ـ

অর্থাৎ "এ সেই কিতাব, যাতে কোনই সন্দেহ নেই, মুত্তাকীদের জন্য পথ নির্দেশক যারা অদৃশ্যে বিশ্বাস করে,

সালাত প্রতিষ্ঠা করে ও তাদেরকে আমি যে জীবনোপকরণ দান করেছি তা থেকে ব্যয় করে।" (সূরা বাকারা- ১)

এ আয়াত গুলোর কোথাও আল্লাহর সাথে কথাবার্তাকে হেদায়েত ও কল্যাণের জন্য শর্ত হিসাবে ঘোষণা দেয়া হয়নি। বরং এর উল্টো ঈমান বিল গায়েব বা অদৃশ্যে বিশ্বাসকে হেদায়েতের জন্য প্রথম শর্ত হিসাবে ঘোষণা দেয়া হয়েছে। এমনিভাবে আজকের এ বিজ্ঞান ও টেকনোলোজির যুগেও কাদিয়ানীরা সাধারণ মুসলমানদেরকে ধোকা দিচ্ছে এবং তাদেরকে সহীহ আকীদাহ থেকে ভ্রান্ত আকীদার দিকে নিয়ে যাচ্ছে।

### ৪. মুসলিম বিশ্বের সুউচ্চ পদে আসন গ্রহণঃ

কাদিয়ানী মতবাদের সূচনালগ্ন থেকেই তারা ইসলামী দেশ সমূহের গুরুত্বপূর্ণ পদে আসন গ্রহণ করেছেন। যার ধারাবাহিকতা আজকের এ সমাজ এবং যুগেও বিদ্যমান। তৎকালীন সময়ের নিরীখে উল্লেখিত ব্যাপারটির দিকে নজর দিলে দেখা যায় যে, "জাফরুল্লাহ খান দৃঢ়তা ও বিচক্ষণতার সাথে নিজের প্রভাব ও ক্ষমতার সদ্ব্যবহার করে পররাষ্ট্র মন্ত্রানালয় এবং দূতাবাসের সকল কর্মচারীর পদগুলো কাদিয়ানীদের দ্বারা পূর্ণ করেন। এভাবে অন্যান্য বিভাগেও তিনি তাদেরকে ঢুকান এবং মুসলমান কর্মচারীদের উপর কাদিয়ানী অফিসারদেরকে চাপিয়ে দেন। তারা নিজেদের ইচ্ছামত তাদের (মুসলমানদের) উপর কর্তৃত্ব করেন। পদের অবৈধ ক্ষমতা প্রয়োগে মুসলমানদের মাঝে কাদিয়ানী মতবাদ প্রচার করে। যারা তা গ্রহন করতে অস্বীকার করে তারা বিভিন্ন প্রকার অত্যাচার, হয়রানি ও চাকরিচ্যুতির লক্ষ্য বস্তুতে পরিণত হয়।[১৩]

আর একটি বিষয় যা এর চেয়েও বেশী বিপজ্জনক তা হলো কাদিয়ানীদের বিপুল সংখ্যক লোক সেনাবাহিনীতে ভর্তি হয়। সেনা, পুলিশ ও বিমানের বড় বড় পদে তারা ছেয়ে যায় এবং সেই সকল বিভাগে বিপুল সংখ্যাগরিষ্ঠতা তৈরী করে নেয় যে, যদি নিজেদের স্বার্থে প্রয়োজন হয় তাহলে তারা সফল বিদ্রোহ করতে পারে। এমনকি যখনি ইচ্ছা সরকারী ক্ষমতা নিজেদের করায়ত্বে নিতে পারে। আমাদের দেশেও সচিবালয় সহ অনেক গুরুত্বপূর্ণ পদে বহু কাদিয়ানী মতবাদের অনুসারী রয়েছে, যারা সেখানে থেকেই অত্যন্ত সুকৌশলে এ ধ্বংসাত্মক মতবাদ প্রচার করছে।

### ৫. মুসলমানদের চারিত্রিক অধঃপতন

কাদিয়ানী মতবাদ ও বস্তুবাদী সংস্কৃতির প্রভাবে মুসলমানদের মাঝে ভয়াবহ বিচ্ছিন্নতা, হতাশা ও চারিত্রিক অধঃপতন পরিলক্ষিত হয়। চারিত্রিক অধঃপতন অশ্লীতলা পর্যন্ত, আরাম আয়েশ আত্মপূজা পর্যন্ত, সরকার ও সরকারী আমলাদের অনুকরণপ্রিয়তা গোলামী পর্যন্ত এবং পশ্চিমা সংস্কৃতি ও শাসক গোষ্ঠীর অন্ধ অনুকরণ কুফর পর্যন্ত পৌছে গিয়াছে। এহেন অধঃপতন থেকে মুসলমানদের নাজাত পেতে হলে মানব গড়া সব ধরনের মতবাদকে নর্দমার আস্তাকুঁড়ে ফেলে দিয়ে ইসলামের শাশ্বত বিধানকে জীবনের পাথেয় হিসাবে গ্রহণ করতে হবে।

### ৬. কুরআনের বিকৃত অনুবাদঃ

সারা বিশ্বে গ্রহণযোগ্য এ ধরনের ৩০টি ভাষায় কাদিয়ানীরা পবিত্র কুরআনের অনুবাদ করেছেন। যার মধ্যে বিভিন্ন স্থানে সুস্পষ্ট ভাবে কুরআনের অনুবাদ বিকৃত ভাবে করা হয়েছে। নিম্নে তার একটি উদাহরণ পেম করছি। পবিত্র কুরআনে আল্লাহপাক এরশাদ করেছেনঃ

ماكان محمد أبا أحد من رجالكم ولكن رسول الله وخاتم النبيين -

এই আয়াতাংশে "খাতামুন নাবিয়্যীন" অর্থ হলো মুহাম্মদ (সঃ) সর্বশেষ নবী যার পরে কিয়ামত অবদি কোন নবী আগমন করবেন না। 'কিন্তু মির্যা গোলাম আহমদ কাদিয়ানী বলেন যে, "খাতামুন্ নাবিয়্যীন" বাক্যের এ অর্থ নয় যে, রাসূল (সঃ) শেষ নবী এবং তার পরে নবুয়তের দরজা বন্ধ হয়ে গেছে। বরং ইহার প্রকৃত অর্থ হচ্ছে যে, রাসূল (সঃ) এর পরবর্তী যুগে তাঁর নামের মোহর দিয়ে নবী বানানো হবে। মানে সীল মারলেই নবী তৈরী হবে।"[১৪] এমনি ভাবে পবিত্র কুরআনের বিভিন্ন জায়গায় অর্থের বিকৃতি ঘটিয়ে অনুবাদ করা হয়েছে যা মুসলিম মিল্লাতের জন্য মারাত্মক ক্ষতিকর।

### ৭. সাম্রাজ্যবাদের মদদদাতাঃ

উনবিংশ শতাব্দীর প্রথম দিকে ভারত বর্ষের বিখ্যাত ও সুপরিচিত মুজাহিদ হযরত সাইয়েদ আহমদ শহীদ জেহাদের যে আন্দোলন শুরু করেন তাতে মুসলমানদের মাঝে জেহাদ ও কোরবাণীর স্পৃহা আগুনের মত জ্বলে উঠে। তাদের বুকে ইসলামী বীরত্বের জযবা ও উৎসাহ উদ্দীপনা প্রবল হতে থাকে। যার ধারাবাহিকতায় সুদানে শায়খ মুহাম্মদ আহমদ সুদানী এবং আফগানিস্তানে শায়খ জামালউদ্দীন মুসলমানের কাছে গ্রহনযোগ্য হতে দেখে সাম্রাজ্যবাদের ধ্বজাধারীরা নিজেদের বিপদ অনুধাবন করতে পারে। তারা মুসলমানদের মেজাজ ও স্বভাব সম্পর্কে গভীর ভাবে গবেষণা করেছিল। কেননা তারা জানত যে, মুসলমানদের মন মস্তিস্ক ধর্মীয় প্রভাবে প্রভাবিত। ধর্মই তাদের উজ্জীবিত ও শান্ত করতে পারে। অতএব মুসলমানদেরকে দমন ও নিস্তেজ করার একমাত্র উপায় হচ্ছে তাদের আকীদা ও ধর্মীয় মানসিকতার উপর কর্তৃত্ব প্রতিষ্ঠা করা। এ লক্ষ্য অর্জনে বৃটিশ সরকার সিদ্ধান্ত নিল যে, মুসলমানদের মধ্য থেকেই কোন এক ব্যক্তিকে অতি গুরুত্বপূর্ণ ধর্মীয় পদবীর ছত্রছায়ায় আত্মপ্রকাশ করানো, যার বদৌলতে সাধারণ মুসলমান তার দরবারে সমবেত হবে। ঐ ব্যক্তি তার অনুসারীদেরকে সরকারের আনুগত্য ও বিশ্বস্ততার এমন শিক্ষা দিবে যে, মুসলমানদের পক্ষ থেকে বৃটিশ সরকারের আর কোন বিপদ আশংকা থাকবে না। এবং প্রয়োজনুসারে সাম্রাজ্যবাদী সরকারের সাহায্য সহযোগিতা করবে। এ কাজের জন্য ইংরেজরা মাত্র ২/১ বছরের ব্যবধানে ইরানের বাহায়ী নামক সম্প্রদায়ের মত ভারতবর্ষে কাদিয়ানী মতবাদের প্রতিষ্ঠাতা মির্যা গোলাম আহমদ কাদিয়ানীকে উপযুক্ত হিসাবে দেখতে পেল। যিনি বিভিন্ন ভাবে সাম্রাজ্যবাদের মদদ যোগাবেন। এমনি ভাবে বৃটিশরা যা চেয়েছিল তা পরিপূর্নভাবেই পেয়েছিল। যার কৃতজ্ঞতা প্রকাশ করতে গিয়ে মির্যা গোলাম আহমদ কাদিয়ানী তার ভক্তদের উদ্দেশ্যে নসিহত করতে গিয়ে বলেছেন "একটু ভেবে দেখ তোমরা যদি এই সরকারের আশ্রয় হতে বাহিরে চলে যাও, তবে তোমাদের স্থান কোথায় হতে পারে? এমন একটি রাষ্ট্রের নাম বল, যে তোমাদেরকে আশ্রয় দিবে। প্রত্যেকটি ইসলামী রাষ্ট্রই তোমাদেরকে হত্যার জন্য দাঁত পিষিতেচে। কেননা তাদের মতে তোমরা কাফের এবং মুরতাদ সাব্যস্ত হয়েছ। অতএব খোদা প্রদত্ত এ নেয়ামতের যত্ন কর। শুন! ইংরেজদের রাজত্ব তোমাদের জন্য একটি বরকত এবং খোদার তরফ হতে তোমাদের জন্য ঢাল স্বরূপ। অতএব তোমরা নিজেদের জান প্রাণ দিয়ে ঢালের যত্ন কর, হেফাজত কর, সম্মান কর। এবং আমাদের বিরোধী মুসলমানদের তুলনায় তারা হাজারগুণে শ্রেষ্ঠ।"[১৫]

### বিশ্ববরেণ্য মনিষীদের দৃষ্টিতে কাদিয়ানী মতবাদ

কাদিয়ানী মতবাদ সম্পর্কে বিশ্ববরেণ্য মনিষীদের যে সমস্ত দৃষ্টিভঙ্গি রয়েছে তা হলোঃ

১। ইসলামের গর্ব, মহান চিন্তাবিদ, কবি সম্রাট ড. মুহাম্মদ ইকবালের মতে, "কাদিয়ানী তৎপরতা নবুয়ত মুহাম্মদীর বিরুদ্ধে একটি বিদ্রোহ, ইসলামের বিরুদ্ধে একটি ষড়যন্ত্র এবং তা সম্পূর্ণ আলাদা একটি ধর্ম। তার অনুসারীরা ভিন্ন একটি সম্প্রদায়। এ সম্প্রদায় কখনো ইসলামী উম্মাহর অংশ নয়[১৬]।

২। সাইয়েদ আবুল হাসান আলী নদভী(রঃ) এ প্রসঙ্গে বলেছেন-

"কাদিয়ানী সম্প্রদায় নবুয়াতে মুহাম্মদীর বিরুদ্ধে একটি ষড়যন্ত্র। ইসলামের স্থায়িত্ব ও উম্মতের ঐক্যের বিরুদ্ধে এ সম্প্রদায় একটি চ্যালেঞ্জ স্বরূপ। এবং খতমে নবুয়তকে অস্বীকার করে মূলতঃ ঐ সীমারেখাকে অতিক্রম করে ফেলেছে, যে সীমারেখা এ উম্মতকে অপরাপর উম্মত থেকে পৃথক করে এবং যা কোন দেশের সীমানা নির্ধারণ করার জন্য দাঁড় করানো হয়[১৭]।

৩। কাদিয়ানী মতবাদ সম্পর্কে মন্তব্য করতে গিয়ে সাইয়েদ আবুল আ'লা মওদূদী বলেছেন- "কাদিয়ানী দিগকে মুসলমান হইতে স্বতন্ত্র সম্প্রদায় হিসাবে গণ্য করার দাবী, তাহাদেরই স্বেচ্ছাক্রমে অনুসৃত কর্মপন্থার স্বাভাবিক পরিণতি, তাহা সহজেই অনুধাবন করা যায়[১৮]"

৪। এ প্রসঙ্গে শায়খ আল আক্কাদ বলেন, "মুহাম্মদ(সঃ) এর নবুয়তের পরে, যারা আবার নতুন করে নবুয়তের দাবী করাবে তাদের উপর আল্লাহর লানত বর্ষিত হোক[১৯]।"

## শেষ কথা

যখন আমি এই মতবাদের রহস্য সন্ধানের সর্বশেষ মনযিলে পৌছে গেছি এবং এ নিবন্ধের শেষ ছত্র গুলো লিখছি, তখন কাদিয়ানী মতবাদের বিরূপ প্রভাব মুসলিম জাতি সত্তার উপর কতটুকু পড়েছে? ও ইসলামী জ াহানের নতুন প্রজন্মকে কি দিয়াছে? এবং এক শতাব্দীর এই ঝঞ্চা বিক্ষুব্ধ সময়ের ফল কি দাড়িয়েছে? তা আমার নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি দিয়ে দেখা উচিত। মূলতঃ এ মতবাদের প্রভাবে আলমে ইসলামীতে এক নেতিবাচক প্রভাব পড়েছে এবং মিল্লাতে ইব্রাহীমে বিশ্বাসীদের মধ্যে অনৈক্য, চারিত্রিক অবক্ষয়, ঈমানের ঘাটতি ও পরস্পরের মধ্যে এক দীর্ঘস্থায়ী ভূল বুঝাবুঝির সৃষ্টি হয়েছে। এ সমস্যা থেকে মুক্তি পেতে হলে রাসূল(সঃ) যে ইসলাম নিয়ে এসেছেন, তার অনুস্বরণ ও অনুকরণ একান্ত জরুরী। যা এ দুনিয়ায় এক অতি বড় আধ্যাত্মিক শক্তি। যার সাথে এক মর্যাদা সম্পন্ন উম্মত বিদ্যমান। যার আছে নিজস্ব সংস্কৃতি, নবুয়তে মুহাম্মদীর সূর্য আজো শক্তিশালী ও উজ্জল। ইতিহাসের কোন যুগেই এই সূর্য রাহুগ্রস্থ হয়নি। আমীন।


তথ্যসূত্রঃ

১। সাইয়েদ আবুল হাসান আলী নদভীঃ "কাদিয়ানী সম্প্রদায়ঃ তত্ত্ব ও ইতিহাস", প্রকাশকাল, ফ্রেব্রুয়ারী ১৯৯৬, পৃঃ ২৫

২। কিতাবুল ব্যারিয়্যাহর, টীকা পৃঃ ১৪৬

৩। সাইয়েদ আবুল হাসান আলী নদভীঃ

৪। কাদিয়ানী সম্প্রদায়ঃ তত্ত্ব ও ইতিহাস। পৃঃ ৩০

৫। "মির্যা বশীর আহমদ ঃ কালিমতুল ফসল, প্রকাশকাল-৯৬, ৬ষ্ঠ অধ্যায়

৬। সাইয়েদ আবুল আলা মওদূদীর, "কাদিয়ানী সমস্যা" ১, সংস্করন, মার্চ ১৯৯৩, পৃঃ ২২

৭। সাইয়্যেদ আবুল হাসান আলী নদভী ও শায়খ মুহাম্মদ খিদির হুসাইন ঃ কাদিয়ানীদের স্বরূপ ঃ প্রকাশকাল ঃ এপ্রিল ১৯৯৪, পৃষ্ঠা ঃ ৩১

৮। "আল ফযল" ২৮শে মে, ১৯১৮

৯। কাদিয়ানী সম্প্রদায়ঃ তত্ত্ব ও ইতিহাস। পৃঃ ১৪৬

১০। "রদ্দে তাকফীরে আহলে কিবলা" মকবুলে আম প্রেস

১১। "তিরায়াকুল কুলুব" জিয়াউল ইসলাম প্রকাশনী, কাদিয়ান, পৃষ্টা ১৫

১২। কাদিয়ানী সম্প্রদায়ঃ তত্ত্ব ও ইতিহাস। পৃঃ ১৪৮

১৩। কাদিয়ানীদের স্বরূপ- পৃঃ ২৬

১৪। শাহ আহম শফী ঃ হক ও বাতিলের চিরন্তন দ্বন্দ্ব। প্রকাশকাল, অক্টোবর ২০০০ ইং। পৃষ্টা নং ৭৭

১৫। মির্যা গোলাম আহমদ ঃ তাবলীগে রেসালত ২য় খন্ড ১২৩ পৃষ্ঠা

১৬। সাইয়েদ আবুল হাসান আলী নদভীঃ "কাদিয়ানী মতবাদঃ ইসলাম ও নবুয়তে মুহাম্মদীর বিরুদ্ধে একটি বিদ্রোহ" (সংকলন) কাদিয়ানীদের স্বরূপ। পৃঃ ১৫

১৭। কাদিয়ানী সম্প্রদায়ঃ তত্ত্ব ও ইতিহাস, পৃঃ ১৪১

১৮। সাইয়েদ আবুল আলা মওদুদী ঃ "কাদিয়ানী সমস্যা" ১ম সংস্করণ ১৯৯৩, পৃঃ ১০

১৯। শায়খ আল আক্কাদ, "বিংশ শতাব্দীতে ইসলাম" পৃঃ ১৪৪

# যুগ পরিক্রমায় রোযা

মো: আব্দুস সালাম আজাদী*

## ১.১. ভূমিকাঃ

সূরা আল বাক্বারায় আল্লাহ তায়ালা বলেছেন, "ওহে যারা ঈমান এনেছো, তোমাদের উপর রোযা ফরয করা হলো, যেমন তা ফরয করা হয়েছিল তোমাদের পূর্ববর্তীগণের উপর। হয়ত তোমরা তাকওয়ার গুণ অর্জন করতে পারবে"।[১]

এ আয়াতে সুস্পষ্ট ভাবে আল্লাহ তায়ালা জানাচ্ছেন যে, তিনি শুধু উম্মতে মুহাম্মদীর উপর রোযা ফরয করেননি, প্রত্যেক উম্মতের উপর তা ফরয ছিল। আজকের আলোচনায় আমরা চেষ্টা করব মুসলিম ছাড়া অন্যান্য জাতির রোযা পালন পদ্ধতি কেমন ছিল। সাথে সাথে চেষ্টা করব ইসলামে রোযা পালন কিভাবে ফরয হয়েছে।

## ১.২. রোযার উপকারিতাঃ

মুলতঃ রোযা মানবজীবনে এক গুরুত্বপূর্ণ ধর্মীয় বিধান। আধুনিক চিকিৎসা বিজ্ঞানের দিকপালগণ স্বীকার করেছেন সারা বছরে মানুষের মাঝে মাঝে উপবাস থাকা ভালো। তাতে শরীরের বিভিন্ন বিষাক্ত জীবাণু গ্যাস নির্মূল করা সম্ভব। কথিত একটা হাদীসে বলা হয়েছে,"তোমরা রোযা থাক, এবং সুস্থ থাক।" এটা গেল স্বাস্থ্যগত দিক। রোযা পালনের আবশ্যকতার দার্শনিক ভিত্তিও খুব শক্তিশালী। কারণ মানুষের মধ্যে আল্লাহ তায়ালা দুই পরস্পর বিরোধী উপাদান দিয়ে তাকে এক বিশেষ উদ্দেশ্যে পৃথিবীতে পাঠিয়েছেন। মানুষ রক্ত মাংসের অপরাপর প্রাণী সমূহের মত একটা প্রাণী। বাতাস, পানি, মাটি, আগুন ছাড়াও অন্যান্য বস্তুগত উপাদান তার দেহে ভরপুর। কাজেই অন্যান্য প্রাণীর মত মানুষেরও রয়েছে বিভিন্ন প্রবৃত্তি। তার আছে যৌন প্রবৃত্তি। আছে ক্ষুন্নি প্রবৃত্তি। যৌন কামনায় এই মানুষ অন্য প্রাণীর মতই। বরং তার ভিতর কখনো এই কামনার বহি:প্রকাশ এমন নোংরা ভাবে হয়ে থাকে যা জন্তু জানোয়ারকেও হার মানায়। কুরআনের ভাষায়- "আমি মানুষকে সুন্দর সুগঠিত অবয়বে সৃষ্টি করেছি। আবার তাকে নামিয়েও থাকি নিকৃষ্টমানে।"[২]

অন্যত্র বলা হচ্ছে,"তাদের হৃদয় আছে, কিন্তু তা দিয়ে তারা উপলব্ধি করেনা। তাদের কান আছে, কিন্তু শোনার কাজে তারা তা ব্যবহার করেনা। তাদের চোখ আছে, অথচ ওরা তা দিয়ে দেখেনা। ওরা চতুষ্পদ প্রাণীর মত। না, বরং তার চেয়েও নিকৃষ্ট।"[৩]

বোঝা গেল দৈহিক অবকাঠামো ছাড়া মানুষ ও অন্যান্য প্রাণীর মধ্যে বেশ কিছু বৈশিষ্টে সামঞ্জস্য রয়েছে।অন্য দিকে আল্লাহ তায়ালা তার মধ্যে বিবেক দান করেছেন। যাকে বলা হয় রুহ। এ প্রসঙ্গে আল্লাহর বক্তব্য হলো, "ওরা তোমার কাছে জিজ্ঞেস করে রুহ কি? তুমি বলো, রুহ আমার রবের নির্দেশ মাত্র।"[৪] এই রুহ মানুষকে অন্যান্য প্রাণীর প্রাণীসুলভ আচরণ থেকে মনুষ্যত্বের কাতারে নিয়ে আসে। তাকে আশরাফুল মাখলুকাতে পরিণত করে। তাকে বলে দেয়, "আমি মানুষকে সম্মানিত করেছি সকল সৃষ্টির চেয়েও।" এজন্য রুহের কথা ও নির্দেশনা মেনে চললে তাকে আল্লাহ খলীফার মর্যাদা দিয়েছেন। সে আল্লাহর খলীফা। কারণ তার মাঝে

---

* প্রভাষক, ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটি চট্টগ্রাম

আছে আল্লাহর রুহ। আল্লাহ বলেন, "যখন আমি তার (আদম) মধ্যে আমার রুহ থেকে নিয়ে দম করব, তোমরা (ফেরেস্তা) তার প্রতি মাথা নত করবে।"৫ এর থেকে বোঝা গেল মানুষ অপরাপর প্রাণী হতে স্বতন্ত্র, এবং তা শুধু রুহের ভিত্তিতেই। আর রুহ তো আল্লাহরই।

এখান থেকে বলা যায়, যখনই মানুষের মধ্যে দৈহিক বৃত্তি-উপবৃত্তিগুলো শক্তিশালী হয়ে যায়, তখন তার মধ্যে রুহের দিক নির্দেশনা ক্ষীণ হয়ে যায়। এমতাবস্থায় মানুষের যৌনাচার একটা ইতর প্রাণীর চেয়েও খারাপ হয়ে যায়। লোভের বশে সে হিংস্র প্রাণীর চেয়েও ভয়ংকর হয়ে যায়।

পারস্পরিক সম্পর্কে সে কুকুরেরও অধম হতে পারে। আবার এই প্রাণীজ বৃত্তি-উপবৃত্তি গুলো যখন নিয়ন্ত্রিত হয়ে যায়, তখন রুহের কার্যকারিতা শুরু হয়, প্রবল হয়। তখন তার মধ্যে মনুষ্যত্বের বিকাশ লক্ষ্য করা যায়। সে পশুত্বকে অনুশাসন করতে পারে, বিবেকের দিক নির্দেশনা অনুযায়ী চলতে পারে, সেই মানুষ। এমন কি সে হতে পারে মহামানব। সে হতে পারে আল্লাহর পরের আসনে আসীন। রোযার কাজ হলো জৈবিক চাহিদাগুলোকে পরিশীলীত করা। যৌনতাকে শৃংখলিত করা। বিয়ে করা স্ত্রীর সাথে মিলন তো দুরে থাক, ভয় থাকলে চুম্বনও দেয়া যাবেনা রোযাবস্থায়। বৈধ হালাল খাদ্য সামনে থাকা সত্বেও তা খাবেনা। ছোঁবেনা। এভাবে মাসগ্রিক দেহের সার্বিক সিয়াম পালন সম্ভব হলে সে হতে পারে পূর্ণ মানবের প্রতিচ্ছবি। আল্লাহ তাই বলেন, "রোযা আমার জন্য, আমিই তার প্রতিদান হব।"৬

## ২. আদম (আঃ) থেকে নূহ (আঃ) পর্যন্ত রোযাঃ

যুগে যুগে সকল জাতির মধ্যে রোযা পালনের দিকনির্দেশনা পাওয়া যায়। ইতিহাসপূর্ব যুগে রোযা পালন কি হতো? আধুনিক সমাজ বিজ্ঞান ও নৃবিজ্ঞান পৃথিবীর প্রথম মানবকে চরম অসভ্য বলতে সুখ পায়। বিজ্ঞান তাকে বলেছে, কঠিন হৃদয়ের, পশু স্বভাবের। ঘর বানাতে জানতো না সে, সে বাস করতো গাছের কোটরে বা পাহারের গর্তে, ইত্যাদি ইত্যাদি। বিজ্ঞানের প্রতি আমি শ্রদ্ধাশীল। কিন্তু তাতে আস্থা রাখতে মোটেই ইচ্ছে হয়না। এ প্রসঙ্গে এখানে আলোচনার দরকার নেই। আসল কথা হলো সেই প্রথম মানব ও মানবী সিয়াম পালন করেছেন কি?

### ২.১. আদম (আঃ) এর রোযাঃ

আমাদের জানা উৎসে সেই প্রথম মানব ও মানবী সিয়াম পালন করেছেন কিনা - একথার সদুত্তর পাচ্ছিনে। কুরআনে আল্লাহ বলেছেন, "আমরা বললাম, আদম, তুমি ও তোমার স্ত্রী জান্নাতে বসবাস কর। তবে এই গাছটার পাশে যেওনা। গেলে কিন্তু জালিমদের মধ্যে গণ্য হবে।"৭

এটাও কি একধরণের রোযা ছিল? কেউ কেউ বলেছেন, হ্যাঁ।৮

তবে কথাটা ঠিক নয়। জান্নাতে তো মানুষ কোন ক্ষুধা, তৃষ্ণার সম্মুখীন হবেনা। তারা উলংগ হবেনা।৯ তাছাড়া সবই খেতে পারবে, ভোগ করতে পারবে, শুধু একটা গাছের পাশে না গেলে কিইবা সিয়াম পালন হলো? অবশ্য আল্লামা আহমদ বিন মুহাম্মদ নিশাপুরী উল্লেখ করেছেন, জান্নাতের নি'মাত চলে যাবার কারণে আদম ও হাওয়া(আঃ) ২০০ বছর কেঁদেছেন। চল্লিশ বছর তারা খাননি, পান করেননি। একশত বছর আদম হাওয়ার পাশে যাননি।১০ এটাও কি এক ধরনের সিয়াম পালন? তা কি করে হয়? তাছাড়া নিশাপুরী বর্ণিত এই কথারই বা ভিত্তি কি? মনুষ্য প্রকৃতি সম্পন্ন কোন মানুস চল্লিশ বছর না খেয়ে, না পান করে থাকবে তারও বিশ্বাস হওয়ার যুক্তি কোথায়? যদি ব্যাপারটা অলৌকিক হয় তবুও তা গ্রহণযোগ্য নয়। কারণ তা তার উম্মাতের পালনীয় বলে তখন গণ্য হবেনা।

মুসা বিন নাসর বাগদাদী বর্ণনা করেন, রাসুল (সাঃ) বলেছেন, আল্লাহ আমার উম্মাতের উপর ৩০ দিনের সিয়াম পালন ফরয করে দিয়েছেন। অন্যান্য জাতির উপরও কম বেশী করে ফরয করেছেন। কারণ আদম (আঃ) গাছ থেকে যখন ফল খান, সেটা তার পেটে ৩০ দিন অবশিষ্ট ছিল। যখন তার তওবা আল্লাহ কবুল করলেন, বলে দিলেন, '৩০টা দিনরাত্রি রোযা থাকবে।' আমার উম্মতের উপর দিনের বেলায় রোযা ফরয,

রাতের খানাপিনা আল্লাহ অনুগ্রহ করে ক্ষমা করেছেন।" হাদীসটা সহীহ হলে তাকে সুন্দর ভিত্তি বলা যেত। কিন্তু আল্লামা কিনানী একে জাল হাদীসের মধ্যে গণ্য করেছেন।[১১] এ ধরনের কিছু হাদীস থাকা সত্বেও আমরা নিশ্চিত না, আদম (আঃ) কতদিন রোযা পালন করেছেন তবে তিনি রোযা পালন করেছেন, তা স্বতঃসিদ্ধ।[১২]

## ২.২. ইদরীস (আঃ) এর রোযাঃ

আদম (আঃ) এর পর নবী হিসেবে কে এসেছেন? এর সুস্পষ্ট উত্তর বলা যাবেনা। শীষ (আঃ) হতে পারেন। ইদরীস (আঃ)ও হতে পারেন। কুরআন কিংবা হাদীস এ সম্পর্কে সুস্পষ্ট কোন তথ্য দেয়নি। তবে নুহ (আঃ)কে দ্বিতীয় আদম বলা হয়। কারণ নুহের আগে আদমের (আঃ) সন্তানদের থেকে ৪০ জন ছাড়া সবাইকে ধ্বংস করতে হয়। যাহোক বাইবেল ও Old Testament এর উপর ভিত্তি করে কেউ কেউ বলেছেন, ইদরীস (আঃ) ছিলেন আদম (আঃ) এর পরে আগমনকারী নবী। আল্লামা নিশাপুরী আল আরাইস পৃঃ ৩৭-৩৮ এর মধ্যে বলেছেন, "ইদরীস (আঃ) সারা জীবন রোযা রেখেছেন।"

## ২.৩. নূহ (আঃ) এর রোযাঃ

এবার আসি নুহ (আঃ) প্রসঙ্গে। মুসনাদে আহমাদে আবু হুরায়রা থেকে বর্ণিত হাদীসে বলা হচ্ছে, মহানবী (সাঃ) আশুরার সিয়াম সাধারনত ইয়াহুদীদের কিছু লোকের পাশ দিয়ে যাচ্ছিলেন। জিজ্ঞেস করলেন, এটা আবার কিসের রোযা? ওরা বললোঃ এই দিনে আল্লাহ মুসা (আঃ)কে ও বনী ঈসরাইলকে নীল নদে ডুবে মরার হাত থেকে বাঁচিয়ে ছিলেন। ফিরআওনকে তাতে ডুবিয়ে ছিলেন। এছাড়া এদিনে নুহের তরণী 'জুদী' পাহাড়ের গায়ে এসে ভিড়ে ছিল। এদিনে তাই নুহ এবং মুসা শুকরিয়া আদায় করতে যেয়ে রোযা রাখতেন। মহানবী (সাঃ) বললেন, আমি মুসার বেশী দাবীদার। এদিনে রোযা রাখায় আমি বেশী অধিকারী। এ বলে তিনি সাহাবীগণকে আশুরার রোযা পালনের নির্দেশ দিলেন।[১৩]

ইমাম তাবারী কাতাদা (রাঃ) হতে বর্ণনা করেন, তিনি বলেনঃ মুহাররমের ১০ তারিখে নুহ (আঃ) তাঁর তরণী থেকে নামেন। অনুসারীদের লক্ষ্য করে তিনি বললেন; আজ যে রোযা রেখেছো সে তার রোযা পূর্ণ করো, আর যে রোযা রাখনি সে রোযার নিয়্যাৎ করে ফেল।[১৪]

মাআয বিন জাবাল, ইবনু মাসউদ, ইবনু আব্বাস, আতা, কাতাদা ও দাহহাক; প্রমুখ থেকে ইবনে কাসীর বর্ননা করেন যে, ইসলামে প্রাথমিক পর্যায়ে রোযা ছিল, যেমনভাবে অন্যান্য জাতি পালন করতো। আর তা ছিল প্রত্যেক মাসে তিন দিন। নুহ (আঃ) এর যুগ থেকে শুরু হয়ে রামদানের ৩০টি রোযা ফরয হওয়ার আগ পর্যন্ত তা বহাল ছিল।[১৫]

# ৩. আদি বাসিদের রোযাঃ

## ৩.১. প্রাচীন মেক্সিকোর আদিবাসীদের রোযাঃ

নূহের পর তার সন্তান হাম, সাম, য়াফিস পৃথিবীর বিভিন্ন স্থানে ছড়িয়ে পড়ে। তাদের সন্তানরাই পৃথিবীর বর্তমান অধিবাসীদের পূর্বপুরুষ। যখন ঐশ্বী শিক্ষা তাদের মধ্যে লোপ পেতে থাকে, অশিক্ষা, কুশিক্ষা ও বনবাদাড়ের পরিবেশে তারা ছড়িয়ে পড়তে থাকে, তারা তখন যেন সভ্যতা থেকে বিস্মৃত হয়ে যায়। ইতিহাস ওদেরকে আদি মানুষ বলে আখ্যা দিয়েছে। ঐশী জ্ঞান বিলুপ্ত হয়ে ধীরে ধীরে তাদের মধ্যে কিছু আচার অনুষ্ঠান ও রীতি-নীতি চালূ হয়। উইল ডুরান্ট তাদের ধর্মীয় আচার অনুষ্ঠান চারটা উল্লেখ করেছেন।

ক- গ্রহ নক্ষত্র বা নির্দিষ্ট প্রাণী পুজা।

খ- পূর্ব পুরুষ পুজা।

গ- যৌন সম্পর্কে পুজা।

ঘ- টোটেজম।

তিনি তাদের পুজা ও উপাসনা সমুহের মধ্যে রোযাকেও গণ্য করেছেন। বলেছেন; তাদের দু'ধরণের উপবাস রীতি ছিল।

১- সকলের জন্য বাধ্যতামুলক। নির্ধারিত সময়ে গোত্রের সবাই তা পালন করে থাকে।
২- ব্যক্তি বিশেষের রোযা।

আদিবাসীদের রোযা রাখার দিন ছিল অনেক। বিভিন্ন পার্বণে তারা রোযা পালন করতো। প্রাচীন মেক্সিকোর আদিবাসীদের পুরোহিতকে প্রথম রোযা পালনের দিনে জিহবা ফোঁড় করে সেখানে একটা কাঠের শলাকা ঢুকিয়ে দু'ঠোটের মাঝে আটকে রাখতে হতো। ১৬০ দিন অনবরত এ রোযা তাকে পালন করতে হতো। যদি কোন পুরোহিত শেষ পর্যন্ত যেতে সফল হতো সে তখন দেবতার আসন পেত। নতুবা তাকে পরের বছর পুনরায় চেষ্টা করা ফরয ছিল।[১৬]

## ৩.২ ফসলের রোযাঃ

আদিবাসীরা ফসল যেন না নষ্ট হয় এজন্য উপাসনালয়ে যেয়ে পুজা করতো। এ পুজার একটা অংশ ছিল উপবাস। বড়দের জন্য প্রথমে আটটি রোযা এবং ছোটদের জন্য চারটি রোযা পালন করা ছিল আবশ্যক। তার পর পুরোহিতরা উপাসনালয়ে সম্পূর্ণ নিশ্চুপ ও নিস্পন্দ হয়ে বসে থাকতো।[১৭] তাদের রোযা পালনের ধরণ ছিল খাওয়া, পান করা, কথা বলা ও কাজ করা থেকে বিরত থাকা।

## ৩.৩ স্নানিমুক রোযাঃ

স্নানিমুক (Snanimuq) উপবাস ছিল আদিবাসীদের আরেক ধরণের উপবাস। তা শুরু হয় সুর্য ডোবার পর থেকে পরদিন সুর্য যখন জ্বলজ্বলে হয়ে উঠতো তখন পর্যন্ত। যদি আকাশে মেঘ থাকায় সুর্য জ্বলজ্বল না করতো তা হলে উপবাসেই থাকতে হতো সবাইকে। সুর্য যদি জ্বলজ্বলে হয়ে উঠে তো রোযা শেষ হবে, নতুবা আগামী দিনও রোযা থাকতে হবে।[১৮]

আমেরিকান রেড ইন্ডিয়ানরাও মাসে দু'দিন এ ধরণের রোযা পালনের নির্দেশ দেয়। ভারতীয় হিন্দুদের যারা ইন্দ্র পুজা করে তাদের রীতিও এটা।[১৯]

## ৩.৪. সন্তান প্রসবের সময় রোযাঃ

সামষ্টিকভাবে এধরণের রোযা পালনের সাথে সাথে তাদের মাঝে এককভাবে রোযা পালনের রেওয়াজও ছিল। সন্তান প্রসবের সময় পাপুয়া নিউগিনির আদিবাসীরা একধরনের রোযা প্রচলন করে। সন্তান যেখানে প্রসব হয় পিতামাতাকে সেখানে প্রথম দিনে রোযা রাখতে হয়।

## ৩.৫. ঋতুস্রাব ও বিয়ের রোযাঃ

মেয়েদের প্রাপ্ত বয়স্কা হবার পর প্রথম ঋতুস্রাব দেখা দিলে তাকে ৫দিন বা ৬দিন উপবাস থাকতে হয়। এ সময় তাকে খাদ্য ও পানি দেয়া নিষিদ্ধ। তদ্রুপ ভাবে মেক্সিকোর উজটাক গোত্র নব-বিবাহিত দম্পতির উপর বিয়ের প্রথম চারদিন এক নাগাড়ে উপবাস থাকার প্রচলন করেছে। তাদের মতে এভাবে পরবর্তী মিলন জনিত সমস্ত পাপের মোচন হয়ে যাবে।[২০]

উত্তর আমেরিকার দক্ষিন-পশ্চিম এলাকার বিবিলুস গোত্রের নিকট উপবাস সাধারণভাবে উপসানার অংগ। তাদের মতে হৃদয়ের পরিশুদ্ধি, অগোচরিভূত বিষয়ের জ্ঞান লাভ, আত্মজ্ঞান এবং আত্মোপলব্ধি এরই মাধ্যমে আসতে পারে।[২১]

## ৩.৬. রোযায় গোস্ত বর্জনঃ

আদিবাসীদের রোযা পালনের আরেকটা দিক হলো গোশত বর্জন। মানুষ সেই প্রথম থেকে গোশতের প্রতি আসক্ত। কিন্তু গোশত বর্জনও তাদের রোযার একটা বিশেষ দিক। বিশেষ করে নবদম্পতির রোযার দিনগুলোতে তারা এই বর্জন পালন করে। অনুরুপ ভাবে তাদের মধ্যে চুপ থাকাও রোযা পালনের একটা অংশ। কুরআনে এই ধরনের সিয়াম পালনের কথা উল্লেখ করা হয়েছে। আল্লাহ মরিয়াম (আঃ) কে শিখিয়ে দিচ্ছেন, "তুমি মানুষদেরকে বলবে, আমি দয়ালূ আল্লাহর নামে রোযার মানত করেছি। কাজেই আজ কোন মানুষের সাথে কথাই বলব না।"[২২]

## ৪. বিভিন্ন ধর্মে রোযা পালনঃ

আমরা এতক্ষণ আদিবাসীদের রোযা পালনে কিছু চিত্র তুলে ধরলাম। এবার আসি যুগ পরিক্রমায় সিয়ামের যে রূপ ইতিহাস ধারণ করে আছে তার আলোচনায়। বিশ্ব সভ্যতার লিখিত ইতিহাস আমরা মিশরীয়, ভারতীয় ও গ্রীকদের কাছেই পাই। এখানে আমরা তাদের রোযা পালনের দিক নিয়ে আসব। সে সাথে ঐশী যে সব ধর্মে সিয়াম এর উল্লেখ আছে সে গুলো এখানে সংক্ষেপে আলোচনা করার প্রয়াস পাব।

## ৪.১. প্রাচীন মিশরীয় ধর্মে রোযাঃ

মিশরের সুপ্রাচীন লিখিত ইতিহাসের বয়স খ্রীষ্টপুর্ব ৪০০০ বছর। তাদের নিকট রোযা পালন ছিল সুবিদিত। তারা বিশেষ পার্বনে রোযা রাখত। "অফা আল নীল" ফসল কাটার মৌসুমে নবান্ন ইত্যাদি কে কেন্দ্র করে রোযা পালিত হতো। পুরুষের জন্য বছরে ছয় সপ্তাহ ধার্য ছিল রোযা পালনের। তারা সুর্য উদয়ের পর থেকে সুর্যাস্ত পর্যন্ত খাদ্য গ্রহণ করতো না, নারী সম্ভোগও করতো না।[২৩]

মিসরীয়রা যাদুটোনা, মন্বন্তর ইত্যাদি থেকে রক্ষা পেতে রোযা পালনের পরামর্শ দিয়ে গেছে। তারা বলেছে; ফাইদান (বর্ষা) ঋতুর চতুর্থ মাসের ১৯ তারিখ পানাহার ও নারী সংসর্গ ত্যাগ কর।[২৪]

এভাবে আমরা তাদের মধ্যে রোযা পালনের রীতি দেখতে পাই।

## ৪.২. হিন্দু ধর্মে রোযাঃ

মাদ্রাজ বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের চেয়ারম্যান ডঃ T.M.P. MAHADEVAN হিন্দু ধর্মে উপবাস তথা রোযার অবস্থান ব্যাখ্যা করতে যেয়ে বলেন, যে সব পার্বন ও দিবস হিন্দুরা সারা বছর পালন করে তন্মধ্যে আত্মশুদ্ধির নিমিত্তে তাদের উপবাস পালন উল্লেখ যোগ্য। হিন্দুদের প্রতিটি বর্ণের ও সম্প্রদায়ের উপাসনার আলাদা দিন নির্ধারিত আছে। সেদিন তারা প্রার্থনা করে, উপাসনা করে। অধিকাংশ লোক সেদিন উপবাস থাকে। খাদ্য গ্রহণ করেনা। রাত জাগে। তাদের সবচেয়ে প্রসিদ্ধ উপবাস হলো একাদশীর উপবাস।

কিছু কিছু দিন আছে যা শুধু নারীদের উপবাসের জন্য নির্ধারিত। মেয়েরা ওদিন দেবীকে ডাকে। ভগবানের নারীসুলভ যাবতীয় গুণ ও প্রকাশের তারা জপ করে। গুরুত্বপূর্ণ বলে এদিনকে 'বরাত' বলা হয়। আত্মশুদ্ধিই এই উপবাস পালনের লক্ষ্য।[২৫]

ব্রাহ্মণরা এখনো বাংলা মাসের একাদশী ও দ্বাদশীর উপবাস করে থাকে। এভাবে তারা বছরে ২৪ দিন রোযা পালন করে।

## ৪.৩. বৌদ্ধ ধর্মে রোযাঃ

মহাঋষি বুদ্ধ তো উপবাসের যে সব তান্ত্রিকতা ও পরিশীলন করে গেছেন তা আজও বিদ্যমান। তিনি সত্য উপলব্ধি জন্য চরম কৃচ্ছতা পালন করেন। যোগী হয়ে তিনি সাধনায় নেমে পড়েন। এমনও হয়েছে তার সারাদিনে পেটে পড়েছে একটা চাউলের দানা। সাধনার কঠোর জীবন তার ছয়বছর পর্যন্ত চলে। একসময় তিনি সিদ্ধিলাভ করেন। পরে বৌদ্ধ ধর্ম বিভিন্ন দলে বিভক্ত হয়। এক উপদল তাদের অনুসারীদের উপর চির উপবাস ব্রত আবশ্যক করে দেয়। বৌদ্ধ ভিক্ষু তাই না খেয়ে, না দেয়ে, যৌন সম্ভোগে না যেয়ে জীবন কাটায়। অবশ্য তাদের জন্য সম্ভব কি হচ্ছে এ ধরনের রোযা পালন করা?

যাহোক বৌদ্ধ ধর্মে প্রতিটি চান্দ্র মাসের প্রথম, নবম, পঞ্চদশ ও দ্বাবিংশতি; এই চার দিনে রোযা পালন করতে হয়।[২৬]

এখানে স্মতর্ব্য যে, হিন্দু এবং বৌদ্ধ ধর্মে উপবাসের যে রীতি তাতে কয়েকটা বিষয় প্রনিধান যোগ্য।
ক- পানাহার না করা।
খ- নারী সম্ভোগ না করা।
গ- নিশ্চুপ ও নিথর থেকে যোগ তন্ত্রে লিপ্ত থাকা।
পরবর্তীতে অবশ্য ফলাহার করাটাকে বৈধ করা হয়েছে। কিন্তু তাও পরিমিত।

## ৪.৪. জৈন ধর্মে রোযাঃ

জৈন ধর্ম ভারতীয় ধর্ম সমুহের মধ্যে একটা উল্লেখযোগ্য ধর্ম। এ ধর্মের মূল কথা হলো দুনিয়া বিমুখতা, কঠোর সংযম সাধনা, বৈরাগ্য এবং কঠোর জীবন যাপন। সমালোচকগণ একে আত্মহত্যার ধর্ম বলে আখ্যা দিয়ে থাকেন। কারণ এ ধর্ম অনুসারীদের মরণ না হওয়া পর্যন্ত উপবাসের প্রতি উৎসাহিত করে থাকে।[২৭]

## ৪.৫. জরাথুষ্ট্র মতবাদের রোযাঃ

পারস্যে জরাথুষ্ট্র মতাবাদ বেশ স্থান লাভ করে। এটাই দেখি একমাত্র ধর্মীয় মতবাদ যা রোযা পালনকে হারাম মনে করে। তাদের দর্শন হলো, "মানুষ তার নিজস্ব প্রকৃতিতে জীবন যাপন করবে। চাষাবাদ করবে। গুরুছাগল লালনপালন করবে। বিয়ে করবে। সন্তান দেবে। তার দেহকে তাই বলবান করতে হবে। অতএব রোযা চলবে না।[২৮]

কিন্তু এরপর পাদ্রী মানী বিন ফাতক্ব খ্রীষ্টান ধর্ম থেকে বিচ্যুৎ হয়ে এখানে নবধর্মের বীজবপন করেন। রোযা সংক্রান্ত তার নির্দেশ শুনলে মনে হয় জরথুষ্ট্রর মাথায় বাড়ি দেয়াই তার উদ্দেশ্য। তার নির্দেশনা হলোঃ

১- প্রতিটি মাসের সাতদিন অনবরত উপবাস পালন।
২- নতুন চাঁদ উদয়ের পর দুদিন রোযা থাকা।
ইত্যাদি মোট পাঁচধরণের রোযা তার ধর্মে পালন করতে হয়।[২৯]

## ৪.৬. প্রাচীন ব্যবলিয়ান ধর্মে রোযাঃ

ব্যাবিলিয়ান সভ্যতার পাদপীট ইরাক এবং অন্যান্য পার্শ্ববর্তী দেশ সমুহের ধর্মে খুব বেশী পার্থক্য ছিলনা। এই ধর্মে রোযার প্রচলন ছিল অত্যন্ত গুরুত্বের সাথে। রোযার দিনগুলোকে এ ধর্মে বলা হয় 'শীতু'। তাদের "নীশান" মাসের ২ তারিখ থেকে দশদিন ছিল রোযার দিন।

কালদানদের রোযা ছিল ৩০ দিন। এ দিনগুলোতে তারা সুর্যোদয়ের লালিমা প্রস্ফুটনের সময় থেকে সুর্যাস্তের লালিমা অস্ত যাওয়ার পূর্ব পর্যন্ত পানাহার থেকে বিরত থাকত। ইফতার কখনো গোশত বঞ্চিত হতোনা। দুধ ও শাকসব্জী ছিল এ দিনগুলোর ইফতার পরবর্তী খাদ্য। সারা বছরে তিনভাগে তারা এ রোযা পালন করতো। যথাঃ

ক- শীতকালে প্রসিদ্ধ ৭ নক্ষত্রের আবর্তনের উপর ভিত্তি করে চৌদ্দটা রোযা পালন।
খ- বসন্তের সাত বিশেষ নক্ষত্রের পরিক্রমার আলোকে সাতটা রোযা।
গ- গ্রীষ্মের শেষে সৌরমন্ডলের কক্ষপথ ও মহাসাগরের আলোকে নয়টা রোযা।[৩০]

হযরত ইবরাহীম (আঃ) এর জন্মভূমির এদেশে আরেক ধর্মীয় মতবাদের নাম 'সাবি ইয়্যাহ'। তাওহীদের ব্যাপারে তারা ইবরাহীম (আঃ) এর দ্বারা প্রভাবিত। কিন্তু স্বকপোল কল্পিত বেশ কিছু উপাসনা তাদের মাঝে বিদ্যমান। ব্যবলিয়ন ও আশুরীদের মত তারাও ত্রিশটা রোযা সারা বছর পালন করে থাকে। অবশ্য সেই সাথে মাসের ১৬ ও ২৭ তারিখ নফল রোযা বা অতিরিক্ত রোযা পালন করে।[৩১]

## ৪.৭. গ্রীক ও রোমীয় সভ্যতায় রোযাঃ

গ্রীক ও রোমীয় সভ্যতায় রোযার অস্তিত্ব অত্যন্ত স্পষ্ট। তাদের রোযা পালনের বিভিন্ন প্রেক্ষাপট ছিল।
ক- যুদ্ধের আগে ও বিজয়ের জন্য সাহায্য কামনা করে এ রোযা রাখা হতো।[৩৪]
খ- অতি প্রাকৃতি ও অগোচরিভূত বিষয়াবলীর জ্ঞান অর্জনের জন্য তারা রোযা পালন করতো। রোমের মিউনিসিপ্যালিটীর সরকারী আবাসে এই ধরণের দরবেশদের আস্তানা থাকত। সেখানে যেয়ে সাধনা বলে সেই জ্ঞান হাসিলের চেষ্টা করতো তারা। তাদের ধারণা ছিল মেয়েরাই এই ধরনের জ্ঞান গ্রহণ করা বেশী উপযুক্ত। যদি তাদের হৃদয়কে রোযার মাধ্যমে কাঁচের মত পরিষ্কার করা যায়। এই মেয়েদের বলা হত Siliy। প্লেটো মেয়েদের কাছে আগত এই জ্ঞানকে নির্ভরযোগ্য মনে করতেন।[৩৫]

রোযা পালনের মাধ্যমে কোন তান্ত্রিক গুপ্ত রহস্য জানতে পারে। এজন্য প্রথমে তাকে ১৪ মাইল পদব্রজে হেটে

দেব মুর্তির কাছে যেতে হবে। সেখানে তাকে রোযা রাখতে হবে। গোসল করতে হবে। এভাবে যখন এ স্তরে কৃতিত্ব লাভ করবে তখন সে গোপন মজলিসের খাস সদস্য হতে পারবে। এখানে এসে তারা রাব্বানী ডিনার বা আল্লাহ প্রদত্ত খানা খাবে।৩৬

এভাবে আমরা দেখতে পাই গ্রীকদের কাছে রোযার প্রচলন ছিল। এবং তা আত্মশুদ্ধির মাধ্যম মনে করা হত, মনে করা হত আল্লাহর নিকটবর্তী হবার মাধ্যম হিসেবে। সরাসরি আল্লাহর কাছ থেকে অহী পাবার ইচ্ছায় তান্ত্রিকরা তিনদিন রোযা থাকত। নির্দিষ্ট গাছের সামান্য পাতার রস ছাড়া আর কিছুই এক'দিন তারা পেটে দিতনা। এভাবে আমরা রোযা পালনের একটি নতুন রুপ গ্রীকদের কাছে দেখতে পাই।

## ৫. ঐশী কিতাব ধারী ধর্মাবলম্বী গণের রোযাঃ

আমরা বিগত অধ্যায় সমুহে বিভিন্ন জাতি, ব্যক্তি ও গোষ্ঠির সিয়াম পালনের বিভিন্ন দিক উম্মোচন করার প্রচেষ্টা চালিয়েছি, তাতে অন্তত এটা পরিষ্কার যে সিয়াম সাধনা কি তাদের মাঝেও ছিল? তারা কিভাবে তা পালন করতো, এখনো করে? আমাদের আলোচনা যদিও Comparatively নয় তবু ইসলামের সিয়াম পদ্ধতির উপর আলোচনা করার প্রয়াস এখানে করা যেতে পারে।

### ৫.১. ইব্রাহিম (সাঃ) এর রোযাঃ

আমরা যদি বড় ঐশী গ্রন্থ ধারী গণের দিকে তাকাই, তাহলে প্রথমে ইব্রাহিম (আঃ) এর আলোচনা করতে হয়। নবী ইব্রাহিম (সাঃ)এর রোযা সম্পর্কে ইবনু মাজা এক হাদীস বর্ণনা করেছেন। মহানবী (সাঃ) বলেন, ইব্রাহিম (আঃ) প্রতি মাসের তিনদিন রোযা রাখতেন। তবে ইমাম তাবারী সুরা বাকারার ১৮৩নং আয়াতের ব্যাখ্যায় বলেন, "রমাদানের ত্রিশ রোযা ফরয ছিল ইব্রাহিম (আঃ) এর উপর প্রবর্তিত ফরয এর অনুযায়ী।"৩৫ যাহোক ইব্রাহিম (আঃ) এর পর রোযার এ প্রকৃতি বদলে যায়নি।

### ৫.২. ইউনুস (আঃ) এর রোযাঃ

ইউনুস (আঃ) এর উপর রোযা কয়টা ছিল? এ প্রশ্নের সদুত্তর কুরআন ও হাদীসে পাওয়া যায়নি। তবে বাইবেলের ভাষ্য হলো, "নিনুওয়া বাসী ঈমান আনলো। আল্লাহর কাছে তারা রোযা চাইল। এই রোযা ছোট বড় সকলকে শামিল করলো। মানুষের উপর ফরয করা হল, 'মানুষের স্বাদ নিতে পারবেনা, গ্রহণ করতে পারবেনা চতুষ্পদ প্রাণী, গাভী ও ছাগল থেকে কিছুই" ।৩৬

### ৫.৩. হযরত দাউদ (আঃ) এর রোযাঃ

তিনি 'যবুর' এর ধারক ছিলেন। তার কিতাবে আমরা রোযা পালনের কোন দিক নির্দেশনা পাইনা। তবে বুখারী শরীফে একটা হাদীসে বলা হচ্ছেঃ একবার সাহাবী আব্দুল্লাহ বিন আমর সারাজীবন রোযা পালনের সিদ্ধান্ত নিলেন। ব্যাপারটা মহানবী (সাঃ) এর কানে এলে তিনি আব্দুল্লাহকে ডাকলেন। ইব্রাহীম (আঃ) এর প্রচলিত রোযা পালনকে আদর্শ হিসেবে নিয়ে তাকে মাসে তিনদিন রোযা পালন করতে পরামর্শ দিলেন। আব্দুল্লাহ তাতে সন্তুস্ট না হয়ে তিনি এর চেয়েও বেশী ইবাদতের তাকত রাখেন বলে জানালে মহানবী (সাঃ) বললেনঃ তাহলে তুমি আল্লাহর নবী দাউদের রোযা পালননীতি অনুসরণ কর। তার চেয়ে বেশী করতে যেওনা। আব্দুল্লাহ দাউদের (আঃ) পদ্ধতি জানতে চাইল মহানবী সংবাদ দিলেনঃ তিনি একদিন রোযা পালন করতেন, একদিন ভাঙতেন। তিনি আরো বললেনঃ এটাই উৎকৃষ্ট রোযা পালন। ইবনে আমর এর চেয়েও বেশী পারবেন বলে জানালেন। মহানবী (সাঃ) বললেনঃ এর চেয়ে ভাল রোযা পালন আর নেই।৩৭

এ হাদীস থেকে দাউদ (আঃ) এর রোযা পালন রীতি অত্যন্ত স্পষ্ট জানা যায়। কিন্তু তিনি কি উম্মাতকে এটা আবশ্যক করেছিলেন? তিনি নিজেও কি এটা ফরজ মনে করে আদায় করতেন? এখনো কি তার প্রচলন আছে? প্রথম প্রশ্ন দুটির সদুত্তর আমাদের কাছে নেই। তবে এই রোযার প্রচলন বর্তমানে নেই বলে ধারণা।

### ৫.৪.মুসা (আঃ) রোযাঃ

মুসা (আঃ) ত্রিশ দিনের এক মীকাতে তুর পাহাড়ে আল্লাহর নির্দেশ মানতে চলে যান। তিনি আরো দশ দিন আল্লাহর হুকুমে সেখানে ছিলেন।[৩৮] এই চল্লিশ দিন তিনি কিভাবে কাটিয়েছেন সে সম্পর্কে ইবনু কাসীর বলেনঃ 'তিনি রোযা ছিলেন। কখনো ইফতার করেননি।"[৩৯] Old Testament এর সিফর আল খুরুজ এর ৩৪-৩৯ ও তাসনিয়ার ৯-১০ এর আমরা দেখেতে পাই মুসা (আঃ) এ চল্লিশ দিন সিয়াম সাধনায় কাটিয়েছেন। অবিশ্বাস করার কিছুই নেই। আল্লাহর সাথে তাঁর কথা হবে, সাক্ষাতের বাসনা তাঁর হৃদয়ে, অহীর লিখিত পুস্তক হাতে পাবেন, এসব অবস্থায় রোযা পালন ছিল আবশ্যক। কিন্তু তার কওমের উপর এই রোযা কি ফরজ ছিল? বলা যায়না। কারণ য়াহুদীদের জীবনে এই চল্লিশ রোযার তেমন একটা চল আমরা দেখতে পাইনে।

তবে বনী ইস্রাঈলরা বছরে একদিন ফরয রোযা রাখে। সেটা হলো 'য়াওমুল গুফরান' বা আশুরা। তাছাড়া বাকী যাবতীয় রোযা তাদের নিকট নফল। তাদের আশুরা হিব্রু 'তিশরী' মাসের নয় তারিখ সুর্যাস্তের সামান্য আগ থেকে দশ তারিখ সুর্য ডোবার সামান্য কিছু পর পর্যন্ত রোযা পালন করা। এতে প্রায় ২৫ ঘন্টা উপবাস থাকতে হয়। এটাকে তারা 'য়াওমুল কাবুর' বলে থাকে।[৪০] আগে তারা চান্দ্রমাস অনুযায়ী গুনত। কিন্তু পরে সৌর মাস গ্রহণ করে।

বছরের বিভিন্ন সময়ে তারা নফল রোযা পালন করে। এই রোযা গুলোর প্রচলন সাধারণতঃ তাদের কোন বিজয় দিবস, শোক দিবস কিংবা কোন পাদ্রীর প্রণীত নির্দিষ্ট দিবসে হতো। তাদের কোন শহরে যদি বিপদ আসত, মহামারী দেখা দিত, অনাবৃষ্টি জনিত মন্বন্তর দেখা দিত, এমনকি কোন বাদশাহ যদি কোন নতুন প্রকল্পে হাত দিত তারা রোযা পালন করত। কিছু রোযা তারা প্রতিবছর রাখত। যদিও তা ফরয ছিলনা। যেমন শাপমুক্তির রোযা (বাছুর পুজা জনিত কারণে অভিশাপ মুক্তি), বছরের চতুর্থ মাস 'তামুয' এর বাবেল দিবস (জুলাই), আর (আগষ্ট) Tabet (জানুয়ারী) ইত্যাদি মাসে তারা রোযা পালন করে। কোন কোন তালমূদ ব্যাখ্যাতা এই রোযা গুলোকে ফরয মনে করেন।[৪১]

য়াহুদীদের আরো কিছু আঞ্চলিক রোযা আছে। যেমন নববর্ষের রোযা। এছাড়া বিভিন্ন অঞ্চলে বিভিন্ন সময় তারা রোযার প্রচলন করেছে।

তাদের ব্যক্তিগত রোযাও রয়েছে। কোন বাদশাহ, পাদ্রী, নবী ইত্যাদি গণের স্মরণে তারা রোযা পালন করে। এখানে একটা জিনিস লক্ষণীয়, তাদের রোযা পালন তাদের ঈদের সাথে জড়িত। আর য়াহুদীদের ঈদের সংখ্যা কম নয়।[৪২]

তাদের রোযার ধরন ছিল খাদ্য, স্ত্রী সহবাস, ঝগড়া ইত্যাদী সম্পূর্ণ পরিহার করা। রোযার সময় নিরবতা পালনও তাদের অপরিহার্য। বস্তুতঃ তাদের রোযার ধরন বিভিন্ন। আগষ্টের রোযায় তাদের কেবল গোশত ও মদ্যপান থেকে বিরত থাকতে হয়। আর সবকিছু চলতে পারে।[৪৩] এখানে একটা জিনিস মনে রাখা দরকার, তা হলো য়াহুদী জাতি এমন এক ঐশ্বী বাণীর ধারক জাতি, যারা মূল তাওরাতকে দারুণ বিকৃত করেছে। তারা জেনে বুঝে আমল ছেড়ে দিত। এজন্য এরা লা'নতপ্রাপ্ত এবং অভিশপ্ত। কাজেই মুসার উপর আসা ত্রিশ দিন এবং আল্লাহ মনোনীত আরো দশ দিন তাদের রোযার দিন হিসেবে হয়ত ফরয ছিল। পরে সেখানেও বোধ করি তাদের বিকৃতির হাত পৌছেছে। তারা তো ঐশ্বী বাণীর বক্তব্য স্বস্থান থেকে বিকৃত করেছে।[৪৪]

### ৫.৫. ঈসা মসীহ (আঃ) এর রোযাঃ

খৃষ্টান ধর্ম সর্ম্পকে সুস্পষ্ট কথা বলা কষ্টকর। কারণ যুগের পরিবর্তনে এই ধর্ম এত পরিবর্তন হয়েছে যে, একে ঐশ্বী ধর্ম নাম দেয়াই কষ্টসাধ্য।[৪৫]

ঈসা মসীহ তাঁর রিসালাতের কাজ শুরু করার আগে চল্লিশ দিন রোযা রেখেছেন। অধিকাংশের মতানুযায়ী তিনি শাপমোচনের রোযাও রেখেছেন। যা মুসা (আঃ) এর শরীয়তে আবশ্যক ছিল। পোলস এবং প্রাথমিক পর্যায়ের মসীহীগণ এই দিনের রোযা ফরয মনে করতেন। এজন্য লুক এদিনকে পালনীয় দিবস হিসেবে চিহ্নিতও করেছেন।

প্রথম দেড়শ শতাব্দী চলে যাবার পর নতুন রোযা প্রবর্তনের দাবী ওঠে। তখন পাদ্রীরা মানুষের প্রবৃত্তি ও উত্তেজনাকর অবস্থার সম্বরণ এর প্রশিক্ষণ স্বরুপ নতুন রোযার প্রচলন করেন। পাদ্রী ইরিনিস বিভিন্ন রোযার বর্ণনা দিয়েছেন। কোনটা ২৪ ঘন্টার, কোনটা আবার ৪৮ ঘন্টার, কোন রোযা আবার কয়েকদিনের লম্বা হতো। এমনকি কোন রোযা চল্লিশ দিন লাগাতারও আছে। এ প্রচলন দীর্ঘদিন স্থায়ী ছিল।

এরপরে দুঃখ ও শুলের শুক্রবারের রোযা তাদের জাতীয় রোযায় পরিণত হয়। কোন কোন উপদল প্রতি সপ্তাহের বুধবার, শুক্রবার রোযা আবশ্যক মনে করে। যারা ইস্তিবাগ (পাপ মোচনের কৃত কাজ) পালন করত, তারা একদিন অথবা দুদিন রোযা পালন করত।

খৃষ্টীয় চতুর্থ শতাব্দীতে রোযা পালনের ব্যাপারে অত্যন্ত কঠোরতা পালন করা হতো। এরপর অনেকটা উদারতা বরং শিথিলতা চলে আসে তাদের মধ্যে এমনকি য়াহুদীদের ঈদুল ফিসহ এর আগের দু'দিন খৃষ্টানরা রোযা থাকতো। এ রোযা ছিল সকাল থেকে মধ্যাহ্ন পর্যন্ত। চতুর্থ শতাব্দী পর্যন্ত ৪০ দিন রোযা পালনের কোন তথ্য খুজে পাওয়া যায়না।

খৃষ্টানদের রোযা এক শহর থেকে অন্য শহরে ভিন্ন। রোমের রোযা এবং লানানের কিংবা আলেকজান্দ্রিয়ার রোযা এক ছিলনা। কেউ রোযা পালনের অর্থ প্রাণীর গোশত খাওয়া বারণ মনে করতো। অন্যরা খেত। কেউ মনে করত শুধু মাছ ও পাখীর গোশত খাওয়াই রোযা। কেউ আবার শুধুমাত্র ডিম ও ফল ভক্ষণ করা বৈধ মনে করত। কেউ আবার শক্ত রুটি খাওয়ার প্রচলন করেছে। পরবর্তী পর্যায়ের খৃষ্টানগণ বিভিন্ন দিবস উপলক্ষে বিভিন্ন রোযার প্রচলন করেছে যা গণণাতীত। সে রোযার ধরন ছিল কোনটা ৩ ঘন্টা, কোনটা চার ঘন্টা। এ সময় রোযাদার খেতোনা, পান করতো। ৬ষ্ঠ এড্ওয়ার্ড এবং জেম্‌স দ্যা ফার্স্ট ও এলিজাবেথের সময় পার্লামেন্টে পাশ করা হয়, রোযার সময় অবশ্যই গোশত পরিহার করতে হবে।[৪৬]

## ৫.৫.১. ক্যাথলিকদের রোযাঃ

ক্যাথলিকদের বলা হয়েছে, 'বড় দিনের রোযা এবং অন্যান্য ফরয রোযা পালন করো।' ওদের রোযা শুরু হয় মধ্য রাত্র থেকে শেষ হয় মধ্যাহ্নে। তাদের শুধুমাত্র পানাহার বন্ধ রাখলেই চলে। অন্যান্য যাবতীয় কাজ চলতে পারে। এদের কাছে শনিবার, রবিবার ও অন্যান্য উপলক্ষে রোযা পালন আবশ্যক নয়। তাদের দৃষ্টিতে নরনারীর পাঁচ বছর বয়স থেকে রোযা পালন করতে হবে। এবং পুরুষদের ৬০ বছরে এবং নারীর ৫০ বছরে এই হুকুম রদ হবে। তারা বড়দিনের রোযাকেই শুধু আবশ্যক মনে করে।[৪৭]

## ৫.৫.২. অর্থডক্সের রোযাঃ

অর্থডক্সের অনুসারীরা ধর্ম পালনকে বয়স, কাজ, সামাজিক মর্যাদা ইত্যাদীর তারতম্যে আলাদা আলাদা বিধান দেয়। এদের মতে বড়দিনের রোযাই একমাত্র পালনীয় রোযা। এর সময়সীমা ৫০ দিন। অবশ্য তারা মোট ৪০ দিনের রোযা নিজেরা পালন করে। একে তারা 'জন্মদিনের রোযা' বলে। ২৫ শে নভেম্বর থেকে ৬ই জানুয়ারী এ রোযা চলে। এরা মারয়ামের উদ্দেশ্যে ১৫ দিনের রোযা পালন করে।

## ৫.৫.৩. প্রোটেষ্টেন্টদের রোযাঃ

প্রোটেষ্টন্টদের মতে ৪০ দিনের রোযা মসীহের জন্য খাস ছিল। এটা তাদের জন্য পালনীয় নয়। তবে রোযা পালন ভাল এবং উত্তম ইবাদাত। তারা মনে করে ব্যক্তি নিজেকে রক্ষার জন্য, বেশী ভাল হবার জন্য রোযা পালন করলে করতে পারে। তাই বলে আল্লাহ প্রদত্ত হালাল খাবার হারাম করা যাবেনা। অর্থ্যাৎ রোযা বাধ্যতামুলক করা যাবেনা। খৃষ্টানদের সমগ্র উপদল গুলোর রোযা পালন সম্পর্কী দৃষ্টিভংগী নিম্নের সংক্ষিপ্ত ভাবে বলা যায়ঃ

ক- সমগ্র উপদল গুলোর মধ্যে রোযা আবশ্যক হবার ব্যাপারে মতভেদ আছে।
খ- সব উপদল রোযা থাকা অবস্থায় যৌনাচার বৈধ মনে করে।
গ- রোযার সময় ও পদ্ধতির ব্যাপারে তারা পরস্পর বিরোধী।

ঘ- ক্যাথলিকরা নিরবতা অপরিহার্য মনে করলেও অন্যান্যরা তা করেনা।
ঙ- ক্যাথলিক ও অর্থডক্সরা গোশত খাওয়া নিষেধ করলে প্রোটেষ্টেন্টরা তা অস্বীকার করে।
চ- ক্যাথলিকরা শনিবার রোযা স্বীকার করলেও অর্থডক্স তা মানেনা। তাদের মতে যে শনিবার কেয়ামত হবে সেই শনিবার রোযা রাখা হবে।৪৮

## ৬. আরব উপদ্বীপে রোযাঃ

আরব উপদ্বীপ আলাদা কোন ধর্ম মত ছিলনা। বিভিন্ন জাতি, উপজাতি, গোত্র, শাখাগোত্রের আলাদা আলাদা ধর্ম মত ছিল।

## ৬.১. আরব উপদ্বীপে বিভিন্ন ধর্মঃ

আম্মানে হিন্দু ব্রাহ্মণ্য মতবাদ ছিল প্রসিদ্ধ। উত্তরে ও দক্ষিণে সাবাইয়্যা মতবাদ ছিল প্রসিদ্ধ। তামীম গোত্র ছিল অগ্নিপূজক। তবে মধ্যভাগে ছিল সম্পুর্ণ আলাদা। হাদীসের বক্তব্যানুযায়ী আমর বিন লুহাই সর্বপ্রথম সেখানে মুর্তিপুজার প্রচলন করে।৪৯ তবে সেখানে ইব্রাহীমী মতবাদেরও লোক ছিল একে বারে কম না। এদেরকে হানিফী বলা হতো। ওরাকাহ্ বিন নওফল, যায়দ এবনু আমর প্রমুখ ছিল তাদেরই উত্তরসূরী।

পরস্পর আরবে য়াহুদীদের আগমন হয়। তাদের একেশ্বর ধারণা আরবদের মনে প্রভাব ফেলে। ফলে বেশ কিছু আরব য়াহুদীবাদ গ্রহণ করে। রোমানদের নির্যাতন যখন বেড়ে যায় য়াহুদীরা তখন আরবে দলে দলে হিজরাত করে।

সাধারণতঃ য়াহুদীরা বছরের প্রথম মাসের দশ তারিখ অত্যাবশ্যকীয় ভিত্তিতে রোযা পালন করে। যা ছিল মোহাররম মাসে। কিন্তু আরবে মুহাররাম মাস ছিল বছরের প্রথম মাস। ফলে এমাসের দশ তারিখ তারাও রোযা রাখে। এটাকে তাদের য়াওমুল গোফরান মনে করে।৫০
আরবে খৃষ্টানদের আগমন য়ামানের দিক দিয়ে ঘটে। এদের রোযা পালনও আরবা গ্রহণ করে। শো'বা বলেনঃ '........... একশত বছর পরে নতুন জেনারেশন পুর্বের ৩০ এর সাথে আরও একটি রোযা রাখা শুরু করে। আস্তে আস্তে তাদের মধ্যে ৫০টি রোযার প্রচলন হয়ে পড়ে।৫১

## ৬.২. ইসলামী রোযার ক্রমধারাঃ

ইসলামে প্রথম দিকেই রামাদানের ৩০টি রোযা ফরয করা হয়নি।

### ৬.২.১. আশুরা ও আইয়াম বীদ এর রোযাঃ

শাফেয়ী মাযহাবের আল্লামা ইবনে হাজার আসকালানী, হাম্বলী মাযহাবের আল্লামা ইবনুল কায়্যিম এবং হানাফী মাযহাবের অধিকাংশের মতে রামাদানের রোযা ফরয হবার আগে আশুরার রোযা মুসলমানদের উপর ফরয ছিল। তবে আল্লামা আজহুরী (রঃ) বলেন, সমগ্র মুসলমানরা যেভাবে আশুরা রোযা পালন করেছে অনুরুপভাবে প্রতি মাসের তিন দিনের (আইয়ামে বিদ) রোযাও রেখেছে। এটা ছিল মাত্র কয়েক মাসের। প্রথম হিজরীর মুহাররাম থেকে দ্বিতীয় হিজরীর রজব পর্যন্ত। শাবানে যখন সুরা আল বাকারার ১৮৩ নং আয়াত নাজিল হলো তখন আগের রোযার আবশ্যকতা নষ্ট হয়ে রমদানের রোযা ফরয করা হয়। তাহলে ১৮টা মাস মুসলমানরা রমাদানের রোযা ছাড়া অন্য রোযা পালন করেছে।৫২

### ৬.২.২. রমাদানের রোযার প্রথম পর্যায়ঃ

দ্বিতীয় হিজরীর শা'বানের দুই তারিখ রমাদানের রোযা ফরয, এ মর্মে আয়াত নাযিল হয়। এতে প্রথমে বলা হয়ঃ "হে ঈমানদারগণ, তোমাদের উপর সিয়াম ফরয করা হলো। যেমন ভাবে তোমাদের পুর্ববর্তী গণের উপর তা ফরয ছিল। আশা করা যায় তোমরা (এর মাধ্যমে) তাকওয়ার গুণ অর্জন করতে পারবে। সামান্য কিছু দিনে (রমাদানের ৩০ বা ২৯ দিন) তোমাদের কেউ যদি রোগী থাকে, কেউ মুসাফির হয় সে অন্য সময় কাযা করে নেবে। শক্তি থাকা সত্ত্বেও যে কোন মিসকীনকে খাদ্য ভক্ষন করাবে, সে রোযার পরিবর্তে এই ফিদয়া দিতেও পারে। তবে স্বেচ্ছায় কল্যাণমূলক কাজ করলে তো তার জন্য ভালই। তোমরা যদি জানতে

তাহলে বুঝতে রোযার মধ্যে তোমাদের কল্যাণ।"৫৩

এই আয়াতে রোযা রাখা না রাখার এখতেয়ার মুসলমানদের দেয়া হলো। তবে না রাখলে তার বিনিময়ে একজন মিসকীন খাওয়াতে হবে বলা হয়েছে। অবশ্য রোযা থাকা যে ভাল সে কথা সুন্দর যুক্তিতে আল্লাহ বলে দিলেন।

মদীনার সমাজকে সামনে রাখলে আল্লাহর এই ঘোষণা অত্যন্ত বিজ্ঞানপ্রসুত মনে হবে। সে সমাজে খাঁটি মুসলমান যেমন ছিল, নও মুসলিমও ছিল। ছিল মোনাফিকও। এ ক্ষেত্রে ইখতেয়ার দেওয়ায় সবার জন্য মেনে নেয়া অত্যন্ত সহজ হয়। সবাই সিয়াম সাধনায় লেগে পড়ে। কেউবা সরাসরি। কেউবা মিসকীন খাইয়ে। এভাবে বিজ্ঞানময় আল্লাহ্ রোযাকে করে দিলেন পালনোপযোগী এক নতুন বিধান।

## ৬.২.৩ রমাদানের রোযার দ্বিতীয় পর্যায়ঃ

এরপর আয়াত নাযিল হলো "রমাদান সেই মাস, যাতে নাযিল হয়েছে আল কোরআন। মানুষের জন্য তা হিদায়াত, সেখানে আছে হিদায়াতের সুস্পষ্ট নিদর্শন। এবং সত্য মিথ্যার প্রভেদকারীও সে। কাজেই যে এ মাস প্রত্যক্ষ করবে, সে যেন রোযা পালন করে। তবে যারা রোগী ও মুসাফির তারা অন্য সময় কাযা করে নেবে। আল্লাহ তোমাদের জন্য সহজতা চান, কঠিন করতে চান না। এর দ্বারা তোমরা নির্ধারিত সময় পূর্ণ করতে পারবে। আল্লাহ তোমাদেরকে হিদায়াত দিয়েছেন এ জন্য তার মহিমাকীর্তন করতে পারবে। আমার বান্দারা যখন আমার সম্পর্কে জিজ্ঞেস করে, ও নবী বলে দাও, আমি ওদের নিকটেই। যখন কেও আমাকে ডাকে তার ডাকে আমি সাড়া দিই। কাজেই আমার আহ্বানে তাদের সাড়া দেয়া উচিৎ, আমার ওপর আস্থা রাখা উচিৎ, আশা করা যায় এতেই তারা সঠিক পথ অবলম্বন করবে।" ৫৪

এই আয়াতে রমাদানের রোযা শুধু রোগী ও মুসাফির ছাড়া সবার উপর ফরয করে দেয়া হলো। কেউ আর ফিদয়াহ দিয়ে মাফ পাবেনা। কিন্তু রোযা পালন থাকলো আগের মতই। সারারাত এবং পরদিন সুর্যাস্ত পর্যন্ত। শুধুমাত্র মাগরিবের পর থেকে সামান্য সময় তারা পেত যেসময় রোযা বিহীন অবস্থায় থাকত। এশার পরেই শুরু হতো রোযা।

## ৬.২.৪. রমাদানের রোযার তৃতীয় পর্যায়ঃ

একাধারে এ নিয়মে রোযা পালনে সাহাবাগণের অনেকে হলেন সমস্যার সম্মুখীন। খাওয়া দাওয়ার কোন সমস্যা নয়। সমস্যা যৌনাচারের সমস্যা। আল্লাহ তাই ডেকে বললেনঃ রোযার রাতে স্ত্রীর সাথে যৌনাচার তোমাদের জন্য হালাল করে দেয়া হলো। ওরা তোমাদের পোষাক। তোমরা ওদের পোষাক। আল্লাহ জানতে পেরেছেন তোমরা রোযার রাতে নিজেদের মনের সাথে খেয়ানত করতে। (স্বামী স্ত্রী মিলিত হতে)। আল্লাহ তোমাদের তওবা কবুল করেছেন। তোমাদের ক্ষমা করেছেন। এখন তোমরা ওদের সাথে মিলনে প্রবৃত্ত হতে পার। আল্লাহ যা তোমাদের ললাটে লিখেছেন তা অন্বেষন করো। একেবারে সুবহে কাযেবের পর সুবহে সাদেক উদ্ভাসিত হবার আগ পর্যন্ত তোমরা পানাহার কর। তার পর রাত (সুর্যাস্ত) পর্যন্ত রোযা পূর্ণ করো। তবে মসজিদে ই'তিকাফ অবস্থায় তোমরা নারীর সাথে দৈহিক মিলনে প্রবৃত্ত হয়োনা। (যা বর্ণনা করা হলো) এটাই আল্লাহর প্রদত্ত সীমানা। তার পাশে কেউ ঘেষবে না। এভাবে আল্লাহ তাঁর নিদর্শন, বর্ণনা করেন, যাতে মানুষেরা তাকওয়ার গুণ অর্জন করে।"৫৫

**এ আয়াতে মুসলমানদের রোযার সুস্পষ্ট বৈশিষ্ট ফুটে উঠেছে। তা হলোঃ**

১- রমদানের সবাইকে রোযা পালন করতে হবে। শুধু মাত্র রোগী ও মুসাফির অন্য মাসে কাযা করতে পারবে।

২- রোযার সময় সুবহে সাদেক থেকে সুর্যাস্ত পর্যন্ত।

৩- রোযাবস্থায় খাওয়া, পান করা ও স্ত্রী সহবাস পরদিন সুবহে সাদেক পর্যন্ত বৈধ।

৪- সুর্যাস্তের পর থেকে খাওয়া, পান করা ও স্ত্রী সহবাস পরদিন সুবহে সাদেক পর্যন্ত বৈধ।

৫- রোযার উপকারিতা হলো তাকওয়ার গুণ অর্জনে হাতে কলমে শিক্ষা নেয়া। এজন্য শুধু পানাহার ও স্ত্রী বর্জন করলেই পুর্ণাঙ্গ রোযা হবেনা। বরং বলা হয়েছে, "যে মিথ্যা আচরণ পরিত্যাগ করলো না, তার পানাহার ও কামনা বর্জনে আল্লাহর কোন দরকার নেই।৫৫

## ৬.৩. কাফ্ফারার রোযাঃ

রমাদানের রোযা ছাড়াও আরো কিছু রোযা ইসলাম আবশ্যক করে দিয়েছে। অবশ্য তা আকস্মিক কোন কারণে। যেমন হজ্জের সময় কেউ নিষিদ্ধ কোন কাজ করলো, তখন তাকে হয় দম কোরবাণী করতে হবে, অথবা ছয় জন মিসকীনকে খাওয়াতে হবে, নতুবা তিনটি রোযা রাখতে হবে। তেমনিভাবে যদি কোন মু'মিন ভুলবশতঃ যদি কাউকে হত্যা করে ফেলে তার কাফফারা হলো-

-দাস মুক্ত করা।

- না পারলে ক্রমান্বয়ে দু'মাস রোযা রাখা।

অনুরুপভাবে যদি কেউ যেহার করে বসে তাহলে হয় মু'মিন দাস মুক্ত করতে হবে, নতুবা দু'মাস অনবরত রোযা রাখতে হবে, তা না পারলে ৬০ জন মিসকীনকে খাওয়াতে হবে।

আবার যদি কেউ শপথ করে তা রক্ষা করতে না পারে, তাহলে শপথ ভঙ্গের কাফফারা হলো দশজন মিসকীনকে খাওয়ানো, নতুবা দশজন মিসকীনকে কাপড় পরানো। তা না পারলে একজন মু'মিন দাস মুক্ত করা। এতে অপারগ হলে তিনদিনের রোযা পালন অত্যাবশ্যক।

যদি কেউ রোযার মান্নত করে তখন সেটাও পূরণ করা আবশ্যক। এভাবে কোন ঘটনার কারণে রোযা অত্যাবশ্যকও হয়ে যায়।

## ৬.৪. নফল রোযাঃ

এছাড়া ইসলামে নফল রোযারও প্রচলন রয়েছে। আশুরার রোযা, শাওয়ালের ছয় রোযা, আরাফার দিনের রোযা, আইয়ামে বিদের রোযা ইত্যাদি রোযা পালন করায় অশেষ সওয়াব আছে বলে ইসলাম ঘোষনা করেছে। ইসলামের নবী (সাঃ) যুবকদের লক্ষ্য করে বলেছেনঃ

"যুবক সম্প্রদায়, যদি তোমরা বিয়ে করার সামর্থ্য রাখ, বিয়ে করো। এতে তোমাদের দৃষ্টি অবনত হবে। তোমাদের গুপ্তাঙ্গ সংরক্ষিত হবে। যদি সামর্থ্য না থাকে সে রোযা থাকুক। এতে তার কামনা সীমিত হবে।৫৬

## ৭. উপসংহারঃ

সে আদি থেকে আজ পর্যন্ত ইতিহাস ও ধর্মগ্রন্থ পর্যালোচনা করে আমরা দেখেছি, রোযা আল্লাহ তায়ালা মানব জাতির ওপর ফরয করে দিয়েছেন। কিন্তু যুগে যুগে মানুষ তাকে বিকৃত করেছে। আজ ইসলামে যে রোযার প্রবর্তন তা প্রথমতঃ অত্যন্ত অথেন্টিক। দ্বিতীয়তঃ অত্যন্ত পরীক্ষিত। তৃতীয়তঃ তা সম্পুর্ণ বিজ্ঞান সম্মত। আল্লাহ আমাদের যথাযথ সিয়াম সাধনার তাওফীক দিন।

গ্রন্থসূত্রঃ


১। সুরা বাক্বারাহঃ ১৮৩
২। আততীনঃ৫
৩। সুরা আ'রাফঃ ১৭৯
৪। সুরা বণী ইসরাঈলঃ ৮৫
৫। আল হিজরঃ ২৯
৬। বুখারী মুসলিম।
৭। আল বাক্বারাঃ ৩৫
৮। আল সিয়ামঃ ১২
৯। সুরা তাহাঃ ১১৮-১১৯
১০। আল আরাইস ফি কাসাস আল আম্বিয়াঃ আহামাদ বিন মুহাম্মদ নিশাপুরী, প্রথম সংস্করণ, জমহুরিয়া. কায়রোঃ২১।
১১। তানযীহুশ শারীয়াহ আল মারফুআহঃ আবুল হাসান কিনানী. কায়রোঃ ১৪৫

১২। ফাতহুল বারী, শারহ সহীহ আল বুখারীঃ এবনে হাজর. দার এহয়া আল কুতুব. মিশরঃ ৪/২৪৮
১৩। আল মুসনাদঃ ইমাম আহামাদ বিন হাম্বল, মাতবাআহি মায়মানিয়্যাহ, হি.ঃ ২/৩৫৯
১৪। তাফসীরে তাবারীঃ আল্লামা তাবারীঃ সুরা হুদের ৪৪ নং আয়াতের তাফসীর।
১৫। তাফসীরুল কোরআন আল আযীমঃ ইবনু কাসীরঃ ১/২১৩
১৬। আল সিয়ামঃ ডক্টর আলী আল খাতীবঃ ৩০
১৭। আলওয়ান মিন সাকাফাত আল শুউবঃ রুথ (আরবী অনূদিত) পৃঃ ৯৪
১৮। দিরাসাত ফি আল ইসলামঃ ২১
১৯। ফিহরিস্তঃ ৪৪৮
২০। এ্যাডওয়ার্ডঃ মিন আদাত আল শুউব (আরবী অনূদিত) ১/৯৫-১০০
২১। আল সিয়ামঃ ৩৪
২২। সুরা মারয়ামঃ ১৮-১৯
২৩। Comparative Religion; Ahmed Shalabi, Vol: ৩-১৫৭
২৪। মিন বুঘয়াতুত তালেবীন লি আহওয়াল কুদামা আলমিসরিয়্যিন: ৩৩-৩৪
২৫। Out lines of Hindusism. Chapter-4. Section-6
২৬। আল হাকামা আল সালাসাঃ ১২২
২৭। আদয়ান  আল হিন্দ আল কুবরা. শালাবীঃ ১৩৫
২৮। আল ফালসাফাহ আল শারকীয়্যাহঃ ১৯৭
২৯। আল ফিহরিস্তঃ ৪৬৬
৩০। আল হিরাব ফি সাদর আল বাহাইয়্যাহ ওয়া আলবাব: ৮৮
৩১। আল সিয়ামঃ ৭০
৩২। আদয়ান আল হিন্দ আল কুবরা, আহমাদ শালাবীঃ ১৫৭
৩৩। আল ফালসাফাহ আল ইগরিকিয়্যাহ, মুহাম্মদ গাল্লাবঃ vol: ১-৫৭
৩৪। কিসসাতুল হাদারাঃ vol: ১/৪৪২
৩৫। তাবারীঃ ৭/৮২
৩৬। আল সাওম ফি কানিসাতিনা আল কিবতিয়্যাহ আল অথ্যোডক্সিয়্যাহ, শানূদাহ হান্নাহঃ ২৪
৩৭। সহীহ: ইমাম বুখারীঃ ১/২৯৮, ২৯৯
৩৮। সুরা আ'রাফ: ১৪২
৩৯। তাফসীর: ২/২৪৩
৪০। Old Testament সিদর আওয়াবিন: ১৬, ২৯, ৩৪
৪১। আল আরকান আল আরবাআহঃ ১৮৯
৪২। Old Testament সামুয়েলঃ ৩১:১৩
৪৩। Jewis Encyclopedia
৪৪। সুরা আল নিসাঃ ৪৬
৪৫। নদভীঃ ১৯১
৪৬। Encyclopedia of Religions and Ethics: Fasting Christian
৪৭। সিলাহাকা আইয়ুহাল মাসিহী: ১৮৩, ২৮৪, ২৮৫, ২৮৬
৪৮। সিয়ামঃ ১২০-১৩০
৪৯। বুখারী
৫০। লাতাইফুল মাআরিফ. এবনে রজব: ৫১
৫১। তাফসীরে তাবারী ও ইবনে কাসীর: সুরা বাকারার ১৮৩ নং আয়াত।
৫২। মুকাদ্দিমা ফি ফাদাইল রমাদান: ১২
৫৩। ১৮৩-১৮৪
৫৪। আল বাক্বারা
৫৫। বুখারী ও মুসলিম
৫৬। বুখারী ও মুসলিম

# বিশ্বায়ন ঃ ইসলামী দৃষ্টিকোণ

মোহাম্মদ আলী হোসাইন *

বিশ্বায়ন তথা Globalization শব্দটি প্রাথমিক ভাবে ১৯১৩ সালে জনৈক জার্মান সমাজ বিজ্ঞানী কর্তৃক ব্যবহৃত হলেও ১৯৯০ এর দশকে রাশিয়ার পতনের পর তা রাজনৈতিক পরিমন্ডলে ব্যাপকভাবে অনুপ্রবেশ করে। ইসলামী চিন্তাবিদগণের নিকট বিষয়টি অতি সাম্প্রতিক কালে গুরুত্ব পায়। বিশেষতঃ আরব মনিষীগনের অনেকেই এর বিরোধীতাও করছেন। আলোচ্য প্রবন্ধে এ সম্পর্কীত ইসলামী দৃষ্টিকোন তুলে ধরার চেষ্টা করা হয়েছে। উল্লেখ্য যে, এর সাধারন অর্থ হচ্ছে, সমগ্র বিশ্বকে একটি বিশ্বব্যবস্থার আওতায় নিয়ে আসা।

ইসলাম একটি বিশ্বজনীন ও কালজয়ী জীবনাদর্শ। এতে ভাষা বর্ণ, বংশ ও আঞ্চলিকতার বাধ ডিংগীয়ে শতাব্দী ও সহস্রাব্দীর সীমানা পেরিয়ে সমগ্র মানবতাকে দেখা হয়েছে মহাকালের নিরীখে, সে সাথে মানুষের ব্যক্তিগত জীবনের অযু-গোসলের ন্যায় ক্ষুদ্রাতি-ক্ষুদ্র বিষয় থেকে শুরু করে আন্তর্জাতিক জীবন পর্যন্ত প্রতিটি ব্যাপারে এমন বিজ্ঞানসম্মত বিধান পেশ করা হয়েছে যে, তা সকল যুগে, সকল ক্ষেত্রে সকল মানুষের উপযোগী।

সূচনা থেকেই ইসলামী দাওয়াতের বিশ্বজনীনতা এবং ইসলামের মানবতাবাদ সম্পর্কীত বক্তব্য দিবালোকের মত সুস্পষ্ট ছিল, যা কোরআন মজীদের মাক্কী যুগের আয়াত সমূহে বর্ণিত রয়েছে। আল্লাহ্ পাক কোরআনী দাওয়াতের বিশ্বজনীনতা বর্ণনা করে বলেনঃ

إن هو إلا ذكر للعلمين ـ

"নিশ্চয়ই এই কোরআন সমগ্র বিশ্ববাসীর জন্য এক বিশেষ উপদেশ।"[১]

অনুরূপভাবে রাসুলে করিম (সঃ) এর রিসালতের বিশ্বজনীনতা বর্ণনা করে বলা হয়েছেঃ

وما أرسلناك إلا رحمة للعلمين ـ

"হে নবী! আমি আপনাকে সমগ্র বিশ্বজাহানের জন্য রহমত হিসেবে প্রেরণ করেছি।"[২] অন্য এক আয়াতে বলা হয়েছেঃ

وما أرسلناك إلا كافة للناس بشيراً ونذيراً ـ

"হে নবী! আমি আপনাকে বিশ্বমানবতার জন্য সুসংবাদ দাতা এবং ভীতি প্রদর্শণকারী হিসেবে প্রেরন করেছি।"[৩]

অনুরূপভাবে অন্য এক আয়াতে আল্লাহ পাক বলেনঃ

قل يايهاالناس إنى رسول الله إليكم جميعاً ـ

* লেখকঃ কুরআনিক সায়েন্স এন্ড ইনলামিক স্টডিজ অনার্স শেষ বর্ষের ছাত্র।

“হে নবী! আপনি ঘোষণা দিন যে, হে মানব সকল! আমি তোমাদের সকলের প্রতি রাসুল হিসেবে প্রেরিত হয়েছি।”[৪]

কুরআন কারীমের এই যে সম্বোধনরীতি, তা সমগ্র মানবতাকে তার ভূখন্ডগত বিচ্ছিন্নতা অতিক্রম করে, ইতিহাসের ধারাবাহিকতায় সময়ের দূর ব্যবধানকে ঘুচিয়ে সকল জাতি, গোত্র ও বর্ণকে একিভূত করে নিয়েছে।

৭ম হিজরীর সূচনালগ্নে হুদাইবিয়া থেকে মহানবী (সঃ) বিশ্বের তৎকালীন আমীর-ওমরা এবং শাসক বর্গকে ইসলামের প্রতি আহ্বান জানিয়ে দূত প্রেরণের মাধ্যমেই মূলত প্রত্যক্ষভাবে আন্তর্জাতিক কার্যক্রম শুরু করেন। তিনি যাদের কাছে দূত প্রেরণ করেন, তাদের মধ্যে তৎকালীন বিশ্বের দুই পরাশক্তি রোমান সম্রাট কায়সার ও পারস্য সম্রাট কিসরা এর কথা বিশেষভাবে উল্লেখযোগ্য। যতক্ষন না সমগ্র আরব ইসলামের অনুগত হয়েছে এবং ইসলামী দাওয়াত বিশ্বব্যাপী বিস্তৃত হওয়ার পথে এক সুদৃঢ় ও সুবিন্যস্ত পদক্ষেপ গ্রহন করেছে, ততক্ষন পর্যন্ত রাসুলে পাক (সঃ) তাঁর পরম বন্ধু আল্লাহর সান্নিধ্যে যাননি।

অতপর এ গুরুত্বপূর্ণ দায়িত্ব অর্পিত হয় খোলাফায়ে রাশেদীন এর উপর, যারা নানাজাতি গোষ্ঠিকে চারিত্রিক অনিষ্ঠতা, সামাজিক বিচ্ছিন্নবাদীতা, অর্থনৈতিক শোষণ এবং রাজনৈতিক আগ্রাসন ও নিপিড়ন থেকে মুক্ত করার নিমিত্তে ইসলামের বিজয় যাত্রা অব্যাহত রাখেন। সুতরাং উপরোল্লেখিত আলোচনার পরিপ্রেক্ষিতে আমরা নির্দিধায় বলতে পারি যে, ইসলাম একটি আন্তর্জাতিক এবং বিশ্বজনীন জীবনাদর্শ। কিন্তু “বিশ্বায়ন” নামক যে পরিভাষাটি আধুনিক চিন্তাবিদদেরকে ভীষণ ভাবিয়ে তুলেছে এবং যা এক সর্বগ্রাসী প্লাবনের ন্যায় সমগ্র বিশ্বব্যবস্থাকে পাল্টে দেয়ার কর্মসূচী নিয়ে দূর্বার গতিতে এগিয়ে আসছে- সে সম্পর্কে ইসলামের দৃষ্টিভংগি কি? অতি সাম্প্রতিককালে আবিষ্কৃত এ বিষয়ে ইসলাম কি আদৌ কিছু বলেছে? যদি বলে থাকে, তাহলে তা কি ইতিবাচক না নেতিবাচক? এসব কিছুই এখনো অষ্পস্ট, বিতর্কীত এবং ব্যাখ্যা সাপেক্ষ।

সাম্প্রতিক কালে আরবী ইন্টারন্যাশনাল العالم الإسلامي তে প্রকাশিত এক প্রবন্ধে প্রখ্যাত সৌদি চিন্তাবিদ ও লিখক ডঃ আনোয়ার মাজেদ ইশ্‌কী বলেনঃ “বিশ্বায়ন হল যবরদস্তি মূলক ভাবে কোন বিধান অন্যের উপর চাপিয়ে দেয়া, আর আন্তার্জাতিকতা কিংবা বিশ্বজনীনতা হলো কোন আদর্শের গুণ যা, গ্রহন করা না করার অধিকার থাকে।[৫] তিনি আরো বলেন, “বিশ্বায়নের বুনিয়াদ ধর্মনিরপেক্ষতার মূল থেকে উৎসারিত, পক্ষান্তরে বিশ্বজনীন হওয়া ইসলামেরই এক বৈশিষ্ট্য।” তাঁর বক্তব্যানুযায়ী ইসলাম বিশ্বজনীন, তবে বিশ্বয়নের প্রবক্তা নয়। সম্ভবত তাঁর এ বক্তব্যের কারণ হল ধর্মনিরপেক্ষতাকে অবলম্বন করে বর্তমান পাশ্চাত্য বিশ্বায়নের আবির্ভাব এবং মুসলমানদের কাছে ইতিপূর্বে এ পরিভাষাটির ব্যবহার না থাকা। অন্য একটি কারণ এটাও হতে পারে যে, বর্তমান বিশ্বায়নের প্রবক্তা আমেরিকা চায় আকর্ষনীয় এ শ্লোগানটির মাধ্যমে বিশ্বময় নিজের আধিপত্য বিস্তার করতে এবং সমগ্র বিশ্বকে নিজের ধ্যান-ধারণা ও উৎপন্ন দ্রব্যের একক “ওপেন মার্কেটঃ (Open Market) পরিণত করতে যা মূলত যবরদস্তি মূলক। ইসলাম যেহেতু শক্তি প্রয়োগে বিশ্বাসী নয় সেহেতু তা বিশ্বায়নের ও প্রবক্তা হতে পারেনা। আপাতঃ দৃষ্টিতে কথাটি যুক্তি সংগত মনে হলেও আমরা তা মেনে নিতে পারছিনা। আমাদের যুক্তিসমূহ পর্যায়ক্রমে আমরা এখানে তুলে ধরবো। প্রথমতঃ আমাদের এ কথা খুব ভালভাবে বুঝে নিতে হবে যে, মানব জীবনের প্রতিটি বিষয়েই- তা সে যতই আধুনিক ও ব্যতিক্রম হোক না কেন- ইসলামের একটি নিজস্ব দৃষ্টি-ভংগি রয়েছে। ইসলামের নির্ধারিত ইবাদত সমূহের বাইরে মানুষের পারম্পরিক লেন-দেন এবং সামাজিক আচার আচরণের ক্ষেত্রে যদি এমন কোন নীতিমালার সাক্ষ্য পাওয়া যায় যা কোরআন এবং হাদীসের অনুসৃত মৌল নীতির সাথে সাংঘর্ষিক নয় বরং তা মানবতার জন্য কল্যাণকর- এমতাবস্থায় ইসলাম সে সব নীতিমালাকে সার্বজনীন ও কালজয়ী আদর্শে পরিণত করেছে। সুতরাং কোন একটি পরিভাষা আমাদের পূর্বে আমাদের দুশমনেরা ব্যবহার করেছে বলেই আমরা তা পরিহার করবো, কোন নিয়মকে তারা অন্যায়ভাবে চর্চা করেছে বলেই আমরা তা ইসলামাইজ করে মানবতার কল্যাণে

প্রয়োগ করবোনা- এ নীতি ইসলামের প্রশস্ত আঙ্গিনায় সমর্থিত নয়। তাছাড়া ইসলাম এ পরিভাষাটি হুবহু ব্যবহার না করে থাকলেও পূর্ণ ন্যায় নীতি ও ইনসাফের সাথে বহু শতাব্দী পূবেই যে এ নিয়ম প্রয়োগ করেছে তার প্রমাণ অগণিত। কোরআন মজিদের বর্ণনা, অসংখ্য হাদীসের সমর্থন এবং পূর্ববতী সকল নবী এবং বিশেষত আমাদের প্রিয় নবীজির জীবন প্রবাহ আমাদেরকে একথাই বলে দেয় যে, ইসলাম বিশ্বায়নের প্রবক্তা এবং একমাত্র ইসলামই এ দাবীর যোগ্যতা রাখে। এমনকি অন্য কোন মতাদর্শ এ ঘোষণা দিয়ে বিশ্বব্যাপী আধিপত্য বিস্তার করবে-ইসলাম তা মূহুর্তের জন্যও বরদাশ্‌ত করে না। পাশ্চাত্যের উপস্থাপিত বিশ্বায়ন কাঠামো এবং বিশ্বায়নের ব্যাপারে ইসলামের অনুসৃত নীতিমালার মধ্যে মৌলিক পার্থক্য ও বিরোধ আবশ্য আছে। আর সে পার্থক্য এবং বিরোধ যেমনিভাবে রয়েছে প্রায়োগিক ক্ষেত্রে, তেমনি রয়েছে উদ্দেশ্য লক্ষ্যের ক্ষেত্রেও। বলার অপেক্ষা রাখেনা যেমন পাশ্চাত্য বিশ্বায়নের কর্মপন্থা হল, কুট কৌশল ও ছলচাতুরীর আশ্রয় নেয়া। তার লক্ষ্য হল, সমগ্র বিশ্বে নিজের আধিপত্য বিস্তার করা এবং খোদার সৃষ্টি মানুষকে নিজেদের গোলামে পরিণত করা। অপরদিকে ইসলাম এ ক্ষেত্রে পরষ্পরের মাঝে মতের আদান-প্রদান, সহযোগীতা-সহাবস্থান, আন্তরিকতা ও বিশ্বাসযোগ্যতা অর্জনের নীতি অনুসরণ করেছে। যে সব বিশেষ ব্যাপারে ইসলাম শক্তি প্রয়োগের কথা বলেছে, সেখানেও কোন মানুষের প্রভূত্ব প্রতিষ্ঠার কথা অবশ্যই বলেনি। বলেছে সে মহান প্রভূর প্রতিষ্ঠার কথা। বলেছে সে মহান সত্ত্বার কর্তৃত্ব ও নিরংকুশ সার্বভৌমত্যের কথা- যিনি এ জগৎ এবং মানুষের স্রষ্টা। যার প্রশ্নাতিত কর্তৃত্বের অধীন হয়ে কোটি কোটি বছর দরে পরিচালিত হচ্ছে বিশ্বজাহানের সর্ববৃহৎ নক্ষত্র থেকে শুরু করে ক্ষুদ্রাতি-ক্ষুদ্র অনু পর্যন্ত সকলেই। এমনকি যে মানুষ জেনে স্রষ্টার অবাধ্যাচরণ করছে, তার দেহের প্রতিটি অঙ্গ-প্রত্যঙ্গ ও সে স্রষ্টারই অলংঘনীয় বিধানের অধীন হয়ে কাজ করে চলেছে।

যদিও পৃথিবীর মানুষ অজ্ঞতাবশতঃ লক্ষ লক্ষ বছর ধরে চলে আসা এ অলংঘনীয় নিয়মকে প্রাকৃতিক নিয়ম বলে আখ্যায়িত করেছে, অভিহিত করেছে আরো বহু অভিধায়। তাদের কেউই এ অলংঘনীয় নিয়মের ব্যাপারে কোন প্রশ্ন তোলেনি। যখনই হয় যে, এ জগত যিনি সৃষ্টি করেছেন, তাঁর বিধান দিয়েই তা পরিচালিত হবে। যিনি মানুষের স্রষ্টা একমাত্র তাঁর নির্দেশনাযায়ীই তাদের ব্যক্তিগত সামাজিক জাতীয় এবং আন্তর্জাতিক জীবনের নীতি নির্ধারিত হবে- পৃথিবীর যেখানেই খোদাদ্রোহী শক্তির আধিপত্য রয়েছে, তা নির্মূল করে সেখানে আল্লাহর রাজত্ব প্রতিষ্ঠা করতে হবে- তখনই প্রশ্ন তোলা হয়, তাহলে কি ইসলাম সাম্রাজ্যবাদী? ইসলাম কি তাহলে আধিপত্যবাদে বিশ্বাসী? ইসলাম কি মানুষের স্বাধীনতকে স্বীকার করেনি? অথচ পবিত্র কোরআন মজিদ এ ব্যাপারে কোন অস্পষ্ট কথা বলেনি।

আল্লাহ পাক বলেছেনঃ - ألا له الخلق والأمر "সাবধান! সৃষ্টি তাঁর, কর্তৃত্ব তারই চলবে[৫] إن الحكم إلا

- الله এবং সার্বভৌমত্ব একমাত্র আল্লাহরই চলতে পারে।[৬]

তাহলে এ সবই কি সাম্রাজ্যবাদের ঘোষণা? এ জগত যদি আল্লাহর হয়, আর তিনি তাঁর মর্জি অনুযায়ী একে পরিচালিত করতে চান, তবে তা সাম্রাজ্যবাদ হবে কেন? একে কেউ যদি সাম্রাজ্যবাদ বলে অপবাদও দেয়, তাতেই বা মুসলমানদের এত লজ্জা কিসের। পবিত্র কোরআন তো পৃথিবীর মানুষগুলোকে দুটি শিবিরে বিভক্ত করেছে। তাদের এক শ্রেণী চায় তাগুতের সাম্রাজ্য বিস্তার করতে। এ দুইশ্রেণীর মধ্যকার সাম্রাজ্য বিস্তারের যে সংঘাত, তাইতো মানবতার চিরন্তন ইতিহাস। এখন আল্লাহর সাম্রাজ্য বিস্তারের এ সংগ্রামকে যদি কেউ "ইসলামী সাম্রাজ্যবাদঃ বলে আখ্যায়িত করে, তাতেই বা আশ্চর্য হবার কি আছে। এ কথা তো সত্যি যে, ইসলামের এ সংগ্রাম বিশেষ কোন ধর্ম কিংবা জনগোষ্ঠির বিরুদ্ধে নয়, বরং তা সে সকল "তাগুতী শক্তিঃ এর বিরুদ্ধে-যার ধারক বাহক যেমন হতে পারে প্রকাশ্য কুফুরী শক্তি তেমনি হতে পারে আব্দুর রহিম, আব্দুল করীম নামধারণকারী তথাকথিত মুসলমান।

দুঃখজনক হলেও সত্য যে, আজ মুসলমানদের মাঝেই এমন অনেক লোকের সন্ধান পাওয়া যায়, যারা

ইসলামকে শুধুমাত্র শান্তিকামী, ধৈর্যশীল এবং নিরীহ মানুষের ধর্ম মনে করে থাকেন। তাদের আলেম গণ মহানবী (সঃ) এর জীবনী আলোচনা করতে গিয়ে "তায়েফে দুশমনের আঘাতে ক্ষত বিক্ষত হয়েও তাদের জন্য দোয়া করা এবং মাতৃভূমি থেকে বিতাড়িত হয়েও কাফেরদেরকে ক্ষমা করে দেয়াঃ এসব ঘটনা সুন্দরভাবে তুলে ধরেণ, যা থেকে প্রমানিত হয় যে, রাসুল (সঃ) ছিলেন رحمة اللعلمين কিন্তু তাদের অধিকাংশের আলোচনা থেকেই এ কথা বেমালুম বাদ পড়ে যায় যে, সত্য ও কল্যাণের প্রয়োজনে মানবতার সত্যিকার মুক্তির প্রয়োজনে সময়ে তিনি অস্ত্র ধারণ করেছিলেন। তিনি স্বয়ং অনেকগুলো যুদ্ধের সেনাপতি ছিলেন। জীবনের সর্বপ্রথম যে স্বশস্ত্র সংগ্রামে তিনি নেতৃত্ব দিয়েছিলেন, তাতে মুসলমানদের মোকাবেলা করতে এসে যারা নিহত হয়েছিল, তাদের কেউ কেউ ছিল তাঁর একান্ত নিকটাত্মীয়। এসবই তো ঐতিহাসিক সত্য। অথচ আজ যখন সমস্ত বাতিল শক্তিগুলো সম্মিলিত ভাবে ইসলাম ও মুসলমানদেরকে চিরতরে নির্মূল করে দেয়ার জন্য একদিকে সর্বাধুনিক মারনাস্ত্র নিয়ে সর্বাত্মক আক্রমন শুরু করেছে, তাদের জাতির পর জাতি ধ্বংস করে চলেছে, পাশাপাশি বিশ্বায়নের নামে তাদের সামাজিক রাজনৈতিক, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক অংগনসমূহ দখল করে নিচ্ছে, যখন প্রয়োজন ছিল বিকল্প বিশ্ব ব্যবস্থা গড়ে তোলার- নিজস্ব স্যাটেলাইট প্রতিষ্ঠা ও ইন্টারনেটে ব্যাপক অনুপ্রেরণার মাধ্যমে ইসলামী কৃষ্টি কালচারকে বিশ্বময় ছড়িয়ে দেয়ার-প্রয়োজন ছিল বিশ্বায়নের গণজোয়ারকে ইসলামাইজ করে মানবতার কল্যাণে প্রয়োগ করার সে সময় মুসলিম চিন্তাবিদগন "ইসলামী বিশ্বায়ন এর মাঝে বল প্রয়োগ, সাম্রাজ্যবাদ ও আধিপত্যবাদ ইত্যাদি উপসর্গ খুঁজে বের করার কাজে ব্যস্ত। অথচ রাসুল প্রেরণের মূল উদ্দেশ্য বর্ণনা করে স্বয়ং আল্লাহপাক বলেনঃ

هو الذي أرسل رسوله بالهدى ودين الحق ليظهره على الدين كله ولوكره المشركون ـ

তিনি সে মহান সত্ত্বা আল্লাহ যিনি তাঁর রাসুলকে হেদায়েত ও সত্য দ্বীন সহ প্রেরণ করেছেন, যাতে তিনি সকল মতাদর্শের উপর একে বিজয়ী করে দেন। মুশরিকদের কাছে তা যতই অসহনীয় হোক না কেন।"[৭]

অন্য আয়াতে আল্লাহপাক বলেনঃ

قاتلوهم حتى لاتكون فتنة ويكون الدين كله لله ـ

"তাদের সাথে (খোদাদ্রোহী শক্তির সাথে) ততক্ষন পর্যন্ত সংগ্রাম চালিয়ে যাও যতক্ষন না ফেৎনা ফ্যাসাদ নির্মূল হয়ে যায় এবং জীবনবিধান পরিপূর্ণভাবে আল্লাহর জন্য নির্ধারিত হয়ে যায়।"[৮]

অন্যত্র বলা হয়েছেঃ

قاتلوا الذين لايؤمنون بالله ولا باليوم الآخر ولايدينون دين الحق حتى يعطوا الجزية عن يدوهم صاغرون ـ

"সংগ্রাম চালিয়ে যাও তাদের বিরুদ্ধে, যারা আল্লাহ এবং পরকালের প্রতি বিশ্বাস আনয়ন করেনা এবং সত্য জীবনবিধানকে নিজেদের জীবন বিধান হিসেবে গ্রহণ করেনা। এ সংগ্রাম ততদিন অব্যাহত রাখ, যতদিন না তারা অন্ততঃ ইসলামের প্রতি অবনত মস্তকে জিযিয়া কর প্রদানে সম্মত হয়।"[৯]

অন্যত্র বলা হয়েছেঃ

أفغير دين الله يبغون وله زسلم من فى البسومات والأرض طوعا وكرها وإليه يرجعون ـ

"তারা কি আল্লাহর দেয়া বিধান ব্যতীত অন্য কোন বিধান অনুসন্ধান করে? অথচ আকাশ-পৃথিবীর সবকিছুই স্বেচ্ছায় কিংবা বাধ্য হয়ে তাঁরই বিধানের সামনে আত্মসমর্পণ করেছে। তাদেরকে তাঁরই নিকট ফিরে যেতে হবে।"[১০]

উল্লেখিত আয়াতসমূহ ব্যতিত আরো অনেক আয়াত রয়েছে যার মাধ্যমে এ কথাই প্রমাণ হয় যে, ইসলাম এ পৃথিবীতে এক আপোষহীণ সংগ্রামের নাম। আল্লাহর সৃষ্টি এ ভূপৃষ্টের কোন অঞ্চলে যতদিন খোদাদ্রোহী শক্তি

স্বদর্ভে মাথা তুলে দাড়িয়ে থাকবে, ততদিন ইসলাম তার অনুসারীদেরকে সংগ্রামের এ পথ থেকে বিশ্রামের অনুমতি দেয়না। পৃথিবীতে প্রথম মানবের নবী হওয়া তারপর ধারাবাহিক ভাবে লক্ষ্য লক্ষ্য নবীর আবির্ভাব এবং ইসলামের প্রচার প্রসারের জন্য অকাতরে জীবন দান একথাই প্রমাণ করে যে, পৃথিবীতে ইসলামকে বিজয়ী করার আন্দোলন কোন নফল বা মুস্তাহাব কাজ নয়। কালেমা তাইয়েবার ঘোষণায় তৎকালীন জাহেলী সমাজ ভেংগে ইসলামের আলোয় মুহাম্মদ (সঃ) এর নেতৃত্বধীন সমাজ বিনির্মাণের দীপ্ত শপথ ছিলনা একথা যদি মেনে নেয়া হয়, তাহলে মহাননবী (সঃ) এবং সাহাবায়ে কিরামের উপর আপতিত জুলুম নির্যাতন, দেশ থেকে বিতাড়ন এবং আত্মদান সবই অর্থহীন হয়ে পড়ে।

সুপ্রিয় পাঠক উপরোক্ত আলোচনার মাধ্যমে যে কথাটি আমি সুস্পষ্ট করতে চেয়েছি এবং ইসলাম সম্পর্কে আমার যা উপলব্ধি তাহল ইসলাম চায় পৃথিবীর সকল নিয়মকে নিজের করে নিতে, কিংবা সকল নিয়মের উপর নিজের শ্রেষ্টত্ব প্রতিষ্ঠা করতে এবং কার্যত নেতৃত্ব দিতে- যাকে আমরা আধুনিক পরিভাষায় ইসলামী বিশ্বায়ন বলতে পারি। তাতে আপনি একে জবরদস্তি, আধিপত্য বা সম্রাজ্যবাদ যাই বলুন না কেন পৃথিবীতে বাতিলশক্তি দাপটের সাথে কর্তৃত্ব চালাবে, আর কোন কোন অঞ্চলে ঝড়ো হাওয়ার ঝাপটায় নিভূ নিভূ চেরাগের ন্যায় ইসলাম কোন রকমে নিজের অস্তিত্ব টুকু টিকিয়ে রাখবে এটা কিছুতেই নির্ভেজাল ইসলামী চিন্তাধারা হতে পারে না। আমরা তো একসময় ইংরেজী পড়াকে খারাপ মনে করতাম, ইসলামী রাজনীতিকে ও একসময় আমরা হারাম বলেছিলাম- আজ আমাদের উপলব্ধিতে পরিবর্তন এসছে। কিন্তু সময় আমাদের জ ন্য অপেক্ষা করেনি। আমরা পিছিয়ে গিয়েছি বহুদূর।

বিশ্বায়নের ব্যাপারেও আমাদের দৃষ্টিভংগিতে পরিবর্তন আসবে একথা অনেকটা জোর দিয়েই বলা যায়। সেদিন হয়ত ইতিহাস আমাদেরকে পশ্চাৎগামী চিন্তার অধিকারী ও গাফেল বলে অভিযুক্ত করবে। আমাদের অনেক কিছু আছে এ ছবক যে আমরা বহুবার দুশমনের কাছ থেকে গ্রহণ করেছি এমন দৃষ্টান্ত তো অনেকই দেয়া যেতে পারে।

এ পর্যায়ে অনেকের মনে এ প্রশ্ন আসতে পারে যে, তাহলে কি ইসলাম অন্যান্য ধর্মের অনুসারীদেরকে জোর পূর্বক ইসলাম গ্রহণে বাধ্য করবে? একথা সর্বজনবিদিত যে, ইসলাম গ্রহণের ব্যাপারটি কখনো যবরদস্তিমূলক ছিলনা। এক কালজয়ী আদর্শ দেখেই মানুষ স্বেচ্ছায় তা গ্রহণ করে ধন্য হয়েছে। বরং আল্লাহপাকতো স্বয়ং রাসুল করিম (সঃ) কে সতর্ক করে দিয়ে বলেছেনঃ

فذكر إنما انت مذكر لست عليهم بمصيطر ـ

"তুমি কেবল লোকদের স্মরণ করিয়ে দাও- উপদেশ ও দাওয়াত দাও- তুমিতো শুধু স্মরণ করিয়ে দেয়ার জন্য দায়ী, তুমি তাদের উপর নিয়োজিত কোন দারোগা নও।"[১১]

آفأنت نكره الناس حتى يكونوا مؤمنين ـ

অর্থাৎ "তুমি কি লোকদের ঈমানদার হওয়ার জন্য তাদের উপর জোর জবরদস্তি করবে?[১২]

পবিত্র কোরআন মজিদ স্বয়ং একটি স্মারক মাত্র তার প্রতি ঈমান আনা না আনা প্রত্যেকের নিজের সিদ্ধান্তের উপর নির্ভরশীল। যেহেতু এ ব্যাপারে প্রত্যেককে পূর্ণ স্বাধীনতা দেয়া হয়েছে, সেহেতু ইমান আনার জন্য কাউকে জোর করা যাবেনা। কেননা এতে সে স্বাধীনতা আর থাকেনা। আল্লাহপাক বলেন

إن هذه تذكرة فمن شاء التخذ إلى ربه سبيلا ـ

"এ কোরআন তো শুধুমাত্র উপদেশ মাত্র। সুতরাং যার ইচ্ছা এর মাধ্যমে তার রব এর নিকট যাওয়ার পথ অবলম্বন করবে।"

স্বয়ং রাসূল (সাঃ) তাঁর নিযুক্ত ইয়েমেনের শাসনকর্তা হযরত মুয়াজ ইবনে জাবাল (রাঃ) কে লিখে পাঠিয়েছিলেনঃ

من كان على يهودية أو نصرانية فلا يفتن عنها ـ

"ইহুদী কিংবা খৃষ্টান ধর্মাবলম্বী কাউকে তার ধর্ম ত্যাগ করতে বাধ্য করা যাবেনা।"

সুতরাং ইসলামে জোর জবরদস্তির প্রশ্নই অবাঞ্চিত। তাছাড়া ইসলামী শাসনের অধিনস্ত অমুসলিমদের জন্য ইসলাম যে আইন প্রনয়ন করেছে, তাও ইসলামী বিশ্বায়ন এর একটি গুরুত্বপূর্ণ দিক। এ কথা খুবই সত্য যে, ইসলাম তার বিশ্বায়ন প্রক্রিয়া অমুসলিমদের সাথে আচার-আচরণে অভূতপূর্ব দৃষ্টান্ত স্থাপন করেছে। ইউরোপের নীতি ছিল ভিন্ন মত পোষণকারীকে হত্যা কিংবা বিতাড়ন করা। সেখানে ইসলাম এসে তার বিপরীত আকিদা-বিশ্বাস পোষনকারীকে সাদরে গ্রহণ করে নেয়। তার অধিকার সংরক্ষন ও জীবনের হেফাজ তের জন্য এমনকি তার আকিদা-বিশ্বাসের চর্চার জন্যও প্রয়োজনীয় আইন তৈরী করে। রাসুল (সাঃ) অত্যন্ত কড়া ভাষায় বলেছেন-

من ظلم معاهداً أو انقصه أو كلفه فوق طاقته أو أخذ منه شيأ بغير طيب نفس فانا حجيجه يوم القيامة -

"যে কেউ চুক্তিবদ্ধ ব্যক্তির উপর জুলুম করবে বার্তা লংঘন করবে, অথবা সামর্থের অতিরিক্ত কিছু তার উপর চাপিয়ে দেবে, কিংবা তার মনের সন্তুষ্টি ছাড়াই তার কাছ থেকে কোন কিছু গ্রহণ করবে, কিয়ামতের দিন আমি তার বিরুদ্ধে প্রতিবাদী হয়ে দাঁড়াবো।"

হযরত ওমর সিরিয়ার শাসনকর্তাকে নির্দেশ দিয়েছিলেনঃ জিম্মিদের উপর জুলুম করা, তাদের একবিন্দু ক্ষতি করা এবং বিনা অধিকারে তাদের ধন সম্পদ হরণ করা থেকে মুসলমানদের বিরত রাখবে। তাদের প্রতি যে সব শর্ত পুরণের ও কিছু দেয়ার যে ওয়াদা করেছি তা যথাযথ ভাবে পালন করবে। মুসলমানদের এহেন উদারতা এবং মহানুভবতার কারণেই অগ্নিউপাসকদের উপাসনালয় গুলো চতুর্থ হিজরী শতকের অর্ধকাল পর্যন্ত অক্ষত অবস্থায় সুরক্ষিত ছিল।

সুতরাং পূর্বে বলেছি, তার পুনরাবৃত্তি করে আবারো বলবো ইসলাম কোন শান্তিপ্রিয় অমুসলিমের বিরুদ্ধে শক্তি প্রয়োগ করেনা।

বরং ইসলাম জিহাদ ঘোষণা করেছে সেসকল তাগুতি শক্তির বিরুদ্ধে যারা আল্লাহর বান্দাহদের উপর অন্যায়ভাবে নিজেদের প্রভূত্ব বিস্তার করে রেখেছে যারা নিজেদের লালসা চরিতার্থ করতে গিয়ে সমাজে অন্যায় অনাচারের বন্যা বইয়ে দিয়েছে, যাদের জুলুম ও শোষণে মানবতার মেরুদন্ড ভেংগে পড়ার উপক্রম হয়েছে। সে জুলুম ও ফিৎনাকে নির্মূল করে দ্বীনকে একমাত্র আল্লাহর জন্য নির্ধারিত করার নিমিত্তেই মহানবী (সঃ) এর আবির্ভাব। এ অর্থেই তিনি رحمة للعلمين আর এ অর্থেই ইসলামের বিশ্বায়ন।
আল্লাহ্ পাক বলেনঃ

وقاتلوهم حتى لاتكون فتنة ويكون الدين كله لله -

"তোমরা সকলে তাদের বিরুদ্ধে লড়াই কর, যেন ফিৎনা অবশিষ্ট না থাকে এবং আধিপত্য কর্তৃত্ব, আইন-শাসন সম্পূর্ণরূপে আল্লাহরই প্রতিষ্ঠিত হয়।"

আমরা বলেছিলাম যে, একমাত্র ইসলামের দ্বারাই বিশ্বায়ন সম্ভব। এ কথাটার সামান্য বিশ্লেষণ করা দরকার। দুটি কারনে ইসলামের বিধানসমূহ সাধারনভাবে সকল মানুষের জন্য এবং বিশেষভাবে মুসলমানদের জন্য স্বভাবের অনুকূল এবং চাহিদা সম্মত হয়ে থাকে।

**প্রথমতঃ** ইসলামের আইন সমূহের মৌল উৎস্য হচ্ছেন সে মহান সত্ত্বা যিনি এ বিশ্ব জগতের স্রষ্টা, যিনি মানুষের ও সে সাথে তাদের সকল চাহিদা এবং প্রয়োজনেরও স্রষ্টা। যার কাছে অতীত, বর্তমান ও ভবিষ্যৎ সবই সমান। যিনি মানুষকে কোন বিশেষ ধর্ম, বর্ণ, গোত্র, ভাষা কিংবা সময়ের নিরিখে দেখেন না। সকলেই যার স্নেহ-ভালবাসায় ধন্য। যার উপর কোন ক্রিয়া বা ঘটনার প্রভাব চলেনা। ফলে পরিবেশ ও সময়ের পরিবর্তনে মানুষের স্বভাব চাহিদায় যে হাজারো পার্থক্য সূচিত হয়েছে, সে ক্ষেত্রে একই সময়ে সকলের উপযোগী বিধান একমাত্র তার কাছেই পাওয়া যেতে পারে। উদাহরন স্বরূপ বলা যায় সততা, সত্যপ্রিয়তা,

আমানতদারীতা সহনশীলতা ও পরোপকার ইত্যাদি ইসলামী অনুশাসনগুলো মানব সভ্যতার সকল অধ্যায়েই সকল ধর্মের মানুষের কাছেই প্রশংসনীয় গুন হিসেবে বিবেচিত হয়ে এসেছে।

**দ্বিতীয়তঃ** ইসলামের বিধানসমূহ এক ঈমান উদ্দীপ্ত অনুভূতির সাথে গ্রথিত। এ অনুভূতির কারণে ইসলামের প্রতিটি বিধানের প্রতি মুসলমানের হৃদয়ে এমন শ্রদ্ধাবোধ, ভালবাসা এবং আনুগত্যের মনোভাব জন্ম নেয়- যা বাইরের কোন চাপ প্রয়োগ ছাড়াই পূর্ণ ইখলাছ সহ তা পালন করতে তাদেরকে উদ্বুদ্ধ করে। দৃষ্টান্ত দিয়ে বলছি, একথা সর্বজন বিদিত যে, ইসলামের পূর্বে আরবগণ মদের প্রতি সীমাহীন আসক্ত ছিল। ইসলামের আবির্ভাবের পর আল্লাহপাক নিম্নোক্ত আয়াত নাযিল করলেনঃ

يا أيها الذين امنوا إنما الخمر والميسر والأنصاب والأزلام رجس من عمل الشيطان فاجتنبوه لعلكم تفلحون -

"হে মুমিনগন! এই যে মদ, জুয়া, প্রতিমা এবং ভাগ্যনির্ধারক শরসমূহ- এসব শয়তানের অপবিত্র কাজ ব্যতিত কিছুই নয়। তোমরা তা পরিহার কর- যাতে কল্যান প্রাপ্ত হতে পার।"

আলোচ্য আয়াতের فاجتنبوه (তোমরা তা পরিহার কর) শব্দটি এত বিপুল জীবনী শক্তির অধিকারী যে কোন প্রবল ক্ষমতাধর রাষ্ট্রের সামরিক শক্তি ও পুলিশ বাহিনীকে একযোগে নিয়োগ করেও এত শক্তির সমন্বয় সম্ভব নয়। এ আয়াত শুনার সাথে সাথে মুসলমানগন তাদের বাড়ি-ঘর সযত্নে সংরক্ষিত মদের পাত্র সমূহ ভেংগে খান খান করে ফেললেন। এমনভাবে তারা মদ ও তার প্রভাব থেকে নিজেদেরকে মুক্ত করে নিলেন যে, পরের দিনের সকাল বেলা তাদের কাছে ছিল এক নতুন জীবনের প্রভাত। তারা যেন কখনো মদের সাথে পরিচিতই ছিলেন না- জীবনে কোনদিনই যেন তারা এর স্বাদ আস্বাদন করেননি। এই যে বৈপ্লবিক পরিবর্তন তার জন্য ইসলাম কোন শক্তি প্রয়োগ করেনি, বিশাল কোন পুস্তক রচনা কিংবা আইন ও শাসনের বেড়াজালে মানবতাকে আবদ্ধ করারও প্রয়োজন হয়নি। فاجتنبوه এ একটিমাত্র শব্দ মুসলমানদের জীবন থেকে মদের অস্তিত্বকে বিলীন করে দেয়ার জন্য যথেষ্ট হয়েছিল। আজ বিশ্ব সভ্যতার যে অংশটিই সুস্থ এবং সুষ্ঠভাবে বিদ্যমান রয়েছে, তাতেই মদ এবং মাদকতার বিরুদ্ধে যে সোচ্চার আওয়াজ তোলা হচ্ছে।

এতেই প্রমানিত হয় যে, ইসলামের বিধান ও কল্যানময় নিয়ম সমূহ শুধুমাত্র মুসলমানদের জন্য নয়, বরং তা সমগ্র বিশ্ব মানবতার জন্য।

অপরদিকে মানুষের রচিত আইনে উল্লেখিত দুটি বিষয়ই যেহেতু অনুপস্থিত, সেহেতু তা ইসলামের ন্যায় গ্রহনযোগ্যতা অর্জন করতে পারে না। তদুপরী তাদের প্রতিটি চিন্তা ও কর্মই যেহেতু অন্য কোন ক্রিয়ার প্রতিক্রিয়া কিংবা কোন ঘটনা দ্বারা প্রভাবিত, তাই নিরপেক্ষ ও সার্বজনীন হতে পারেনা। কারন সে যতটুকু জানে তার বাইরের জগৎ তার জ্ঞানের আওতাবহির্ভূত সে যাদের ভালোবাসে তাদের দুশমনের প্রতি স্বভাবতই সে শত্রুতা পোষন করে থাকে। ফলে তার প্রতিটি চিন্তাও কর্ম অনিবার্যভাবে মানবতার একটি বিশেষ শ্রেনীতে এবং সময়ের একটি বিশেষ সীমানায় আবদ্ধ হয়ে পড়ে। এ ধরনের আইনের দ্বারা যে বিশ্বায়ন সম্ভব নয় তার একটি দৃষ্টান্ত দিয়ে আলোচনা শেষ করতে চাই। বিশ্বখ্যাত ইসলামী চিন্তাবিদ ডঃ আব্দুল করিম জয়দান তাঁর বিখ্যাত গ্রন্থ أصول الدعوة এর ৫০ পৃষ্ঠায় উল্লেখ করেন, "এই বিংশ শতাব্দীতেই আমেরিকা যুক্তরাষ্ট্র তার অধিবাসীদের মদের অভিশাপ থেকে মুক্ত করতে চেয়েছিল। এ মর্মে মদ নিষিদ্ধ ঘোষনার পূর্বে অনুকূল পরিবেশ তৈরীর জন্য সরকার দেশের সকল প্রচার মাধ্যমে মদের অপকারীতা বর্ননা করে দীর্ঘ প্রচারভিযান পরিচালনা করে। সিনেমা, টেলিভিশন এবং রেডিওতে অব্যাহত অনুষ্ঠানাদি প্রচার, বিভিন্ন পর্যায়ে নাট্যানুষ্ঠান, পুস্তক প্রণয়ন লিফলেট ও পোষ্টারিং, সভা-সমাবেশ করে জনগণ্যকে বুঝানো বিশেষজ্ঞ চিকিৎসক ও সমাজবিজ্ঞানীদের দ্বারা মদের অনিষ্ঠতার উপর জরীপ পরিচালনা এবং তার রিপোর্ট প্রকাশ ইত্যাদি বহুমুখী কার্যক্রম পরিচালনা করে। এ কাজে যে অর্থ ব্যয় করা হয় তার পরিমাণ ছিল ৬৫ মিলিয়ন ডলার। মদের অপকারীতা এবং তার শাস্তি বর্ণনা করে যে সব পুস্তকাদি লিখা হয়, তার পৃষ্টা সংখ্যা ছিল ৯ হাজার মিলিয়ন।

অতপর এ আইন কার্যকরী করার জন্য ব্যয় করা হয় প্রায় ১০ হাজার বিলিয়ন ডলার। এ বিশাল ও ব্যয়বহুল প্রস্তুতি সম্পন্ন করার পর ১৯৩০ সালে সরকার মদ উৎপাদন, তা ক্রয়-বিক্রয় এবং আমদানী-রপ্তানী নিষিদ্ধ ঘোষনা করে। কিন্তু বিশ্বমানবতা খুব আগ্রহ সহকারেই তার দুঃখজনক পরিনতি লক্ষ্য করেছে। ১৯৩০ হতে ১৯৩৩ সাল পর্যন্ত তিন বৎসরের ও কম সময়ে এ আইন প্রয়োগ করতে গিয়ে ২০০ মানুষকে মৃত্যুদন্ড দেয়া হয়েছে। অর্ধ মিলিয়ন মানুষকে নিক্ষেপ করা হয়েছে কারাগারের নির্মম অন্ধাকারে। এ আইনের যারা বিরোধীতা করেছে তাদের থেকে জরিমানা আদায় করা হয়েছে প্রায় ৪ মিলিয়ন ডলার। এত কিছুর পরেও সরকার এ আইনটি বহাল রাখতে পারেনি, বাধ্য হয়ে ১৯৩৩ সালে তা বাতিল ঘোষনা করে।

এটাই মানব রচিত আইনের সত্যিকার পাওয়া। যেহেতু মানুষের হৃদয়ের স্রষ্টা কোন মানুষ নয়, সেহেতু তাদের রচিত আইন অন্য মানুষের হৃদয়ে ইসলামী বিধানের ন্যায় প্রভাব বিস্তার করবে কিভাবে?

সুতরাং বিশ্বায়নের যোগ্য ও বাস্তব পতাকাবাহী হতে পারে একমাত্রই ইসলাম। মানব রচিত কোন জীবন ব্যবস্থা কখনো বিশ্বায়নের উপযুক্ত হতে পারে না।


তথ্যসূত্রঃ

১। সুরা আত্‌তাকভীরঃ ২৭
২। সুরা আল্ আম্বিয়াঃ ১০৭
৩। সুরা সাবা ঃ ২৮
৪। সুরা আল আরাফ ঃ ১৫৮
৫। সুরা আল্ আরাফ ঃ ৫৪
৬। সুরা ইউসুফ ঃ ৪০
৭। সুরা আছ্ছফ ঃ ৯
৮। সুরা আল আনফাল ঃ ৩৯
৯। সুরা আল আরাফ ঃ ৫৪
১০। সুরা ইউসুফ ঃ ৪০
১১। সুরা আছ্ছফ ঃ ৯
১২। উসুলুদ দাওয়াত, ডঃ আঃ করিম জয়দান পৃঃ ৫০

# কবি মাওলানা নিযামপুরী বিরচিত "নজমুল আকাঈদ": অনুসন্ধিৎসু পাঠ

মাহমুদুল হাসান *

মাওলানা ওলী আহমদ নিযামপুরী (রঃ) ছিলেন বিভিন্ন মুখী প্রতিভার সুন্দর সমন্বয়। তিনি ছিলেন প্রথিত যশা আলিম, জ্ঞান তাপস, শক্তিমান কবি ও বহু ভাষার পন্ডিত। তাঁর ভাবুকমন ও কাব্য প্রতিভা তাঁর পরিচ্ছন্ন আকীদা-বিশ্বাসের সেবায় ছিল নিবেদিত।

তাঁর ভাবনা, জ্ঞান ও প্রতিভার উপর তার আকীদা ও বিশ্বাস শক্ত নিয়ন্ত্রন বজায় রাখতে পেরেছিল। তাই সাহিত্যচর্চা ও কাব্য সাধনার সময় তাঁর আকীদা স্খলিত হয়নি। নিয়ন্ত্রন হারিয়ে বসেনি। তাঁর বিশ্বাসের শক্তি হ্রাস পায়নি। তাঁর কাব্য সাধনা ও আধ্যাত্ম সাধনা মুখোমুখি অবস্থানে যায়নি, উভয়ের সম্পর্ক ছিল সম্পূরক, সহযোগিতামূলক।

মাওলানা নিযামপুরী (রঃ) ১৯৬০ সনে ইন্তেকাল করেছেন আমার জন্মের তের বছর আগে। সুতরাং, তাঁর বরকতময় সাহচর্যের মাধ্যমে সরাসরি তাঁর আকীদা-বিশ্বাসের সাথে পরিচিত হওয়ার কোন সুযোগ আমার হয়নি। তাঁর চিন্তাধারা সম্পর্কে জানার দু'টি পথ। একটি হল তাঁর সাহচর্য প্রাপ্ত লোকদের মুখে শোনা কথা আর অন্যটি হল, তাঁর লেখা কবিতা ও বই-পুস্তক। প্রথম মাধ্যম তেমন নির্ভরযোগ্য নয়। কারণ ভক্তদের প্রতিক্রিয়া থাকে বাহুল্য, বাড়াবাড়ি ও আবেগের তাড়না। দ্বিতীয় উপায়টি হল নির্ভর করার মত ভরসা। মাওলানার আকীদা সম্পর্কে জানার জন্য আমরা তাই আরবী ও ফার্সি দু'ভাষায় রচিত তাঁর 'নজমুল আকায়িদ আল-আরবী ওয়াল ফার্সি কাব্য পুস্তিকার শরনাপন্ন হতে পারি। পুস্তিকাটি প্রাকাশিত হয় ১৩৫৩ হিঃ সনে দিল্লী তজল্লী বরকী প্রেস থেকে।২ মাওলানার শিষ্য দারুল উলুম দেওবন্দের তদানীন্তন ছাত্র আমীর হুসাইন নিযামপুরীর প্রচেষ্ঠায়। বইটিতে ইসলামী আকীদার মৌলিক বিষয়কে সরস করে উপস্থপান করা হয়েছে। বইটি রচনার উদ্দেশ্য সম্পর্কে ভূমিকায় লেখক নিজেই বলেছেন যে, মানুষ স্বভাবজাত ভাবে ছন্দ ও কবিতার প্রতি আকৃষ্ট। কবিতা মানুষের কাছে শ্রুতিমধুর যেমনঃ সাহিত্য তৃষ্ণা নিবারনে ও তেমনি সক্ষম। পাঠক যেন আকীদার জটিল বিষয় সহজে জানতে ও মুখস্থ করতে পারে তাই তিনি এ পুস্তিকা সঙ্কলন করেছেন।(৩) পুস্তিকার সাহিত্য ও কাব্যিক মান সম্পর্কে আমরা এখানে বিশদ আলোচনায় না গিয়েও বলতে পারি যে, মাওলানার আরবী ও ফার্সি দু' ভাষার গভীর জ্ঞান, পান্ডিত্য ও যোগ্যতা এ পুস্তিকার মাধ্যমে সুপ্রমানিত হয়েছে। আকীদার ক্ষেত্রে মুসলমানরা নানান দল ও উপ-দলে বিভক্ত। মহানবী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি

* প্রভাষক, কোরআনিক সায়েন্স এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, আই.আই.ইউ.সি।

ওয়াসাল্লাম নিজেই এ ব্যাপারে ভবিষ্যতদ্বানী করে বলেছেন- "বনী ইস্রাইল বাহাত্তর দলে বিভক্ত হয়ে পড়েছে। আর আমার উম্মত তেহাত্তর দলে বিভক্ত হবে। সব দলই জাহান্নামী, একটি ছাড়া। শ্রোতাগন জিজ্ঞাসা করল, তারা কারণ? জবাবে মহানবী (সাঃ) বলেন- যারা আমার ও আমার সাহাবাদের আদর্শে উজ্জীবিত হবে।" সুতরাং এ হাদীছ হতে প্রতীয়মান হল, মহানবীর (সাঃ) সুন্নাহ ও সাহাবায়ে কেরামের আদর্শের অনুসারীরা হবে নাজাত ও মুক্তিপ্রাপ্ত দল। তাদের পরিচিতি হল, আহলে সুন্নাত ওয়াল জামাত নামে[৫] মহানবী (সাঃ) বলেছেন- "আমার উম্মতের একটি দল কেয়ামত হক্কের উপর অটল থাকবে।"[৬] আহলে সুন্নাত-ই সে দল বলে উম্মতের বিশেষ আলেমগণের মত। আকীদার ক্ষেত্রে আহলে সুন্নাত ওয়াল জামাত আবার তিনটি অংশে বিভক্ত। (১) সলফিয়্যা (২) আশায়েরা (৩) মাতুরীদীয়া। এ তিনটি অংশের চিন্তাধারা গভীরভাবে বিশ্লেষণ করে দেখা যায় যে, 'সলফিয়্যা' মতাদর্শের অনুসারীরা সর্বক্ষেত্রে কোরআন ও সুন্নাহর ভাষ্যসমূহ, সাহাবায়ে কেরাম ও তাবেয়ীনদের ব্যাখ্যা অনুযায়ী গ্রহণ করে। যে সব বিষয়ে কোরণআন ও সুন্নাহর ভাষ্য থাকে সে সব ক্ষেত্রে কোন ধরনের যুক্তি, বুদ্ধি ও ভিন্ন ব্যাখ্যার আশ্রয় তারা গ্রহণ করেনা। পুঙ্খানুপুঙ্খ সুন্নাহ ও সলফে সালেহীনে আদর্শকে অনুসরন করাই তাদের বৈশিষ্ট্য। এ কারণে তাঁরা সলা বা সলফের অনুসারী হিসেবে নিজে দের পরিচিত করেছে। ষোড়শ খৃষ্টাব্দে মুসলিম সমাজ যখন শিরক, বিদআত ও কুসংস্কার প্লাবিত হয়ে পড়ে তখন সুন্নাহর প্রকৃত অনুসারী গড়ে তোলার লক্ষ্যে 'সলফিয়্যা' চিন্তাধারাকে সু-শৃঙ্খল ও বলিষ্ট রূপ দান করেন রিয়াদে জন্মগ্রহণকারী শায়খ মুহাম্মদ আব্দুল ওয়াহাব (১৭০৩-১৭৯১)।[৭] আপোষহীনভাবে তিনি আরব উপ-দ্বীপে 'সলফিয়্যা' আন্দোলন পরিচালনা করেন। সৌদী আরবের স্থপতি আমীর মুহাম্মদ বিন সউদ তাঁর দাওয়াতে সাড়া দিয়ে তাঁর শিষ্যত্ব গ্রহণ করেন এবং সলফিয়্যা মতাদর্শে প্রচারে সর্বাত্মক সহযোগিতা করেন।[৮] এ আন্দোলনের বিরুদ্ধে কট্টরতা ও রূঢ়তার অভিযোগ থাকলেও এ সকল আন্দোলনের ফলশ্রুতিতে আরব বিশ্ব আজ স্বচ্ছ আকীদার বাহক হতে পেরেছে। শিরক- বেদআতের কালো হাত থেকে এ অঞ্চল মুক্ত হয়ে খাঁটি তাওহীদে ফিরে এসেছে।

শায়খ মুহাম্মদ আব্দুল ওয়াহহাব(রঃ) তাঁর চিন্তাধারাকে তাঁর 'কিতাবুত্তাওহীদ' 'কিতাবুল ঈমান' 'কাশফুশশুবহাত' প্রভৃতি মূল্যবান বই ও পুস্তিকার মাধ্যমে প্রকাশ করেছেন। তাঁর আন্দোলন ও গ্রন্থসমূহে ইমাম আহমদ ইবনে হাম্বল (১৬৪-২৪১হিঃ), ইমাম তাইমিয়া(৬৬১-৭৫১হিঃ) ও ইমাা ইবনুল কাইয়েম জ ওযিয়া(৬৯১-৭৫১হিঃ)-র চিন্তাধারার বলিষ্ঠ ছায়া ও প্রভাব দৃশ্যমান হয়।[৯]

বাগদাদের অধিবাসী ইমাম আবুল হাসান আল-আশয়ারী(রঃ) (২৭০হিঃ-৩২৪হিঃ)-র চিন্তাধারার অনুসারীদের আশায়েরা বলা হয়। ইমাম আশয়ারী তাঁর প্রথম জীবনে প্রায় চল্লিশ বছর তথাকথিত যুক্তিবাদী দল 'মু'তাজেলা'-র অনুসারী ছিলেন এবং নেতৃত্ব ও দান করেছিলেন। একবার এক নাগাড়ে ১৫ দিন ঘরে বসে তিনি 'মু'তাজেলা' সম্প্রদায়ের চিন্তা-চেতনা সম্পর্কে গভীর গবেষনা করেন। অতঃপর তাঁর কাছে এ কথা সুস্পষ্ট হয়ে উঠে যে, তাদের চেতনা ইসলামের মৌলিক ভাবধারা পরিপন্থী। কাজে তিনি মু'তাজেলার পক্ষ ত্যাগ করে নিজস্ব চিন্তাপ্রসূত একটি পন্থা উদ্ভাবন করেন যা কি-না পরবর্তীতে 'মজহাবে আশয়ারী' হিসেবে পরিচিতি লাভ করেন। এ মজহাবকে যেসব স্বনামধন্য ব্যক্তিত্ব অনুসরন করেছেন এবং লেখনীর মাধ্যমে গতিশীল ও শক্তিমান করেছেন তাদের মধ্যে উল্লেখ্যযোগ্য হলেন, কাজী আবু বকর বাকিল্লানী, আবু ইসহাক সিরাজী, আবু হামেদ গাজালি, ইমামুল হারামাইন আবুল মাআলী আল-জুআইনী, ইমাম ফখরুদ্দীন রাজী প্রমুখ।[১০]

মধ্য এশিয়ার সমরকন্দ অধিবাসী আবু মনসূর আল-মাতুরীদীর(মৃতঃ ৩৩৩হিঃ) অনুসারীদের মাতুরীদীয়া বলা হয়। আবুল য়সুর বযদভী, আবুল মুঈন নসফী, নজমুদ্দীন ওমর নসফী প্রমুখ বড় বড় চিন্তাবিদ ও গবেষকগন এ মজহাবের অনুসারী ছিলেন। আবু মনসূর মাতুরীদী ও আবুল হাসান আশআরী উভয়ে সমবয়সী হলেও আবু মনসূর ছিলেন ভাবুক, তীক্ষ মেধাবী ও বিরল প্রতিভাবন। আবুল হাসান আলী নদভীর(রঃ) মতে আবু মনসূর ছিলেন আমায়ারীর চেয়েও বড় চিন্তাবিদ। (তারিখুদ্দাওয়া ওয়াল আযীমত ১/১১৪ পৃঃ দ্রষ্টব্য) উসমানী সম্রাটগন মাতুরীদীর মজহাবের সমর্থক হওয়ার সুবাদে সরকারী আনুকল্য পেয়ে এ মজহাব ব্যাপক প্রসারের সুযোগ পায় এবং হানাফী মজহাব অধ্যুষিত অঞ্চলগুলোতে এর গ্রহণযোগ্যতা ও জনপ্রিয়তা বেড়ে যায়। ভারত উপ-

মহাদেশে দেওবন্দ, নদওয়া, বেরলী, কাওছারী সকল মতাদর্শের অনুসারীরা মাতুরীদীর চিন্তাধারার সমর্থক।(১১)

আশায়েরা ও মাতুরীদীয়ার উদ্ভব ঘটে মূলতঃ গ্রীক দর্শনের প্রভাবের ফলে মুসলিম সমাজে উদ্ভূত ইসলামের সাথে সংঘাতপূর্ণ নানান ধরনের মতবাদের যৌক্তিক খন্ডন ও প্রতিরোধের জন্য। জাহমিয়া, মু'তাজেলা , বাতেনিয়া, রাফেজা প্রভৃতি ইসলামী ভাবাদর্শ বিরোধী মতবাদের বুদ্ধিবৃত্তির মোকাবেলায় আশারেয়া ও মাতুরীদীয়ার পন্ডিতগণ গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করেছেন। যদিও তারা গ্রীক দর্শন দিয়ে গ্রীক দর্শনের মোকাবেলা করতে গিয়ে নিজেরাও গ্রীক দর্শনের ছায়া হতে মুক্ত হতে পারেনি।

আমরা এ প্রবন্ধে মাওলানা নিযামপুরীর 'নজমুল আকাঈদ' কাব্য পুস্তিকাতে অনুসন্ধিৎসু দৃষ্টিতে বুলিয়ে দেখার প্রয়াস পাব যে, মাওলানা নিযামপুরী আকীদার কোন্ ক্ষেত্রে কার পক্ষাবলম্বন করেছেন এবং কি মতামত পোষন করেন। মাওলানার এ পুস্তিকায় রয়েছে ছোট্ট ভুমিকা, ছয়টি অধ্যায় ও উপ-সংহার। প্রতিটি অধ্যায়ে আছে কয়েকটি পরিচ্ছেদ। ভূমিকায় মাওলানা সুস্পষ্ট 'মজহাবে সলফ' কে বা সলফিয়্যাহকে প্রাধান্য দিয়েছেন। মহানবীর (সাঃ) বাণী অনুযায়ী তেহাত্তর দলের মধ্যে মুক্তিপ্রাপ্ত যে দল হবে তাঁর মত হল 'আহলুল আছর' বা সলফে সালেহীনের পথানুসারীরাই সে দল।

'আকীদা'র ক্ষেত্রে যে বিষয়ে সবচেয়ে বেশী মতবিরোধিতা রয়েছে তা হল, 'সিফাত' বা আল্লাহর গুনাবলীর প্রকৃতি নির্ণয়ের বিষয়। গ্রীক দার্শনিকদের মতে আল্লাহর কোন সিফাত নেই। আল্লাহর সত্ত্বাই শুধু অনন্ত। তার গুনাবলী থাকলে অনন্তের সংখ্যা বেড়ে যায়। গ্রীক দর্শনের যুক্তি মতে অনন্তের সংখ্যা একাধিক হতে পারেনা। মুসলমানদের মধ্যে 'মু'তাজেলা' সহ যারা ইউনানী ফিলোসফি দ্বারা প্রভাবিত হয়েছে তাদেরও এ মত। আহলে সুন্নাহর সকল দলেরই মত হল আল্লাহর সিফাত বা গুণাবলী আছে। তবে আহলে সুন্নাহর মধ্যে সলফিয়্যা মতাদর্শের অনুসারীরা কোরআন- হাদীছে আল্লাহর যে সব গুণ, কাজ ও অঙ্গের কথা আলোচিত হয়েছে তার সব ক'টিকে কোন রূপ ব্যাখ্যা, রূপক অর্থ ও উপমা বর্ণনা ছাড়া হুবহু শাব্দিক অর্থে বিশ্বাস করে। পবিত্র কোরআনে বলা হয়েছে- "অতঃপর তিনি তাঁর আরশে সমাসীন হয়েছেন।"(১২) এক ব্যক্তি হযরত মালেক (রঃ)কে জিজ্ঞাসা করলেন, কি করে আল্লাহ্ আরশে উপবিষ্ট হন? তার কি শরীর আছে?

উত্তরে তিনি বললেন,

الاستواء معلوم والكيف مجهول والايمان به واجب والسوال عنه بدعة

অর্থাৎ "উপবিষ্ট হওয়ার শাব্দিক অর্থ আমাদের জানা আছে। তবে তার প্রকৃতি আমাদের কাছে অজ্ঞাত। তার প্রতি ঈমান আনা ওয়াজিব। আর এ ব্যাপারে প্রশ্ন করা বেদআত।"(১৩)

এ ক্ষেত্রে ইমাম আবু হানিফা, শাফেয়ী ও আহমদ ইবনে হাম্বল অভিন্ন মত প্রকাশ করেছেন।(১৪) তাদের সকলের মতে আল্লাহর গুণ, কাজ-কর্ম ও অঙ্গ-প্রত্যঙ্গ সম্পর্কে যে বিবরণ কোরআন-হাদীছে এসেছে তা হুবহু কোন রূপ ব্যাখ্যার আশ্রয় নেয়া ছাড়া বিশ্বাস করতে হবে। এ সব নিয়ে অযথা ঘাঁটাঘাঁটি করা যাবে না। পবিত্র কোরআনে আল্লাহর দু'হাতের কথা এসেছে। চেহারার কথা বলা হয়েছে। আমাদেরকে হাত অর্থ আল্লাহর শক্তি, চেহারা অর্থ তাঁর সম্মান এরূপ ব্যাখ্যা না করে শাব্দিক অর্থে আল্লাহর হাত আছে চেহারা আছে বিশ্বাস করতে হবে। তবে তা কেমন? তা আল্লাহ্ ভাল জানেন। যে রূপ হাত, চেহারা প্রভৃতি হওয়া দরকার সে রূপই তাঁর আছে। এক্ষেত্রে কোন কোন আশআরী ও মতুরীদী মতাদর্শ পন্থী পন্ডিতগণ এ মতকে অনুসরণ করেছেন। জীবন সায়াহ্নে স্বয়ং আবুল হাসান আশআরী এ মতের দিকে প্রত্যাবর্তন করেছেন।(১৫)

আল্লাহর সিফাত বা গুনাবলীর ব্যাপারে আশায়েরা ও মাতুরীদীয়ার নানা ধরণের ব্যাখ্যার আশ্রয় নেয়। আল্লাহর হাত, চোখ বা চেহারা ইত্যাদি যা কোরআনে বর্ণিত হয়েছে তারা তা বাস্তব অর্থে অস্বীকার করে। তাদের মতে আল্লাহর অঙ্গ-প্রত্যঙ্গ হতে পারেনা। তারা চেহারা, হাত, চোখ ইত্যাদির রূপক অর্থ গ্রহণ করে। মাওলানা নিযামপুরী এ ক্ষেত্রে সলফী আকীদাকে গ্রহণ করেছেন। তিনি ভিন্ন মতাবলম্বীদের ব্যাপারে বলেছেন- রূঢ়ভাবে "যারা আল্লাহর গুনাবলীর রূপক অর্থ গ্রহণ করে তারা সীমালঙ্গন করেছে। দুঃসাহসিকতা প্রদর্শন করেছে। ধ্ব

ংসের সমুদ্রে হাবুডুবু খাচ্ছে। আমরা কোরআন ও হাদীছের ভাষ্যকে যথাযথ বিশ্বাস করি। এ ক্ষেত্রে নিজেদের বুদ্ধি প্রয়োগ করে অজ্ঞতার পরিচয় দিবনা।"(১৬)

একজন মানুষের প্রথম দায়িত্ব কি? এ ব্যাপারে দু'টি মতামত রয়েছে। আশায়েরা ও মাতুরীদীয়ার মতে বান্দার প্রথম দায়িত্ব হল, আল্লাহর মারফত বা পরিচিতি অর্জন করা। নিজের যুক্তি ও বুদ্ধি দিয়ে মানুষ স্রষ্টার পরিচয় অর্জন করতে হবে। কাজেই কোন অঞ্চলে নবী-রাসুল বা তাদের দাওয়াত না পৌঁছলেও তাদেরকে স্রষ্টার পরিচয় বা মারফত অর্জন করতে হবে। অন্যথায় তারা শাস্তির যোগ্য বলে বিবেচিত হবে। সুতরাং উপরোক্ত দুই সম্প্রদায়ের মতে প্রথমে চিন্তা-ভাবনা করতে হবে। স্রষ্টাকে চিনতে হবে। তারপর ঈমান আনতে হবে। যে ব্যক্তি চিন্তা-ভাবনা করা ছাড়া ঈমান এনেছে তার ব্যাপারে আশায়েরা সম্প্রদায়ের দু'টি মত। কারো মতে, তার ঈমান শুদ্ধ হয়নি। অন্যদের মতে, ঈমান শুদ্ধ হয়েছে। তবে তার যে প্রথম দায়িত্ব ও ওয়াজিব পালন করা দরকার ছিল তা না করার কারণে সে গুনাহগার বলে বিবেচিত হবে।(১৭)

সলফীদের মতে বান্দার প্রথম কাজ হল, আল্লাহর একত্ববাদে বিশ্বাস করে ইবাদত করা। কারণ, নবীগণ তাদের সম্প্রদায়কে প্রথমেই ঈমান গ্রহণ করার দাওয়াত দিয়েছেন আর একমাত্র আল্লাহর ইবাদতের আহ্বান জানিয়েছেন। প্রথমে তাদেরকে চিন্তা-ভাবনা বা আল্লাহর ব্যাপারে যৌক্তিক বিশ্লেষণে যাওয়ার আহ্বান জানাননি। মহানবী(সাঃ) হযরত মাআজ(রাঃ)কে যখন ইয়েমেন প্রেরণ করেছেন তখনও তিনি ইয়ামেনবাসীকে ঈমান গ্রহণের আহ্বান জানাতে বলেছেন।(১৮)

এ বিষয়ে মাওলানা নিযামপুরীর মত কি? তিনি তার পুস্তিকার প্রথম অধ্যায়ের সূচনায় বলেন,

أول واجب على العبيد # معرفة الإله بالشديد

"বান্দার প্রথম দায়িত্ব হল, আল্লাহকে বিশুদ্ধভাবে চেনা বা মারফত অর্জন করা।"(১৯) এ পংক্তি থেকে প্রতীয়মান হল, তিনি এ ক্ষেত্রে আশায়েরা ও মাতুরীদীয়ার মতকে গ্রহণ করেছেন। সলফীদের মতকে গ্রহণ করেননি। কিন্তু কোরআন-হাদীছ ও নবীদের দাওয়াতের ইতিহাসের আলোকে বলা যায় যে, এ ক্ষেত্রে সলফীদের মতই দলিল ভিত্তিক। কারণ, স্রষ্টার মারফত অর্জন করা মানুষের সহজাত একটি বিষয়, মানুষের প্রথম কাজ হল, ঈমান গ্রহণ করা। চিন্তা-ভাবনা করা ছাড়া ঈমান গ্রহণ করলেও ঈমান শুদ্ধ হবে। মুসলিম পরিবারে যেসব সন্তান জন্ম গ্রহণ করে তারা জীবনের শুরু থেকেই ঈমানদার। বুঝে শুনে ঈমান আনার সুযোগ তাদের হয়নি। তাই বলে কি তারা তাদের প্রথম দায়িত্ব পালন না করার কারণে অপরাধী?

আল্লাহর গুণাবলী সম্পর্কে প্রথমতঃ আহলে সুন্নাতের সকল অনুসারী এ ব্যাপারে একমত পোষন করে যে, যে কোন গুণ কোরআন-হাদীছে যা বর্ণিত হয়নি। নিজের চিন্তা থেকে আল্লাহর সঙ্গে সম্পৃক্ত করা যাবেনা। তবে আল্লাহর সত্তাগত গুণ কয়টি এ নিয়ে বিরোধ রয়েছে খোদ আহলে সুন্নাতের বিভিন্ন গ্রুপের মাঝে। সলফীদের মধ্যে আল্লাহর গুণাবলী অসংখ্য। আশায়েরা সম্প্রদায়ের আল্লাহর সিফাত সাতটি। যথা, হায়াত (জীবন) কালাম (বাক) বছর (দৃষ্টি) সামউন (শ্রবন) এরাদা (ইচ্ছা) এলম (জ্ঞান) কুদরত (শক্তি)। আর মাতুরীদীয়া সম্প্রদায়ের মতে আল্লাহর সত্ত্বাগত গুণ আটটি। উপরোল্লিখিত সাতটির বাইরে রয়েছে 'তাকভীন'(গঠন ও সৃষ্টি)।(১৯) আল্লাহর এসব গুণ সম্পর্কে মাওলানা নিযামপুরী প্রথম অধ্যায়ের প্রথম পরিচ্ছেদে আলোকপাত করেছেন। তিনি আল্লাহর গুণাবলীর সংখ্যা সাত উল্লেখ্য করেছেন। অর্থাৎ তিনি এ ক্ষেত্রে আশয়ারীর মজহাবকে গ্রহণ করেছেন।

পবিত্র কোরআন আল্লাহর কালাম। পবিত্র কোরআন কি আদি, অনন্ত, না সৃষ্ট? মুসলিম সমাজে এ নিয়ে প্রচন্ড বিতর্ক সৃষ্টি হয়েছিল। তথ্যাভিজ্ঞ মহল মনে করেন, ইহুদী এবং খৃষ্টানদের উদ্দেশ্যমূলক প্ররোচনায় মুসলমানদের মধ্যে এ অহেতুক বিতর্ক সৃষ্টি হয়। মুসলমানদেরকে ইসলাম প্রচারের মূল কাজ থেকে সরিয়ে অভ্যন্তরীন বিতর্কে আষ্টেপৃষ্টে জড়িয়ে ফেলাই ছিল তাদের ধূর্ত লক্ষ্য। মুসলমানদের মধ্যে মু'তাজেলা সম্প্রদায় বলে বসল, কোরআন সৃষ্ট আদি নয়। তাদের এ মতকে অত্যন্ত চাতুর্যের সাথে প্রচার করার ফলে মুসলিম জনমত বিভ্রান্ত হয়েছিল। বিভ্রান্ত হয়েছিলেন মুসলিম শাসকগণ। ফলে আহলে সুন্নাত ওয়াল জ

ামাতের বিজ্ঞা আলেম ও পন্ডিতদের উপর বয়ে যায় নির্যাতনের প্রচন্ড ঝড়ো হাওয়া। ইমাম আহমদ ইবনে হাম্বল কারণগারে নিক্ষিপ্ত হন। শারীরিক ভাবে হন লাঞ্চিত। আহলে সুন্নাতের আকীদা হল, আল-কোরআন আল্লাহর কালাম। আল্লাহর সত্ত্বা যেমন অনন্ত তার গুণ ও তদ্রূপ অনন্ত। ইমামা আবু হানিফা(রঃ) তাঁর 'আল-হিবুহুল গ্রন্থে কোরআনের পরিচয় বর্ণনা প্রসঙ্গে বলেছেন-

القرآن كلام الله فى المصاحف مكتوب ، وفى القلوب محفوظ ، وعلى الألسنة مقروء، وعلى النبى ﷺ - منزل ، ولفظنا بالقرآن مخلوق ، والقرآن غير مخلوق -

কোরআন আল্লাহর কালাম, গ্রন্থে তা লিপিবদ্ধ। অন্তরে তা সংরক্ষিত। মুখে তা পঠিত। নবী করীম (সাঃ)র উপর তা অবতীর্ণ। কোরআনের শব্দের আমাদের উচ্চারণ সৃষ্ট তবে কোরআন সৃষ্ট নয়।[২১]

মাওলানা নিযামপুরী আহলে সুন্নাতের আকীদা কবিতায় এভাবে বলেছেন, "আল্লাহর কালাম পুরান , আল্লাহর কালাম পুরান, আদি। পুরা সৃষ্টিকে তা অক্ষম করে দিয়েছে। কারো পক্ষে তদ্রুপ একটি সূরা রচান করা সম্ভব নয়। কোরআনকে তুমি সৃষ্ট বলোনা। কারণ, তা খুব অক্ষম করে দিয়েছে। কারো পক্ষে তদ্রুপ একটি সূরা রচনা করা সম্ভব নয। কোরআনকে তুমি সৃষ্ট বলোনা। কারণ, তা খুব জঘন্য কথা। কথাখানা প্রথমে বলেছে ওয়াসিন বিন আতা, মু'তাজেলা সম্প্রদায়ের নেতা।"[২১]

'আল্লাহর পক্ষে যা অসম্ভব' শিরোনামে একটি পরিচ্ছেদে কবি মাওলানা নিযামপুরী বলেন, আল্লাহর পক্ষে অজ্ঞতা, অক্ষমতা, মৃত্যু, অন্ধত্ব সব অসম্ভব। সকল অপূর্ণঙ্গতা, দোষ ও বিচ্যুতি হতে আল্লাহ্ পবিত্র। কোরআন বা হাদীছে আল্লাহ সম্পর্কে যে বিবরণ এসেছে(যেমন, তিনি আরশে সমাসীন হন, তিনি প্রথম আকাশে অবতরণ করেন, তাঁর দয়া, চেহারা, হাত ইত্যাদি) মাওলানার মতে তাকে কোন রূপ ব্যাখ্যাঃ বিশ্লেষণ ও উদাহরণ ছাড়াই বিশ্বাস করতে হবে। এটাই সলফে সালেহীনের বিশ্বাস।

ঈমানের ক্ষেত্রে 'তাকলীফ' বা অনুকরণ করা যাবে কি? এ সম্পর্কে কবি আরবী চার পংক্তি ও ফার্সি পাঁচ পংক্তি বিশিষ্ট একটি পরিচ্ছেদ রচনা করেছেন। কবির মত হল, যে বিষয়ে গভীর ও দৃঢ় বিশ্বাস প্রয়োজন সে ক্ষেত্রে অনুকরণ করা যায়না, নিজেকে বুঝে শুনে দলিলের মাধ্যমে বিশ্বাস করতে হবে। অনুসরন হল ধারনা প্রসূত। তা ঈমান নয়। তিনি এ কথাও উল্লেখ করেছেন যেমন কারো কারো মতে নিরক্ষর ও মুর্খ মানুষ দলিল ছাড়া কারো অনুকরণে দৃঢ় ঈমান আনলে ও যথেষ্ট হবে। তারা মুসলিম হিসেবে পরিগণিত হবে। কবি এ মতকে প্রাধান্য দিয়ে ফার্সিতে বলেন-

قول بعض الناس را داند قوى # دوست احمد ﷺ ناظم اين مثنوى

দ্বিতীয় অধ্যায়ে কবি কয়েকটি বিতর্কিত বিষয়ে আহলে সুন্নাতের মতকে বলিষ্ঠভাবে তুলে ধরেন। মানুষের কর্মের স্রষ্টা কে? মানুষ নিজেই না আল্লাহ? মু'তাজেলা গোষ্ঠীর মত হল, মানুষ নিজেই নিজের কর্ম তৈরী করে। তাদের যুক্তিহল, মানুষকে ভাল কাজের জন্য পুরস্কৃত করা হবে এবং তাদের তিরস্কৃত করা হবে তার পাপ কর্মের জন্য। যদি মানুষ এসব কর্মকে নিজে তৈরী না করে বরং আল্লাহ তা করে থাকে তবে তাকে পুরষ্কারও বা কেন বা তিরষ্কারও বা কেন? অন্যের কাজের জন্য পুরস্কৃত হওয়া বা তিরস্কৃত হওয়া মোটেও যুক্তিযুক্ত নয়।[২৪]

পক্ষান্তরে আহলে সুন্নাতের মত হল, মানুষের সবকর্মের স্রষ্টা আল্লাহ তায়ালা। কারণ, কোরআনে কারীমে তিনি সুস্পষ্ট বলেছেনঃ "তিনি তোমাদেরকেও তৈরী করেছেন এবং তোমরা যা কর তা-ও তৈরী করেছেন।" তবে মানুষকে আল্লাহ ভাল বা মন্দ কাজ করতে বাধ্য করেন না। মানুষকে তিনি ইচ্ছার স্বাধীনতা (Freedoom of Choice) দান করেছেন। ভাল ও খারাপ উভয়ের স্রষ্টাই আল্লাহ। খারাপকে সৃষ্টি করেছেন মানুষকে পরীক্ষার জন্য। এটা আল্লাহর জন্য দোষের কিছু নয়। যেমন, ছুরি প্রস্তুত করা দোষণীয় নয়। তবে অন্যায় ভাবে ব্যবহার করাই অন্যায়। এ জন্য ব্যবহারকারী দোষী সাব্যস্ত হবে, প্রস্তুত কারক নয়।

অনুরূপ, মন্দের সৃষ্টি অপরাধ নয়, ব্যবহার করা অপরাধ। মন্দকে আল্লাহ সৃষ্টি করেছেন ঠিকই তবে তিনি মানুষকে স্বাধীনতাও দিয়েছেন। মানুষ ইচ্ছা করলে ভালও করতে পারে আবার মন্দও করতে পারে। এ ইচ্ছার স্বাধীনতার জন্য তাকে পুরস্কার বা শাস্তি দেয়া হবে। কবি সংক্ষেপে বলেন- "আল্লাহর সত্তা, গুণাবলী ও নামাবলী ছাড়া আর সব কিছুই অস্থায়ী, আল্লাহ কতৃক সৃষ্ট। আল্লাহ সব কিছুকে স্বেচ্ছায় সৃষ্টি করেছেন। আমাদের কাজ-কর্মও তাঁর সৃষ্ট। তবে তা আমাদের স্বেচ্ছায় উপার্জিত।"[২৫]

দ্বিতীয় প্রসঙ্গটি হলো, আল্লাহ কি কোন কাজ করতে বাধ্য? যেমন ভাল মানুষকে প্রতিদান দেয়া, অর্থাৎ লোককে শাস্তি দেয়া। অনুরূপ, কোন কাজের জন্য কি তাকে জবাবদেহী করতে হবে? আহলে সুন্নাতের মত হল, আল্লাহ কোন কাজ করতে বাধ্য নন। তিনি যাকে পুরস্কার দেন তা তার সীমাহীন দয়ার কারনে দেন আর যাকে শাস্তি দেন তা তার ইনসাফ ও সুবিচারের কারণে দেন। মু'তাজেলা সম্প্রদায় মনে করে আল্লাহ ভাল মানুষকে পুরস্কার দিতে বাধ্য আর অসৎকে শাস্তি দিতেও বাধ্য। নতুবা তা ইনসাফ হবে না। কিন্তু কোন কাজ করতে বাধ্য থাকা একটি দুর্বলতা। আল্লাহ সকল অপূর্ণাঙ্গতা, দুর্বলতা ও অক্ষমতা হতে মুক্ত। তাই আহলে সুন্নাত পূর্বের মত ব্যক্ত করে।[২৬]

সকল প্রাণীর রিজিক আল্লাহই দান করেন। পবিত্র কোরআনে তিনি বলেন- "পৃথিবীতে যত বিচরণশীল প্রাণী আছে সবার রিজিক আল্লাহর দায়িত্বে।" প্রশ্ন হলো, মানুষ হারাম পন্থায় যা উপার্জন করে তা কি আল্লাহর প্রতিশ্রুত রিজিক? যদি তা আল্লাহ প্রদত্ত হয় তবে তা হারাম হবে কেন? কবির মত হল হারাম পন্থায় উপার্জিত অর্থ ও রিজিক। আল্লাহ যা রিজিক দান করেন তা দু'উপায়ে উপার্জন করা যায়। বৈধ ও অবৈধ। বৈধ ও অবৈধ হওয়ার ব্যাপারটি বান্দার কাজের সাথে সম্পৃক্ত। বান্দার জন্য আল্লাহ রিজিক বরাদ্ধ করে দিয়েছেন। বান্দা তা বৈধ পথেও নিতে পারে আবার অবৈধ পথেও সংগ্রহ করতে পারে। বান্দা সর্বাবস্থায় তার জন্য বরাদ্দ অংশই পায়। যেমন, এক লোক তার ভৃত্যকে দান করার জন্য এক হাজার টাকা পকেটে নিল। ভৃত্য টের পেল তার মুনিবের পকেটে টাকা আছে। টাকা দেখে সে খুবই অস্থির হয়ে পড়ল। সে জানেনা এ টাকা তার জন্য রাখা হয়েছে। মুনিবের অসতর্ক মুহর্তে সে একহাজার টাকা সরিয়ে ফেলল। তাহলে আমরা দেখলাম, ভৃত্য এক হাজার টাকা পেল। তবে অবৈধ পথে। সে যদি একটু সবর করত তার সবুরে মেওয়া ফলত। বৈধ পথে সে টাকার সে মালিক হতে পারত।

তৃতীয় অধ্যায়ের সূচনাতে কবি 'কাদা' (قضاء) এবং কদর (قدر) সম্পর্কে সংক্ষেপে আলোচনা করেছেন। কাদা এবং কদরের সংখ্যায় বিভিন্ন মত রয়েছে। ইমাম আবুল হাসান আশয়ারী বলেনঃ 'কাদা' হল কোন বস্তুর ব্যাপারে আল্লাহর ইচ্ছা ও পরিকল্পনা। আর কদর হল সে ইচ্ছার প্রতিফলন। যেমন, আল্লাহর ইচ্ছা ছিল তিনি পৃথিবীতে মানুষ তৈরী করবেন। এ ইচ্ছা হল কাদা। তিনি তাঁর ইচ্ছার বাস্তাবায়ন করেছেন। তিনি বাস্তবেই মানুষ সৃষ্টি করেছেন। এটা হল 'কদর'। ইমাম মাতুরিদীর মতে 'কাদা' ও 'কদরে'র সংজ্ঞা উপরে যা উল্লেখ হয়েছে তার বিপরীত, অর্থাৎ আশয়ারীর মতে যা কাদা তা মতে তার 'কদর' এবং আশয়ারীর মতে যা কদর তাঁর মতে তা হল 'কাদা'।[২৮] কবি বলেছেনঃ মুসলমানকে অবশ্যই কাদা এবং কদরকে বিশ্বাস করতে হবে।[২৯]

কোন মুসলমান যখন কবীরা গুনাহ বা মহাপাপ করে তখন সে কি ইসলাম থেকে বের হয়ে যাবে? সে কি আর মুসলিম হিসেবে পরিচিত হতে পারবেনা?

আহলে সুন্নাতের বিশ্বাস হল, মহাপাপের কারণে মানুষ 'ফাসিক' হয়। ইসলাম হতে খারিজ হয়না। তার দায়িত্ব হল, সহসা তওবা করে নেয়া। কৃত পাপের দরুন অনুতপ্ত হওয়া, ভবিষ্যতে আর না করার জন্য সংকল্পবদ্ধ হওয়া। যে কোন মানুষ যখন তওবা করে আল্লাহ তাঁর দয়ায় তা গ্রহণ করেন। যে তওবা না করে মৃত্যুবরণ করে তার ব্যাপারে আল্লাহ নিজেই সিদ্ধান্ত নিবেন। ইচ্ছা করলে তিনি ক্ষমা করে দিবেন। আবার তিনি চাইলে শাস্তিও দিতে পারেন। কবি তাঁর প্রাঞ্জল ভাষায় উপরোক্ত তথ্য জানিয়েছেন। এ ক্ষেত্রে মু'তাজেলা গোষ্ঠীর মত ভিন্ন। তাদের মতে কবীরাগুনাহে লিপ্ত ব্যক্তি খাঁটি মু'মেনও নয় আবার পূর্ণ কাফিরও নয়। দু'য়ের মাঝের একটি স্থান। সে জান্নাতেও যাবেনা। আবার জাহান্নামেও যাবেনা। তাদের এ মতের পক্ষে

কোরআন ও হাদীছের সুস্পষ্ট কোন দলিল নেই।(৩০)

ঈমানের কি হ্রাস-বৃদ্ধি ঘটে? ইমাম আবু হানিফার(রঃ) অনুসারীদের মতে ঈমানের হ্রাস-বৃদ্ধি নেই। কারণ ঈমান হল দৃঢ় বিশ্বাস। সংশয়ের কোন অবকাশ ঈমানে নেই। কাজে হযরত আবু বকর সিদ্দীকের (রাঃ) ঈমান ও সাধারণ একজন মুসলিমের ঈমানে কোন পার্থক্য নেই। হযরত আবু বকর যেমন আল্লাহ, রাসূল, কিতাব, ফেরেশতা ইত্যাদির উপর ঈমান এনেছেন। সকল মুসলমানকেও সে সব বিষয়ে ঈমান আনতে হবে। কোন একটি বিষয়ে ঈমান না আনলে সে মুসলমান হতে পারবেনা। অন্যদিকে অন্যান্য ইমামদের মতে ঈমানে হ্রাস-বৃদ্ধি ঘটে। দামেস্কের বিশিষ্ট আলেম আব্দুর রহমান হাসান ঈমানের হ্রাস-বৃদ্ধি ভুমিষ্ট শিশুর শারীরিক ও মানসিক বৃদ্ধির সাথে তুলনা করেছেন। নবজাতক শিশুর সব ক'টি অঙ্গ থাকে। তারপরও তার ধীরে ধীরে পুষ্টিকর খাদ্য গ্রহনের ফলে মানসিক ও শারীরিক বিকাশ ঘটে। এ বিকাশের কারনে তার কোন অঙ্গ বেড়ে যায়না। অনুরূপ, একজন দুর্বল মুসলিম যখন 'আমলে সালেহ বা সৎ কর্মে পরায়ন হয় তখন তার ঈমানের শক্তি বৃদ্ধি পায়। যখন সে অসৎ কাজে লিপ্ত হয় তখন তার ঈমানের শক্তি হ্রাস পায়।(৩১) পবিত্র কোরআনে ঈমান বৃদ্ধি পাওয়ার প্রসঙ্গে বলা হয়েছে-"মু'মিনদের সামনে যখন আল্লাহর জিকির করা হয় তখন তাদের অন্তর আবেগাপ্লুত হয় আর যখন আয়াত তেলাওয়াত করা হয় তখন তাদের ঈমান বৃদ্ধি পায় ...।"৩২ কবি নিযামপুরী (রঃ) আরবী অংশে অন্যান্য ইমামদের মতামতকে উল্লেখ করেছেন। ফার্সি কবিতায় তিনি বলেছেন, ইমাম হানিফা ও অন্যান্যদের এ মতপার্থক্য শাব্দিক মতপার্থক্য, মৌলিক পার্থক্য নয়।(৩৩) কারণ ইমাম আবু হানিফার মতে ঈমানের হ্রাস-বৃদ্ধি না ঘটার অর্থ হল ঈমানের বিষয়বস্তুতে কোন হ্রাস-বৃদ্ধি হয়না। তা সবার ক্ষেত্রে সমান। অন্যান্য ইমামদের মতে ঈমানের হ্রাস-বৃদ্ধি ঘটার অর্থ হল ঈমানের শক্তির হ্রাস-বৃদ্ধি। ঈমানের বিষয়বস্তুর হ্রাস-বৃদ্ধি নয়।

চতুর্থ অধ্যায়ে মাওলানা আখিরাতের বিশ্বাসের কথা আলোচনা করেছেন। আখিরাতের বিশ্বাস বা 'ঈমান বিল ইয়াওমিল আখির' বলতে কেয়ামতের পূর্বাভাস, কবরের জিজ্ঞাসাবাদ কবরের শান্তি ও শাস্তি, কবর হতে পুরুত্থান, বিচারের জন্য জমায়েত, হিসাব-নিকাশ, হাউজে কাওছার, মীজান বা আমল পরিমাপের দাঁড়িপাল্লা, পুল সিরাত এবং জান্নাত-জাহান্নামে বিশ্বাসকে বুঝায়(৩৪) এসব কিছু আমরা কোরআন ও হাদীছের দৈব সংবাদের মাধ্যমে অবহিত হয়েছি। বাস্তব অভিজ্ঞতা, পরীক্ষা-নিরীক্ষা বা যুক্তির মাধ্যমে এ বিষয় সম্পর্কে জানা সম্ভব নয়। এ কারণে এগুলোর "সময়িআত" (বা ঐশী উৎস হতে শোনা) বলা হয়।

পঞ্চম অধ্যায়ে কবি রেসালাত ও নবুওয়ত সম্পর্কে আলোচনা করেছেন। নবী-রাসূলগণ হলেন সর্বশ্রেষ্ঠ সৃষ্টি। কোন ব্যক্তি নিজস্ব প্রচেষ্টায় নবী বা রাসূল হতে পারে না। এটা নিছক আল্লাহর দান। যাঁকে আল্লাহ নবুওয়ত দান করেন তাঁকে স্বাধীন ও শক্তিশালী পুরুষ হতে হয়। মাওলানা নিযামপুরী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বৈশিষ্ট্য আলোচনা প্রসঙ্গে কয়েকটি মু'জেযা উল্লেখ করেন। তাহল, পবিত্র কোরআন, চন্দ্রের দ্বিখন্ডন ও মে'রাজের অলৌকিকত্ব। তিনি একথাও বলেন যে, খাতেমুন্নবীয়্যিন হযরত মুহাম্মদ (সঃ)-র বৈশিষ্ট্য প্রচুর। যা এ ক্ষুদ্র পরিসরে বর্ণনা করা সম্ভব নয়। এজন্য পাঠককে তিনি কাজী এয়াজ(রঃ) রচিত 'শেফা' গ্রন্থ পাঠ করার উপদেশ দেন। এ অধ্যায়ে তিনি 'সাহাবায়ে কেরাম' বা মহানবীর (সাঃ) সম্মানিত সহচরদের মর্যাদা সম্পর্কে আলোচনা করেন। তিনি বলেছেন, উম্মাহর মধ্যে সর্বশ্রেষ্ঠ হলেন আবু বকর সিদ্দীক(রাঃ), তারপর অন্যান্য আশারায়ে মুবাশশারা'-র সাহাবাগন, তারপর বদরযুদ্ধে অংশগ্রহণকারীগণ তারপর বায়আত রেদওয়ানে অংশগ্রহণকারীগণ কারো মতে উহুদ যুদ্ধে অংশগ্রহণকারীগণ। তবে প্রথম মতটি অধিক গ্রহণযোগ্য। তিনি বলেন, সাহাবাদের চেয়ে কেউ বেশী মর্যাদাবান হতে পারেন না। কারণ তারা তাদের অসীম ত্যাগের মাধ্যমে ইসলামকে প্রচার করেছেন। সাহাবাদের মাঝে দ্বন্দ্ব ও আভ্যন্তরীন কোন্দলের ফলে যে সব যুদ্ধ সংঘটিত হয়েছিল তা নিয়ে ঘাঁটাঘাঁটি করার ব্যাপারে তিনি কঠোর হুঁশিয়ারি উচ্চারন করেন। সাহাবাদের পর তাবেয়ীনগণ হলেন সবচেয়ে বেশী সম্মানিত। এ অধ্যায়ে তিনি ওলীদের কারণমত এবং মানুষ ও ফেরেশতাদের মাঝে কে বেশী মর্যাদাবান? সে সম্পর্কেও আলোচনা করেন। আহলে সুন্নাতের মতে ওলীদের কেরামত বা অস্বাভাবিক ঘটনা সত্য। আল্লাহর ইচ্ছায় এ সব ঘটনা সংঘটিত হয়। মানুষ আর

ফেরেশতার মধ্যে সৎমানুষ ফেরেশ্তার চেয়েও শ্রেষ্ঠ এ মত প্রকাশ করেছেন কবি মাওলানা নিয়ামপুরী।

সর্বশেষ অধ্যায়ে মাওলানা ইমামত ও তৎসংশ্লিষ্ট বিষয় সম্পর্কে আলোচনা করেন। মুসলমানদের জন্য সবসময় একজন ইমাম বা রাষ্ট্রপ্রধান প্রয়োজন। যিনি ন্যায়কে প্রতিষ্ঠা করবেন। অন্যায়ের মূলোৎপাটন করবেন। ইনসাফ কায়েম করবেন। শত্রুর বিরুদ্ধে জিহাদ পরিচালনা করবেন। মুসলমানদের ইমামকে ঈমান ও এলমের অধিকারী হতে হবে। কুরাইশ বংশোদ্ভুত হতে হবে। 'আদেল' বা পূর্ণ ধার্মিক হতে হবে। হতে হবে অভিজ্ঞ, বিচার করার যোগ্য, সকল মুসলমানদের তার হুকুম মান্য করতে হবে যদি না তা শরীয়ত সম্মত হয়।

মুসলমানদের বড় একটি দায়িত্ব হল, আমর বিল মারূফ ও নাহী আনিল মুনকার' বা সৎপথের আদেশ ও অসৎ কাজ হতে নিষেধ করা। এটা মাওলানার বক্তব্য মতে ফরজে কেফায়া। অর্থাৎ সকলের মধ্য হতে কিছু সংখ্যক লোক তা পালন করলে সকলে দায়িত্বমুক্ত হতে পারবে। কেউ তা পালন না করলে সকলে পাপী সাব্যস্ত হবে। সকল মুসলিমকে অন্যায় প্রতিরোধ করতে হবে, হাতের মাধ্যমে, মুখের মাধ্যমে। অন্ততঃ অন্তর দিয়ে ঘৃনা করতে হবে।

উপসংহারে লেখক আল্লাহর প্রশংসা করেন এবং সলফের পদ্ধতিকে(পুর্বসূরী সৎ ব্যক্তিবর্গের) অনুস্বরন করার প্রতি নিরায় গুরুত্বারোপ করেন।

নজমুল আকাঈদ কাব্যখানার বিষয়বস্তু বিশ্লেষণ ও পর্যালোচনার পর একথাই সুস্পষ্ট হল যে, লেখক এ পুস্তিকায় মুসলমানদের আকীদার যে সব বিষয়ে বিতর্ক রয়েছে তার মধ্যে যুক্তিগ্রাহ্য মতটিকে অতি প্রাঞ্জল ভাবে তুলে ধরেছেন। পাঠক সমাজ যেন বিতর্কের গোলক ধাঁধায় না পড়ে মূল বিষয়টি জেনে বিশ্বাস করতে পারে সে জন্যই লেখকের এ প্রয়াস।

এ পুস্তিকার শেষে এ পুস্তিকা সম্পর্কে কয়েকজন বিশিষ্ট আলেমের মতামত সন্নিবেশিত হয়েছে। তাঁরা হলেন, মাওলানা সৈয়দ হুসাইন আহমদ মদনী, মুফতী মোহাম্মদ শফি, মাওলানা আব্দুল হামিদ আফন্দী, মৌলভী জমীল আহমদ সাহারানপুরী। মুফতী আজীজুল হক (প্রতিষ্ঠাতা, পটিয়া মাদ্রাসা) ও মাওঃ আবু নাঈম আহমদ করীম সিদ্দীকী এ সব প্রখ্যাত আলেম এ পুস্তিকাকে আহলে সুন্নাতের মতাদর্শ ভিত্তিক রচিত উন্নত একটি পুস্তিকা হিসেবে মন্তব্য করেছেন। মাওলানার নিরলস প্রয়াসকে ধন্যাবাই হিসেবে তারা দেখেছেন।[৩৫] বইটিকে অনুবাদ, ব্যাখ্যা ও টীকার মাধ্যমে সকল বাংলাভাষীর হাতে তুলে দেয়া খুবই প্রয়োজন।

তথ্যসূত্রঃ

১। মুহাম্মদ নিযামুদ্দীন- মওলানা নিয়ামপুরী ব্যক্তি ও কবি সূত্রঃ মওলানা ওলী আহমদ নিয়ামপুরী স্মারকগ্রন্থ পৃঃ ১৩ চট্টগ্রামে ইসলাম- ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।

২। মাওলানা নিয়ামপুরী- نظم العقائد العربی والفارسی প্রচ্ছদ দ্রষ্টব্য

৩। প্রাগুক্ত পৃঃ ২

وصار من عادة اهل اعلم # أن يعتنوا فی مبر ذا بالنظم
لانه يهل الحفظ كما # يرون من مع ويشفی من ظما
ومن هنا نظمت لی عقيدة # أرجزة وجيزة مفيدة
مسميهتا بنظم ذی العقائد # وسيلة النجاة من شدائد

৪। আবু দাউদ- সুনান ৫/৫ ইমাম আহমদ- মসনদ ৪/১৫২ সনদ বিশুদ্ধ। বর্ণনাকারী হযরত মুআবিয়া (রাঃ)

৫। সৌদি আরবের বিশেষত্বে একদল আলেম কর্তৃক রচিত 'মাদ্দাতুল আকীদা'। ইমাম মুসলিম- সহীহ ৪/২২১৫-২২১৬, ইমাম আহমদ- মসনদ ৫/২৭৮-২৮৪

৭। WAMY আল-মওসুআ আল-মুয়াস্রিা (১৪০৯ হিঃ সংস্করন) পৃঃ ২৭৩

৮। প্রাগুক্তঃ পৃ ২৭৪

৯। প্রাগুক্তঃ পৃ ২৭৮

১০। প্রাগুক্তঃ (১৪১৮ সংস্করন) ১ম খন্ড পৃঃ ৮৭-৯০

১১। প্রাগুক্ত ১ম খন্ড পৃঃ ৯৯-১০৩

১২। সূরা আ'রাফঃ ৫৪ আয়াত

১৩। ইবনে আবুল ইজ্জ দেমশকীঃ শরহুল আকীদা আত্তাহবিয়া ৭৬, ২৯১, ৫৪১ পৃঃ
১৪। মাদ্দাতুল আকীদা পৃঃ ৩৬
১৫। আল-মাউসূআ ১ম খন্ড ৮৭ পৃঃ
১৬। ভূমিকা- নজমুল আকাঈদ পৃঃ ৪
১৭। আল-মাউসূআ ১ম খন্ড ৯২ পৃঃ
১৮। প্রাগুক্ত- ১, খন্ড ১০৫ পৃঃ
১৯। নজমুল আকাঈদ- ৫ পৃঃ
২০। আল্লামা নসফী- শরহে আকাঈদ
২১। শরহল আকীদা আত্তাহাবিয়া ১৪৬ পৃঃ
২২। নজমুল আকাঈদ- পৃঃ ৬
২৩। প্রাগুক্ত- পৃঃ ৯
২৪। আল-মাউসূআ ১ম/ ৭৩ পৃঃ
২৫। নজমুল আকাঈদ পৃঃ ৯
২৬। প্রাগুক্ত পৃঃ ১০
২৭। শরহুল আকাঈদ
২৮। আব্দুর রহমান হাসান- আল-আকীদা আল ইসলামিয়া দামেস্ক পৃঃ ৬২৬
২৯। নজমুল আকাঈদ- পৃঃ ১১
৩০। ভুমিকা- শরহে আকাঈদ
৩১। আল-আকীদা, আল-ইসলামিয়া পৃঃ ৭৬
৩২। সূরা আনফালঃ আয়াতঃ ২
৩৩। নজমুল আকাঈদঃ পৃঃ ১৫
৩৪। মাদ্দাতুল আকীদাঃ পৃঃ
৩৫। নজমুল আকাইদ ৩২-৩৫ পৃঃ

*ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর ১ম সমাবর্তন সুন্দর ও সফলতা কামনায় এবং এই উপলক্ষে আমাদের পক্ষ হতে ছাত্র-ছাত্রীদের জন্য আকর্ষণীয় উপহার ডিসকাউন্ট কার্ড।*



**ভি-আই-পি টেইলার্স**

**(শীতাতপ নিয়ন্ত্রিত)**

বখতেয়ার মার্কেট (৩য় তলা), বহদ্দারহাট, চট্টগ্রাম। ৬৫১৪৬৬

# অমুসলিমদের মাঝে ইসলাম প্রচার ঃ প্রেক্ষিত বাংলাদেশ

আইয়ুব আল আনসারী *

ইসায়ী ১১ শতকের পূর্বেই আল্লাহ্‌র দ্বীনের অসংখ্য দায়ীরা চট্টগ্রাম জেলার সন্দ্বীপে অবতরণের মাধ্যমে এদেশে ইসলাম প্রচারের প্রথম পদক্ষেপের সূচনা করেন।[১] এর পর থেকে এপরিস্থিতি ধারাবাহিক রূপ ধারণ করে অমুসলিমদের মাঝে ইসলাম প্রচারের মাধ্যমে ইসলাম তার বিজয় বন্দরের দিকে এগুতে থাকে।[২] ১২০৫ সালে ইখতীয়ার উদ্দীন মুহাম্মদ বখতিয়ার খিলজীর বাংলায় বিজয়ীর বেশে প্রবেশের মাধ্যমে তা ষোল কলায় পূর্ণ হয়। কিন্তু দিনের পরে অন্ধকারের মত এ বিজয় হারিয়ে যেতে শুরু করে। ইসলামের মূল বিধান থেকে আলেম সমাজ তথা গোটা মুসলিম সমাজ সরে যেতে থাকে যা অসংখ্য অভ্যন্তরীন কোন্দল, শিরক, বিদআত ও নানা প্রকার কুসংস্কারের রূপ ধারন করে। দায়ীরা অমুসলিমদের মাঝে দাওয়াত থেকে বিরত হয়ে নিজেদের দলাদলিতে ব্যস্ত হয়ে পড়ে। অমুসলিমরাও এ পরিস্থিতির সুযোগ গ্রহণ করে নিজেদের উন্নত মস্তিষ্ক ও প্রযুক্তির মাধ্যমে তাদের মিশন শুরু করে জোর প্রস্তুতির মাধ্যমে। পরিনাম স্বরূপ ধর্ম প্রচারের কলাকৌশল, মাধ্যম এবং তাদের প্রচেষ্টার ফলাফলের দিকে তাকালে মনে হয়, হয়তোবা তারাই অদূর ভবিষ্যতে শাহজালাল শাহমাখদুমের পদচারনায় মুখরিত এই দ্বিতীয় বৃহত্তম মুসলিম জনপদের ভাগ্য নির্ধারণ করবে। এমতাবস্থায় এ সবুজ বাংলার দায়ীদের উদ্দেশ্যে দাওয়াতের পরিচয় এর লক্ষ্য উদ্দেশ্য, বর্তমান প্রেক্ষাপট ও আমাদের দায়িত্ব নিয়ে দুকলম লিখার আগ্রহ প্রকাশ করছি। والله ولي التوفيق

## দাওয়াতের পরিচয়ঃ

দাওয়া[৩] শব্দটি আরবী ক্রিয়ারূপ। যার অর্থঃ আহবান করা, প্রচার করা, ডাকা, অনুরোধ করা, নিমন্ত্রণ করা।

ডঃ খালিদ আলাভী[৪] এটাকে এভাবে ব্যাখ্যা করেছেনঃ

"Islamic terms for the missonarry activities of the prophet (PBUA) are tabligh and dawah the dictionary defines the word "tabligh" or "preachings as to convey". As a term "preaching" means to spread some good or virtue and particulary religions precepts among people or nations and to call upon them to embrace the massage.

অন্য কথায়ঃ Dawah is a process of calling the people carnestly towards a goal. The people are warned against the lost and dangers of opposing or refuting this goal.[৫]

দাওয়াতের শরয়ী পরিভাষায় বিভিন্ন ইসলামী চিন্তাবিদগণ একমত পোষণ করেন যে, দাওয়াত হল ইসলাম সম্পর্কে পরিপূর্ণভাবে জেনে তা বাস্তব জীবনে আমল করার মাধ্যমে সমাজের সদস্যদেরকে এর দিকে আহবান জানিয়ে ইসলামকে সমাজে বাস্তবায়ন। একথার ভিত্তিতে দাওয়াতের দুটি ক্ষেত্র সৃষ্টি হয়ঃ[৬]

❖ অমুসলিম তথা কাফির মুশরিকদের ইসলামের দিকে আহবান জানানোর মাধ্যমে তাদের বাস্তব

* লেখকঃ দাওয়াহ্ এন্ড ইসলামিক ষ্টাডিজ, ৫ম সেমিষ্টার।

জীবনে ইসলাম প্রতিষ্ঠাকরণ।

❖ দ্বীনের অনুশীলন চ্যুত মুসলমানদের ইসলামের অনুশীলনের দাওয়াত দেয়া ও সর্বোপরি ইসলামকে সমাজ জীবনে বাস্তবায়ন।

আলোচ্য প্রবন্ধে আমাদের আলোচনার বিষয়টি যেহেতু প্রথমটি অতএব প্রথমেই মুসলিম ও অমুসলিমদের নিজ নিজ ধর্মপ্রচারের তুলনামূলক আলোচনা, মুসলিম মানসের একটি ভুল ধারনার অপনোদন ও আমাদের দায়িত্ব ও কর্তব্য নিয়ে আলোচনার সূত্রপাত করছিঃ

## অমুসলিমদের শ্রেণী বিভাগ ও বর্তমান পরিচয়ঃ

**খ্রীষ্টানঃ** কুরআনের ভাষায় তারা নাসারা[৭] নামে অভিহিত। মূলতঃ ইসা (আঃ) এর জাতিকেই নাসারা বলা হয়। হিদায়াতের গ্রন্থ হিসাবে তারা আল্লাহ্‌র পক্ষ থেকে ইঞ্জিল কিতাব লাভ করে। কিন্তু ইসা (আঃ) এর তিরোধানের পরপরই তারা[৮] মূল আকীদা বিশ্বাস থেকে বিচ্যুত হয়। বর্তমানে তারা ইঞ্জিল, যবুর ও তাওরাতের সমন্বয়ে একটি নতুন কিতাব সংকলন করেছে যার নাম দেয়া হয়েছে 'কিতাবুল মোকাদ্দাস।' যা অসংখ্য পরস্পর বিরোধী বক্তব্য ও ভুল দ্বারা পরিপূর্ণ। বর্তমানে তারা[৯] ত্রিত্ববাদকে তাদের মৌলিক আকীদা বিশ্বাস হিসেবে গ্রহণ করেছে, যেখানে ইসা (আঃ) কে আল্লাহ্‌র পুত্র হিসাবে দেখানো হয়েছে। তাদের শীর্ষ ধর্মীয় নেতার পদবী পোপ। বর্তমান পোপের নাম পোপ দ্বিতীয় জনপল। ভ্যাটিকান সিটিতে তার প্রধান কার্যালয় অবস্থিত। বিশ্বের সমস্ত গীর্জা ও তাদের ধর্মীয় কেন্দ্রগুলোর তিনিই একচ্ছত্র প্রধান।

**ইহুদীঃ** ইহুদীরা মুসা (আঃ) এর বংশধর, আবার বনী ইসরাইল নামে সমধিক পরিচিত। আহলে কিতাব হিসাবে তারা তাওরাত কিতাব লাভ করে। কিন্তু ইঞ্জিলের মতো এটিও চরমভাবে বিকৃত করা হয়েছে।

আল্লাহ কর্তৃক অভিশপ্ত জাতি হিসাবে ইহুদীরা যাযাবরের জীবন যাপন করছে।[১০] আদিকাল মিসর থেকে ফিরউন কর্তৃক বিতাড়িত হয়ে কিছুদিন ফিলিস্তিন, আবার পুনঃরায় মিসরে স্থানান্তরিত হয়। কালের পরিক্রমায় এক সময় তারা যাযাবর হয়ে পড়ে এবং পৃথিবীর বিক্ষিপ্ত স্থানে বসাবাস শুরু করে। দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালে হিটলার প্রায় ত্রিশ লক্ষ ইহুদীকে হত্যা করে। যদিও তা রহস্যময় হিসাবে পর্যবেক্ষক মহলের কাছে আজো অনাবিষ্কৃত। যুদ্ধের সমাপ্তিকালে বৃটেন তার দখলকৃত ফিলিস্তিনে মার্কিন যুক্তরাষ্ট্রের সহায়তায় মুসলমানদের অধিকারকে পদদলিত করে ইহুদীদের পুনর্বাসন করে, যা বর্তমানে ইসরাইল নামে পরিচিত। তাদের বর্তমান লক্ষ্য সমগ্র বিশ্বে একচ্ছত্র প্রভাব বিস্তার করা, যাতে তারা কিছুটা সফল ও হয়েছে।

**বৌদ্ধঃ** বৌদ্ধরা গৌতম বুদ্ধের অনুসারী। বুদ্ধের মূল আকীদার সাথে[১১] তাওহীদের সংমিশ্রন পাওয়া যায়। কিন্তু বর্তমানে তারা শিরক ও কুফরীর মধ্যে আকণ্ঠ নিমজ্জিত। ত্রিপিটককে তারা বুদ্ধের বানী জ্ঞানে বিশ্বাস করে। চীন বার্মা ও জাপানেই মুলতঃ তাদের বসবাস। বাংলাদেশের পার্বত্য চট্টগ্রাম ও ভারতের ত্রিপুরা মেঘালয়, মিজোরাম ইত্যাদী প্রদেশে তাদের জনবসতি রয়েছে।

**হিন্দুঃ** হিন্দুদের উত্থানের সময়কাল নিয়ে সঠিক কোন দিক নির্দেশনা নেই। যদিওবা ইতিহাস প্রায় চার হাজার বছর আগে[১২] আর্যদের মাধ্যমে এ ধর্মটি চালু হয়েছে বলে সম্ভাবনার কথা বলে। চরম কুসংস্কার, বর্ণভেদাভেদ, অসংলগ্ন বানী সমুহ ও অশ্লীল, কুরুচীপূর্ণ বাণী সম্বলিত এ ধর্মমতটির কয়েকটি গ্রন্থ পাওয়া যায়। যথাঃ মহাভরত, গীতা, বেদ ইত্যাদী।

জাতভেদে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বিষ্ণ ও শুদ্র এ চারটি জাতিতে তারা বিভক্ত। ভারতই তাদের উত্থান ও বসবাসের মূল কেন্দ্র। তবে জাতিভেদে বাংলাদেশের দ্বিতীয় জনগোষ্ঠী তারাই।

## ধর্ম প্রচারে অমুসলিম ও মুসলিমদের তৎপরতার তুলনামূলক আলোচনাঃ

যে কোন সচেতন মুসলিম মাত্রই অবস্থা দর্শনে আজ একথা স্বীকার করতে বাধ্য হবেন যে অমুসলিমরা বিশেষ করে খ্রীষ্টান ও ইহুদী সম্প্রদায় তাদের ধর্মপ্রচারে অনেকদূর এগিয়ে গেছে। দ্বীন প্রচারের দৌড়ে মুসলমানরা তাদের ছায়াই মাত্র দেখতে পাচ্ছে। তথ্য প্রযুক্তি, উন্নত চিন্তাধারা, সদিচ্ছা এবং সর্বোপরি সর্বাত্মক প্রচেষ্টার

মাধ্যমে দ্বীন প্রচারের ময়দানে তারা প্রথম স্থানটি বরাবরই ধরে রেখেছে। যদিও প্রকৃতপক্ষে তারা বিজয়ী হতে পারছেনা। তাও আল্লাহর ওয়াদার কারনেই। নিম্নে মুসলিম ও অমুসলিমদের তুলনামুলক তৎপরতার একটি বিস্তারিত বিবরণ তুলে ধরছি। এ তৎপরতাকে আমরা কয়েকভাগে ভাগ করতে পারি যথাক্রমেঃ শিক্ষা, গবেষণা, সংস্কৃতি, অর্থনীতি, সরকারি ব্যবস্থাপনা, তথ্য প্রযুক্তি, গীর্জা/মসজিদ/ইসলামী দাওয়া মূলক প্রতিষ্ঠান ও সেবা।

**শিক্ষাঃ** শিক্ষা একটি জাতির মেরুদন্ড। আর শিক্ষার মাধ্যমে ধর্ম প্রচার দাওয়ার অন্যতম প্রধান মাধ্যম। শিক্ষা ক্ষেত্রে খ্রীষ্টানরাই বর্তমানে এগিয়ে। ধর্মপ্রচারে শিক্ষার নিম্নোক্ত মাধ্যম গুলো তারা ব্যবহার করছেঃ

১। **স্কুলঃ** শিক্ষা ক্ষেত্রে প্রাথমিক শিক্ষাই মূল শিক্ষার সূচনা করে। এজন্য খ্রীষ্টানরা এ ক্ষেত্রকে অত্যন্ত গুরুত্ব দিয়েছে। বিশ্বের প্রায় প্রতিটি দেশেই গীর্জার তত্ত্বাবধানে তারা অসংখ্য মানসম্পন্ন স্কুল পরিচালনা করছে। যেখানে প্রাথমিক পর্যায়ে খ্রীষ্টের দীক্ষা দেয়া হয়। আমাদের দেশও এক্ষেত্রে ব্যতিক্রম নয়। এখানে সেন্ট স্কলাস্টিকা, সেন্ট মেরী, সেন্ট জর্জ ইত্যাদী নামে প্রায় তিন শতাধিক স্কুল পরিচালিত হচ্ছে গীর্জার সুপরিকল্পিত তত্ত্বাবধানে। আর এখানেই দেশের প্রথম শ্রেণীর নাগরিকদের সন্তানরা বড় হয়ে উঠছে তাদের কথিত যীশু খ্রীষ্টের দীক্ষা নিয়ে।

২। **গবেষণাঃ** বিভিন্ন ধর্মগ্রন্থ গবেষনা করে তার মাধ্যমে তারা বাইবেলের সত্যয়নের ব্যাপক ব্যর্থ প্রচেষ্টা দিবানীশি চালিয়ে যাচ্ছে। এক্ষেত্রে কুরআনই তাদের মূল টার্গেট। কুরআনের বিভিন্ন বক্তব্যকে অসংলগ্নও মিথ্যা পতিপন্ন করার চেষ্টাও তারা চালাচ্ছে। তবে প্রধানতঃ কুরআন দ্বারা বাইবেলের সত্যয়নই অন্যতম টার্গেট। যার জ্বলন্ত প্রমাণ নিম্নোক্ত বইগুলোঃ Is the quran Infalliable, The true guidanec, Christian reply to Muslim objections.

৩। **বিশ্ববিদ্যালয় পর্যায়েঃ** বিশ্ববিদ্যালয় পর্যায়ে তাদের ধর্মপ্রচার আরো ব্যাপকতর। Theology[১৩] এর নামে Biblical Study এর উপর অনার্স, মাষ্টার্স, P-hd প্রদান ছাড়াও Christianity এর উপর নতুন নতুন Subject তারা খুলছে। তবে পশ্চিমা দেশের বিশ্ববিদ্যালয় গুলোতে মুসলিম ছাত্রদের মাষ্টার্স বা ডক্টরেটের থীথিসে তত্ত্বাবধায়ক কর্তৃক নীবিড় তত্ত্বাবধানের মাধ্যমে খ্রীস্টধর্ম প্রবিষ্ট করানোও অন্যতম ধর্মপ্রচারের অংশ।

**ইহুদীঃ** ইহুদীরা অবশ্য এক্ষেত্রে সামান্য পিছিয়ে রয়েছে। তবে নিজেদের শিক্ষার ব্যাপারে তারা অত্যন্ত সচেতন। পশ্চিমা দেশের অসংখ্য পন্ডিত, বিজ্ঞানী জাতিগতভাবে ইহুদী অথবা ইহুদী বংশোদ্ভুদ্ধ। বিজ্ঞানী আলবার্ট আইনষ্টাইন[১৪], হিলারী ক্লিনটন, বর্তমান মার্কিন ভাইস প্রেসিডেন্ট ডিক চেনী প্রমুখরা এর জ্বাজল্য প্রমাণ।

আমাদের দেশে ইহুদীরা রোটারী,[১৫] লিও, ও লায়ন্সক্লাব ইত্যাদীর দ্বারা মেধাবী ছাত্রদের বৃত্তির ব্যবস্থাকরণ ও সমাজের উচ্চশ্রেণীর নাগরিকদের প্রগতির নামে মস্তিষ্কের উন্নয়ন শ্লোগানে ইহুদীবাদের বীজ বপনের একটি সুক্ষ্ম প্রচেষ্টা চালাচ্ছে।

হিন্দুঃ শিক্ষায় হিন্দুরা সেই অতীত থেকেই মারাত্মক ভাবে প্রচারনা চালিয়ে আসছে। ইতিমধ্যেই বাংলাভাষার হিন্দুয়ানীকরণে তারা দেশ উস্তাদগীরি ফলিয়েছে।[১৬] এক্ষেত্রে রবীন্দ্রনাথ একাই কাজ করে গেছেন। তবে শ্যামল গঙ্গোপাধ্যায়, বুদ্ধদেব গুহ, সুনীল গঙ্গোপাধ্যায়, বঙ্কিমচন্দ্র, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর সহ অসংখ্য হিন্দু সাহিত্যিক সুচতুরভাবে বাংলা সাহিত্যে আরবী, উর্দূ ও ফার্সী শব্দ এড়িয়ে সংস্কৃতের ব্যবহার করেছেন।

## শিক্ষায় মুসলমানঃ

শিক্ষায় মুসলমানদের অবদান আজ অতীত। বর্তমানে তারা খ্রীষ্টানদের সাথে প্রতিযোগীতার স্বপ্ন দেখছে। কিন্তু বাস্তব ও স্বপ্নের মাঝে ফারাক অনেক।

সাম্প্রতিক কালে কিছু ইসলামীক মিডিয়াম স্কুল, বিশ্ববিদ্যালয় গুলোতে ইসলামীক ষ্টাডিজ ডিপার্টমেন্ট গড়ে উঠেছে। কিন্তু স্কুলগুলোতে কমার্শিয়াল নীতির ছাপ সুস্পষ্ট। আর বিশ্ববিদ্যালয়গুলোর ইসলামীক ষ্টাডিজ

ডিপার্টমেন্টগুলো চরম অবহেলার শিকার। এ সবের মাঝেও আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম নিরাশার মাঝে আশার আলো। এ বিশ্ববিদ্যালয়ের দাওয়াহ এন্ড ইসলামীক ষ্টাডিজ ডিপার্টমেন্ট ইসলাম প্রচারের সুযোগ্য লোক তৈরীতে ইতিমধ্যেই গুরুত্বপুর্ণ অবদান রাখতে সক্ষম হয়েছে।

মাদ্রাসাগুলোর কথা না বললেই নয়। সেকেলে সিলেবাস, অপরিকল্পিত শিক্ষা পদ্ধতি, নকল প্রবনতা সবকিছু মিলিয়ে দাওয়াতের এ ময়দানে তাদের তৎপরতা খুবই নগন্য।

আবার অনেক মুসলিম লেখকই বিভিন্নভাবে তাদের রচনায় ইসলামী ভাবধারা ফুটিয়ে তোলার চেষ্টা করেছেন। কিন্তু বাস্তবতায় তারা ইসলামী রীতি নীতির সঠিক অনুসারী না হওয়াতে আদর্শ ও ইসলামী সাহিত্য তাদের রচনাতেই সীমাবদ্ধ থেকে অমুসলিমদের মাঝে এর কোন প্রতিফলন দেখা যাচ্ছেনা।

## সংস্কৃতিঃ

**খ্রীষ্টানঃ** সংস্কৃতি একটি জাতির পরিচায়ক। আর বর্তমান বিশ্বে খ্রীষ্টানদেরই যেহেতু রাজত্ব সেহেতু তারাই তাদের নিজস্ব সংস্কৃতি প্রচারে প্রথম স্থানে রয়েছে। বিভিন্ন দেশে Cultural Centre প্রতিষ্ঠা যেমনঃ Britist Council Usis ছাড়াও অসংখ্য সাংস্কৃতিক কেন্দ্র এ সাংস্কৃতিক তৎপরতার একটি অংশ। বর্তমান বিশ্বের যে কোন ব্যক্তি মাত্রই একথা স্বীকার করতে বাধ্য হবেন যে Westurn Culture এর মধ্যে সমগ্র বিশ্ব আজ আকন্ঠ ডুবে আছে।

আমাদের বাংলাদেশও এ তৎপরতায় কোন অংশে পিছিয়ে নেই। দেশীয় সংস্কৃতির বিলোপ ঘটিয়ে অধিকাংশ নাগরিকই পশ্চিমা সংস্কৃতির রঙে রঙিন হতে ব্যস্ত।

**হিন্দুঃ** হিন্দুদের বাস যেহেতু ভারত তথা এই উপমাহাদেশ কেন্দ্রীয় সুতরাং এই এলাকা জুড়ে তাদের তৎপরতা সীমাবদ্ধ। এক্ষেত্রে তাদের প্রধান মাধ্যম ভারতীয় ছবি, গান। স্যাটেলাইট মিডিয়ার মাধ্যমে এ ছবি বিশ্বের অনেক দেশেই প্রচার হচ্ছে যার বিভিন্ন চিত্রে মূর্তিপুজা ও হিন্দু সংস্কৃতি স্থান পেয়েছে।

এ ছাড়া তাদের পালনীয় অনেক সংস্কৃতি ইতিমধ্যে বাঙালীর মুসলিম সংস্কৃতি হিসাবে অনুসৃত হচ্ছে যেমনঃ পহেলা বৈশাখ পালন, রাখি বন্ধন, মঙ্গল প্রদীপ প্রজ্বলন, ঘরে বাইরে, রাস্তার মোড়ে মূর্তি স্থাপনের হিড়ীক, সপ্তাহের কোন কোন দিনকে অমঙ্গল জনক আখ্যাদান, জন্মদিনে মোমবাতির প্রজ্বলন ইত্যাদী উল্লেখযোগ্য।

**বৌদ্ধঃ** বৌদ্ধরা অবশ্য এক্ষেত্রে তেমন তৎপরতা দেখাতে সক্ষম হয়নি ধর্মনিরপেক্ষতা ও Communism এ বিশ্বাসী হওয়ার কারণে।

**ইহুদীঃ** ইহুদীরা মূলতঃ যাযাবর জাতি। তারপরও অত্যন্ত গোপনে ও সুকৌশলে তারা নিজ সংস্কৃতি প্রচারে ব্যাপৃত রয়েছে। যা একটি ঐকবদ্ধ বিপ্লব আকারে সমগ্র পৃথিবীতে হঠাৎ উত্থান ঘটার আশা করা যায়।

## মুসলমানদের তৎপরতাঃ

সংস্কৃতিতে মুসলমানদের অবদান এখন ইতিহাস মাত্র। বর্তমানে পচে যাওয়া পাশ্চাত্য সংস্কৃতিকে তারা[১৭] প্রভু জ্ঞান করছে। আচার ব্যবহার, লেনদেন, পারিবারিক সম্পর্ক, পোশাক পরিচ্ছদ বলা যায় তাদের দৈনন্দিন জীবনের প্রত্যেকটি ব্যাপারে পাশ্চাত্য সংস্কৃতির ছাপ সুস্পষ্ট। তবে এত কিছুর পরও অথৈ পানিতে কাঠ আঁকড়ে ধরার মতো পৃথিবীর প্রতিটি প্রান্তে মুসলমানরা ইসলামী সংস্কৃতির পুনর্জাগরণের চেষ্টা চালিয়ে যাচ্ছে। ইরান, সউদী আরব, মালয়েশীয়া, ইত্যাদী দেশে তার তুলনা মিলে।

আমাদের দেশে ইরান কতৃক প্রতিষ্ঠিত কালচারাল সেন্টার এক্ষেত্রে যথেষ্ট অবদান রাখছে বিভিন্ন মার্জিত ছায়াছবি, প্রামান্য অনুষ্ঠান, পত্রিকা, ম্যাগাজিন, সভা, সেমিনার ইত্যাদীর মাধ্যমে।

ঢাকাস্থ স্পন্দন অডিও ভিজ্যুয়াল সেন্টার, CHP, এর বিভিন্ন ক্যাসেট প্রযোজনা ও পরিবেশনা। ইসলামীক সেন্টার কর্তৃক মাসিক পৃথিবী, মদীনা পাবলিকেশন্স এর মাসিক মদীনা ছাড়াও বিশাল ইসলামী সাহিত্যের সম্ভার বাজারে পাওয়া যাচ্ছে।

কিছু ইসলামী দল যেমন জামায়াতে ইসলামী, ইসলামী ছাত্র শিবির, ইসলামী ছাত্র মজলিস, খেলাফত মজলিস মুসলমানদের মঝে ধর্মের অনুশীলনের ব্যাপক চেষ্টা চালিয়ে যাচ্ছে। তবে অমুসলমানদের কাছে টানার জন্য ইসলামী সংস্কৃতির যে প্রচারের প্রয়োজন তা থেকে তারা এখনও যোজন যোজন মাইল দূরে।

## অর্থনীতিঃ

**খ্রীষ্টানঃ** অর্থনীতির পরিমন্ডলে খ্রীস্টানরাই অজেয় IMF, World Bank, World Food program, Opec ও রাষ্ট্রীয় অর্থনীতির ছদ্মাবরণে তারা পরোক্ষভাবে খ্রীষ্টান ধর্মমতকে সমগ্র বিশ্বে ছড়িয়ে দেয়ার পরিকল্পনা তাদের সামরিক আগ্রসনের মাধ্যমে বহিঃরাষ্ট্র দখলের মানসিকতা ত্যাগের পরপরই।

মধ্যযুগের গীর্জাগুলো রীতিমতো এক একটি সরকারী কেন্দ্রীয় ব্যাংকের ভুমিকা পালন করেছিল। যা থেকে কেন্দ্রীয় সরকার ঋন নেয়ার ইতিহাস পালন করত। যা থেকে কেন্দ্রীয় সরকার ঋন নেয়ার ইতিহাস পাওয়া যায়। বর্তমানের গীর্জাগুলোর বাৎসরিক বাজেটও কোন কোন সময় যে কোন ক্ষুদ্র দেশের অর্থনৈতিক বাজেটের সমান হওয়ার দৃষ্টান্ত মিলে।

**ইহুদীঃ** এক জরিপে বর্তমান বিশ্বের শ্রেষ্ঠতম ধনীদের মধ্যে সিংহভাগইং১৮ ইহুদী ধনকুবের হওয়ার রেকর্ড পাওয়া যায়। এছাড়া মার্কিন যুক্তরাষ্ট্রের অর্থনীতির সিংহভাগই পরিচালনা করছে। এ অর্থের মাধ্যমে মার্কিন কংগ্রেস ও সিনেটকে বিভিন্ন দাবী আদায়ে বাধ্য করা, কেন্দ্রীয় সরকারের বাজেটে প্রভাব বিস্তার ও সর্বোপরি Junism এর পুনরুত্থান[১৯] ও ফোরাত নদীর তীর থেকে হেজাজ পর্যন্ত বৃহত্তর ইসরাইল রাষ্ট্র গঠনের পরিকল্পনা করছে।

**হিন্দুঃ** আর বিশ্বের একমাত্র হিন্দু রাষ্ট্র ভারত স্বয়ংসম্পূর্ণ অর্থনীতি নিয়ে পঞ্চশক্তির সাথে যুক্ত হয়ে নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য হিসাবে স্থান করে নেয়ার প্রস্তুতি নিচ্ছে।

## সরকারী ব্যবস্থাপনাঃ

ধর্মকে World wide প্রচারে সরকারী ব্যবস্থাপনা খ্রীষ্টানদের মাঝেই বেশী। বাইবেল হাতে নিয়ে শপথ গ্রহণ করে সন্ত্রাসের বিরুদ্ধে ক্রসেড বা ধর্মযুদ্ধ ঘোষণা তারই ইঙ্গিত বহন করে। এ ক্ষেত্রে তাদের মূল উৎসর্ভরণ রোম নগরী। এটি গত দুহাজার বছর ধরে খৃষ্টান ধর্মের রাজনৈতিক ও সাংস্কৃতিক কেন্দ্র হিসাবে পরিচিত হয়ে আসছে। রোমান ধর্মের প্রধান অংশ রোমান ক্যাথলিকদের এটা মিলন কেন্দ্র। এই রোম নগরীতেই বিশ্বের সুপার পাওয়ারদের ছত্রছায়ায় প্রতিষ্ঠা করা হয়েছে খৃষ্টানদের ধর্মীয় ভূখন্ড ভ্যাটিকান সিটি।খৃষ্টান ধর্মগুরু পোপ দ্বিতীয় জনপল এ বিচ্ছিন্ন ক্ষুদ্র রাষ্ট্রের প্রধান। এর পাশাপাশি তিনি সমগ্র বিশ্বের খৃষ্টান গীর্জা সমূহের সমস্ত তৎপরতা পরিচালনা করেন। এ ভ্যাটিকান সিটি বাকায়দা জাতিসংঘের সদস্য। দেশে দেশে তার নিজস্ব রাষ্ট্রদুতও আছে। খৃষ্টান ধর্মকে আন্তর্জাতিকভাবে প্রতিষ্ঠিত করার জন্য এটা আমেরিকা ও ইউরোপের একটি সুদূর প্রসারী পরিকল্পনা[২০] এক্ষেত্রে দ্বিতীয় অবস্থানে ইস্রাইল ও ৩য় স্থানে রয়েছে ভারত।

মুসলমান এক্ষেত্রে বরাবর ব্যর্থই হয়েছে। ইসলামী রাষ্ট্রব্যবস্থা বাদ দিয়ে তারা ধর্মনিরপেক্ষতার দিকে ছুটেছে প্রতিনিয়ত যার ফলে ধর্ম প্রচারে সরকারী ব্যবস্থাপনার পূর্ণরূপ মুসলমানদের মাঝে অনুপস্থিত।

## তথ্য প্রযুক্তিঃ

তথ্য প্রযুক্তি ব্যবহার করে বিবিসি, এবিসি, সিএনএন সহ অসংখ্য রেডিও টিভি নেটওয়ার্ক খ্রীষ্ট ধর্মের প্রচার করছে দিনের উল্লেখযোগ্য অংশ জুড়ে।

স্যাটেলাইট সংক্রান্ত দুই হাজার সালের এক প্রতিবেদনে দেখা যায় যে মহাকাশে স্থাপিত অধিকাংশ উপগ্রহের মালিকানা ইহুদী বা ইস্রাইলে বসবাসকারী ইহুদী ধনকুবেরদের। এবং ইতিমধ্যে বেশকিছু গুরুত্বপূর্ণ

স্যাটেলাইট কিনে নেয়ার প্রস্তুতি তারা সম্পন্ন করেছে।[২১]

ভারতীয় প্রচার মিডিয়াও বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে হিন্দু ধর্মের প্রচার করছে। মুসলমানদের এক্ষেত্রে নুন্যতম সফলতাটুকুও নেই। মূলতঃ মুসলিম দেশগুলোর প্রচার মিডিয়াগুলো পাশ্চাত্যের অনুষ্ঠান, সংবাদ ও তথ্য সমূহ প্রচার করে থাকে। তবে দিনের অনুষ্ঠান শুরু ও শেষ করতে কুরআন তিলাওয়াত ও তরজমা অনুষ্ঠানসূচির অন্তর্ভুক্ত করার বদান্যতাটুকু মুসলমানরা দেখিয়েছে।

## গীর্জা, মসজিদ, মন্দিরঃ

**গীর্জাঃ** খ্রীষ্টানদের গীর্জাগুলো মোটা অংকের বাজেটের মাধ্যমে সমগ্র বিশ্বে কোটি কোটি কপি তাদের বর্তমান ধর্মগ্রন্থ বিতাবুল মোকাদ্দাস বিনামূল্যে বিলিকরণ, অসংখ্য মুরতাদদের খ্রীষ্ট ধর্মের মহানত্ব সম্পর্কে লিখা বই প্রকাশ, কুরআন গবেষনা, এর মাধ্যমে খ্রীষ্টধর্মের সত্যয়ন ও তাদের সমস্ত প্রকাশনা আরবী, বাংলাসহ অসংখ্য ভাষায় অনুবাদ করার কাজ করে যাচ্ছে। গীর্জাগুলো এক্ষেত্রে তথ্যপ্রযুক্তিও ব্যাবহার করছে। উল্লেখ্য বাংলাদেশে তারা প্রায় এপ্রকারের গীর্জা পরিচালনা করছে।

**মন্দিরঃ** হিন্দুদের মন্দির অবশ্য এক্ষেত্রে বেশ পিছিয়ে রয়েছে। শুধুমাত্র পূজা অর্চনা করার কাজ ছাড়া তাদের তেমন কোন কাজ নেই। তবে সাম্প্রতিককালে ভারতের অযোধ্যায় বাবরী মসজিদের স্থলে রামমন্দির নির্মাণে মন্দিরগুলোর পৃষ্ঠপোষকতা ও মুসলমানদের নির্বিচারে হত্যায় তারা ব্যাপক উষ্কানী ও মদদ যুগিয়েছে।[২২]

## মসজিদঃ ইসলামী অনুষ্ঠান, দাওয়া একাডেমী

মুসলমানরা মসজীদে নববীর চেতনা ভুলে গিয়ে মসজিদগুলোকে শুধুমাত্র দৈনিক পাঁচ ওয়াক্ত নামাজ আদায়ের ঘর বানিয়েছে সেই কবে। দ্বীন প্রচারের অন্য কোন তৎপরতা এখানে নেই। হাতে গোনা কয়েকটা মসজিদে পাঠাগারও রয়েছে। তবে এগুলো সংখ্যার নিতান্তই কম। তবে বাস্তবে এসব পাঠাগারের বই শুধু তালাবদ্ধ থাকে। কদাচীৎ দুয়েকজন মুসল্লী এসব পড়েন। আর মসজিদগুলোর ইমামরা মানুষের চাঁদার টাকায় বেতন নেন। যে বেতন দিয়ে তারা অতিকষ্ঠে সমাজের একজন নিম্নশ্রেণীর নাগরিকের জীবন যাপন করেন। সরাসরি অমুসলমানদের কাছে ইসলামের দাওয়াত পৌছানোর কোন ব্যবস্থাপনার নজীর বর্তমান মসজিদ গুলোর নেই। তবে মাঝে মধ্যে ইসলামী সম্মেলন বা অনুষ্ঠানে কিছু কিছু অমুসলিম ইসলাম গ্রহণ করেন, যার মধ্যে মাওলানা দেলোয়ার সাঈদীর তাফসীর মাহফিল উল্লেখযোগ্য।

কিন্তু এদের ইসলাম গ্রহণ তাদের কাছে ইসলামের দাওয়াত পৌছানোর কারণে নয় বরং সাঈদী সাহেবের কথায় ইসলামের আদর্শে মুগ্ধ হয়ে তারা ইসলাম গ্রহণ করেন।

তবে এসবের মাঝেও বিংশ শতাব্দীর অন্যতম শ্রেষ্ঠ দায়ী আহমদ দীদাত ও তার Islamic propagation centre অমুসলিমদের মাঝে ইসলাম প্রচারে এক যুগান্তকারী বিষ্ময়ের জন্ম দিয়েছে। তার বাকপটুতা, জ্ঞান ও চরিত্রের মাধ্যমে পশ্চিমা বিশ্বের অসংখ্য অমুসলিম ইসলামের সুশীতল ছায়াতলে আশ্রয় গ্রহণ করেছে।

বাংলাদেশের সীমন্ত শহর কক্সবাজারেও আহমদ দীদাতের IPC এর আদলে IPRC বা Islamic propagation and reasearch centre গড়ে উঠেছে যা খ্রীষ্টান পাদ্রীদের সাথে বিতর্ক ইসলামের পথে আহবান, কিতাবুল মোকাদ্দাস সংক্রান্ত প্রমান ও সর্বোপরি সমস্ত অমুসলিমদের মাঝে ইসলামের দাওয়াত প্রচারে বেশ সাড়া জাগিয়েছে।

## সেবাঃ

একজন মানুষকে কাছে টানার জন্য আন্তরিকতার প্রকাশ ঘটানোই সর্বোত্তম কৌশল। আর এ আন্তরিকতা প্রকাশের অন্যতম মাধ্যম সেবা। সেবার নামে অসংখ্য হাসপাতাল, বেসরকারী ব্যবস্থাপনায় বিভিন্ন সেবামূলক সংগঠন প্রতিষ্ঠা করতঃ খ্রীষ্টানরা তাদের ধর্ম মত প্রচার করছে সমগ্র বিশ্বে।[২৩]

মুসলমানরা অবশ্য কিছু কিছু দেশে সেবামূলক সংগঠন বা হাসপাতাল প্রতিষ্ঠা করেছে কিন্তু তাও মুনাফা জনক পরিকল্পনা থেকে বিন্দু মাত্র মুক্ত নেই। এসব প্রতিষ্ঠানের দ্বীন প্রচারে সুনির্দিষ্ট কোন কর্মসূচী বা কর্ম পদ্ধতি আছে বলে এখনো পরিলক্ষিত হয়নি।

## আমাদের সফলতা ব্যর্থতা

উপরোক্ত নিজ নিজ ধর্মপ্রচারের তৎপরগুলোকে যদি আমরা রাসুলের দাওয়াতের পদ্ধতির আলোকে বিশ্লেষণ করি তবে সামগ্রিকভাবে আমাদের সফলতার চেয়ে ব্যর্থতাই বেশী। ইসলামের দৃষ্টিভঙ্গী অনুসারে যেখানে আমাদের সর্বক্ষেত্রে শ্রেষ্ঠত্বের আসন অলংকৃত করার কথা সেখানে আমরা এখনো আমাদের অভ্যন্তরিন কোন্দল নিরসন করতে পারিনি। নিজ ভুলেই আজ আমরা পরবাসী।

## একটি ভুল ধারনার অপনোদনঃ

মহান রাব্বুল আলামীনের ঘোষণা[২৪]

أدع إلى سبيل ربك بالحكمة والموعظة الحسنة ـ

"হে রাসুল আপনি আপনার প্রতিপালকের দিকে আহবান করুন হিকমাত, উত্তম নসিহত ও তাদের সাথে বিতর্ক করুন উত্তম পন্থায়"। নিঃসন্দেহে আয়াতটির কাজের ক্ষেত্র বুঝানো হয়েছে অমুসলিম তথা কাফিরও মুশরিকদের। তবে ধর্মনিরপেক্ষতাবাদ অন্ধকারের অতলে হারিয়ে যাওয়া মুসলিমরাও এর আওতাভুক্ত। আল কুরআনে মানবজাতির উদ্দেশ্যে সামগ্রিক ভাবেই সম্বোধন করা হয়েছে। যেমনঃ[২৫]

يا أيها الناس اعبدوا ربكم الذى خلقكم والذين من قبلكم لعلكم تتقون ـ

"অর্থাৎ হে মানব সকল তোমরা তোমাদের প্রতিপালকের ইবাদত তথা আরাধনা কর যিনি তোমাদের পূর্ববর্তীদের সৃষ্টি করেছেন, আশা করা যায় তোমরা তাকওয়া অর্জন করতে পারবে।"

এ আয়াতটি ছাড়াও অসংখ্য আয়াতে এ প্রকার সম্বোধন রয়েছে। যা প্রমাণ করছে দাওয়াতের মূল কর্মক্ষেত্র হচ্ছে অমুসলিমগণ। কিন্তু বর্তমানে বেশ কিছু ইসলামী চিন্তাবিদ ও ব্যক্তিবর্গ মুসলমানদের মাঝে দাওয়াত দানই দাওয়াতের মুখ্য ক্ষেত্র হিসাবে চিহ্নিত করেছেন।

## আমাদের দায়িত্বঃ ইসলামী দৃষ্টিভঙ্গী

চরম ধর্মীয় বিকৃতি, প্রচারের ক্ষেত্রে ব্যর্থতা এবং অসত্যের মুখোমুখি দাঁড়িয়েও অমুসলিমরা পূর্নোদ্যমে বিজ য়মনযিলে পৌছানোর চেষ্টা করছে। আর এ চেষ্টার সাথী হল উন্নত প্রযুক্তি, তথ্য প্রযুক্তি, অর্থনৈতিক পৃষ্টপোষকতা, রাষ্ট্রীয় ব্যবস্থাপনা ছাড়াও অসংখ্য Sophisticated মাধ্যম। অপরদিকে চিরন্তন সত্য আল্লাহর সাহায্য, ও বিজয়ীকরার ওয়াদা সাথে পাবার পরও দাওয়াতের পথ থেকে আমরা মুসলমানরা ছিটকে পড়ছি প্রতিনিয়ত। গন্তব্যের পথে আমরা এখন অলস যাত্রী। অথচ আল্লাহ্ আমাদেরই নির্দেশ দিয়েছেনঃ[২৬]

ومن أحسن قولا ممن دعا إلى الله وعمل صالحًا وقال إننى من المسلمين ـ

"তার কথার চেয়ে আর কার কথা উত্তম হতে পারে যে আল্লাহ্র পথে আহবান করল, সৎকাজ করল এবং ঘোষনা দিল নিশ্চয়ই আমি আত্ম সম্পর্নকারীদের মধ্যে।"

এক্ষেত্রে আমরা রাসুল (সঃ) এর দাওয়াতের পদ্ধতি বিশ্লেষণ করতে পারি। আল্লাহ্র দ্বীনের প্রচার মানবতার কাছে পৌছানোর জন্য তিনি দুটি পদ্ধতি অবলম্বন করেন।

- অমুসলিমদের মাঝে ইসলামের দাওয়াত পৌছানো।[২৭]
- মুসলমানদের মাঝে ইসলামের অনুশীলনের প্রচার, ইসলামী বিধানের অনুসরণ ও সর্বোপরি ইসলামী রাষ্ট্রের প্রতিষ্ঠা।[২৮]

উপরোক্ত দুটি পদ্ধতি থেকে আমরা শেষোক্ত পদ্ধতিটিই অবলম্বন করছি এবং এর পাশাপাশি আমরা আন্তঃ কোন্দলেও জড়িয়ে পড়েছি। পাশাপাশি দাওয়াতের মূল কর্মক্ষেত্রও আমরা পরিত্যাগ করেছি।

অতএব রাসুল (সঃ) এর পদ্ধতি অনুসরণে আমাদের আজ মুল কর্মক্ষেত্রেই ফিরে যেতে হবে। তবেই আমরা আমাদের মুল টার্গেটে ফিরে যাব।

এক্ষেত্রে ইসলামকে ভালভাবে অনুধাবন, রাসুল (সঃ) এর দাওয়াতী কাজের পদ্ধতি যথাযথভাবে অনুসরণ ও সর্বোপরি ইসলামের বাস্তব অনুসরণই আমাদের দ্বীন প্রচারে মূল প্রতিযোগিতার ট্র্যাকে (Track) ফিরিয়ে নিয়ে যাবে। আমাদের দেশে সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে যেহেতু হিন্দুরাই বেশী, সেহেতু তাদের ধর্মকর্ম অধ্যয়ন, এতে অন্ধকার দিক সমূহ জানা ও দাওয়াতের মাধ্যমগুলো চিহ্নিত করে তাদের কাছে ইসলাম প্রচারের উদ্যোগ নিতে হবে। নতুবা সুদূর ভবিষ্যতের ইতিহাস হয়তো তাদের দ্বারা রচিত হবে। মুছে যাবে এদেশের মুসলিম ঐতিহ্য, সংস্কৃতি ও হাজারো দায়ীদের স্মৃতি গাঁথা আল্লাহ্‌র দ্বীনের প্রচারের ইতিহাস। বাতাসে শোনা যাবে মজলুমের আর্তনাদ। অতএব এখনই সময় ঘুম থেকে জাগার।

তথ্যপঞ্জীঃ


১। আব্দুল মান্নান তালিবঃ বাংলাদেশে ইসলাম ঃ ইফা, বা, ১৯৯৪ পৃষ্ঠা ঃ ১৪

২। আব্দুল মান্নান তালিব ঃ বাংলাদেশে ইসলাম ঃ ইফা, বা, ১৯৯৪ পৃষ্ঠা ঃ ১৫৭
ডঃ মুহাম্মদ আব্দুর রহিমঃ বাংলার মুসলমানদের ইতিহাস, আহমদ পাবলিশিং হাউস ঢাকা। চতুর্থ সংস্করণ ১৯৯৪ পৃষ্ঠা ঃ ৯-১০
আব্বাস আলী খান ঃ বাংলার মুসলমানদের ইতিহাস, ই, সে, বা, তৃতীয় সংস্করণ ২০০০ পৃষ্ঠা ঃ ২০-২৩

৩। ডঃ মুহাম্মদ ফজলুর রহমান ঃ আরবী বাংলা ব্যবহারিক অভিধান, রিয়াদ প্রকাশনী ঢাকা। তৃতীয় সংস্করণ মার্চ ২০০১
ইবনে মানযুর, লিসানুল আরব, দারুল হায়া-ই-আত তুরাছ-আল আয়ালী, বৈরুত ১৯৮৮ পৃষ্ঠা ঃ ৩৫৯

৪। Dr. Khalid Alavi : Prophatic Methodology of Dawah, Dawah Highlights, International Islamic University, Pakistan, May 2001, Page : 5

৫। Dr. Khalid Alavi, Prophetic Methodology of Dawah, Dawah Highlights, International Islamic University Pakistan, May 2001 Page - 6

৬। আল মুতাওয়া আব্দুল্লাহ মুহাম্মদ বিন আবদুল মুহসিন; আল দাওয়া আল ইসলামীয়া ওয়া-আ'লামুহা, মাকতাবাতুল মালিক ফাহাদ আলওয়াতানিয়া সউদী আরব প্রথম সংস্করণ ঃ ১৪২০ হিজরী, পৃষ্ঠা ঃ ১৪

৭। নাসির বিন আব্দুল্লাহ আল ক্বাফারী ও নাসির বিন আব্দুল করিম আল আক্‌ল, আল মুজিয ফিল আদয়ান ওয়াল মাজাহিব আল মুআছারাহ মাতবাআতু ছাফীর রিয়াদ, প্রথম সংস্করণ,ঃ ১৯৯২ পৃষ্ঠা ঃ ৬৪

৮। ডঃ মুহাম্মদ আহমাদ আল হাজ্ব, আন নাছরানিয়াহ মিনাত তাওহীদ ইলাত তাছলীছ, দারুশ শামিয়া, দামেশক দারুল ক্বালাম ঃ বৈরুত। পৃষ্ঠা ঃ ৭৫

৯। প্রাগুক্ত, পৃষ্ঠা ঃ ৯৫

১০। সুরা আল বাকারা, আয়াত ঃ ৬১

১১। নাসির বিন আবদুল্লাহ আল ক্বাফারী ও নাসির বিন আবদুল করীম আল আক্‌ল, আল মুজিয ফিল আদয়ান ওয়াল মাজাহিব আল মুআছারাহ, মাতবাআতু ছাফীর রিয়াদ ঃ প্রথম সংস্করণ ১৯৯২ পৃষ্ঠা ঃ ৮৬

১২। প্রাগুক্ত পৃষ্ঠা ঃ ৮৫

১৩। Prospectus of Welington University Newzealand 2001, Page : 24

১৪। মাইকেল হার্ট ও শ্যামল গঙ্গো পাধ্যায়, ১০০ শ্রেষ্ঠ শত মনীষির কথা, সম্পাদনা আহমদ পারভেজ, বিশ্ববানী বাংলাবাজার ঢাকা, প্রথম সংস্করন ২০০০ পৃষ্ঠা ঃ ৪৭

১৫। নাসির বিন আবদুল্লাহ আল ক্বাফারী ও নাসির বিন আবদুল কারীম আল আকল, আল মুজিয ফিল আদযান ওয়াল মাজাহিব আল মুআছারাহ, মাতবাআতু ছাফীর রিয়াদ, প্রথম সংস্করণ ১৯৯২, পৃষ্ঠা ঃ ৫৪

১৬। আবুল আসাদ, একশ বছরের রাজনীতি, বা,সা,প। ১৯৯৪ জুলাই, পৃষ্ঠাঃ ২০-৩২

১৭। সাইয়েদ আবুল আলা মওদুদী, ইসলাম ও পাশ্চাত্য সভ্যতার দ্বন্দ্ব, শতদল প্রকাশনী লিমিটেড, পঞ্চম সংস্করন ঃ জানুয়ারী ১৯৯৩, পৃষ্ঠা ঃ ২

১৮। আবুদর রহমান হাছান হাবান্নাকা আল মায়দানী, মাকাইদ ইয়াহুদিয়াহ আবারাত তারীখ, দারুল ক্বালাম দামেশক, ৬ষ্ঠ সংস্করণ ১৯৯২ পৃষ্ঠা ঃ ২৩৭-২৪৭
১৯। নাসির বিন আবদুল্লাহ আল ক্বাফারী ও নাসির বিন আবদুল করীম আল আক্ল, আল মুজিয ফিল আদায়ান ওয়াল মাজাহিব আল মুআছারাহ, মাতবাআতু ছাফীর রিয়াদ, প্রথম সংস্করণ ১৯৯২, পৃষ্ঠা ঃ ৩৮-৪১
২০। হাফেজ মুনীরুদ্দীন আহমদঃ পশ্চিমের দিগন্তে যে আলো আমি জ্বলতে দেখেছি, দৈনিক ইনকিলাব ২০ মার্চ ২০০২ পৃষ্ঠাঃ ১২
২১। দৈনিক ইনকিলাব, আল কুদস দিবস সংখ্যা ২০০০
২২। The daily star, March 13, ২০০২
২৩। মুহাম্মদ এনামুল হক জাল্লাবাদী, এনজিওদের ষড়যন্ত্রের কবলে বাংলাদেশ, নাছিমা পাবলিকেশন্স ১৯৯৯ পৃষ্ঠা ঃ ৮৮-৯০
২৪। সুরা আন নাহল, আয়াত ঃ ১২৫
২৫। সুরা আল বাকারা, আয়াত ঃ ২১
২৬। সুরা হামীম সাজদাহ, আয়াত ঃ ৩৩
২৭। সুরা আল-ইমরান, আয়াত ঃ ৬৪
২৮। সুরা আল-বাকারা, আয়াত ঃ ২০৮

*Wishing Every success to students Journal of Shariah faculty*

# MOSTAFA GROUP OF INDUSTRIES

## UNITS OF MOSTAFA GROUP

- Rahman Rexine Industries Ltd.
- Rahman Ship Breakers Limited
- Mostafa vegetable Oil Industries Ltd.
- Mostafa Garments Industries Ltd.
- Mostafa Artificial Leather Industries Ltd.
- M. M Ship Breakers
- M. Rahman & Company
- Mostafa Paper Products Ltd.
- Mostafa Re-rolling Mills Limited
- Mostafa Steels Limited
- Mostafa Coconut Oil Industries Ltd.
- Mostafa Steel Galvanizing Plant Ltd.
- Mostafa Shrimp Products Ltd.
- Hefazatur Rahman & Co. Ltd.
- Soudia Coach Service
- M. M. Vegetable Oil Products Ltd.

**CORPORATE OFFICE:**

M. Rahman Chamber, 277, Khatungonj, Chittagong, Bangladesh.
Tel: 622222, PABX: 615815, 615818, 615079, FAX: 88-031-610152, 710114. E-mail: mostafa@spctnet.com CABLE: REXINCO

# সূরা হুজরাতঃ একটি সুখী সমাজ গঠনের উজ্জ্বল নির্দেশিকা

এম. এ. মজিদ *

একটি সমাজ সঠিক ভাবে পরিচালিত হওয়ার জন্য প্রয়োজন সামাজের বসবাসরত লোকদের পারস্পরিক সহযোগীতা সহমর্মীতা ও মানুষের সর্বাঙ্গীন নিশ্চয়তা প্রদান সমাজে মুসলিম সদস্যদের মধ্যে তো ইসলামী ভ্রাতৃত্বের বন্ধন থাকবেই উপরন্ত অমুসলিমদের সাথেও চমৎকার সৌহার্দ্যের সম্পর্ক তৈরী করতে হবে।

যেহেতু আল্লাহ রাব্বুল আলামীন এই বসন্ধুরা সৃষ্টি করে এই বসুন্ধরাকে তার সৃষ্টি পুর্বেই তাদের স্বভাবের অনুকুল উপযোগী করে তৈরী করে রেখেছেন। সুতরাং এই জগতের মানুষ সমাজে বসবাস করতে হলে কি ধরনের নীতিমালঅ ও আইন-কানুনের প্রয়োজন তাও তিনি জানিয়ে দিয়েছেন। যা অনুসরন করলেই একটি কল্যানকর সুখি সমাজ প্রতিষ্ঠা করা সম্ভব। পবিত্র কোরান কারীমের সূরা হুজরাতেই একটি সুখী সমাজের মডেল বর্ণনা করা হয়েছে যার বাস্তবায়নে এখনও একটি ঘুনে দরা সমাজ একটি সুখী ও কল্যানকর সমাজে পরিণত হওয়া সম্ভব। সুরা হুজরাতের উজ্জল দির্দেশনা নিম্নরূপঃ

❑ সুরা হুজরাতে বর্ণিত আল্লাহর পক্ষ থেকে ইসলামী সমাজের প্রথম দ্বিতীয় দিক নির্দেশনা বা বৈশিষ্ট্য হচ্ছে- আল্লাহ ও তাঁর রাসুলের(ছঃ) অগ্রবর্তী না হওয়া অর্থ্যাৎ ঈমানদর ব্যক্তির পক্ষে নিজের মত ও চিন্তা ধারাকে আল্লাহ ও তাঁর রাসুলের ফয়সালার বা বিধানের উপর অগ্রধীকার দেওয়া কখনও বৈধ নয়। যেমন আল্লাহ তো যথার্থই বলেছেনঃ

يا أيها الذين امنوا لا تقدموا بين يدى الله ورسوله(١)

এই আয়াতের ব্যাখ্যায় التفسير القران العظيم বলা হয়েছেঃ

أىْ لاتسرعوا فى الأشياء بين يديه أى قبله بل كونوا تبعًا فى جميع الأمور حتى يدخل فى عموم هذ الأدب الشرعى(٢)

বিখ্যাত মুফাচ্ছির আল্লামা সাইয়েদ কতুব শহীদ বলেছেনঃ

أى لا تقترحوا على الله ورسوله إقتراحًا لا فى خاصة أنفسكم ولا فى أمور الحياة من حولكم ولا تقولوا فى أمر قبل قول الله فيه على لسان رسوله ولا تقضوا فى أمرلا

* কুরআনিক সায়েন্স এন্ড স্টাডিজ বিভাগ মাস্টার্স শেষ বর্ষের ছাত্র।

ترجعون فيه إلى قول الله وقول رسوله[٣]

হযরত ইবনে আব্বাস (রাঃ) বলেছেনঃ "لا تقولوا خلاف الكتاب والسنة"

আল্লাহ রাব্বুল আলামীন সুরা আহযাবে বলেছেনঃ

وما كان لمؤمن ولامؤمنة إذا قضى الله رسوله امراً أن يكون لهم الخيرة من أمرهم ومن يعص الله ورسوله قد ضل ضلا مبينا[٤]

আল্লাহ ও তাঁর রাসুল কোন কাজে আদেশ করলে কোন ঈমানদার পুরুষ ও কোন ঈমানদার নারীর সে বিষয়ে ভিন্ন ক্ষমতা নেই, যে আল্লাহ ও তার রাসুলের আদেশ অমান্য করে সে প্রকাশ্যে পথ ভ্রষ্টতায় পতিত হয়।[8]

❑ ইসলামী সমাজের দ্বিতীয় বৈশিষ্ট্য বা দিক নির্দেশনা হচ্ছে- নবী করীম (সাঃ) এর প্রতি পুরোপুরি আদব কায়দা বজায় রাখা। নবী করীম (সাঃ) এর কণ্ঠস্বরের উপর নিজেদের কণ্ঠস্বর উচু না করা। অর্থাৎ নবী করীম (সাঃ) এর নাম উল্লেখ হয় তার হাদীসের চর্চা হয় তাঁর আনীত বিধানের আলোচনা হয় তখন মনোযোগ সহকারে তা শোন ও বিনা বাক্যে মেনে নেওয়া। যেজন্য আল্লাহ রাব্বুল আলামীন বলেছেনঃ

"يايها الذين امنوا لاترفعوا اصواتكم فوق صوت النبى"[٥]

উপরোক্ত আয়াতে সামাজিক দিক নিদেশনা হয়েছে রাসূল (সাঃ– এর অবর্তমানে ও তাঁর জীবিত থাকার বিধান জারী থাকবে এবং সমাজে তা বলবত থাকবে। কেননা আল্লাহ্ তায়ালা বলেছেন-

"وإذا قرى القرآن فاستمعوا له وانصتوا"[٦]

"অনেক ফকীর এবং মোফাচ্ছীরে কেরাম বলেছেন" বয়স্ক মুরুব্বী এবং আলেম ওলামাগনের সামনে ও অনুরূপ আদব কায়দা মেনে চলা উচিত।[৬]

রাসূল করিম (সাঃ) বলেছেন- "العلماء ورثة الأنبياء" অর্থাৎ আলিমরা হচ্ছেন নবীদের উত্তরসূরী

আল্লাহর রাসুল প্রনীত বিধানকে বিনা বাক্যে মেনে না নিলে ঈমানদার হবে না বলে সুলা নিসাতে ঘোষনা করা হয়েছে যেমন আল্লাহ রাব্বুল আলামীন সুরা নিসায় বলেছেনঃ

فلا وربك حتى لايؤمنون حتى يحكموك فيما شجر بينهم ثم لايجدوا فى انفسهم حرجاً مما قضيت ويلسلموا تسليما[٧]

অতএব তোমার পালন কর্তার কসম সে লোক ঈমানদার হবেনা যতক্ষন না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে ন্যায়া বিচারক না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে ন্যায় বিচারক মনে না করে। অতপর তোমার মীমাংসার ব্যাপারে নিজের মনে কোন রকম সংকীর্নতা পাবেনা এবং তা হৃষ্টচিত্ত কবুল করে নিবে।

❑ সুরা হুজরাতে ইসলামী সমাজের তৃতীয় দিক নির্দেশনা উড়োকথার বিশ্বাস না করে তদন্ত সাপেক্ষে সিদ্ধান্ত করাঃ প্রকাশ থাকে যে, অধিকাংশ ঝগড়া-বিবাদ ও বিপর্যয়ের মুল কারন হল মিথ্যা ও ভিত্তিহীন সংবাদ এইজন্য কোরান কারীমের সুরা হুজরাতে সর্বাগ্রে মতবিরোধ ও ঝগড়া বিবাদের এই উৎসকে বন্ধ করিয়া দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। অর্থাৎ কোন খবরকে যাচাই বাচাই করিয়া লওয়া ব্যতীত গ্রহন করা যাবেনা। এই রূপ করলে অনেক সময় অনুশোচনা করতে হয় আভিশপ্ত হতে হয় এবং সামাজিক বিসৃংখলা ও বিরুপ প্রতিক্রিয়া তথা বিপর্যয়ের সৃষ্টি হইয়া থাকে। তাই আল্লাহ তায়ালা যথার্থই বলেছেনঃ

"يايها الذين امنواإن جا ء كم فاسق بنبأ فتبينوا"(٨)

অর্থাৎ হে ঈমানদর গন তোমাদের নিকট কোন ফাসেক গন সংবাদ লইয়া আসিলে তাহা ভাল করে পরীক্ষা নিরিক্ষা ও যাচাই বাঁচাই করিয়া দেখবে যে, উহা সত্য কি মিথ্যা।

❑ চতুর্থ নির্দেশনা হচ্ছে পরস্পরের মধ্যে ঝগড়া বিবাদ সংগঠিত হলে তাহা মিমাংসা করে দেওয়া। যেমন আল্লাহ তায়ালার বানীঃ "وإن طائفتان من المؤمين اقتتلوا فاصلحوا بينهما"(٩)

দুই বিবাদমান ব্যক্তির কর্তব্য হচ্ছে ভ্রাতৃ সম্পর্কের দাবীতে তাদের পারস্পরিক বিবাদ বিসম্বাবাদ দুর করা ও সন্ধি সমঝোতা করে নেওয়া। এ যেমন সত্য তেমনি এটা সমাজেরও দায়িত্ব। কেননা ইসলামী সমজা বলতে বুঝায় মানুষের পারস্পরিক সাহায্য কারী পরিপুরক মানব সমষ্টি। অতএব সমাজে পরস্পর দুই ব্যক্তিকে দ্বন্ধ ও মরা মারিতে দেখবে অথচ সমাজ নীরব দর্শকের ভূমিকা লালন করবে তা কোন ক্রমেই জায়েজ হতে পারেনা। কেননা তা হলে তারা দুজন ঝগড়া বিবাদের আগুনে দগ্ধ হতে থাকবে এবং যে আগুন ক্রমশঃ সমপ্রাসারিত হয়ে সমগ্র সমাজটিকে জালিয়ে ভস্ম করে দেবে।

এমতাবস্থায় সুস্থ অভিমত সম্পন্ন ও প্রভাব প্রতিপক্তিদের উচিত উভয়ের মধ্যে মিমাংসা ও মিলামিল করে দেওয়া (আল্লাহ তায়ালা এই নির্দেশ দিয়েছেনঃ

"فاصلحوا بين أخويكم واتقوا الله لعلكم تتقون"(١٠)

এই সংশোধন ও বিশ্বাসের উচ্চ মর্যাদা এবং পারস্পরিক বিবাদ বিসম্বাদের খারাপ পরিনতির কথা নবী করীম (সাঃ) নিজেই তুলে ধরেছেনঃ

"নফল নামাজ রোযা ও সদকার তুলনায় অধিক উত্তম কাজের কথা কি আমি তোমাদের বলব সাহাবীগন বললেন হাঁ রাসুল বলুন। বললেনঃ তা হচ্ছে পারস্পরিক সংশোধন ও মিলামিল বিধান করা।[১১]

❑ পঞ্চম নির্দেশনা হচ্ছে কেউ কাউকে উপহাস করতে পারবেনাঃ কাউকে হীন করতে চেষ্ট করা বিদ্রুপ ও অপমান করতে চেষ্টা করা হারাম। অতএব আল্লাহকে চিনে জানে এবং পরকালের মুক্তির লক্ষ্যে এমন কোন ঈমানদার ব্যক্তির পক্ষেই কোন একজন লোককেও ঠাট্রা বিদ্রুপ অপমান লাঞ্চিত করতে চাওয়া বা করা তা কিছুতেই জায়েজ হতে পারেনা।

কেননা আল্লামা ইউসুফ আল কারযাবী বলেছেন, এই কাজ যারা করে তাদের মধ্যে একটা প্রচ্ছন্ন আত্মম্ভরিতা অনেকের তুলনায় নিজেকে বড় মনে করার হীনমানসিকতা রয়েছে বলে মনে করা যেতে পারে। এই লোক আল্লাহর কাছে ভালত্বের মানদন্ড কি তা আদৌ জানেনা।[১২]

এই জন্য মহান আল্লাহ বলেছেনঃ

"يايها الذين امنوا لا يسخرم قوم من قوم عسى أن يكونوا خيراً منهم ولا نساء من نساء عسى أن يكن خير منهن"(١٣)

মুমীনগণ কেউয যেন অপর কাউকে উপহাস না করে কেননা সে উপহাসকারীর অপেক্ষায় উত্তম হতে পারে। এবং কোন নারী অপর কোন নারীকেও সে উপহাস কারীনী অপেক্ষায় শ্রেষ্ট হতে পারে।

এই আয়াতের বাখ্যায় আল্লামা সাইয়েদ কতুব (রঃ) বলেছেন এখানে পরোক্ষভাবে বলা হয়েছে যে, পুরুষেরা ও স্ত্রী লোকেরা নিজেদের মধ্যে যেসব জিনিসকে শ্রেষ্ঠত্বের মানদন্ড মান করে থাকে সে গুলো মানুষের শ্রেষ্ঠত্বের মানদন্ড মনে করে থাকে সে গুলো মানুষের শ্রেষ্ঠত্বর পরিমাপ করার প্রকৃত মানদন্ড নয়। শ্রেষ্ট পরিমাপের তার কিছু মানদন্ড থাকতে পারে। যা হয়ত মানুষ জানেনা।[১৪]

বস্তুতঃ আল্লাহর কাছে ভালত্বের মানদন্ড ঈমান একনিষ্টা ও আল্লাহর সাথে ভাল সম্পর্ক এই নিয়েই গঠিত।

আকার আকৃতি দেহ অবয়ব মান মর্যাদা ও ধনদৌলতের উপর তা ভীত্তিশীল নয় তাই রাসুল (সাঃ) তো যথার্থই বলেছেন"

"إن الله لاينظر إلى صوركم ولا أموالكم ولكن ينظر الى قلوبكم وأعمالكم"

কিয়ামতের ময়দানে আজকের ঠাট্টা বিদ্রুপ কারীরা ও অপমান কারীরাই ঠাট্টা বিদ্রুপের পাত্র হবে তাও আল্লাহ বলে দিয়েছেনঃ

"إن الذين أجرموا كانوا من الذين أمنوا يضحكون واذا مرو بهم يتغعامزون - .....
فاليوم الذين امنوا من الكفار يضحكون"(١٥)

যারা অপরাধী তারা ঈমানদার লোকদের দেখে ঠাট্টা বিদ্রুপের হাসি হাসত। তাদের কাছে গেলে তারা পরস্পরকে ইঙ্গিত ইশারা করত। তাই আজকের দিনে ঈমানদার লোকেরা কাফিরদের প্রতি ঠাট্টা বিদ্রুপের হাসি হাসবে।"

❑ পঞ্চম বৈশিষ্ট্য হচ্ছে দুর্নাম করা দোষী করা এটা সামাজিক ক্ষেত্র অত্যন্ত মারাত্মক একটি ব্যাধি যা পারস্পরিক সম্পর্কে ঘাতটি করে। যে লোক অন্যদের দুর্নাম করে দোষী করে সে যেন তাদের তরবারী বা তীরের আঘাতে আহত ও জখম করে। তাই কবি বলেছেন"

جرحات السنان لها التيام # ولا يلتام ما جرح اللسان .

তাইতো আল্লাহ তায়ালা বলেছেনঃ (١٦)"ولا تلمزوا أنفسكم" তোমরা একে অপরের প্রতি দোষারোপ করোন।

ইমাম তাবারী এই আয়াতের ব্যাখ্যা বলেছেন (١٧)"اللمز باليد والعين واللسان" হয় কথা হাত এবং চোখের ইশারায়।

এই ক্ষেত্রে স্পষ্ট বুঝা যাচ্ছে যে, কুরান মজীদ মুসলিম সমাজকে এক অখন্ড ব্যক্তিত্ব মনে করে। কেননা তারা সকলেই পরস্পরের দায়িত্বশীল পরিপুরক। এক্ষনে একজন যদি তার ভাইকে আহত করে তাহা হলে প্রকৃত পক্ষে সে তার নিজেকেই আহত ও ক্ষত-বিক্ষত করে।

❑ ৬ষ্ঠ দিক নির্দেশনা খারাপ উপাধিতে না ডাকাঃ অর্থাৎ অন্যকে এমন শব্দ বা নামে ডাকা যা তার খুব খারাপ লাগে সে তা অপছন্দ করে আজকের সমাজের প্রতি লক্ষ করলে দেখা যাবে অধিকাংশ ফেতনা ফ্যাসাদ ঝগড়া এই কারনেই সংগঠিত হচ্ছে তাই আল্লাহ রাব্বুল আলামীন তা চিরতরে হারাম ঘোষনা করছেন। যেমন আল্লাহর বানীঃ (١٨)"ولا تنابازوا بالألقاب بئس الإسم الفسوق بعد الإيمان"

তোমরা একে অপরকে মন্দ নামে ডেকোনা- কেউ ঈমান আনার করে তাকে মন্দ নামে ডাকা গুনাহ।

হাদীসে রাসুল (সাঃ) বলেছেন মুমীনের হক অপর মুমীনের উপর এই যে অধিক পছন্দীয় নাম ও উপাধী সহকারে ডাকবে।

তাফসীরে জিলান সাইয়েদ কতুব (রঃ) বলেছেন" ইমান গ্রহন করার পর কাউকে বিদ্রুপ করা এবং গালাগালি করা, মন্দ উপাধিতে ডাকা নিঃসন্দেহে ফাসেকী কাজ। ইহা এমন একটি অপকর্ম যাহা ঈমান হতে দুরে সরাইয়া দেয়। বরং এই রুপ আচরন করা জুলুম। আর জুলুম শিরকের নামান্তর।[১৯]

❑ সপ্তম নির্দের্শনা খারাপ ধারনা থেকে বিরত থাকাঃ ইসলাম চায় মুসলিম সমাজের ব্যক্তিগণ পরস্পর পরস্পরের প্রতি পরিচ্ছন্ন নিমুল ও নির্দোষ মন মানসিকতা নিয়ে বসবাস করুক। পরস্পরের প্রতি কোন রূপ

সন্দেহ অনস্থা ও অবস্থান পোষন না করুক। সমাজের মানুষ যদি তা করে তাহলে সমাজে বিশৃংখলা বিবাদ সৃষ্টি হয় এইজন্যই আল্লাহ তায়ালা তা হারাম ঘোষনা করেছেনঃ

"ياايها الذين امو ا اجتنبوا كثيراً من الظن إن بعد الظن إثم"(٢٠)

"হে ঈমানদার গন তোমরা লোকদের প্রতি বহু ধরনের ধারনা পোষন এড়িয়ে চল, কেননা কোন কোন ধারনা গুনাহ হয়ে থাকে।

এখানে ধারনা বলতে খারাপ ধারানা পোষনের কথা বলা হয়েছে। অতএব কোন মুসলমানরেই তার মুসলিম ভাই সম্পর্কে খারাপ ধারনা পোষন করা উচিত নয়। যতক্ষন না অকাট্য কোন প্রমান পাওয়া যাচ্ছে। নবী করীম (সাঃ) তো যথার্থই বলেছেন إياكم الظن فإن الظن أكذب الحديث"(٢١)

তিবরানী শরীফে এসেছে اذا ظننت فلا تحقق অথাঃ তোমার মনে কু ধারনা সৃষ্টি হলে তুমি তাকে সত্য মনে করিও না।

❑ অষ্টম দোষ খোজা বা ছিদ্রন্বেষন হতে বিরত থাকাঃ অন্যলোকদের প্রতি অনস্থা মানুষকে গোপন মানসিকতার দিকে ঠেলে দেয়। তা হচ্ছে দোষ খোজে বেড়ানো। অথচ ইসলাম মানব সমাজকে একসাথে অন্তর বাহির উভয় দিক দিয়ে পরিচ্ছন্ন ও নির্মল পরিবেশের মধ্যে রাখতে দৃঢ় প্রতিজ্ঞ। আর এর মাধ্যমে সমাজে অধিকাংশ ঝগড়া বিবাদ রচনা হয় আল্লাহ পাক বলেছেনঃ "ولا تجسسو" তোমরা গোপনীয় বিষয় সন্ধান করোনা।

তাই রাসুল (সাঃ) বলেছেনা বলেছেনঃ - من ستر عورة فكانما استحيا مؤدة فى قبرها

অর্থাৎ যে লোক কারো গোপন কথা গোপন রাখল প্রকাশ করলনা সে যেন কোন জীবন্ত প্রেথিত হক তার কবরে জীবিত করে দিল।

বস্তুতঃ প্রতিটি মানুষের একটা সমমান ও মর্যাদা রয়েছে তার দোষ খুজে বেরিয়ে সম্মান মর্যাদার সে আচরন ছিন্ন করা এবং তার লুকিয়ে থাকা বিষয়াদী জনসমক্ষে প্রকাশ করা কিছুতেই তা জায়েজ হতে পারেনা। হাদীস শরীফে এসেছে রাসুল (সাঃ) বলেছেনঃ

من إطلع فى بيت قوم بغير إذنه فقد حل لهم أن يفقؤوا عينه"(٢٦)

অর্থাৎ যে লোক অপর কারো ঘরের ভিতরে উকি দিল তাদের অনুমতি ছাড়াই ঘরের লোকদের জন্য চক্ষ ফুটো করে দেওয়া সম্পূন্ন হালাল।

নবী করীম (সাঃ) আরো বলেছেনঃ

"হে সেব সব লোক যারা মুখে ঈমান ও ইসলাম কুবুল করেছ কিন্তু তাদের দিল পর্যন্ত পৌচাতে পারেনি। তোমরা মুসলমানদের কষ্ট দিওনা। এবং তাদের গোপন দোষ খোজে বেড়িওনা। চেন না যে লোক তার মুসলমান ভাইয়ের গোপন দোষ খুজে বেড়ায় আল্লাহ তাঁর দোষ খোজে বেড়ান। আর আল্লাহ যারা গোপন দোষ খোঁজেন তাকে লজ্জিত অপমানিত করবেন যদিও সে ঘরের কোনে বসে থাকে।[২৩]

রাসুল (সঃ) আরো বলেছেনঃ

অর্থাৎ যে লোক কারো গোপন কথা (গোপন রাখল- প্রকাশ করলনা সে যেন কোন জীবন্ত প্রেথিতকে তার কবরের জীবিত করে দিল।

❑ নবম ইসলামী দিক নির্দেশনা গীবত করা যাবেনাঃ আল্লাহ তায়ালা বলেছেনঃ

"ولا يغتب بعضكم بعضاً"(٢٤)

অর্থাৎ তোমরা যেন পরস্পরের গীবত করনা এর বিস্তারিত আলোচনার পুর্বে আমরা রাসুল (সাঃ) এর বাণী থেকে গীবতের সংজ্ঞা জানব। তিনি তো সুন্দর করেই গীবতের সংজ্ঞা দিয়েছেনঃ

ذكرك أخاك بما يكره قيل أفريت إن كان فى أخى ماقول قال إن كان فيه ما تقول فقد أغتبته وإن لم يكن فيه ما تقول فقد بهته"(٢٥)

"তোমার ভাইয়ের উল্লেখ এমন ভাবে করা যা সে নিজে পছন্দ করে না। তাই হচ্ছে গীবত। জিজ্ঞাসা করা হল ইয়া রাসুল আমি যা বলি তা হলেও কি তা গীবত হবে। বললেন, তুমি যা বল তা যদি তার মধ্যে থেকেই থাকে তবেই তো গীবত হবে। আর যদি নাই থাকে তাহলে তাতো বুহতান মিথ্যা দোষারোপ হবে।

আসলে আমাদের সমাজের অধিকাংশ বিশৃংখলা, পরস্পর মারামারি, কাটা কাটি হচ্ছে গীবত করার ফলেই। এর মাধ্যমে হীন প্রতিপন্ন করা কুপ্রবৃত্তির প্রকাশ ঘটে যা গীবত কারীর হীন মন মানসিকতা নীচতা ও কুপ্রবৃত্তির পরিচয় বহন করে। আর এই গীবত প্রবনতা সমাজ বিধ্বংস একটি কার্যক্রম। কেননা যারা গীবত করতে অভ্যস্ত তাদের জীহবা থেকের তরবারী আঘাত খুব কম লোকই রক্ষা পেতে পারে।

এমতাবস্থায় কোরান মজীদ তার বীভৎস ও জঘন্য চিত্র উদঘাটিত করে থাকে এবং এমনভাবে তার চিত্র উপস্থাপিত করে যা মানুষের মনে তীব্র ঘৃনার উদ্রেক করে সেই চিত্রটি হলঃ

ولا يغتب بعضكم بعضًا أيحب أحدكم أن يأكل لحم أخيه ميتًا فكرهتموه(٢٦)

তোমাদের কেউ যেন অপর কারো গীবত না করে। তোমাদের কেউ কি পছন্দ করে তার মৃত ভাইয়ের গোস্ত খাওয়া? তা তোমরা অপছন্দই কর।

হাদীশ শরীফ ও তার ভয়াবহ চিত্র তুলে ধরা হয়েছে রাসুল(সাঃ) বলেছেন, মেরাজের রাত্রে আমি কিছু লোক দেখলাম তাদের তামার নখ রয়েছে এবং তা দিয়ে তারা নিজের মুখও বুক খামচাচ্ছে। আমি জিজ্ঞাসা করলাম হে জিব্রাইল এরা কারা? তিনি বললেন এরা সে সব লোক যারা মানুষের গোস্ত খায় এবং তাদের ইজ্জত সম্ভ্রম নিয়ে চিনি মিনি খেলে।[২৭]

গীবত শ্রবন করলে তা প্রতিহত করতে হবে অন্যথায় তাহা গুনাহের নামান্তর। কেননা আল্লাহ তায়ালা বলেছেনঃ

"وإذا سمعوا اللغو اعرضوا عنه وقالوا لنا اعمالنا ولكم أعمالكم سلام عليكم لاتبتغى الجاهلين"(٢٨)

যখন তারা অবাঞ্চিত কাজে কথাবার্তা শ্রবন করে তখন তা থেকে মুখ ফিরিয়ে নেয় এবং বলে আমাদের জন্য আমাদের আমল তার তোমাদের জন্য তোমাদের কাজ। তোমাদের প্রতি সালাম। আমরা অজ্ঞদের সাথে জ ড়িত হতে চাইনা।

❑ সূরা হুজরাতে সর্বশেষ দিক নির্দেশনা ইসলামী দিক নিদের্শনা শ্রেষ্ঠত্বের মাপকাটি হল তাকওয়াঃ আল্লাহ তায়ালা মানুষকে একজন নর এবং একজন নারী থেকেই সৃষ্টি করেছেন আর তারা হচ্ছেন আদম(আঃ) ও হাওয়া (আঃ)।

তাই প্রকৃত মানুষের বড় ছোট মর্যাদাবান ও হীন হওয়া বংশলতা ও উদ্ভিৎ জগতের উপর নির্ভর শীল নয়। বরং যেই ব্যক্তি যত বেশী ভদ্র ও খোদাভীরু হবে সেই আল্লাহ তায়ালার নিকট ততবেশী সম্মানী ও মর্যাদার অধিকারী হবে। তাই তো আল্লাহ রাব্বুল আলামীন যথার্থই বলেছেনঃ

"يايها الناس إنا خلقناكم من ذكر وأنثى وجعلناكم شعوبًا وقبائل لتعارفوا إن اكرمكم عند الله أتقاكم"(٢٩)

"হে মানব জাতি আমি তোমাদেরকে সৃষ্টি করেছি একজন পুরুষ ও একজন নারী হতে। অতপর তোমাদেরকে বিভক্ত করে দিয়েছি বিভিন্ন জাতি যাতে তোমরা পরস্পর পরিচিত হতে পার নিশ্চয়ই তোমাদের মধ্যে সেই আল্লাহর নিকট অধিক সম্মনিত যে তোমাদের মধ্যে অধিক খোদা ভীরু।

মোটকথাঃ ভাষা রংয়ের বিভিন্নতা, স্বভাব চরিত্রের ব্যবধান, শক্তি-সামর্থ ও জ্ঞানের পার্থক্য পরস্পর সংঘর্ষ ও সংঘাতের জন্য নয় বরং ইহা পারস্পরিক সহযোগিতার মাধ্যমে চুড়ান্ত সফলতা ও উন্নতির সোপানে পৌছার মাধ্যমে হিসাবে নির্ধারিন করা হয়েছে। প্রকৃত পক্ষে রং জাতীয়তা ভাষা মাতৃভূমি এর এই জাতীয় সকল ঐতিত্যের আল্লাহর নিকট কোন মূল্য নেই।

যেখানে একটি মাত্র বিষয়ের মুল্য রয়েছে আর তা হল তাকওয়া বা খোদাভীতি।

"এই আয়াতটি গোটা মানব জাতির উদ্দেশ্যে করে একটি বিরাট গোমরাহীর সংশোধন যা আবহমান কাল ধরে বিশ্বব্যাপি বিপর্যয় সৃষ্টির কারন হিসাবে বিদ্যমান রয়েছে।"

তাছাড়া মুসলিম সমাজকে বিভিন্ন অকল্যান ও অনাচার থেকে রক্ষর জন্য যে সব পথনিদের্শনার প্রয়োজন ছিল সেই গুলি এই আয়াতের পুর্বেই উল্লেখ করা হয়েছে। এখন সমাজের যারা অন্য সদস্য, তথা সমাজের সকল সদস্যদের প্রতি কেমন আচরন করতে হবে সে বিষয়ে আল কোরানের বক্তব্য হচ্ছেঃ

وعبدوا الله ولاشركوا به شيأ وبالوالدين إحسانا وبذى القربى واليتمى والمساكين وابن السبيل وماملكت أيمانكم إن الله لا يحب من كان مختا فخورا(٣٠)

তোমরা আল্লাহর ইবাদত করবে এবং কোন কিচুতে তার সাথে শরীক করবেনা, পিতা-মতা, আত্মীয়-স্বজন, ইয়াতীম অভাব গ্রস্থ নিকট প্রতিবেশী দুর প্রতিবেশী সঙ্গী-সাথী পথচারী এবং তোমাদের অধিকার ভুক্ত দাস-দাসীদের প্রতি সদ্ব্যবহার করবে। নিশ্চয় আল্লাহ কোন উদ্ধত অহংকারীকে পছন্দ করেন না। সুরা নিসা।

অন্য আয়াতে আল্লাহ পাক বলেছেনঃ

ليس البر أن تولوا وجوهكم قبل المشرق والمغرب ولكن البر من آمن بالله واليوم الآخر والملائكة والكتاب والنبيين واتى المال علي حبه ذوى القربى واليتمى والمساكين وابن السبيل والسائلين وفى الرقاب(٣١)

"পর্ব এবং পশ্চিম দিকে তোমাদের মুখ ফিরানোতে কোন মূল্য নেই কিন্তু পুন্য আছে কেউ আল্লাহ, পকাল ফেরেস্তাগন, সমস্ত কিতাব এবং নবীগনের উপর ঈমান আনয়ন করল। আল্লাহ প্রেমে আত্মীয়-স্বজন পিতৃহীন, অভাব গ্রস্থ পর্যটক সাহায্য প্রাথীগনকে মুক্তিদানে অর্থ দান করলে।

তথ্য সূত্র


১। সুরা হুজরাত- ১
২। ইবনে কাছীর পৃঃ ২২
৩। সাইয়িদ কুতুব পৃঃ ৩৩৩৮
৪। সুরা আহযাব ৩৬
৫। সুরা হুজরাত - ২
৬। সুরা আরাফ - ২০৪
৭। সুরা নিসা - ৬৫
৮। মাআরেফুন কুরআন - ১২৭৬ ও জালালউদ্দীন সুয়তী পৃঃ ৩২৯
৯। সুরা হুজরাত - ৫
১০। সুরা হুজরাত - ৯
১১। আবু দাউদ ৬ষ্ট খন্ড পৃঃ ২৮২
১২। ইউসুফ আল কারযাভী, ইসলামে হালাল হারামের বিধান পৃঃ ৩৯৬
১৩। সুরা হুজরাত - ১১
১৪। সাইরয়েদ কুতুব-তাফসীর ফি যিলালী কোরআন - ২১১
১৫। সুরা মুতাফফীফীন - ২৯
১৬। সুরা হুজরাত - ১১
১৭। ইমাম কুরতবী - ৩২৭
১৮। সুরা হুজরাত - ১১
১৯। সাইয়েদ কুতুব - তাফসীল ফী যিলালি কুরআন - ২১২
২০। সুরা হুজরাত - ১২
২১। মুসলীম ইবনে হাজ্জাস সহীহমুলীম ১ম খন্ডঃ ১১৮
২২। ইবনে কাছীর - ২২৮
২৩। আশ শাওকানী - ফতহুল কাদীর ৮০
২৫। সুরা হুজরাত - ১২
২৬। মুসলিম ইবনে হাজ্জাজ, ১৫ খন্ড - ১৩২
২৭। সুরা হুজরাত - ১১
২৯। সুরা কাফ্ছাছ - ৫৫, সুরা হুজরাত - ১৩
৩০। সাইয়েদ আবুল আলা মওদুদী তাফহীমুল কোরআন ১৫ খন্ড, ৯৫ পৃঃ
৩১। সুলা নিসা - ৩৬
৩২। সুরা বাকারা- ১৭৭

# ইসলাম ও মাদকাসক্তি ঃ প্রেক্ষিত বাংলাদেশ

মোহাম্মদ কামরুল ইসলাম*

মাত্র দুই অক্ষরের শব্দ "বোমা মন ধ্বংশ করে দিয়েছে জাপানের হিরোশিমা ও নাগাসাকির যথাসর্বস্ব। ঠিক তেমনি দুই অক্ষরের শব্দ "নেশা" ও বর্তমান বিশ্বসভ্যতার অগ্রগতিকে উল্টোস্রোতে ঠেলে দিচ্ছে। আগ্নেয়গিরির অগ্নুৎপাতের চেয়েও নেশার ক্ষতি ভয়ংকর । মাদকাসক্তি আজ বিশ্ব পরিবেশকে করে তুলছে দুষিত আর বিশ্ব বাসীকে করে তুলছে আতঙ্কগ্রস্থ । প্রায় সোয়া পাঁচশত কোটি মানুষ অধ্যুসিত বিশ্বে শতাধিক দেশের পঞ্চাশ কোটি মানুষ মাদকাসক্ত। পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম মুসলিম দেশ বাংলাদেশেও আজ মাদকাসক্তি নামক মরণ ব্যাধিটি মারাত্মক সমাজিক সমস্যা হিসাবে চিহ্নিত হয়েছে। মদকাসক্তি আজ তরুণ সমাজকে ভয়াবহ পরিণতির দিকে নিয়ে যাচ্ছে বাংলাদেশে মাদকাসক্তির উত্তরোত্তর বৃদ্ধি এখন কোন নির্দিষ্ট সীমানার মধ্যে আবদ্ধ নয়। ইহা এখন দরিদ্রতম পল্লী হতে শুরু করে নগর পর্যন্ত বিস্তৃত। স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, অফিস আদালত, হাট বাজার, গ্রামগঞ্জ পর্যন্ত ইহা সর্বগ্রাসী নেশা হিসাবে ছড়িয়ে পড়েছে। আবাল বৃদ্ধ বনিতা সবাই এখন এর মরণ খপ্পরে । ফলে সমাজে দেখা দিচ্ছে নানা রকম অশান্তি, হতাশা, বিশৃংখলা, অন্যায়, অত্যাচার, অবিচার ও নির্যাতনের বিভিন্ন চিত্র। এ সমস্যা বর্তমান আধুনিক সভ্য সমাজের এক বিরাট অভিশাপ বিশেষ করে তরুন সমাজই আজ এই সর্বনাশা মাদকের শিকার হচ্ছে। যে তারুণ্যের দীপ্তিতে সমাজ উদ্ভাসিত হয়ে উঠে তারাই আজ মাদকের পংকিল আবর্তে ঘুরপাক খাচ্ছে। পারমানবিক যুদ্ধের ভয়াবহতার চাইতেও এই মাদকা সক্তি ভয়ংকর হয়ে দেখা দিয়েছে। যে হারে মাদক দ্রব্যের অপব্যবহার বেড়ে চলেছে তা রোধ করা না হলে অচিরেই বিশ্ব সভ্যতা পুরোপুরি ধ্বংস হয়ে যাবে এবং মানুষের শান্তি, উন্নতি ও সমৃদ্ধির সকল প্রয়াস ব্যর্থ হতে বাধ্য।

বর্তমান বিশ্বে অস্ত্র ব্যবসার পর পরই মাদক ব্যবসা সবচেয়ে জমজমাট। প্রায় ২৪ কোটি বিলিয়ন ডলার এই ব্যবসায় নিয়োজিত রয়েছে। ১৯৮৪ সালে বাংলাদেশে প্রথম হেরো্ইনের অপব্যবহার সর্ম্পকে জানা যায়। প্রাথমিক পর্যায়ে এর ব্যবহার ঢাকা শহরেই বিস্তৃত ছিল। পরবর্তী কালে হেরোইন নেশা ছড়িয়ে পড়ে দেশের অন্যান্য শহর, গ্রাম, এমনকি প্রত্যন্ত অঞ্চলেও। মাত্র এক দশকের মধ্যে এই সর্বনাশা নেশা দেশের যুব সমাজের ভেতর এক মারাত্মক প্রভাব বিস্তার করে ফেলেছে। গরীব এই দেশটিতে মাদক দ্রব্য এত দ্রুত ছড়িয়ে পড়ার পেছনে আর্থ-সামাজিক অবস্থার পাশাপাশি ভৌ গলিক অবস্থানও অনেকাংশে দায়ী।

ভৌ গলিক ভাবে সুবিধাজনক অবস্থার কারনে বাংলাদেশ আজ মাদকদ্রব্য পাচারেরর আন্তর্জাতিক চোরাচালান রুট হিসাবে ব্যবহৃত হচ্ছে, যা প্রকারান্তরে দেশের অভ্যন্তরে মাদকাসক্তি বৃদ্ধি রয়েছে। ল্যাটিন আমেরিকা এবং এশিয়ার অন্যান্য মাদকদ্রব্য পাচারের রুট গুলো বন্ধ হওয়ার আশাংকা দেখা দেয়ায় আন্তর্জাতিক চোরা কারবারীরা আজ বাংলাদেশকে তাদের নিরাপদ ট্রানজিট রুট হিসেবে ব্যবহার করছে। এর ফলে দেশে মাদক দ্রব্যের ব্যবহার দিন দিন বেড়ে যাচ্ছে। মাদকাসক্তির হিংস্র ছোবল থেকে দেশের জনসাধারণকে বিশেষ করে যুব সমাজকে রক্ষা করতে হলে এই মুহূর্তে প্রয়োজন মাদক বিরোধী বলিষ্ঠ আন্দোলন গড়ে তোলা। কিন্তু তার ও আগে দরকার মাদকাসক্তি সম্পর্কে জনগনকে সচেতন করে তোলা। তাই প্রথমেই আমাদের জানা দরকার মাদক দ্রব্য ও মাদকাসক্তি কি?

### *মাদক দ্রব্য ও মাদকাসক্তিঃ*

যে সকল ঔষধ বা দ্রব্যাদি সেবনে মানুষের স্বাভাবিক শারীরীক ও মানসিক অবস্থার উল্লেখযোগ্য পরিবর্তন ঘটে, মানুষ অস্বাভাবিক আচরণ করে এবং উত্তরোত্তর যে সব ঔষধ বা দ্রব্যাদি সেবনের প্রবণতা বৃদ্ধি পায়, তাই মাদকদ্রব্য হিসাবে আখ্যায়িত হয়। আর মাদকাসক্তি এমন একটি মানষিক, কখনো বা শারীরিক অবস্থা যার আবির্ভাব ঘটেছে জীবিত প্রানী ও মাদকদ্রব্যের মিথষ্ক্রিয়ার মাধ্যমে। এ অবস্থার আচরণগত ও অন্যান্য

* লেখকঃ কোরআনিক সায়েন্স মাস্টার্স শেষ বর্ষের ছাত্র।

প্রতিক্রিয়ার মধ্যে উল্লেখযোগ্য হল মাদক সৃষ্ট ফল পাওয়ার মানসিক প্রলোভন বা মাদকের অনুপস্থিতিজনিত অশ্বস্তি এড়ানোর জন্য মাদকদ্রব্যটি কম-বেশী নিয়মিত গ্রহনকরার দুর্দমনীয় আকাংখা। (১)

যে কোন ধরনের আসক্তি সম্পর্কে বলা হয়েছে, "আসক্তি হচ্ছে নিউরোট্রান্সমিশনের (Neurotransmission) স্ব - আবেশিত এমন এক পরিবর্তন যা সমস্যা সৃষ্টিকারী আচরনের জন্ম দেয়।" (২)

আর মাদকাসক্তি সম্পর্কে বলা হয়েছে Drug addiction is the habittual use of certain narcotic that leads in time to mental and moral detarioration, as well as to deleterious social effects. (৩)

বিশ্ব স্বাস্থ্যসংস্থার (WHO) দৃষ্টি কোন থেকে মাদকাসক্তি হল "মাদক দ্রব্যের উপর আসক্তি বা নির্ভরশীলতা এটি হচ্ছে একটি মানসিক ও শারীরক অবস্থা যার উপর মানুষের নির্ভরশীলতা মিথষ্ক্রিয়ার মাধ্যমে সাধিত হয়ে থাকে। যখন কোন ব্যাক্তি মাদকা সক্তিতে আক্রান্ত হয় তখন সে মাদক দ্রব্য সেবনের অবর্তমানে উশৃংখল ও অশান্ত হয়ে পড়ে , যার ফলশ্রুতিতে সে যে কোন অপরাধ সংগঠন করতে পারে। এক কথায় মাদকা সক্তি হচ্ছে এক ধরনের অবিরাম বা পর্যায় ভিত্তিক নেশা গ্রস্থতা যার ফল স্বরূপ ক্ষেত্র মতে এক বিশেষ মাদক দ্রব্য অবশ্যই নিয়মিতভাবে সেবন করতে হয়। (৪)

১৯৯০ সালের মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনানুযায়ী " মাদকাসক্ত বলতে বুঝায় এমন একজন মদ্যপায়ীকে যে অভ্যাস গত ভাবে মাদক দ্রব্যের উপর নির্ভরশীল, মাদকদ্রব্য সেবন কিংবা গ্রহন যেন তার নিকট রোগাক্রান্ত তুল্য ; মদ্যপান তাকে আস্তে আস্তে মৃত্যুর দিকে, ধ্বংসের দিকে, অবক্ষয়ের দিকে, পলে পলে ধাবিত করছে। (৫)

*বাংলাদেশের প্রচলিত মাদক দ্রব্য ঃ*

অবস্থানগত কারণে বাংলাদেশে মাদক দ্রব্যের অপব্যবহার দিন দিন বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশকে ঘিরে রয়েছে কয়েকটি মাদক দ্রব্য উৎপাদনকারী দেশ । এ সব দেশ হল পাকিস্থান, আফগানিস্থান, ইরান এবং মায়ানমার, থাইল্যান্ড ও লন্ডন। সারা পৃথিবীতে মাদকাসক্ত জনসংখ্যা বৃদ্ধির হার শতকরা প্রায় ২.০ ভাগ কিন্তু বাংলাদেশে এই হার প্রায় দ্বিগুন শতকরা ৩.৮ ভাগ বাংলাদেশের মাদকাসক্ত ব্যাক্তির শতকরা প্রায় ৮৫ জন কিশোর ও তরুণ । এদের ১৫ থেকে ২৯ এর মধ্যে বাংলাদেশে প্রচলিত মাদক দ্রব্যকে প্রধানত পাঁচটি ভাগে ভাগ করা যায় । এ গুলো হল ঃ

প্রথমতঃ আফিম জাতীয় মাদক দ্রব্যঃ এ জাতীয় মাদক দ্রব্যে অন্তর্ভূক্ত হল - (ক) ফেনসিডিল (খ) হেরোইন (গ) কোডিন (ঘ) মরফিন এ ছাড়া কৃত্রিম ভাবে তৈরী আফিম জাতীয় মাদক দ্রব্য হলো (ঙ)পেথিডিন (চ) বুপ্রেনরফিন।

দ্বিতীয়তঃ গাঁজা জাতীয় মাদক দ্রব্যঃ এই ধরনের মাদক দব্যের মধ্যে রয়েছে -(ক)মারিজুয়ানা (খ)হাশিশ (গ) হাশতৈল ও (ঘ) ভাং

তৃতীয়ত ঃ ঘুমের ঔষধ ঃ - আসক্তির জন্য নানান রকম ঘুমের বড়ি বা টেবলেট ব্যবহৃত হয়।

চতুর্থত ঃ দেশী ও বিদেশী মদ ।

পঞ্চমত ঃ ট্রাংকুলাইজার ঃ ঘুমের বড়ির চেয়ে কম শক্তিশালী এক ধরনের বড়ি। (৬)

*বাংলাদেশে মাদকাসক্তির কারণ ঃ*

মাদক দ্রব্য হচ্ছে মারাত্মক ধরনের ক্ষতিকারক দ্রব্য। মাদক দব্যের ক্ষতি সম্পর্কে জানার পর ও আজ অনেকে মাদকাসক্ত হচ্ছে । মাদকসক্তির কারণ গুলো খুঁজতে গেলে হয়তো আমরা নিদিষ্ট কোন কারণ খুজে পাবনা । এ বিষয়ে গবেষণা করতে গিয়ে পন্ডিতগন বিভিন্ন মতামত প্রকাশ করেছে। তাদের মতের মধ্যে পার্থক্য থাকলে ও একটি বিষয়ে তারা একমত, "হীনমন্যতাবোধ আসক্তির একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ" । (৭)

বারেনসের মতে "যারা নিজেদের হীন বা (Inferior) বা অস্বাভাবিক (Abnormal) মনে করে তারা নকল সমর্থন (Artificial Support) লাভ এবং বাস্তব পরিস্থিতির হাত থেকে নিস্কৃতি পাওয়ার জন্যই নেশা গ্রহন করে থাকে। (৮)

কোন কোন মনোবিজ্ঞানী মাদকাসক্তিকে এক কথায় জীবনের কঠিন বাস্তবতা থেকে পলায়ন কৌ শল হিসেবে আখ্যায়িত করেছেন। মার্কিন সমাজ বিজ্ঞানী John A. Clausam তাঁর এক নিবন্ধে সমকালীন মার্কিন সমাজে মাদক দ্রব্যের ব্যাপক প্রসারের কারণ সম্পর্কে তিন ধরনের মতামতের কথা উল্লেখ করেছেন। যার প্রতিটি কারণ বাংলাদেশের ক্ষেত্রে প্রযোজ্য বলা যেতে পারে । (ক) মাদক দ্রব্যের আমদানী কারক ও ফেরিওয়ালারা অপরের জীবন ধ্বংসের বিনিময়ে নিজের ভাগ্য গড়ার কাজে নিস্পাপ ও দূর্বল চেতা মানুষের হাতে ড্রাগন তুলে দেয়। (খ) বনিবনার অভাবে বা জীবন যুদ্ধে ব্যর্থতার ফলে অভিজ্ঞতা সম্পন্ন আচরন এবং এ আচরন সমাজের একই মল্যবোধ ও চিন্তা চেতনার দ্বারা প্রভাবিত মানুষের মাঝে সহজেই সংক্রমিত হতে পারে। (৯)

মাদকাসক্তি সমস্যার কারণ অনুসন্ধানে যে সকল গবেষণা কর্ম হয়েছে তার প্রায় প্রতিটি গবেষণাতেই নিম্মোক্ত কারণ সমুহ চিহ্নিত করা হয়েছে । যেমন (১) কৌ তুহল (২) বন্ধু বান্ধবের চাপ (৩) হতাশা (৪) ভৌ গলিক সুবিধা (৫) পারিবারিক দ্বন্ধ (৬) চিত্ত বিনোদনের অভাব (৭) অজ্ঞতা (৮) ব্যক্তিগত কারণ (৯) ধর্মীয় অনুভূতির অভাব (১০) ত্রুটিপূর্ণ ব্যক্তিত্ব [১০]

অন্য গবেষণা সমীক্ষায় দেখা গেছে মাদকা সক্তির কারণ নিম্নরূপ ঃ (১) মাদক দ্রব্যের সহজ লভ্যতা , কৌ তুহল, (২) আসক্ত বন্ধু বান্ধবদের সঙ্গে আড্ডা (৩) হাতে প্রচুর অর্থ এসে যাওয়া (৪) বেকার / নিঃসঙ্গতা মাদক ব্যবসায়ীদের সংস্পর্শ / সহযোগিতা (৬) পারিবারিক বন্ধন নিয়ন্ত্রন ও নিয়ম কানুনের শিথিলতা এবং (৭) আপনজনের মৃত্যুতে শোকে পড়ার পর । [১১]

মাদকাসক্তির পেছনে অনেক কারণ থাকলে ও সবচেয়ে বড় কারণ হিসাবে মনস্তাত্বিক কারনকে উল্লেখ করা যায়। মনোবিজ্ঞানীদের সাধারণ মত - মানুষের অসীম উদগ্র কৌ তুহল থেকেই অপরিনামদর্শী ও আত্মনিয়ন্ত্রনহীন মানুষ প্রথম নেশার প্রতি আকৃষ্ট হয়। নিষেধ ভাঙার মানবীয় প্রবৃত্তি মানুষের নেশাসক্ত হবার পেছনে অনেকটা কাজ করে। কৌ তুহল ও নিয়ম ভাঙার প্রবৃত্তি উস্কে দিতে আরও অনেক প্রত্যক্ষ ও পরোক্ষ কারণ যুক্ত হতে পারে । যেমন পরিবেশ, হতাশা, মাদক দ্রব্যের সহজ লভ্যতা, নিঃসঙ্গতা, সঙ্গদোষ, অর্থনৈতিক সংকট বা অতি প্রাচুর্যতা, অবেহেলা অতি আদর ত্রুটিপূর্ন, শিক্ষা ব্যবস্থা, বিনোদনের অপব্যবহার, শ্রেণীর বৈষম্য ইত্যাদি। কৌ তুহল তীব্রতার ফলে প্রথমে তারা জানতে চায় মাদক দ্রব্য গ্রহণ করলে কি ধরনের অনুভূতি হয়! এ অবস্থায় বেশীর ভাগ ক্ষেত্রে বন্ধুদের সহায়তায় একজন মাদক দ্রব্য গ্রহণ করে থাকে। পরে কোন একটি মাদক দ্রব্যের উপর হয়ত ধীরে ধীরে নির্ভরশীল হয়ে পড়ে। এ পর্যায়ে মদকাসক্ত ব্যাক্তি আর কেবলই কৌ তহলের মতো প্রবৃত্তি দিয়ে চালিত হয়না। শুরু হয় তার শারীরিক প্রতিক্রিয়া। প্রকৃত পক্ষে তখনই সংশ্লিষ্ট মাদকসেবী আটকে যায় মাদকের বেড়াজালে। ইচ্ছা থাকলেও আর পারে না বের হয়ে আসতে সে পথ থেকে । অনেক সময় কেউ কেউ আসতেও চায়না সে পথ থেকে ফিরে। এক্ষেত্রে হতাশা সবচে বড় কারণ । যুবকদের মধ্যে এ অবস্থা বেশী দেখা যায়।

***সমাজ বিজ্ঞানের দৃষ্টিতে মাদকাসক্তি ঃ***

সাধারণভাবে অনেকে মনে করেন, মাদকাসক্তি শুধু মাত্র উচ্চবিত্তের সমস্যা, যাদের প্রচুর অর্থ তারাই শুধু এ ধরনের সমস্যায় আক্রান্ত হয়। অথচ পরিসংখ্যানে দেখা যায় মাদকাসক্তি সমস্যাটি সমাজের সকল শ্রেণীতেই বিস্তৃত। তবে যারা সামাজিক ভাবে বঞ্চিত অর্থনৈতিকভবে দূর্বল, অদক্ষ,ও অশিক্ষিত, সর্বক্ষেত্রে অন্যদের চেয়ে পিছিয়ে পড়া জনগোষ্ঠীর মধ্যেই মাদকাসক্তি সমস্যা বেশী প্রকট রূপ নেয়। তাদের পক্ষে মাদকের ভেড়াজাল ছিন্ন করে আবার সুস্থ জীবনে ফিরে আসার পথ সংকীর্ণ হয়ে আসে। বর্তমান বাংলাদেশের সামাজিক ও অর্থনৈতিক অবস্থা তাই মাদকাসক্তি বিস্তারে সহায়ক। বিভিন্ন বস্তিতে অমানবিক জীবন যাপন, সুস্থ বিনোদনের অভাব ও নগর জীবনের যান্ত্রিকতার মাঝে মাদকাসক্তি প্রবেশ ঘটে অতি সহজে । কিন্তু নেশার এই অতল গহবরে তলিয়ে যাওয়া মানুষদের তুলে আনার জন্য প্রয়োজনীয় সামাজিক, অর্থনৈতিক, পারিবারিক, কোন কাঠামোই অবশিষ্ট নেই । সে জন্যই উন্নত দেশ গুলোতে এ সমস্য শুরু হলেও বর্তমানে নিয়ন্ত্রনাধীন আছে, কিন্তু আমাদের মতো অনুন্নত দরিদ্র দেশে এই সমস্যা আরও ব্যাপক আকার ধারন করেছে । [১২]

***চিকিৎসা বিজ্ঞানের দৃষ্টিতে মাদকতা ঃ***

এইড্স রোগের ৩য় প্রধান উৎস হলো মাদক দ্রব্য সেবন । প্রচলিত মাদক ইনজেকশান এইড্স ভাইরাস দ্বারা দূষিত হয়ে অন্যের শরীরে এইড্স রোগ বিস্তারে সাহায্য করে। তাই মাদকতা থেকে জাতিকে রক্ষা করা জরুরী । মাদকতার শারীরিক ও সামাজিক ক্ষতির শেষ নেই। লন্ডন থেকে প্রকাশিত ডেইলী টেলিগ্রাফ পত্রিকা একটি চিকিৎসা গবেষণার ফলাফল উল্লেখ করে জানিয়েছে, গর্ভবতী মহিলাদের মদ পানের কারণে ভ্রুণ হত্যাসহ সন্তানের মস্তিস্কের রোগ দেখা দিতে পারে, পারিবারিক ভাঙ্গনের কারণে ইউরোপীয় মহিলাদের মধ্যে মদ পান করার প্রবনতা ব্যাপকহারে বৃদ্ধি পেয়েছে। [১৩]

ডঃ টনি পোষ্টাল প্রাথমিক পর্যায়ে ভ্রুনের বিকাশ শীর্ষক গবেষনায় বলেছেন, যুক্তরাষ্ট্রে হত্যার অভিযোগে দন্ডপ্রাপ্ত কয়েদীদের এক তৃতীয়াংশ, মদপান করে এবং মদ পান মায়ের পেটে ভ্রুনরে জীবন ও মস্তিস্কের জন্য অত্যন্ত বিপদজনক। (১৪)

হার্ভাডের ডঃ কার্লোস একামারকো জুনিয়র এর বরাত দিয়ে এপি জানিয়েছে, যারা দৈনিক একাধিকবার মদ পান করে তাদের হৃদরোগের ঝুঁকি বৃদ্ধি পায়। গ্যাষ্ট্রিক, মূত্ররোগ ও মস্তিস্কের ক্যান্সারে আক্রান্ত হতে পারে। অত্যাধিক মদ পানের কারণে মানুষের শরীরে বিরূপ প্রভাব পড়তে পারে এবং তাতে মৃত্যু ঘটতে পারে। (১৫)

মদ পানের কারনে হজম শক্তি আস্তে আস্তে নষ্ট হয়ে যায়। খাবারে অরুচি ও অনীহা সৃষ্টি হয়। শরীরে ক্রমাগত অপুষ্টি বাসা বাঁধতে থাকে, লিভার ও কিডনি নষ্ট হয়ে যায়, পেট বড় হয়ে যায় এবং শরীর শুকিয়ে ওজন কমে যায়। স্নায়ু দুর্বল হয়ে আসে, চেহারার দীপ্ত উধাও হয়ে যায়, চোখের নীচে কালি পড়ে ও চোখ গর্তে ঢুকে, গন্ড দেশ উঁচু হয়ে উঠেও চোয়াল ডুবে যায়। শিরা ধমনী গুলো শক্ত হয়ে পড়ে। অকালে বার্ধক্য আসে এবং সামগ্রিক ভাবে শারীরিক সক্ষমতার উপর মারাত্মক প্রতিক্ষিয়া সৃষ্টি করে। একজন জার্মান ডাক্তার বলেছেন ঃ 'যারা মদ পানে অভ্যস্ত তারা ৪০ বছর বয়সে ৬০ বছরের বৃদ্ধ মানুষের মত অকর্মন্য হয়ে পড়ে এবং তাদের শরীরের গঠন এত হালকা হয়ে যায় যে, ৬০ বছরের বৃদ্ধ লোকেরও তা হয়না। এ ছাড়াও মদ পানে গলদেশ ও শ্বাসনালীর প্রচুর ক্ষতি সাধিত হয়। স্বর মোটা হয়ে যায়। স্থায়ী কফ, কাশি ও যক্ষা রোগের সৃষ্টি হয়। ইউরোপের এক জরীপে এ সত্য প্রমাণিত হয়েছে। শুধু তাই নয়, মদ পানের প্রতিক্রিয়া উত্তরাধিকার সূত্রে সন্তানের উপরও পড়ে। সন্তান দূর্বল ও হাবা হয় এবং অনেকে বংশহীন হয়ে পড়ে। (১৬)

***বাংলাদেশের সংবিধানে মাদক সম্পর্কিত বিধানঃ***

বাংলাদেশের সংবিধানের ১৮ নং ধারার ১নং অনুচ্ছেদে 'জনস্বাস্থ্য ও নৈতিকতা' সম্পর্কে বলা হয়েছে --- "জনগনের পুষ্টির স্তর উন্নয়ন ও জনস্বাস্থ্যের উন্নতি সাধনেকে রাষ্ট্র অন্যতম প্রাথমিক কর্তব্য বলিয়া গন্য করিবেন এবং বিশেষতঃ আরোগ্যের প্রয়োজনে কিংবা আইনের দ্বারা নির্দিষ্ট অন্যবিধ প্রয়োজন ব্যতীত মদ্য ও অন্যান্য মাদক পানীয় এবং স্বাস্থ্য হানিকর ভেষজের ব্যবহার নিযিদ্ধ করনের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহন করিবেন। (১৭)

***মাদক সম্পর্কে বাইবেলের বক্তব্যঃ***

মাদক দ্রব্য সম্পর্কে বাইবেলে বলা হয়েছে " Nor does any one put new wine into old skin, if he does, the new wine will burst the skin, the wine will be wasted and the skin ruined fresh skins for new wine! And no one after drinking old wine wants new, (১৮)

***ইসলামে মদের বিধানঃ***

ইসলাম একটি পরিপূর্ণ জীবন ব্যবস্থা। মানুষের জীবনে প্রয়োজন অথচ ইসলাম সে সম্পর্কে কথা বলেনি এমন একটি বিষয়ও খুঁজে পাওয়া যাবেনা। আল্লাহ রাব্বুল আলামীন মানুষকে আশারাফুল মাখলুকাত অর্থাৎ সৃষ্টির মধ্যে সেরা সৃষ্টি হিসাবে তৈরী করেছেন। তাদের জন্য নেয়ামত হিসাবে অসংখ্য খাদ্য পানীয়ের ব্যবস্থা করেছেন। মানুষকে এত সুযোগ সুবিধা দিয়ে আল্লাহ মূলত পরীক্ষা করেছেন। ইসলাম ধর্মের লক্ষ্য হলো সামগ্রিক ভাবে মানুষের কল্যাণ সাধন করা । তাই মানুষের জীবনের জন্য ক্ষতিকর এমন প্রত্যেকটি খাদ্য পানীয় ও ইসলাম হারাম ঘোষণা করেছে। অপর দিকে সব পাক ও পবিত্র জিনিস হালাল ঘোষণা করেছে। এবং রাসুল (স:) এর সময় থেকে আজ পর্যন্ত সমগ্র মুসলিম উম্মত এ ব্যাপরে সম্পূর্ণ একমত। কোন ইসলাম বিশেষজ্ঞই এক বিন্দু ভিন্নমত প্রকাশ করেনি। দুনিয়ার মুসলমানদের মধ্যে এ নিয়ে এখন পর্যন্ত কোন মতভেদের ও সৃষ্টি হয়নি । [১৯]

সর্ব প্রথম নেশাগ্রস্থ হয়ে নামাজ পড়তে নিষেধ করা হয় । অত:পর তাদের বোঝান হয় যে মদ্যপানের গুনাহ তার কল্যানের তুলনায় অনেক বেশী । আর শেষ পর্যায়ে সূরা আল - মায়েদার ব্যাপক তাৎপর্য পূর্ন আয়াতের মাধ্যমে মদ্যপানকে চিরদিনের তরে ও চূড়ান্ত ভাবে হারাম করা হয়। আল্লাহ বলেন "হে ঈমানদার লোকেরা" নিশ্চিতভাবে জানবে মদ্য, জুয়া, বলিদানের নির্দিষ্ট স্থান এবং ভাগ্য জানার নিয়ম নিতান্তই অপবিত্র শয়তানের

তৎপরতা মাত্র। অতএব তোমরা তা পরিহার কর। আশা করা যায় তোমরা সাফল্য লাভ করতে পারবে। শয়তান শত্রুতা ও হিংসা বিদ্বেষ সৃষ্টি করে দিতে চায় আর আল্লাহর স্মরণ ও নামাজ থেকে তোমাদের বিরত রাখে, এমতাবস্থায় তোমরা এসব কাজ থেকে বিরত হবে কি ? [২০]

নবী করিম (স:) যখন সর্ব প্রথম মদ্যপান নিষেধ ঘোষণা করেন তখন তিনি কি দিয়ে সুরা তৈরী করা হয় , সে দিকে আদৌ ভ্রুক্ষেপ করেননি। তার নয়ন নিবন্ধ ছিল তার ফল ও প্রতিক্রিয়ার উপর। আর তা হচ্ছে মাদকতা। কাজেই যে জিনিসেই এ মাদকতা থাকবে তাই হারাম বিবেচিত হবে , তা-যে বস্তু থেকেই তৈরী হোক' না কেন। মদ্য সম্পর্কে এ হচ্ছে ইসলামের চুড়ান্ত কথা । অতএব Beer এবং তার মত অন্যান্য সর্ব প্রকার মাদক পানীয়ই সম্পূর্ণ হারাম। [২১]

এ ছাড়া হাদিসে মদ পানের জন্য নানা ধরনের কথা বলা হয়েছে। কোথাও মদ্যপকে মূর্তি পুজকের সঙ্গে তুলনা করা হয়েছে । আবার কো্থাও মদ্যপকের সমতুল্য বলা হয়েছে। যেমন ঃ

- মহানবী (স:) বলেছেনঃ অভ্যাসরত মদপায়ী যদি মারা যায় সে আল্লাহর সাথে সেই ব্যক্তির ন্যায় সাক্ষাৎ করবে যে ব্যক্তি মূর্তি পুজা করে। (ইবনে মাজা)।
- হযরত আবু মুছা আশআরী (রা:) হতে বর্ণিত । তিনি বলেন " আমি মদই পান করি, আর মূর্তি পূজাই করি, এর ভেতর আমি পার্থক্য দেখিনা" (নাসাঈ) ।
- হযরত উম্মে সালামা (র:) হতে বর্ণিত মহানবী (স:) বলেছেন " প্রত্যেক নেশা উৎপাদন কারী পানীয় এবং তেজ উৎপাদন কারী খাদ্য নিষেধ ।
- যে জিনিষ অধিক পরিমান পান করলে নেশা উৎপাদন করে তার অল্প পরিমান ও হারাম।" (২২)
- ইসলাম মদ পান করাকেই শুধু হারাম করেনি বরং মদের ব্যবসাকে ও চিরতরে হারাম ঘোষনা করেছে। এমনকি ঔষধ হিসাবেও মদকে হারাম করা হয়েছে।

***বাংলাদেশকে মাদক দ্রব্য ও মাদকাসক্ত হতে রক্ষা করতে কিছু সুপারিশঃ***

বাংলাদেশ থেকে মাদক দ্রব্য নির্মূল করতে ও মাদকাসক্ত মুক্ত হতে নিম্নের ব্যবস্থা গুলো গ্রহন করা যেতে পারে।

- আমরা মাদক বিরোধী আন্দোলনে মসজিদ গুলোকে কাজে লাগাতে পারি।
- দেশের রাজনৈতিক দল গুলো অগ্রণী ভূমিকা পালন করতে পারে।
- মদের উৎপাদন ও ব্যবহার বন্ধে সৎ ও দক্ষ আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী গড়ে তোলা একান্ত প্রয়োজন।
- চোরাচালান রোধ কল্পে কঠোর ব্যবস্থা নেওয়া যেতে পারে।
- সমাজের সকলকে মদের বয়াবহতা সম্পর্কে সচেতন করে তুলতে হবে।
- মাদক ব্যবসায়ীদেরকে সামাজিকভাবে বয়কট করতে হবে।
- সমাজ হতে অশ্লীলতা ও বেহায়াপনা রোধ করতে হবে।
- গ্রামে-গঞ্জে মাদক প্রতিরোধ কমিটি গড়ে তুলতে হবে।
- পাঠ্যপুস্তকে মদের অপকারীতা সমূহ অর্ন্তভূক্ত করতে হবে।
- সীমান্ত গুলোতে কঠোরভাবে মাদক নিয়ন্ত্রন করতে হবে।
- সাংস্কৃতির নামে নেশার পরিবেশ সৃষ্টিকারী বিভিন্ন অপসংস্কৃতিকে রোধ করতে হবে।
- ইলেকট্রনিক মিডিয়া গুলোকে মাদক বিরোধী প্রচারনায় কাজে লাগাতে হবে।
- স্বাস্থ্য সম্পর্কে সকলকে সচেতন করে তুলতে হবে।
- সিম্পোজিয়াম, সেমিনার এবং বিভিন্ন প্রদর্শনীর মাধ্যমে মাদক বিরোধী প্রচারণা চালাতে হবে।
- তরুণ সমাজকে বেকারত্বের অভিশাপ থেকে মুক্ত করতে হবে।
- শিক্ষা- প্রতিষ্ঠান গুলোকে সন্ত্রাসমুক্ত করতে হবে।
- ইসলাম সম্পর্কে মানুষকে সচেতন করে তুলতে হবে।

সুতরাং আমাদের প্রত্যেকের উচিত মাদকাসক্তির বিরুদ্ধে তীব্র প্রতিরোধ গড়ে তোলা এবং যার যে ভাবে সম্ভব সে ভাবেই যথাযতথ ভূমিকা রাখা । সবাই এক যোগে এগিয়ে আসলেই হয়তো বাংলাদেশের ১৩ কেটি মানুষকে মাদক নামক মরন ব্যাধির হাত থেকে রক্ষা করা যাবে। গড়া যাবে মাদক মুক্ত সুশৃংখল ও সুন্দর একটি সমাজ। যেখানে থাকবেনা কোন অন্যায়, অত্যাচার ও অবিচার। থাকবে শুধু শান্তি আর শান্তি।

<u>তথ্যসূত্র ঃ</u>


(১) মুহাম্মদ সামাদ, ***'মাদকাসক্তি এবং মাদক দ্রব্য চোরাচালানের রাজনৈতিক ও অর্থনৈতিক দিক;*** ঢাকা বিশ্ববিদ্যালয় পত্রিকা, ৪২ সংখ্যা, ফেব্রুয়ারী , ১৯৯২ ইং, পৃষ্টা ১৪৮।

(২) এ, কে নাজিবুল হক, ***মন ও মনোবিজ্ঞান***, সম্পাদনা, এ খালেক ও এ,ইউ, আহমেদ, ১৮৮৯ইং পৃঃ ২০০।

(৩) **Socislogy and Social life**, Newyork 1962, P 446

(৪) এ, কে, এম, মনিরুজ্জামান, ***মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইন***, খোশরোজ কিতাব মহল, ঢাকা, ১৯৯৯ইং পৃঃ ১।

(৫) আবদুল মতিন, ***"মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইন"*** মাদল প্রকাশনী, ঢাকা ১৯৯০ইং পৃঃ ৪।

(৬) ***বাংলাদেশে প্রচলিত মাদক দ্রব্য,*** মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর ও ইউ, এন, ডি, সি পি, কর্তৃক প্রকাশিত গ্রন্থ পৃঃ ৩ ।

(৭) এ, এম, নাজিবুল হক, প্রাগুক্ত, পৃঃ ২০১।

(৮) মোস্তাফা হাসান, ***মাদকাসক্তি নিরাময়ে পরিবারের ভূমিকা : একটি পর্যালোচানা,*** ঢাকা বিশ্ববিদ্যালয় পত্রিকা, যুক্ত সংখ্যা ৫৯, ৬০, ৬১, অক্টোবর ১৯৯৭ইং, জুন ১৯৯৮ইং পৃঃ৭৯ ।

(৯) **Contemporary social problems**, Newyork, 1997. P 205 The new English Bible , 1961, P-100.

(১০) আবদুল হাকিম সরকার প্রমুখ, ***বাংলাদেশে মাদকাসক্তি সমস্যা : সাম্প্রতিক গতি প্রকৃতি***, ঢাকা বিশ্ববিদ্যালয় পত্রিকা, সংখ্যা ৬৫, অক্টোবর ১৯৯৯ ইং, পৃঃ ২১২।

(১১) বশিরা মান্নান,' ***বাংলাদেশে মাদকাসক্তি নিরাময়ে পরিবার ওচিকিৎসা প্রতিষ্ঠানের ভূমিকার একটি স্বতন্ত্র মূল্যায়ন ;*** ১৯৯৪ ইং বাংলাদেশ মাদক দ্রব্য বিরোধী ফেডারেশন, ঢাকা পৃঃ ৩৮।

(১২) ডাঃ নিঘাত আরা,***'মাদকাসক্তির বিভীষিকা ও মুক্তির উপায়'***, বিদ্যা প্রকাশ, ২০০১ ইং, পৃ; ।

(১৩) সাপ্তাহিক আদ্‌দাওয়াহ, ১০ইং অক্টোবর ১৯৯৩, রিয়াদ, সৌ দি আরব।

(১৪) এ, এন, এম, সিরাজুল ইসলাম, ***ইসলামের দৃষ্টিতে এইড্‌স রোগের উৎস ও প্রতিকার*** " আধুনিক প্রকাশনী, ১৯৯৭ইং, পৃঃ ৩২।

(১৫) দৈনিক ইনকিলাব, ১৮ই নভেম্বর ১৯৯৪ সাল, ঢাকা।

(১৬) এ, এন, এম, সিরাজুল ইসলাম, প্রাগুক্ত পৃঃ ৩৩ ।

(১৭) গনপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান , পৃঃ ৬।

(১৮) মওলানা মুহাম্মদ আব্দুর রহীম, ***অপরাধ প্রতিরোধে ইসলাম,*** খাইরুন প্রকাশনী, ঢাকা ১৯৯৭ ইং পৃঃ ২৩৮।

(১৯) আল্ - কুরআন, সূরা মায়েদা, আয়াত ৯০ - ৯১।

(২০) আল্লামা ইফসুফ আল - কারযাভী (রঃ)' ***ইসলাম হালাম হারামের বিধান'*** পৃঃ ১০২।

(২১) মওলানা ফজলুল করিম (অনু), ***মেশকাত শরীফের বাঙ্গানুবাদ***, (৩য় খন্ড), ইসলাম মিশন লাইব্রেরী, ঢাকা ১৯৭৬ ইং পৃঃ ১০১৬-১০১৭।

# *বিশ্বের গণমাধ্যমে মুসলমানদের অবস্থান*

মু.আব্দুল্লাহ্ আল মিজান*

*ভূমিকা:* মিডিয়া আগ্রাসন মুসলিম উম্মাহর সামনে আজ এক বড় চ্যালেন্জ। বিশ্ব গণমাধ্যম বিশ্ব রাজনীতি ও বিশ্ব অর্থনীতি নিয়ন্ত্রণ করে থাকে। পাশাপাশি বিকল্প এমন কোন শক্তি নেই যা বিশ্বের এই শক্তিশালী প্রচার মাধ্যমের লাগাম টেনে ধরবে। মুসলমানদের অজ্ঞতা, অসচেতনতা ও নির্লিপ্ততার সুযোগ নিয়ে বিশ্ব গণমাধ্যম আজ মুসলমানদের মাথায় চেপে বসেছে। মিডিয়া বা গণমাধ্যম বলতে আমরা সাধারণত ইলেক্ট্রিক ও প্রিন্টিং এ দুটো মাধ্যমকেই বুঝে থাকি। আর দুটো মাধ্যমেই চলছে পশ্চিমা ও অমুসলিমদের দুর্দান্ত দাপট। তবে মুসলিম মিডিয়াগুলো একেবারেই যে হাত-পা গুটিয়ে বসে আছেন এমনটিও নয়। দেরীতে হলেও কিছু কিছু ক্ষেত্রে বিশ্ব মুসলিম গণমাধ্যম ইতোমধ্যে কাজ শুরু করেছে। আলোচ্য প্রবন্ধে বিশ্ব গণমাধ্যমে মুসলমানদের বর্তমান অবস্থান নিয়ে আলোচনা করা হবে। তবে মুসলমানদের বর্তমান অবস্থা সঠিকভাবে জানতে হলে আগে অমুসলিমদের অবস্থা জেনে নেয়া দরকার। যা মুসলমানদের তুলনামূলক অবস্থান ও করণীয় নির্ধারণে সহায়ক ভূমিকা পালন করবে। তাই আলোচ্য প্রবন্ধে দুটো মাধ্যমেই প্রথমে অমুসলিমদের ও পরে মুসলমানদের অবস্থান নিয়ে আলোচনা করতে প্রয়াস চালানো হবে।

⊡ ***গ্লোবাল প্রিন্ট মিডিয়ায় অমুসলিমদের অবস্থান:***

বলতে দ্বিধা নেই যে, অমুসমিরাই আজ মিডিয়া জগতের পথিকৃত। বিশ্বের বুকে বহুল পরিচিত ও পরিচিত তাদের কয়েকটা সংস্থার খন্ডচিত্র এখানে সংক্ষেপে তুলে ধরা হলো।

**The Newyork Time Company:** একটি বহুমুখী গণমাধ্যম সংস্থা। যা বিক্ষিপ্তভাবে প্রায় ১৯৫টি দেশে ১.৫ মিলিয়ন বা তারচে বেশী সার্কুলেশন রয়েছে। নিউজ

পেপার, ব্রড কাস্টিং, ম্যাগাজিন, নিউ ইয়র্ক টাইম ডিজিটালসহ বহুবিধ সংবাদপত্র, টেলিভিশন, রেডিও স্টেশন, ম্যাগাজিন, ইলেক্ট্রিক ইনফরমেশন ডাটাবেজের মত বিশাল বিশাল অঙ্গ সংগঠন রয়েছে নিউইয়র্ক টাইম সংস্থার পরিচালনায়। রয়েছে নিজস্ব প্রকাশনা সংস্থা, ইন্টারনেট ব্যবসা এবং বনজ সম্পদখাতে বিনিয়োগ। International Hereld Tribune এর ৫০ শতাংশ মালিকানা ও কানাডিয়ান নিউজ কোম্পানির উল্লেখযোগ্য লভ্যাংশ টাইম ম্যাগাজিনের দখলে।[১]

**The Economist:** লন্ডন প্রকাশিত এই সাপ্তাহিকটি ১৮৪৩ সালে স্যার জেমস্ উইলসন এর সম্পাদনায় প্রথম প্রকাশিত হয়। পত্রিকা প্রকাশে তার মূলনীতি ছিল "We seriously believe that free trade, free intercourse, will do more than any other extend civilization and morality through out the world." শুরুতে পত্রিকাটি শুধুমাত্র সংবাদ পরিবেশনার কাজ করলেও বর্তমানে সমসাময়ীক বিষয়, ব্যবসা-বানিজ্য, অর্থনীতি ও সম্পদ নিয়ে কাজ করছে। পত্রিকাটির সবচেয়ে বড় বৈশিষ্ট হলো এখানে বাইলাইনের কোন সংবাদ থাকেনা, কেননা সংবাদপত্রে সংবাদই হলো প্রধান প্রতিপাদ্য। পত্রিকাটি গবেষক, সেমিনার আয়োজকদেরকে ম্যাগাজিন, জার্ণাল, থিসিস পেপারসহ বিভিন্ন কাজে বিভিন্ন গুরুত্বপূর্ণ ডকুমেন্টস, ডাটা ও পরামর্শ দিয়ে সহযোগিতা করে থাকে। ইন্টারনেট ও ইলেক্ট্রিক মাধ্যমে পত্রিকাটির রয়েছে বিশাল কার্যক্রম। তাছাড়া পত্রিকাটি ক) ইকোনমিস্ট ইউনিট খ) ই-বিজনেস ফোরাম গ)

---

* লেখকঃ শরীয়াহ্ ফ্যাকাল্টির অফিস এডমিনিস্ট্রেটিভ

ইকোনমিস্ট এন্টারপ্রাইজ, ঘ) ইকোনমিস্ট কনফারেন্স, নেটওয়ার্কসহ বিভিন্ন অঙ্গ সংগঠন রয়েছে। সংস্থাটি শুধুমাত্র পত্রিকা প্রকাশনার মাধ্যমে ২০০১ সালে ২৭৫ মিলিয়ন পাউন্ড লাভ করে ।[২] পত্রিকাটি লন্ডন ভিত্তিক হলেও ভার্জিনিয়া, লন্ডন এবং সিঙ্গাপুর থেকে একত্রে প্রকাশিত হয়। প্রতিদিন গড়পড়তা সার্কুলেশন ৪ লাখের ও বেশী।

**The Wall Street Journal:** এটি এশিয়া ও ইউরোপের বেশ প্রসিদ্ধ পত্রিকা। এর গড় পড়তা সার্কুলেশন প্রতিদিন ৯০,০০০ এরও বেশী।

**The Internatinal Herald Tribune:** যা নিউ ইয়র্ক টাইমস্ এবং ওয়াশিংটন পোস্ট প্রকাশ করে থাকে। এর সদর দপ্তর ফ্রান্সে। সিঙ্গাপুর, হংকংসহ বিশ্বের প্রধান ১০টি সিটি থেকে একত্রে প্রকাশিত হয়। এবং প্রতিদিনের সার্কুলেশন ২১০,০০০ এরও বেশী।

**USA Today International:** এটি ইউরোপের সবচে জনপ্রিয় পত্রিকা। একত্রে হংকং, সিঙ্গাপুর এবং সুইজারল্যান্ড থেকে প্রকাশিত হয়। যার বিশ্বব্যাপী গড়ে ৯০,০০০ সার্কুলেশন রয়েছে প্রতিদিন।

**World Paper:** ওয়াল্ড টাইম কোম্পানি কর্তৃক প্রকাশিত ওয়াল্ড পেপার" বিশ্বের বড় বড় ১০টি শহর থেকে প্রকাশিত হয়। যা ল্যাটিন আমেরিকা, এশিয়া এবং মিডল ইস্ট এ বহুল প্রচারিত পত্রিকা। যার সার্কুলেশন গড়ে ১০,০০০ এরও বেশী।

**The Financial Time of London:** এটি বিশ্বের অর্থনীতির উপর শ্রেষ্ঠ পত্রিকা। গোটা বিশ্বে যার সার্কুলেশন ৩ লাখেরও বেশী।

এসব পত্রিকার পাশাপাশি আন্তর্জাতিক মানসম্পন্ন পত্রিকার মধ্যে Le Monde (ফ্রান্স), El Pais (spain) এছাড়াও রয়েছে কিছু বিশ্বমানের নিউজ এজেন্সি যেমন- ইতারতসি, ইউনাইটেড প্রেস ইন্টারন্যাশনাল, এজেন্সি ফ্যান্স প্রেস, রয়টার, এ্যাসোসিয়েটেড প্রেস ইত্যাদি।

***অমুসলিম নিয়ন্ত্রিত ম্যাগাজিন:*** বিশ্ব ম্যগাজিন সমূহের মধ্যে Reader Digest রয়েছে সর্বোচ্চ পর্যায়ের। যা ১৫টি ভাষায় বিশ্বের ২০০টি দেশে ১৫টি সতন্ত্র ভার্সনে প্রকাশিত হয়। সারা বিশ্বের প্রায় ২০০টি দেশে এর প্রচার রয়েছে। ১৯৯৫ সালে এই ম্যাগাজিনের গড় সার্কুলেশন ছিল ১৬.৫ মিলিয়ন।

Time ম্যাগাজিন বিক্ষিপ্তভাবে ১৯৫ দেশে প্রায় ১.৫ মিলিয়ন সার্কুলেশন রয়েছে। Global Magazine এরমধ্যে Asia Week, President (Japan), Yazhou Ahoukan (China), Business Week, Forune, Harverd Business Review সমধিক পরিচিত।

***পুস্তক প্রকাশনা:*** বই-পুস্তক প্রকাশের ব্যাপারেও পশ্চিমা বিশ্ব শীর্ষে অবস্থান করছে। প্রতি বৎসর যুক্তরাজ্য গড়পড়তা ৫৯,০০০ এবং যুক্তরাষ্ট্র ৪০,০০০ নতুন বই প্রকাশ করে। মুসলিম বিশ্বের মধ্যে মালয়েশিয়া প্রতিবৎসর ৪০০০ নতুন বই প্রকাশ করে। পাকিস্তান প্রকাশ করে ৩২০টি নতুন বই।

### ⊡ Global Broadcasting Media-*য় অমুসলিমদের অবস্থান:*

বিশ্বেও ১৫০টির ও বেশী দেশ International Short Wave (আন্তর্জাতিক নিম্ম তরঙ্গ) এর সাথে যুক্ত। প্রচন্ড প্রতিযোগিতার এ বিশ্বে নিম্মোলিখিত পাচটি আন্তর্জাতিক সংস্থা ব্রডকাস্টিং জগতে পরিচালকের সীটে অবস্থান করছে।

**The Voice of America:** যুক্তরাষ্ট্র সরকারের অনুমোদনপ্রাপ্ত ও মালিকানাধীন এ সংস্থাটি ১৯৬০ সালে তার পূর্ণতার জন্যে একটি দলিল স্বাক্ষর করে এবং ১৯৭৬ সালের ১২ জুলাই মাসে পাবলিক আইন ৯৪-৩৫০ এক্ট এর আওতায় রেজিস্ট্রিভূক্ত করা হয়। এর প্রথম ও প্রধান লক্ষ্য ছিল, যুক্তরাষ্ট্রের সুদুর প্রসারী সার্থ ও কর্মসূচী বাস্তবায়নের জন্য রেডিও সংবাদ প্রচারের মাধ্যমে সারা বিশ্বের সাথে সম্পর্ক নিবিড় করা। শ্রোতাদের আস্থা ও আগ্রহ বৃদ্ধির জন্য নির্ভরযোগ্য সংবাদ পরিবেশনা, আমেরিকান রাজনীতির পরিস্কার ও স্বচ্ছ ধারণা

প্রচার এবং বিশ্বের বুকে গোটা যুক্তরাষ্ট্রের প্রতিনিধিত্ব করা।[৩] মাত্র কিছু দিন পূর্বে সংস্থাটি তার অর্ধশত বৎসর পূর্তি উৎসব শেষ করেছে। এ সংস্থাটি ১৫০ মিলিয়ন শ্রোতার কাছে ৪০টি ভাষায় তাদের সংবাদ, ফিচার, সঙ্গীতসহ নানাবিধ বিষয় প্রচার করে থাকে।

## The World Service of the British Broadcasting Corporation (BBC):

বিবিসি সংবাদ সংস্থাটি ১৫০ মিলিয়ন শ্রোতার কাছে ৩৭টি স্বতন্ত্র ভাষায় সংবাদসহ নানাবিধ প্রোগাম প্রচার করে থাকে। উপসাগরীয় যুদ্ধের পর থেকে সংস্থাটির জনপ্রিয়তা সর্বশীর্ষে অবস্থান করছে।

**DW-WORLD.DE:** DW-WORLD বা Deutsche Well সংক্ষেপে ডয়চে ভেল নামে পরিচিত জার্মান ভিত্তিক এ সংস্থাটি জার্মান, বাংলা, হিন্দী ও উর্দূসহ ৩০টি ভাষার অনুষ্ঠানমালা সারা বিশ্বে সম্প্রচার করে থাকে। প্রচার মাধ্যম শর্ট-ওয়েভ, ইন্টারনেট ও স্যাটেলাইটের মাধ্যমে। ১৯৯২ সাল থেকে জার্মান, ইংরেজী ও স্পানিশ ভাষায় টেলিভিশন অনুষ্ঠান প্রচার করে আসছে। ডয়চে ভেলে বাংলা অনুষ্ঠান শুরু করেছে ১৯৭৫ সালের ১৫ই এপ্রিল, বাংলা ১৩৮০ সাল ১লা বৈশাখ থেকে। পঞ্চাশ মিনিটের এই প্রত্যাহিক বাংলা অনুষ্ঠান জার্মানি, ইউরোপ এবং বিশ্বের সব আধুনিক ও বিশ্বমুখি সংবাদ প্রচারে ইতিমধ্যে নির্ভরযোগ্যতা পেয়েছে। এ ছাড়াও এ প্রতিষ্ঠানটি রাজনীতি, অর্থনীতি, সাহিত্য ও সংস্কৃতি, সঙ্গীত, যুবগোষ্ঠী, শিক্ষা, ক্রিড়া, বিজ্ঞান তথা তথ্য প্রযুক্তি বিষয়ে বিশেষ অনুষ্ঠান প্রচার করে থাকে।[৪]

**Associate Press:** ১৯৪৮ সালের প্রথম দিকে NewYork সিটিতে প্রকাশিত ছয়টি পত্রিকার ১০জন সাংবাদিক একত্রে NewYork Sun পত্রিকার ডেস্কে ডেস্কে বসত। তাদের একটি নিয়ম ছিল যে, তারা প্রতিদিনই কমপক্ষে এক ঘন্টার জন্য একটা নির্দিষ্ট বিষয়ে একত্রিত হয়ে চিন্তা করবে। বিশেষ করে সংবাদ মাধ্যমে টেলিগ্রাফ, ইলেক্ট্রিক ও ইলেক্ট্রনিক্সের ব্যবহার প্রসঙ্গে। ডেভিড হেলের উদ্যোগে তারা NewYork - শহরের ৬টি পত্রিকার সমন্বিত প্রচেষ্টা, হস্তক্ষেপে ও ফাইনান্সের বিনিময়ে একটি টেলিগ্রাফিক সংবাদ মিডিয়া স্থাপন করতে সক্ষম হন। ডেভিড হেলই প্রথমে পশ্চিমা ও দুরপ্রাচ্যের সংবাদ একত্রিত করে একই স্থান থেকে তা প্রচারের উদ্যোগ নেন। এভাবে একটি সিদ্ধন্তের বদৌ লতে ছয়টি পত্রিকা কোম্পানির যৌ থ প্রযোজনায় Associated Press নামে যে নতুন সংস্থাটি প্রতিষ্ঠিত হয়, তা আজ বিশ্বের বুকে ১৫০০ এর ও বেশী নিউজ পেপার এবং ৫০০০ এর ও বেশী ব্রডকাস্টিং কোম্পানি পরিচালনা করছে। যুক্তরাষ্ট্রের বাইরেও তা ১১২টি দেশে সংবাদ ব্রডকাস্ট করছে। এ সংস্থাটির পরিচালনায় বর্তমানে ১৫,০০০ টি নিউজ সংস্থা কাজ করছে। ৪৭টি পুলিৎজার পাওয়া এ পত্রিকাটি ১৯৯৮ সালে Associated Press তার ১৫০তম প্রতিষ্ঠা বাষিকী উদযাপন করেছে।[৫]

৮০ এবং ৯০ এর দশকে ব্রড কাস্টিং ইতিহাসে স্যাটেলাইট ব্যবস্থাপনা যোগ করেছে এক নতুন অধ্যায়। Cable Nwes network (CNN) এর পরিচালক Ted Turner এই নব দিগন্তের সূচনা করেন। ১১২ টি দেশের ৭৫ মিলিয়ন পরিবার বিশ্বের হাজারো হোটেলের বাসিন্দা CNN এর সংবাদ প্রত্যক্ষ করে থাকে। International Vidio Service of Japan যা (NHK) নামে সমধিক পরিচিত যা CNN এর সাথে প্রতিযোগিতায় নামে। এ ছাড়াও আন্তর্জাতিক যোগাযোগ সংস্থা যেমন- VISNEWS এবং World Wide Television News (WTN) বিশ্বের বিভিন্ন টেলিভিশন স্টেশনে তাদের সংবাদ, ছবি ও সঙ্গীত প্রেরণ করে। যুক্তরাষ্ট্রের World Net সংস্থাটি বিশ্বের ৫৮টিরও বেশী দেশে তাদের নিজস্ব মুভি এবং ভিডিও টেপ প্রেরণ করে থাকে। অতি সম্প্রতি Fox Television Network বিশ্বব্যাপী তাদের প্রোগ্রাম প্রচার করতে শুরু করেছে। স্যাটেলাইট ডিশ এ্যান্টেনা টেলিভিশন প্রচার মাধ্যমের সাথে যুক্ত হওয়ার সাথে সাথে ভিডিও ক্যাসেট এবং ফিল্ম তাদের একটা শক্তিশালী অবস্থান এনে দিয়েছে। এ ব্যাপারে আমেরিকা রয়েছে সর্বোচ্চ পর্যায়ে। যেখানে আফ্রিকা এবং ইউরোপ তাদের মোট টেলিভিশন প্রোগ্রামের ৪০ শতাংশই আমদানী করে থাকে, সেখানে আমেরিকা আমদানী করে মাত্র ২ শতাংশেরও কম। এখন হলিউডে নির্মিত ফিল্ম এবং মুভি বিশ্বের আনাচে কানাচের সর্বোত্রই পাওয়া যায়। স্যাটেলাইটের যাত্রার প্রথম দিকে ১৯৯০ সালে আমেরিকা শুধু মুভি এক্সপোর্ট করেই ৩ বিলিয়ন ডলার কামাই করে, যা এখন ১০ বিলিয়নে উন্নীত হয়েছে। মিডিয়ার কোন

সীমারেখা নেই, নেই কোন বিধি নিষেধ। এ সুযোগ গ্রহণ করে আমেরিকা শুরু করেছে New World Order বা নতুন বিশ্ব তথ্য নির্দেশিকা। যার একমাত্র লক্ষ্যমাত্রা হচ্ছে মুসলিম বিশ্বে সাংস্কৃতিক আগ্রাসন এবং সাথে সাথে তৃতীয় বিশ্বের সভ্যতা ও সংস্কৃতিতে তাদের নগ্ন ও উলংগ সংস্কৃতি চাপিয়ে দিয়ে তাদেরকে বিপথগামী ও বিভ্রান্ত করা। ইন্টারনেট বর্তমান বিশ্বকে আমাদের বেডরুমে এনে দিয়েছে। যার নেতিবাচক প্রভাব পড়েছে ভয়ংকরভাবে মুসলমানদের উপর। কেননা এ আগ্রাসনের বিপরীতে মুসলমানদের তেমন কোন প্রস্তুতি বা পদক্ষেপ কোনটাই নেই। সুতরাং স্বভাবতই ব্রডকাস্টিং এর সিংহভাগই রয়েছে পশ্চিমাদের কব্জায়। আর এসব কারণেই গোটা মুসলিম বিশ্বকে নির্ভর করতে হচ্ছে শুধুমাত্র পশ্চিমের উপর।

আধুনিক বিশ্বসংবাদ ও সাংবাদিকতা রাজ্যের একক অধিপতি সিএনএন। সংস্থাটি গোটাবিশ্বে ২৪ ঘন্টাই সংবাদ প্রচার করে তার আধিপত্যের জানান দিচ্ছে। সি এন এন এর প্রতিষ্ঠাতা একজন Ted Tuener মিলিয়নিয়র ইহুদী। তার স্বপ্ন ছিল গোটা বিশ্বকে নিয়ন্ত্রন করা এবং তিনি তা সম্পূর্ণ সফলভাবে বাস্তবায়ন করতে সক্ষম হয়েছেন। এর পেছনে যে জিনিসটি কাজ করেছে তাহলো- তার দুরদৃষ্টি, দৃঢ় পদক্ষেপ ও আন্ত রীকতা। অত্যন্ত দু:খের ব্যাপার হলো মুসলমানদের মাঝে রয়েছে অসংখ্য বিলিয়নিয়র। কিন্তু নেই কোন দুরদৃষ্টি ও দৃঢ় পদক্ষেপ। উদাহরণত আমরা Adnan Khashoghi এর নাম বলতে পারি। যে মধ্যপ্রাচ্যের অন্যতম একজন ধনকুবের এবং বিলিয়নিয়র। কিন্তু তিনি তার এ বিশাল সম্পদ ব্যয় করেণ শুধুমাত্র ঘোড়া পালন, ঘোড়া দৌ ড় প্রতিযোগীতা, তার বাসভবনের সৌ ন্দয় বৃদ্ধির কাজে ও বিলাস বহুল জীবন যাপনে।

এ সবের বিবেচনায় বিশ্ব প্রিন্ট মিডিয়াতে মুসলমানদের অবস্থান যৎসামান্যই বলা চলে। এককালে জ্ঞান-বিজ্ঞানের সকল শাখায় মুসলমানদের পদচারণায় মুখরিত ছিল সর্বত্র। আজ সেখানে ইয়াহুদী-খৃস্টান আর অমুসলিমদের দয়ায় চলতে হচ্ছে। আর তারা বিশ্বের সামগ্রিক ঘটনা প্রবাহকে নিজেদের মতো করে ও সার্থের অনুকুলে প্রচার করছে। মিডিয়ার অপব্যবহারে আজ তারা সত্যকে মিথ্যা আর মিথ্যাকে সত্য বলে চালিয়ে দিচ্ছে সার্থকভাবে।

***অপপ্রচারের নিদর্শন:*** অমুসলিম নিয়ন্ত্রিত মিডিয়ার অপপ্রচারের একটা নিদর্শন হলো ডা: আরমান আল-জাওয়াহিরীর একটা সাক্ষাৎকার। যিনি আল-কায়েদা সংগঠনের দ্বিতীয় প্রধান ব্যক্তিত্ব। লন্ডন থেকে প্রকাশিত "আল মাজাল্লাহ্" পত্রিকায় তিনি এক সাক্ষাৎকারে বলেন: আফগানিস্থানের চলমান যুদ্ধ পরিস্থিতিতে আমেরিকা কাজের চেয়ে অপপ্রচারই চালাচ্ছে বেশী। কারণ আমেরিকা বিশ্ববাসীকে বুঝাতে চাচ্ছে যে, মার্কিন বাহিনী কখনও পরাজিত হতে পারে না। কিন্তু আসলে মার্কিন বাহিনীর সফলতার চেয়ে ব্যর্থতাই বেশী প্রমানিত হয়েছে। একইভাবে তারা তালেবান নেতা মোল্লা মোহাম্মদ ওমরকে তাদের বন্দী বলে প্রচর করলেও আসলে তিনি বন্দী নন, তিনি এখনও যুদ্ধের ময়দানে জেহাদে লিপ্ত। আসলে আমরা মিডিয়ার অভাবে আসল চিত্র বিশ্ববাসির নিকট তুলে ধরতে পারছি না। আর এ সুযোগ নিয়েই আমেরিকা মিথ্যা, বানোয়াট ও মুখরোচক সংবাদ প্রচার করছে।[৬]

### ⊡ *গ্লোবাল প্রিন্ট মিডিয়ায় মুসলমানদের অবস্থান:*

মুসলমানদের কিছু আন্তর্জাতিক মানের পত্রিকা থাকলেও Global Village- এ এর নিজস্ব অবস্থান খুবই দুর্বল। আমরা মিশর থেকে প্রকাশিত ও প্রচারিত "আল্ আহরাম" পত্রিকার কথা বলতে পারি। তবে তা শুধুমাত্র আরব বিশ্বের মধ্যেই সীমাবদ্ধ। মুসলিম দেশ সমূহের জাতীয় পত্রিকার জন্য আন্তর্জাতিক সংবাদ কিনতে হয় পূর্বকথিত সংবাদ সংস্থার কাজ থেকে। যার পুরোটাই ইহুদী-খৃস্টান সার্কেল নিয়ন্ত্রণ করে থাকে। আর তারা ইসলাম বিরোধী কর্মকান্ডে পুরো মাত্রায় সচেতন। তারা মুসলিম বিশ্বের ভাল সংবাদগুলোকে অতি সচেতনতার সাথে ওভারলুক করে ইসলাম ও মুসলমানদের নিয়ে বিদ্রুপ করতে মোটেও দ্বিধা করেনা। এখন দিন ফিরতে শুরু করেছে। মুসলিম মিডিয়া ও লেখনি সোচ্চার হচ্ছে। আগের থেকে মুসলিম মিডিয়াগুলো এখন বেশ সচেতন। বিশ্বের এই গতিময় পরিবর্তনে মুসলমানরাও অংশ নিতে শুরু করেছে। কিছু কিছু মুসলিম মিডিয়া বেশ জোরে সোরে কাজ চালিয়ে যাচ্ছে। আবার কেউ কেউ কাজ করছে গোপনে চুপিসারে। আমরা কয়েকটি মুসলিম গণমাধ্যমের কার্যক্রম নিয়ে আলোচনা করবো।

**Al Bayan:** "খাইরুল আ'মালি আদ্ ওয়ামুহা ওয়া ইন কাল্লা" এই শ্লোগান নিয়ে সাধারণ সংস্কৃতির সাথে মুসলিম সংস্কৃতির বৈষম্য তুলে ধরা এবং পশ্চিমা সংস্কৃতির মধ্যে মুসলিম সংস্কৃতির বিকাশ ঘটানোর সুন্দর দা'ওয়াতী অঙ্গীকার নিয়ে পত্রিকাটির ১৯৮৬ সালের আগস্ট মাসে (১৪০৬ হিজরী, জিলহাজ্জ মাসে) প্রকাশনার যাত্রা শুরু করে। পত্রিকাটি ১৪২১ হিজরী রমজান মাস পর্যন্ত এ যাবত কালে তার ১৫৭টি সংখ্যা প্রকাশের মাধ্যমে মুসলিম বিশ্বে নিম্নল্লেখিত ভূমিকা পালন করে আসছেঃ

আহলি সুন্নাত ওয়াল জামায়াতের আক্বিদা ও কোরআন-সুন্নাহ ও দলীল নির্ভর শরীয়াহ-র জ্ঞান প্রচার, গঠনমূলক দা'ওয়াতী প্রোগ্রাম যা উম্মাতকে সঠিক পথ নির্দেশ করে থাকে, মুসলমানদের সামগ্রীক সমস্যার সমাধানে প্রয়াস চালানো, অর্থনৈকি, রাজনৈতিক সমস্যাগুলো তুলে ধরে বিশ্ব মুসলিমকে একতাবদ্ধ করা, জাতিগত বিভেদ, বর্ণ বৈষম্য দুরিকরণে পত্রিকাটি বিশেষ ভূমিকা নিয়ে থাকে। মুসলমানদের বিরুদ্ধে পশ্চিমা ষড়যন্ত্রের ব্যাপারে সতর্ককরণে পত্রিকাটির ভূমিকা অনবদ্য।[৭]

**Ad Da`wah:** ইসলাম ও ইসলামী সমাজের দা'ওয়াহ্ কার্যক্রমের অঙ্গীকার নিয়ে ১৩৮৫ হিজরী সনের শাওয়াল মাসে প্রথম সংখ্যা প্রকাশের মাধ্যমে পত্রিকাটির যাত্রা শুরু হয়। প্রথম দিকে এটি সাপ্তহিক কাগজ আকারে বের হলেও ৫৩০তম সংখ্যা থেকে তা ম্যাগাজিন আকারে প্রকাশ পাচ্ছে। সউদী আরবের বিশিষ্ট শিক্ষাবিদ, সাবেক গ্রান্ড মুফতি, প্রধান বিচারপতি ও ইসলামী শরীয়াহ্ কাউন্সিলের প্রধান মোহাম্মাদ বিন ইব্রাহীম আল শাইখ পত্রিকাটির প্রতিষ্ঠাতা পরিচালক। ডিরেক্টরাল বোর্ডের সদস্যদের অধিকাংশই হচ্ছেন সউদী সাবেক বিচার মন্ত্রনালয়ের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ। বর্তমানে আব্দুল আযীয আল ঈসার সুচারু সম্পাদনায় পত্রিকাটি সুন্দর সব পদ্ধতি অবলম্বন, জ্ঞান ও বুদ্ধিমত্তা দিয়ে বিশ্বমানবতার কাছে আল্লাহর দা'ওয়াত পৌ ছে দিচ্ছে।[৮]

**Al Bilad:** সৌ দি আরবের সবচেয়ে পুরানো দৈনিক পত্রিকা আল্ বিলাদ অর্থনৈতিক সংকটের কারণে হঠাৎ বন্ধ হয়ে গেছে। চলতি বৎসরের শুরু থেকে পত্রিকা স্টান্ডে আর বিলাদ দেখা যাচ্ছে না। জেদ্দা ভিত্তিক পত্রিকাটির প্রথম প্রকাশনা শুরু হয় যে বৎসর আধুনীক সৌ দি আরব ঐক্যবদ্ধ হয় সে বৎসরই ১৯৩২ সালে। তখন অবশ্য পত্রিকাটির নাম ছিল "হেজাজের কণ্ঠস্বর" ২৮ বৎসর পর এর নামকরণ করা হয় "আল্ বিলাদ"। বিলাদ অর্থ দেশ। বর্তমান সময়ে তার প্রচার সংখ্যা কয়েক হাজার হলেও প্রায় ৫ কোটি রিয়াল লোনের বোঝা মাথায় নিয়ে ও সাংবাদিক-কর্মচারীদের ৫ মাস ধরে বেতন দিতে না পারায় পত্রিকাটি দু:খজনকভাবে বন্ধ হয়ে যায়।[৯]

**Pictorial News Review:** পাকিস্থান ভিত্তিক এ পত্রিকাটির সম্পাদনা করেন সৈয়দ আব্দুল হাফীজ। যা একটি আন্তর্জাতিক মানসম্পন্ন মাসিক পত্রিকা। রাজনীতি, অর্থনীতি, বিজ্ঞান, খেলাধুলা, আইটি বিভিন্ন বিষয় নিয়ে পত্রিকাটির বিশেষ নিবন্ধ প্রকাশিত হয়। ১৯৭০ সালে প্রতিষ্ঠিত এ পত্রিকাটিতে ফ্রান্স, ইন্দোনেশিয়া, শ্রীলংকা, তুর্কিস্থান, সউদী আরব, থাইল্যান্ড, জর্ডানসহ প্রভৃতি দেশের প্রধানদের বাণী প্রকাশ করা হয় এবং এসব দেশের এলিটবর্গের নিকট পত্রিকাটি পৌ ছে দেওয়া হয়।[১০]

এছাড়াও লন্ডন থেকে প্রকাশিত সউদী মালিকানাধীন নিখিল আরব দৈনিক "আল হায়াত" ও "আল আসওয়াত" পত্রিকা দুটি সউদী আরবে বেশ চললেও এ পাত্রিকার সবগুলোই ব্যক্তি মালিকানাধীন। সৌ দি সরকার বিভিন্ন সংস্থায় অবদান রাখেলেও নিজস্ব কোন পত্রিকা আজ অবধি প্রতিষ্ঠা করতে পারেরি এবং প্রচার মাধ্যমে তেমন কোন অবস্থান গড়ে তুলতে পারেনি। আরবী প্রসিদ্ধ ম্যাগাজিন সমূহের মধ্যে কুয়েক ভিত্তিক "আল মুজতামা আল ইসলামী" মুসলিম বিশ্বসহ ওয়াল্ডের প্রায় সব দেশেই পৌ ছানো হয়। কাতার ভিত্তিক গবেষণা পত্রিকা "আল উম্মাহ" কুয়েত ভিত্তিক পত্রিকা "আল ফুরকান" ভারতের নাদওয়া থেকে প্রকাশিত ও প্রচারিত হয় "আল বা'ছুল ইসলামী" সহ বিভিন্ন পত্রিকার নাম উল্লেখ করা যেতে পারে।

⊡ *বিশ্ব ব্রডকাস্টিং মাধ্যমে মুসলমানদের অবস্থানঃ*

**United Press of Pakistan:** সংক্ষেপে UPP পাকিস্থানের প্রাইভেট সেক্টরে সবচেয়ে পুরানো সংবাদ সংস্থা। Joint Stock Company-র মাধ্যমে ১৯৪৯ সালে প্রতিষ্ঠিত হয়। দেশের বাইরে জেদ্দা, লন্ডন, হংকং সহ কয়েকটি দেশে সংস্থাটির নিজস্ব প্রতিনিধি রয়েছে। ফ্যাক্স, ই-মেইলসহ সকল মাধ্যমেই এ সংস্থাটি সংবাদ সংগ্রহ করে। এবং সংবাদ প্রচারের উর্দ্দু ও ইংরেজী দুটি মাধ্যম রয়েছে।[১১]

**The International Islamic News Agency:** সংক্ষেপে (IINA) ইসলামী সম্মেলন সংস্থা OIC-র একটি অন্যতম অঙ্গ সংগঠন। OIC- দেশসমূহের পররাষ্ট্র মন্ত্রীদের ৩য় সম্মেলনে একটি প্রস্তাবের মাধ্যমে মুসলিম বিশ্বের বিশাল সাংস্কৃতিক ভান্ডারকে আরো সমৃদ্ধ করা ও মুসলিম বিশ্বের সম্প্রীতিবোধ ও ঐক্যবদ্ধতা বৃদ্ধির প্রয়াস নিয়ে ১৯৭২ সালে এর যাত্রা শুরু হয়। সাধারণত সৌ দি আরব, কুয়েত, কাতার, আরব আমিরাত, ইন্দোনেশিয়া, পাকিস্থান, মালয়েশিয়াসহ মুসলিম দেশগুলো এর অর্থ যোগান দিয়ে থাকে। মুসলিম বিশ্বে মাবাধিকার কার্যক্রম, ইসলামী ইস্যু, বিশ্বে মুসলিম সংখ্যা লঘুদের অবস্থান, ধর্ম, দা'ওয়াহ্, ইত্যাদি বিষয়ে IINA আরবী, ইংরেজী, ফ্রেন্স তিনটি ভাষায় সংবাদ প্রচার করে। এছাড়াও মুসলিম বিশ্বের নেতাদের সমসাময়ীক বিষয় সমূহের উপর মতামত গ্রহণ, প্রচার, উপদেশ, নির্দেশ প্রচার করে থাকে। এটি Qatar News Agency-র মাধ্যমে আরব বিশ্বের ৭০টি পয়েন্টসহ ইউরোপ, আমেরিকাতে আরবী, ইংরেজী, পর্তুগীজ ভাষায় সংবাদ প্রচার করে থাকে। এছাড়া ইলেক্ট্রিক মাধ্যমে IINA তার News Bulletin ইন্দোনেশিয়ার সংবাদ সংস্থা Antara (অন্তরা), মালয়েশিয়ার সংবাদ সংস্থা Banama (বার্ণামা) এবং APP (Associated Press Pakistan) এর নিকট প্রেরণ করে থাকে। Pan African News Agency (PANA)-র মাধ্যমে অফ্রিকা অঞ্চলে ইনা তার নিজস্ব সংবাদ বুলেটিন আকারে প্রেরণ করে থাকে। এছাড়া প্রিন্টেড পত্রিকার মাধ্যমে ইন্ডিয়া, বাংলাদেশ, ইউএসএ, দক্ষিণ আফ্রিকাসহ বিভিন্নদেশে প্রেরণ করে থাকে।[১২]

**IBN: The Islamic Broadcasting Network** সংক্ষেপে (**IBN**) আমেরিকা যুক্তরাষ্ট্রের সর্বপ্রথম প্রতিষ্ঠিত ইসলামিক ব্রডকাস্টিং নেটওয়ার্ক। ২০০১ সালের ১লা জানুয়ারী আমেরকিান মুসলমানদের প্রচার মাধ্যম হিসেবে এটি আত্মপ্রকাশ করে। এটি ওয়াশিংটন ডিসিতে অবস্থিত ইসলামিক মিডিয়া ফাউন্ডেশনের একটি অলাভজনক প্রতিষ্ঠান। যা স্থানীয়ভাবে ওয়াশিংটন ডিসি রেডিও স্টেশন থেকে ওয়াশিংটন ডিসি মেট্রোপলিটন এলাকা, উত্তর ভার্জিনিয়া, মেরিল্যান্ড রাজ্যের অধিকাংশ এলাকা, পেনসিলভেনিয়া ও ডিলাওয়ার রাজ্যের কিছু অংশ কভার করে থাকে। **WWWTL 700 AM Radio** ব্যান্ডে এবং আন্তর্জাতিক পরিমন্ডলে www.ibn.net এর মাধ্যমে বিশ্বব্যাপি আমেরিকান মুসলিমদের ইসলামী দা'ওয়াতী কর্মকান্ড, ইসলামী বিষয়ে গবষণা কর্মকান্ডে সহযোগিতা, আধুনিক ও ইসলামী সভ্যতার সমন্বিত প্রোগ্রাম, ইসলামী শিক্ষা-দীক্ষা ইত্যাদি অত্যন্ত সফলভাবে প্রচার করছে। [১৩]

**PTV:** পাকিস্থান ভিত্তিক এ সংস্থাটির রয়েছে তিনটি চ্যানেল PTV-I যা বিশ্বের ৩৮ শতাংশ এলাকার ৮৬.৪৮% দর্শকের চাহিদা পূরণ করছে। PTV-World; World এর 29.19 ভাগ এলাকার ৪০ শতাংশ দর্শক-শ্রোতাকে কভার করে থাকে। PTV-News: বিশ্বের ৮ শতাংশ এলাকার ৪০ শতাংশ দর্শক শ্রোতার চাহিদা পূরণ করে। ছোট্ট একটি টিভি স্টেশনের মাধ্যমে ১৯৬৪ সালে পাকিস্থান তার টিভি ব্রডকাস্টিং এর যাত্রা শুরু করে। এরপর থেকে দেশীয় শিক্ষিত জনগোষ্ঠির চাহিদার দিকে দৃষ্টি রেখে ও পাকিস্থানী জাতীয়তাবাদী তুলে ধরার প্রয়াস নিয়ে চ্যানেলটি কাজ করতে থাকে। মাত্র ৩০ জন জনশক্তি নিয়ে শুরু করা এ প্রতিষ্ঠানটির বর্তমান কর্তকর্তা-কর্মচারীর সংখ্যা ৬ হাজার। যারা ৯টি গ্রুপে বিভক্ত হয়ে সংবাদ, বিনোদন, শিক্ষা-সংস্কৃতি, শিল্প, খেলাধুলা, ব্যবসা-বানিজ্যসহ সমসাময়ীক রাজনীতি ও মতামত প্রচারে রাতদিন কাজ করে যাচ্ছে। প্রতিদিন নিয়মিত কোরআন তিলাওয়াত, তরজমা প্রচার, কাশ্মীর পরিস্থিতির উপর সচেতনতা বৃদ্ধির জন্য প্রামান্য অনুষ্ঠান প্রচার পাকিস্থান ভিত্তিক এই টেলিভিশনটির অন্যতম বৈশিষ্ট। আধুনিক প্রযুক্তি, ডিজিটাল সাউন্ড সিস্টেম ও কম্পিউটারাইজড় ম্যাকানিজম ব্যবহার করে বিশ্বের অন্যান্য নামকরা টিভি ও প্রচার মাধ্যমের সাথে প্রতিযোগিতা করছে। ইতোমধ্যে রমজান মাসে পবিত্র মক্কা শরীফ থেকে সরাসরি তারাবিহ্ নামাজ প্রচার, ক্রিকেট ও হকি খেলা প্রচারে সংস্থাটি বিশ্বব্যাপী বেশ প্রশংসা কুড়িয়েছে। দুবাই, সৌ দিআরব ও নিউ ইয়ার্ক শহর থেকে পিটিভির সরাসরি সম্প্রচারের ব্যবস্থা থাকায় আরো বেশি ও আরো সুন্দর প্রচার প্রসার সম্ভব হচ্ছে। ইন্টারনেটে নিজস্ব ওয়েব সাইড একে আরো মজবুত অবস্থানে এনে দিয়েছে।[১৪]

**Al Jazira:** এ টেলিভিশন ও প্রচার সংস্থা সম্পূর্ণ আধুনিক ও সব সময়েই সর্বশেষ প্রযুক্তি ব্যবহার করে থাকে। এটি একটি স্বয়ংসম্পূর্ণ টিভি স্থাপনা। রয়েছে নিজস্ব স্যাটেলাইট ও টিভি স্টেশন। মিডিয়া জগতে মুসলমানদের যে কিছু করার আছে তার স্বাক্ষর রেখেছে কাতার ভিত্তিক এ টিভি চ্যানেলটি। তার প্রমান হলো সাম্প্রতিক আফগানিস্থান ইস্যুতে এই টিভি চ্যানেলের ফুটেজের কদর ছিল খুব বিশ্বব্যাপি। এমনকি CNN ও BBC তাদের চ্যানেলে Al Jazira TV-র ফুটেজ ব্যবহার করেছে। এছাড়া এদের কিছু নিজস্ব ডকুমেন্টারী রয়েছে। যা দর্শক  মনে দারুনভাবে আলোড়ন সৃষ্টি করে। এসবের মধ্যে Qur`an and Modern Science শীর্ষক ডকুমেন্টস উল্লেখযোগ্য। তবে দুখজনক হলেও সত্য অর্থনৈতিক সংকটে পড়ে গত এপ্রিল থেকে আল জাজিরার সান্ধ্য দৈনিক আল মাসাইয়া বন্ধ হয়ে গেছে।[১৫]

সউদী আরবে মোট ৭টি আরবী, তিনটি ইংরেজী ও একটি বানিজ্য দৈনিক পত্রিকা রয়েছে। এছাড়াও লন্ডন থেকে প্রকাশিত সউদি মালিকানাধীন নিখিল আরব দৈনিক "আল হায়াত" ও "আল আসওয়াত" পত্রিকা দুটি সউদী আরবে বিভিন্ন সংস্থায় অবদান রাখলেও নিজস্ব কোন পত্রিকা আজ অবধি প্রতিষ্ঠা করতে পারেনি এবং বিশ্ব প্রচার মাধ্যমেও নিজস্ব তেমন কোন অবস্থান গড়ে তুলতে পারেনি।

**The Islamic Republic News Agency:** সংক্ষেপে (IRNA) ১৯৩৪ সালে সর্বপ্রথম প্রথম আঞ্চলিক সংবাদ ইরানী প্রজাতন্ত্রের মানুষের কাছে পৌ ছে দেয়ার জন্য প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার প্রথম ৬ বৎসর এটি ইরানী পররাষ্ট্র মন্ত্রনায়ের তত্তাবধানে চলতে থাকে। প্রতিদিন সকাল-বিকাল দুবার বুলেটিন বের করে তা সরকারী পদস্থ কর্মকর্তাদের মাঝে প্রচার করা হত। ১৯৪০ সালের মে মাসে ইরানের "জেনারেল তাবলীগ ডিপার্টমেন্ট" প্রতিষ্ঠিত হয় ও এ সংস্থার মাধ্যমেই ইরনা একটি প্রতিষ্ঠিত সংস্থা হিসেবে এ্যাফিলিয়েশন পায়। ফ্রান্স ভিত্তিক সংবাদ সংস্থা এএফপি প্রথম ইরনা থেকে সংবাদ কালেকশন শুরু করে। এরপর এ্যাসোসিয়েটেড প্রেস (এপি), ইউনাইটেড প্রেস ইন্টারন্যাশনাল (ইউপিআই) সহ বেশ কিছু সবাদ সংস্থা ইরনা থেকে সংবাদ কালেকশন শুরু করে। গোটা বিশ্বে ইরনা সংবাদ সংস্থা রেডিও তেহরানসহ বিভিন্ন মাধ্যমে খবর প্রচার করে থাকে। খবর প্রচারের স্টাইল ও খবর কালেকশনে সবসময়ই তারা আধুনিকতা ও সর্বশেষ প্রযুক্তি ব্যবহার করে থাকে।[১৬]

**Radio Ramadan:** ইউ.কে তে মুসলিম মিডিয়ার কাজ কম হলেও মুসলমানদের মধ্যে মিডিয়ার ব্যাপারে সচেতনতা খুবই বেশী। প্রতিটি রাজ্যের যুক্ত প্রচেষ্টায় প্রতি বৎসর রমজান মাসে রেডিও চ্যানেল ভাড়া করে তারা "রেডিও রমাদান" বিভিন্ন ভাষায় ইসলামী প্রোগ্রাম পরিচালনা করে থাকে। সেখানকার বিভিন্ন শহরে ভিন্ন ভিন্ন ফ্রিকোয়েন্সি ব্যবহার করে তারা আলাদাভাবে বিভিন্ন ভাষায় এই অনুষ্ঠান সম্প্রচার করছে। বাংলা ভাষায়ও সেখানে প্রতিদিন দুই ঘন্টা করে অনুষ্ঠান সম্প্রচার করা হয়।[১৭]

এছাড়াও রয়েছে "আল বালাগাহ্" নিউজলেটার যা সমসাময়ীক সংবাদ, মতামত, ইসলামী প্রবন্ধ ছাড়াও বিভিন্ন প্রোগ্রাম প্রকাশ করে থাকে। "আল্ মুসলিম" মুসলিম কমিউনিটির জন্য পারস্পরিক মতবিনিময়ের উপর গুরুত্ব দিয়ে থাকে। "Islam in Philipin" ফিলিপিনো মুসলিমদের কর্মকান্ড, সংবাদ, আর্টিকেল এবং তথ্য প্রচার করে থাকে। "Islam Online" ইসলামী বিশ্বের সংবাদ ও তথ্য প্রচার করে থাকে। "Islam -aphobia" মধ্যপ্রাচ্য বিষয়ক সংবাদ, মুসলিম কমিউনিটির বিরুদ্ধে সন্ত্রাসবাদ ও প্রতিকার নিয়ে তথ্য প্রচার করে থাকে। "Islamic Broadcasting Network" ফ্যামিলি প্রোগাম, সংবাদ, সমসাময়ীক বিষয়, আমেরকিন মুসলিম যুবকদের দা'ওয়াতী কর্মকান্ড প্রচার করে থাকে। "Islamic Information and News Network" "Islami City: Live TV" মাসজিদুল হারাম ও মাসজিদে নববীর প্রতিদিনের নামাজ ও যাবতীয় কর্মকান্ড প্রচার করে থাকে। "Milli Gazrtte" এছাড়াও রয়েছে "Muslim News", "Muslim Views", "Ummah" প্রভৃতি সংগঠন যারা স্বল্প পরিসরে হলেও ইসলামী দা'ওয়াতের কাজ করে চলছে।[১৮]

**উপসংহার:** উপরোক্ত চিত্র মুসলিম দেশ ও কমিউনিটির জন্য অবশ্যই চিন্তার উদ্রেক করে। এ অবস্থান খুব মজবুত না হলেও একেবারে হতাশ হওয়ার মতো নয়। তবে বিভিন্ন ইসলামিক মিডিয়ার গ্রুপ গুলোকে একই

বাস্তব সত্য আল্লাহর কালাম তথা পবিত্র কুরআন নাযিল হওয়ার সময়কাল থেকে আজ পর্যন্ত সম্পূর্ণ ভাবে সংরক্ষিত আছে। ফলে পবিত্র কোরআনের মধ্যে বাস্তব সত্যকে খুঁজে পাওয়া যায়। আর আধুনিক বিজ্ঞানও গভীর গবেষণা ও অনুশীলনের মাধ্যমে বাস্তব সত্যকে প্রতিষ্ঠা করার প্রয়াস চালায়। অতএব পবিত্র কোরআনের সাথে আধুনিক বিজ্ঞানের সংঘর্ষতো দূরের কথা বরং রয়েছে উভয়ের মধ্যে সুন্দর মিল ও নিবিড় সম্পর্ক। তাই বিজ্ঞান ও ইসলামের মধ্যে কোন দ্বন্দ্ব নেই। বরং ইসলাম বিজ্ঞানের আবিস্কারকে উৎসাহিত করে। বিজ্ঞানের কাজ হচ্ছে আবিস্কার করা। আর সত্য ধর্মের কাজ হচ্ছে আবিষ্কৃত বিষয়টি ব্যবহার করার সীমারেখা বলে দেয়া। ইসলাম ধর্ম তথা কোরানিক অভিজ্ঞতাই বিজ্ঞান গবেষনার সবচেয়ে শক্তিশালী ও মহান প্রেরণা। বিজ্ঞানের আলোচনা না করলে যেমন মহাবৈজ্ঞানিক আল্লাহর শক্তি মহিমার বিকাশ অনুভব ও কোরআনের প্রকৃত মর্যাদা বুঝা সম্ভব হয়না, তেমনি ভাবে কোরআনের মহাবানী তথা সৃষ্টি কৌশল সম্বলিত আয়াত গুলো গভীরভাবে চিন্তা না করলেও বিজ্ঞানের পথ সুগম হয়না। মূলত বিজ্ঞান ও ধর্ম একই সূত্রে গাঁথা। এই প্রসংগে বিংশ শতাব্দীর শ্রেষ্ট বিজ্ঞানী আলবার্ট আইনষ্টাইনের কথাটা উল্লেখ করা প্রয়োজন। তিনি বলেছেন, Science without religion is lame and religion without science is blind."

অর্থাৎ "বিজ্ঞান ব্যতিত ধর্ম হচ্ছে পংগু আর ধর্ম ব্যতিত বিজ্ঞান হচ্ছে অন্ধ শাশ্বত জীবন বিধান। ইসলাম এবং কোরানের সাথে আধুনিক বিজ্ঞানের সুন্দর মিল থাকাটাই প্রমাণ করছে, ইসলাম প্রকৃত সত্য দ্বীন এবং পবিত্র কোরান মহা বৈজ্ঞানিক আল্লাহর কালাম। এবং মুহাম্মদ (সঃ) আল্লাহর মনোনীত সত্য রাসূল। তাই যদি না হয় তাহলে পবিত্র কোরানে যে সব বৈজ্ঞানিক তথ্য ও তত্ত্ব এবং দিকনির্দেশনা গুলো এসেছে সেগুলো আজ থেকে প্রায় চৌদ্দশত বছর পূর্বে যখন বিজ্ঞান ছিলনা তখন সম্পূর্ণ গবেষণা ও পরীক্ষা নিরিক্ষা ব্যাতিরেকে কি ভাবে উম্মী নবী মুহাম্মদ (সঃ) বলে দিতে পেরেছেন? যা বহু শতাব্দী পরে আধুনিক বিজ্ঞানীগণ গবেষণালদ্ধ জ্ঞানের মাধ্যমে পরীক্ষা-নিরিক্ষা চালিয়ে সত্য ও বাস্তব হিসাবে হাতে পেয়েছেন। ইহাই পবিত্র কোরআনের বৈজ্ঞানিক অলৌকিকত্ব। কেননা পবিত্র কোরআন যখন নাযিল হয় তখনতো বিজ্ঞানের যুগ ছিলনা, এবং মুহাম্মদ(সঃ) ও বিজ্ঞান বিভাগের কোন ছাত্র ছিলেন না। এমন কি তিনি ওহীলদ্ধ জ্ঞান ছাড়া সাধারণ লেখাপড়াও জানতেন না। বরং তিনি ছিলেন একজন নিরক্ষর। তাহলে আধুনিক বিজ্ঞানের বিভিন্ন তত্ত্ব ও তথ্য সম্বলিত কালাম তাঁর মুখ দিয়ে বের হওয়া কি ভাবে সম্ভব হল? অতএব এর দ্বারা নিঃসন্দেহে এই কথা প্রকাশ পায় যে, বিজ্ঞানময় পবিত্র কোরান দুনিয়ার কোন মানুষের কথা নয়। এটা মহান আল্লাহর কালাম। ইহাই চিরন্তন বাস্তব ও মহা সত্য।

চিরন্তন বাস্তব ও মহাসত্য তথা ওহীলদ্ধ জ্ঞান শুন্যতার কারনে ইউরোপীয় সেকুলার বিজ্ঞানীরা বিজ্ঞান গবেষণার ক্ষেত্রে প্রতিনিয়ত হিমশিম খাচ্ছে এবং হয়রানী ও পেরেশানীর মধ্যে নিমজ্জিত।২ গবেষণালদ্ধ জ্ঞান তথা বিজ্ঞান স্বয়ংসম্পূর্ণ নয়। বরং যুগে যুগে পরিবর্তনশীল। অপরদিকে পবিত্র কোরান সর্বদা অপরিবর্তনশীল এবং বিজ্ঞানের প্রাচুর্যপূর্ণ এক মহান উৎস। মানুষের প্রয়োজনের নিমিত্তে যা কিছু দরকার কোরান তা মিটায়। আর ইসলাম হচ্ছে একটি পরিপূর্ণ জীবন ব্যবস্থা। মানব জীবনের সকল দিক ও বিভাগে কোরানিক নীতিমালা বিদ্যমান।

মানব জীবনের এমন কোন দিক ও বিভাগ নেই যেখানে ইসলাম কোন দিক নির্দেশনা ও নীতিমালা উপস্থাপন করতে সক্ষম হয়নি। ইসলাম যেহেতু একটি বিজ্ঞান সম্মত জীবন ব্যবস্থা এবং পবিত্র কোরআন হচ্ছে বিজ্ঞানময়, অপরদিকে বিজ্ঞান হচ্ছে মানবজীবনের একটি গুরুত্বপূর্ণ দিক, সেহেতু বিজ্ঞান বিষয়েও ইসলাম নীরব নহে। বরং এই ক্ষেত্রেও ইসলাম তথা কোরআনের নীতিমালা ও দিক নির্দেশনা রয়েছে। আর বিজ্ঞান বিষয়ে সেই কোরানিক নীতিমালা নির্ধারণ করাই আমার এই প্রবন্ধের মূল উদ্দেশ্য। এখানে আমরা একটি সার্বজনীন কোরআনিক নীতিমালা নির্ধারণ করার চেষ্টা করেছি। নিম্মে বিজ্ঞান বিষয়ে ইসলাম তথা কোরআনের কি কি নীতিমালা রয়েছে তাহা ধারাবাহিকভাবে আলোকপাত করা গেল।

১। মহান আল্লাহ তাআলার কুদরত মহত্ত্ব, একত্ববাদ, রেসালাত ও আখেরাতের প্রতি অটল বিশ্বাসই হবে বিজ্ঞান গবেষণার মূল বুনিয়াদ। সৃষ্টি জগতের যে কোন বিষয়ে গবেষণার ক্ষেত্রে আল্লাহর মহত্ত্ব ও একত্ববাদের পরিচয় খুঁজে পাওয়ার উদ্দেশ্যেই বিজ্ঞান গবেষণা হওয়া জরুরী।

# কুরআনের মূলনীতিমালা ঃ প্রেক্ষিত আধুনিক বিজ্ঞান

মোহাম্মদ বেলায়েত হোসাইন*

আজকাল অনেকেই মনে করেন যে, ধর্মীয় গ্রন্থের সংগে বিজ্ঞানের ধর্মনিরপেক্ষ ধ্যান-ধারনার মোকাবেলা একটি শক্ত কাজ। কারণ অল্প কিছু ব্যতিক্রম ছাড়া বর্তমানে অধিকাংশ বিজ্ঞানীই বস্তুতন্ত্রের বেড়াজালে আটক হয়ে আছেন। ধর্মকে তারা কিংবদন্তি ছাড়া আর কিছুই মনে করেন না। এবং ধর্মীয় ব্যাপারে তাঁরা হয় উদাসীন থাকেন, আর না হয় সরাসরি ঘৃণাপোষণ করেন। তা ছাড়া পাশ্চাত্যে যখন ধর্ম ও বিজ্ঞান সম্পর্কে কথা উঠে তখন লোকে ইহুদী ও খৃষ্টান ধর্মের কথাই উল্লেখ করে থাকে। মূলত বিকৃত এই য়াহুদী ও খ্রীষ্টান ধর্মের সাথেই রয়েছে বিজ্ঞানের সংঘাত সংঘর্ষ। তারা য়াহুদী ও খ্রীষ্টানদের তথাকথিত বাইবেল ও ইনজীলের সাথে বিজ্ঞানের যেই সংঘর্ষ দেখতে পেয়ে, পবিত্র ইসলাম এবং কুরআন ও তারা সেই রকম মনে করে। প্রকৃত ইসলামের কথা কেউ কখনো চিন্তাও করেনা। আসলে ভুল ধারণা প্রচারিত হয়েছে যে, প্রকৃত ইসলাম সম্পর্কে কোন সঠিক ধারণা পাওয়া সেখানে সত্যিই কঠিন। বিজ্ঞান বিষয়ে কোরানিক নীতিমালা আলোচনা করার আগে কোরআন ও বিজ্ঞানের একটি সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরা বিশেষভাবে প্রয়োজন এবং পবিত্র কোরানের সাথে বিজ্ঞানের সম্পর্ক কেমন তাও আমাদেরকে জানতে হবে। কারণ যেখানে ইহুদী ও খ্রীষ্টান ধর্মের মত বিকৃত ও রহিত ধর্ম বা ধর্মগ্রন্থ সমূহের সাথে বিজ্ঞানের সম্পর্ক সম্পূর্ণ সাংঘর্ষিক। সেখানে পবিত্র ইসলাম ও কোরআনের সাথে বিজ্ঞানের সম্পর্ক কেমন তা অবশ্যই আলোচনার দাবী রাখে।

মহাগ্রন্থ আল কুরআন আল্লাহর কালাম, যাহা নাযিল হয়েছে মানুষের হেদায়াতের জন্য। ইহা কোন বিশেষ বৈজ্ঞানিক গ্রন্থ নয়। এবং ইহা বিজ্ঞান শিক্ষা দেয়ার জন্যও অবতীর্ণ হয়নি। তবে এর মধ্যে সৃষ্টি তত্ত্বের রহস্য সম্বলিত এমন অনেক আয়াত রয়েছে যা সরাসরি বিজ্ঞানের সাথে জড়িত। এর মাধ্যমে মহা বৈজ্ঞানিক আল্লাহর কুদরত ও মহত্বের দিকে ইংগিত করা হচ্ছে। এই ধরনের সব আয়াত বৈজ্ঞানিক দিক থেকে গভীর গবেষণার দাবী রাখে। আর বিজ্ঞান বলতে আমরা বুঝি এমন বিশেষ জ্ঞান যা দ্বারা কোন বাস্তব সত্যকে সত্য হিসাবে প্রতিষ্ঠিত করা যায়। আল্লাহর পক্ষ থেকে নাযিলকৃত যে কোন কি তার নিঃসন্দেহে বাস্তব সত্য। তাই সঠিক ও খাঁটি আসমানি কিতাব তথা তাওরাত, যবুর ইনজীল, কোরআন কোনটির সাথেই আধুনিক বিজ্ঞানের দ্বন্দ্ব না থাকাই স্বাভাবিক। কেননা আল্লাহর কথা হচ্ছে বাস্তব সত্য। আর বিজ্ঞান ও সর্বদা বাস্তব সত্যকে খুঁজে বের করে তা প্রতিষ্ঠিত করতে চায়। এইদিক থেকে বিজ্ঞানের সাথে কোরানের যেমন কোন দ্বন্ধ নেই তেমনি ভাবে তাওরাত এবং ইনজীলের সাথেও বিজ্ঞানের কোন দ্বন্ধ না থাকার কথা ছিল। কিন্তু একটা সার্বজনীন সত্য কথা এই যে, বর্তমান পৃথিবীতে পবিত্র কুরআন ব্যতিত অন্য কোন আসমানী কিতাব সঠিকভাবে সংরক্ষিত নেই। য়াহুদী ও খ্রীষ্টান জগতের নিকট তথাকথিত যেই তাওরাত বা ইনজীল আছে তাহা প্রায় সম্পূর্ণ বিকৃত। অতএব বর্তমানে তথাকথিত তাওরাত ও ইনজীলের সাথে সত্যসন্ধানী বিজ্ঞানের মতবিরোধ হবেইনা বা কেন? অপরদিকে

* লেখকঃ কুরআনিক সায়েন্স বিভাগের মাস্টার্স শেষ বর্ষের ছাত্র।

২। বিজ্ঞান চর্চায় জ্ঞানের প্রধান উৎস হবে ওহীলব্ধ জ্ঞান এরপরে দ্বিতীয় উৎস হবে গবষণালব্ধ জ্ঞান বা ইলমে তাজরীবি। এই ক্ষেত্রে ইলমে তাজরীবি ও আল্লাহর পক্ষ থেকে অর্জিত তথা "থাওফীকি' বলে স্বীকৃত।৩

৩। বিজ্ঞানের যে কোন আবিস্কার হবে মানবতার কল্যাণে এবং উৎপাদনশীল। বিশ্বমানবতা ও প্রকৃতির অকল্যাণ নিহিত এমন কোন বিষয়ে বৈজ্ঞানিক আবিষ্কার ইসলামে সমর্থিত নয়।

৪। পবিত্র কোরআনে বিদ্যমান ও উহার অলৌকিকত্বের দিকে ইংগিত বহনকারী বিভিন্ন বৈজ্ঞানিক তথ্য সঠিক কিনা তা যাচাই করার মাপকাঠি আধুনিক বিজ্ঞান নয়। বরং আধুনিক বিজ্ঞানের উদ্ভাবিত বিভিন্ন তত্ত্ব ও তথ্য সমুহ সঠিক কিনা তাহা যাচাই করার মাপকাঠি হচ্ছে পবিত্র কোরান। তার কারণ আল্লাহর কালাম অনুমান প্রসূত কিছু নহে, তা হচ্ছে বাস্তব জিনিস।

৫। পবিত্র কোরআনে বিদ্যমান কোন বৈজ্ঞানিক তথ্যকে আধুনিক বিজ্ঞানের সহযোগিতায় পরীক্ষা-নিরিক্ষা করে সঠিক ও বাস্তব হিসাবে প্রতিষ্ঠিত করতে পারলে উক্ত গবেষণা স্বার্থক হবে। আর যদি সঠিক হিসাবে প্রতিষ্ঠিত করা না যায়, তাহলে এর অর্থ এই নয় যে, কোরানে বর্ণিত তথ্য ভুল। বরং গবেষনার পদ্ধতিতে অবশ্যই ভুল রয়েছে। যার ফলে সঠিক সিদ্ধান্তে পৌছা যায়নি। কিন্তু পবিত্র কোরানে বর্ণিত তথ্য সঠিক ও নির্ভুল, এতে কোন সন্দেহ থাকতে পারেনা।

৬। বিজ্ঞান বিষয়ে গবেষণা করতে হলে গবেষককে অবশ্যই ওহীর জ্ঞানের সাথে সম্পর্ক রাখতে হবে। নচেৎ তিনি গবেষণায় হিমশিম খাবেন। সঠিক স্থানে কক্ষনো পৌছাতে পারবে না।

৭। আমরা যা কিছুকে প্রাকৃতিক নিয়ম বলি ইসলামের দৃষ্টিকোণ থেকে সে সব হচ্ছে আল্লাহর নির্দেশ অথবা আল্লাহর সৃষ্টি৪ একথা আমাদের ভুললে চলবে না।

৮। প্রকৃতিতে আল্লাহর শাসনতান্ত্রিক কোন ভাবধারা না থাকার অর্থ এই নয় যে, মহান আল্লাহ তাআলা প্রকৃতিকে শাসন করার ক্ষমতা রাখেন না বা প্রকৃতি তাঁর নিয়ন্ত্রানাধীন নয়। বরং এর অর্থ হচ্ছে, তিনি অবশ্যই শাসন করার পূর্নাংগ ক্ষমতা রাখার পরেও শাসনতান্ত্রিক নীতি পরিহার করেছেন। কারণ তিনি কোন স্বৈরাচারী মানব শাসকের মত নহে। আর এই ছাড়া প্রকৃতিতো তাঁরই অনুগত।৫

৯। "আল্লাহ্ প্রকৃতির কাজকর্মে হস্তক্ষেপ করেন' এই কথা কোন ভাবেই ইসলামে গ্রহনযোগ্য নয়। কারণ প্রকৃতি আল্লাহরই সৃষ্টি ও অনুগত। তাঁর থেকে আলাদা কিছু নয়।৬ এই নীতিমালা ভুললে চলবে না।

১০। প্রকৃতির অলৌকিক বিষয় নিয়ে অনর্থক গবেষণায় মূল্যবান সময় ব্যয় করা যাবে না। কারণ আল্লাহ মুসলমানদেরকে এমন জরুরী জ্ঞান দ্বারা সমৃদ্ধ করেছেন যা ঐ বিষয়গুলোর তুলনায় যথেষ্ট।৭

১১। একজন বিজ্ঞান গবেষককে গবেষণার ক্ষেত্রে নিঃস্বার্থভাবে মানবতার কল্যাণে প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। এক্ষেত্রে কোন বিশেষ স্বার্থ ও সুনাম খ্যাতি অর্জনের চেষ্টা থেকে বিরত থাকতে হবে।

১২। ইসলামের দৃষ্টিতে একজন বিজ্ঞানী একনিষ্ট ভাবে আল্লাহর মহিমা ও প্রকৃতিকে জানার জন্য শরীয়তের জ্ঞান কিংবা বস্তুগত জ্ঞান যা নিয়েই গবেষণা করুক না কেন তা ইবাদত হিসাবে গন্য হবে। আর গবেষণা সফল হউক কিংবা না হউক এই ক্ষেত্রে ব্যর্থতা বলতে কিছু নেই।

১৩। সমগ্র সৃষ্টিই একটা "কানুনে কাউনী" তথা বিশ্ব আইনের অধীনে নিয়ন্ত্রিত ও পরিচালিত। আর সেটা হচ্ছে আল্লাহর ইচ্ছার সামনে মাথা নত করা। ইসলামী শরীয়ত "কানুনে কাউনী" এরই একটি অংশ। যে ব্যক্তি ইসলামী শরীয়তের আনুগত্য করবে, সে বিশ্ব প্রকৃতির সংগে অপরাপর "কানুনে কাউনী" এর একটি নিবিড় সম্পর্ক খুঁজে পাবে।৮

১৪। বস্তু জগতে যা কিছু আছে সবাই আল্লাহর আনুগত্য করে চলছে। আর সে সবকে আল্লাহ তাআলা মানবতার কল্যাণে নিয়োজিত রেখেছেন। শুধু তাই নয় বস্তুজগত থেকে ফায়দা হাসিল ও উহাকে পর্যবেক্ষণ করার জন্য তিনি মানুষকে দৃষ্টি শক্তি, শ্রবনশক্তিও বিবেকবুদ্ধি দ্বারা সমৃদ্ধ করেছেন। ইহা

আল্লাহর পক্ষ থেকে মানুষের জন্য বড় নেয়ামত। অতএব সৃষ্টি জগতের যে কোন বিষয়ে যে সকল বৈজ্ঞানিক গবেষণাকর্ম হবে, সবই মহান আল্লাহর আনুগত্যের উপর ভিত্তিশীল হতে হবে।

১৫। পবিত্র কোরআনে কারীমের যে সব আয়াত বৈজ্ঞানিক দিক থেকে গবেষণার দাবী রাখে, সে সব আয়াতের সম্ভাবনাময়ী কোন অর্থ দিয়ে উহার বৈজ্ঞানিক তাফসীর বা ব্যাখ্যা পেশ করা যাবে না। বরং সম্ভবনাময়ী কোন অর্থের উপর ধারণা করে বৈজ্ঞানিক গবেষণা বা বাহাছ করা যেতে পারে। গভীর গবেষণা ও পরীক্ষা নিরিক্ষার ফলে সর্বসম্মত ক্রমে এবং নিশ্চিতভাবে কোন বৈজ্ঞানিক তত্ত্ব বা তথ্যকে সত্য বলে প্রতিষ্ঠিত ও প্রমাণিত করতে পারলে শুধুমাত্র তখনই একে সংশ্লিষ্ট আয়াতে কারীমের বৈজ্ঞানিক তাফসীর হিসাবে পেশ করা যাবে।৯ কেননা তাফসীর করা মানেই এই কথা স্বীকার করা যে, এই আয়াতে আল্লাহ তাআলা এ কথা বুঝাতে চাচ্ছেন। এজন্যই তাফসীর করার ক্ষেত্রে একজন মোফাচ্ছেরকে অনেক শর্তাবলী সংরক্ষণসহ অত্যন্ত সতর্কতা অবলম্বন করতে হয়। পক্ষান্তরে গবেষণা চালিয়ে যাওয়ার অর্থ এই নয় যে, এই আয়াত বিজ্ঞানের এই সূত্রের দিকে ইংগিত বহন করছে। বরং ইংগিত করছে কিনা সেজন্য পরীক্ষা নিরিক্ষা চালানোই হচ্ছে গবেষণার কাজ। তাই পবিত্র কোরআনে কারীমের বৈজ্ঞানিক গবেষণার ক্ষেত্রে গবেষণার ফলে নির্দ্বিধায় পেশ করা যেতে পারে। এক্ষেত্রে গবেষণার ফল সঠিক হলে গবেষক আল্লাহর নিকট থেকে দুটি প্রতিদান পাবেন। আর যদি ভুলও হয়ে যায় এক্ষেত্রে তিনি চেষ্টা করেছেন তার জন্য অন্তত একটি প্রতিদান হলেও অবশ্যই পাবেন।

"বিজ্ঞান বিষয়ে কোরানিক নীতিমালা শীর্ষক এ প্রবন্ধ থেকে আমরা নিশ্চিত হতে পারি যে, আধুনিক বিজ্ঞানের দৈনন্দিন আবিষ্কার ও অভিযানকে ইসলাম শুধু সমর্থনই করেনা বরং উৎসাহিতও করে। কারন ইসলাম নিজেই একটি বিজ্ঞান সম্মত জীবন ব্যবস্থা এবং পবিত্র কোরান হচ্ছে বিজ্ঞানময়। কিন্তু দুঃখের বিষয় হচ্ছে, ওহীর জ্ঞানে সমৃদ্ধ হওয়ার পরেও আজকের বিজ্ঞানের যুগে মুসলমানরা বিজ্ঞান চর্চার ক্ষেত্রে পশ্চাতে অবস্থান করছে। অপরদিকে অমুসলিমরা বিজ্ঞানের দৈনন্দিন আবিষ্কারের মাধ্যমে অভূতপূর্ব জয়যাত্রা সুচিত করছে। বিজ্ঞানের অগ্রযাত্রা যেন আজ সারা দুনিয়াকে মানুষের হাতের মুঠোয় এনে দিয়েছে। আজ বিজ্ঞানের এতই উৎকর্ষতা সাধিত হচ্ছে যে, আকাশ-পাতাল তথা সমগ্র ভূবন ব্যাপী মানুসের নিঃশব্দ পদচারণা। বিজ্ঞানের আবিষ্কার মানবতার কল্যাণ সাধন করলেও কিন্তু অনেক ক্ষেত্রে তা এক অভিশাপ হয়ে দাঁড়িয়েছে। জাতীকে যেন এক ভয়াবহ পরিণতির দিকে ঠেলে দিচ্ছে। বিশেষ করে পাশ্চাত্যের দেশগুলো নতুন নতুন মারনাস্ত্র ও আনবিক বোমার অধিকারী হয়ে পারমাণবিক বোমার নির্মম ক্ষুধার আগুনে বিশ্ব মানবতাকে বিধ্বস্ত করার হুমকি প্রদান করছে। নৈতিকতা বিবর্জিত পাশ্চাত্যে আকাশ সংস্কৃতি আজ বিশ্ব যুব সমাজের চরিত্র ক্ষত বিক্ষত করে চলছে। আদর্শ বিবর্জিত বিজ্ঞানের লাগামহীন উম্মুক্ত আবিষ্কারের কুফলে বিশ্ব মানবতার নিরাপত্তা অনিশ্চিত হয়ে পড়েছে। এ হচ্ছে ওহীলব্ধ জ্ঞানশূন্যতা ও ধর্মবিবর্জিত বিজ্ঞান চর্চার এক অনিবার্য পরিণতি। এমনি এক সন্ধিক্ষনে মহাগ্রন্থ আল কোরআন ইসলাম ও আধুনিক বিজ্ঞানের সমন্বয়ে বিশ্ববাসীকে এমন একটি হেদায়াত ও সঠিক পন্থা উপহার দেয়ার ক্ষমতা রাখে, যার সুমিষ্ট ঝর্ণাধারায় পরিতৃপ্ত হতে পারে তাদের হৃদয়। অতএব আজকের বিজ্ঞানের যুগে মহাগ্রন্থ আল-কোরআনই হচ্ছে বিশ্বমানবতার অগ্রগতি, নিরাপত্তা, শান্তি, মুক্তি ও স্থিতিশীলতার একমাত্র গ্যারান্টি। তাই বিজ্ঞান বিষয়ে কোরানিক নীতিমালা ও দিকনির্দেশনা পেশ করা আজকের যুগের একটি বাস্তব চাহিদা। এই প্রবন্ধটির সেই চাহিদা পূরণে সামান্য একটু ভূমিকা রাখলেও আমাদের ক্ষুদ্র প্রচেষ্টা স্বার্থক হবে বলে মনে করি। পরিশেষে প্রস্তাবনা হচ্ছে, মুসলিম অমুসলিম নির্বিশেষে প্রত্যেক গবেষক ও বিজ্ঞানীকে বিজ্ঞান চর্চার ক্ষেত্রে কোরআনিক নীতিমালা অনুসরণ করা উচিত। এবং ইসলামী চিন্তাবিদগণকেও কোরাআন ভিত্তিক বিজ্ঞান চর্চা ও গবেষণা করা উচিত। যাতে করে মহান আল্লাহর সৃষ্টি এ বিশ্বজগতে যা কিছু আছে তাহা বিশ্বমানবতার কল্যাণের উপযোগী করে তোলা আরো অনেক সহজ হবে। ফলে বিশ্ববাসীর উন্নতি, শান্তি ও নিরাপত্তা নিশ্চিত হবে। আল্লাহ আমাদেরকে কোরানিক নীতিমালার আলোকে বিজ্ঞান চর্চা ও গবেষণা করার তৌফিক দিন। আমিন।

তথ্য নির্দেশনাঃ


১। মোবায়েদুর রহমান, এই শতাব্দীর বিজ্ঞানঃ আইনষ্টাইন এবং আল্লাহর অস্তিত্ব, দৈনিক ইনকিলাব, ১লা জানুয়ারী ২০০০,

২। ডঃ মোহাম্মদ নঈম সিদ্দীকি, আল আছাছ আল ইসলামী লিল ইলম, রিয়াদ, প্রথম প্রকাশ ১৯৯৫, পৃষ্ঠা ৬৬

৩। ডঃ ফারুক আহমদ, আল-ইসলাম ওয়াল উলুম সাত তাজরীবিয়া, রিয়াদ, প্রথম প্রকাশ ১৯৮৭, পৃষ্ঠা ১০৩

৪। ডঃ নঈম সিদ্দীক, প্রাগুক্তঃ ৬৫

৫। প্রাগুক্ত- ৬৭

৬। প্রাগুক্ত- ৬৮

৭। প্রাগুক্ত- ৬৯

৮। প্রাগুক্ত- ৬৯

৯। মোহাম্মদ আবুল কালাম আজাদ, কোরানের বৈজ্ঞানিক গবেষনা ও তাফসীরের মধ্যে পার্থক্য, চট্টগ্রাম, ১৯৯৮, পৃষ্ঠা-১



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর ১ম সমাবর্তন উপলক্ষে
শরীয়াহ ফ্যাকাল্টির ছাত্রদের উদ্যোগে

*"স্টুডেন্টস জার্নাল অব শরীয়াহ ফ্যাকাল্টি" নামে একটি জার্নাল প্রকাশিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।*

*নিজাম এন্ড ব্রাদার্স*

*এর*

*পক্ষ থেকে সম্পাদনা পরিষদ কে জানাচ্ছি*

*প্রাণ ঢালা অভিনন্দন।*

# নিজাম এন্ড ব্রাদার্স

৪৩, জেলরোড, চট্টগ্রাম। ফোন ঃ ৬৩৬৭৯৬, ৬১৬২২৪, ৬৩২৮৮৩,
মোবাইলঃ ০১৭-৭৪৭৩৮৬

# পোষাক পরিচ্ছদের ইসলামী নীতিমালা ঃ প্রেক্ষিত বাংলাদেশ

মুহাম্মদ এমদাদ উল্লাহ *

আল্লাহ্ রাব্বুল আ'লামীন পবিত্র কুরআনের মাধ্যমে মানুষকে শিক্ষা দিচ্ছেনঃ

হে আদম সন্তান ! আমরা তোমাদের জন্য পোষাক নাযিল করেছি যেন তোমাদের দেহের লজ্জাস্থান সমুহকে ঢাকতে পার। পোষাক তোমাদের জন্য দেহের আচ্ছাদন ও শোভাবর্ধনের উপায়ও। আর সর্বোত্তম পোষাক হচ্ছে তাকওয়ার পোষাক। ইহা আলাহর নির্দশন সমুহের মধ্যে একটি উজ্জল নিদর্শন । সম্ভবতঃ লোকেরা ইহা হতে শিক্ষা গ্রহন করবে।[১]

হে আদম সন্তান! প্রত্যেকটি ইবাদতের ক্ষেত্রে তোমরা নিজেদের ভূষণে সজ্জিত হয়ে থাক। আর খাও পান কর এবং সীমা লংঘন করোনা, আল্লাহ সীমালংঘন কারীকে পছন্দ করেন না।[২]

এখানে "যিনাত" বা ভূষণের অর্থ পরিপূর্ন পোষাক। খোদার উপাসনায় দাঁড়াবার জন্য মাত্র এতটুকু যথেষ্ট নয় যে, মানুষ নিজ শরমের অংশ গুলি আবৃত করবে; বরং সেই সঙ্গে এটাও আবশ্যক যে, মানুষ কোন সম্ভ্রান্ত ও মর্যদা সম্পন্ন ব্যক্তির সংগে সাক্ষাতের জন্য যেমন উত্তম পোশাক পরিধান করে সেরূপ আল্লাহ তায়ালার এবাদতের সময় তার উত্তম পোষাক পরিধান করা উচিত।[৩]

হে নবী ! তাদের বলুন, আল্লাহর সে সব সৌন্দর্য্য ও অলংকার যা আল্লাহ তা'য়ালা তার বান্দাহদের জন্য বের করেছেন এবং খোদার দেয়া পাক জিনিস সমূহ কে নিষিদ্ধ করেছে ? এসমস্ত জিনিস দুনিয়ার জীবনে ও ঈমানদার লোকদের জন্যই; আর কিয়ামতের দিন তো একান্ত ভাবে তাদের জন্য হবে। এভাবে আমরা আমাদের কথা গুলো সুস্পষ্ট ও পরিষ্কার ভাষায় বর্ণনা করি যারা জ্ঞান রাখে তাদের জন্য।[৪]

পবিত্র কুরআন যে ভাবে পোষাকের গুরুত্ব দিয়েছে, শরীর বিজ্ঞানে ও তার গুরুত্ব অপরিসীম। পোষাক পরিচছদ শরীর বিজ্ঞানের অন্যতম অঙ্গ, পোষাক পরিচ্ছদকে বাদ দিয়ে দেহ মনকে সুস্থ রাখা সম্ভব নয়। দেহের জন্য যেমন উপযুক্ত খাদ্যের প্রয়োজন তেমনি প্রকৃতির খেয়ালী অত্যাচার থেকে দেহকে রক্ষা করার জন্য পোষাকের প্রয়োজন। প্রাচীন কালে যখন মানুষ বস্ত্র তৈরী করতে যানতো না তখনও প্রয়োজনের তাগিদেই তারা পোষাক ব্যবহার করত। এখন আমরা যেমন পায়জামা-পাঞ্জাবী, প্যান্ট,শার্ট, জুতা, টুপি, মোজা, পাগরি ব্যবহার করে দেহকে রক্ষা করি, প্রাচীন কালে মানুষ যাদেরকে আমরা অসভ্য বলে আখ্যায়িত করি তারাও প্রকৃতিক দুর্যোগের হাত থেকে রক্ষা পেতে গাছের ছাল, বাকলা, পাতা ও পশুর চামড়া ইত্যাদি ব্যবহার করত। শীত, গ্রীষ্ম, ঝড়, বৃষ্টি উষ্ণ ও শীতল হাওয়া যেন দেহের ক্ষতি করতে না পারে এ চিন্তা অসভ্য মানবদের যখন ছিল তখন বিজ্ঞানের যুগের সুসভ্য মানবের মাঝে আরও বেশী পরিমান থাকবে এটাই স্বাভাবিক। পোষাক শুধু ফ্যাশন আর বাবুগিরীর জন্য নয়, দেহ রক্ষার্থে অতীব প্রয়োজন। এ প্রয়োজনকে উপেক্ষা করা চলেনা। একে বিলাসিতা বলেও উড়িয়ে দেয়া যায় না।[৫]

---

* লেখকঃ কোরানিক সায়েন্স, মাস্টার্স শেষ বর্ষের ছাত্র।

## জাতিভেদ ও দেশাচার ভেদে পোষাকের তারতম্য ঃ

বাংলাদেশের মুসলানরা সাধারনত: পায়জামা-পঞ্জাবীই বেশীর ভাগ পরে থাকে। মুসলমানরা তাদের বিবাহ-সাদী , ঈদ, ওয়াজ মাহফিল, মিলাদ মাহফিল, মেজবানী ইত্যাদি অনুষ্ঠানে তাদের পছন্দের পোষাক পায়জামা-পাঞ্জাবী বেছে নেয়। আবার শহরাঞ্চলের মুসলমানরা গ্রাম অঞ্চলের মুসলমানদের তুলনায় ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠানে পায়জামা পাঞ্জাবী বেশী পরিধান করে থাকে। শহুরে মানুষেরা সাধারণত: প্যান্ট-শার্ট ই পরে। তেমনি গ্রামঞ্চলের মুসলমানরা সাধারণত : লুঙ্গীর সাথে পাঞ্জাবী, শার্ট ইত্যাদি পরে থাকে।

আবার হিন্দুদের পোষাক মুসলমানদের থেকে অনেকটা ভিন্ন, যেমনঃ হিন্দুরা তাদের ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠানে পাঞ্জাবী ও ধুতি পরে থাকে, তাদের এই প্রচলন শহর এবং গ্রামে সমান ভাবে প্রযোজ্য। সাধারণত: শহুরে হিন্দুরা শার্ট প্যান্ট পরে থাকে। আবার হিন্দু, মুসলমানের পোষাক থেকে খ্রীষ্টান, ইহুদী ও অন্যান্য জাতির পোষাক ভিন্ন। একই জাতি মুসলমান অথচ বাংলাদেশী মুসলমানদের পোষাক, আরব,৲ ইরান, তুর্কী, পাকিস্তান প্রভৃতি দেশের মুসলমানদের পোষাক তা হতে ভিন্ন। একই মুসলমানদের পোষাক দেখে অন্য মুসলমানেরা হাসে। অন্যান্য জাতির মধ্যেও তাই। দেশাচার ভেদে এক জাতি হয়েও ভিন্ন পোষাক ব্যবহার করতে বাধ্য হয়।[৬]

## লিঙ্গভেদে ও পেশাচার ভেদে পোষাকের তারতম্য ঃ

পুরুষ ও নারীর পোষাকেও ব্যবধান আছে। পুরুষের পোষাক নারীর জন্য উপযুক্ত নয়। নারীর পোষাক ও পুরুষের জন্য উপযুক্ত নয়। কেননা পুরুষ নারীর পোষাকে ভুষিত হলে নারীর মনোবৃত্তি আসে। ভীরুতা কাপুরুষতা ও লজ্জায় মন আড়ষ্ট হয়। নারীর অবস্থা ও ঠিক তাই। নারী পুরুষের পোষাক পরলে মাতৃত্বের মনোবৃত্তি হারিয়ে ফেলে, কঠোর হতে বাধ্য হয়। পোষাকের প্রভাবকে অস্বীকার করা যায় না।

এ প্রসঙ্গে মহানবী (সঃ) বলেছেনঃ হযরত ইবনে আব্বাস (রাঃ) বলেন রসূল (সঃ) অভিশম্পাত দিয়েছেন ঐ সমস্ত পুরুষদের যারা পোষাকের মাধ্যমে নারীর আকৃতি ধারণ করে এবং ঐ সমস্ত নারীদের যারা পোষাকের মাধ্যমে পুরুষের আকৃতি ধারণ করে।[৭]

অন্য হাদীসে এসেছে হযরত আবু হোরায়রা (রাঃ) বলেনঃ রাসূল (সঃ) অভিশাপ দিয়েছেন ঐ সকল পুরুষদের যারা নারীদের পোষাক পরিধান করে এবং ঐ সকল নারীদের যারা পুরুষদের পোষাক পরিধান করে।[৮]

পদমর্যাদা অনুযায়ীও পোষাকের তারতম্য ঘটে। যেমনঃ পিয়ন, হোটেলের বয়, বাবুর্চি , ড্রাইভার, পাইলট, সৈনিক, পুলিশ এদের পোষাক সাধারণ মানুষের পোষাক হতে ভিন্ন। পোষাকের প্রকার ভেদে মানুসিক অবস্থারও পরিবর্তন হয়। যেমন: রাজকীয় পোষাক পরলে রাজসুলভ মনোভাবের সৃষ্টি হয়। পুলিশের পোষাক পরলে মেজাজ কঠোর হয়, বয়, বাচুর্চি ও পিয়নের পোষাক পরলে সেবার মনোবৃত্তি আসে। আটো-সাটো পোষাক পরলে দাম্ভিকতা , অহংকার ও কুপ্রবৃত্তিতে মন ভরে উঠে। সৈনিকের পোষাক পরলে যুদ্ধের লিপ্সা জাগে। জর্জের পোষাক পরলে ন্যায়নীতির প্রশ্ন মনে জাগে। যেমন জল্লাদের পোষাক পরলে কেউ মায়ার টানে কাঁদেনা, তেমনি টেডি পোষাক পরেও কেউ ধর্মের নামে আকুল হয় না। পাগরি ও আলখেল্লা পরেও কেউ চুরি করে না।

হযরত আবু উমামা বিন ছায়লাবা (রাঃ) বলেন : রাসূল (সঃ) বলেছেন নিশ্চয় বিনয়ের পোষাক পরিধান করা ঈমানের গুরুত্বপূর্ণ অংশ, নিশ্চয় বিনয়ের পোষাক পরিধান করা ঈমানের গুরুত্বপূর্ণ অংশ।[৯]

## রাসূল (সঃ) যে সব পোষাক পরিধান করতে নিষেধ করেছেন:

হযরত মা'য়াজ বিন যাবাল (রাঃ) হতে বর্ণিত তিনি বলেন হযরত (সঃ) এক ব্যক্তিকে রেশমের কারুকার্য করা জুব্বা পরতে দেখে বললেনঃ কিয়ামতের দিন তাকে আগুনের গলাবদ্ধ পরানো হবে।[১০]

হযরত আবু উমামা (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন আমি রাসূল (সঃ) কে বলতে শুনেছি যে ব্যক্তি আল্লাহর উপর ঈমান আনবে এবং কিয়ামত দিবসের উপর ঈমান আনবে সে কখনো রেশমের পোষাক এবং স্বর্ণ পরিধান করতে পারে না। [১১]

হযরত আবদুল্লাহ ইবনে উমর (রাঃ) বলেন; রাসূল (সঃ) বলেছেন আমার উম্মতদের মধ্যে যারা দুনিয়াতে মদ পান করে গেছে তাদের জন্য বেহেস্তের মদ হারাম করা হয়েছে। যে ব্যক্তি স্বর্ণ পরিধান করেছে বেহেস্তে তার জন্য পোষাক হারাম করা হয়েছে।[১২]

হযরত আলী (রাঃ) বলেছেন: রাসূল (সঃ) কে দেখলাম রেশমের কাপড় হাতে নিয়ে ডান দিকে রাখলেন এবং স্বর্ণ হাতে নিয়ে বাম দিকে রাখলেন অত:পর বললেন : এই দুই প্রকার দ্রব্য আমার উম্মতের মধ্যে পুরুষদের জন্য ব্যবহার করা হারাম।[১৩]

হযরত ওকবা বিন আমর (রাঃ) বলেন রাসূল (সঃ) পুরুষকে গহনা এবং রেশমের পোষাক পরিধান করতে নিষেধ করেছেন। এবং আরও বলেছেন তোমরা যদি বেহেস্তে এসব ব্যবহার করতে চাও তাহলে দুনিয়াতে এ গুলো পরিধান করবেনা।[১৪]

হযরত ইবনে আববাস (রাঃ) বলেন : রাসূল (সঃ) অভিশাপ দিয়েছেন ঐ সকল নারী এবং পুরুষদের যারা উভয় উভয়ের পোষাক পরিধান করে । অর্থাৎ যে সকল পুরুষ নারী সাজে সজ্জিত হয় এবং যে সকল মহিলা পুরুষ সাজে সজ্জিত হয়।[১৫]

হযরত আবু হোরায়রা (রাঃ) বলেন : রাসূল (সঃ) ঐ সকল নারী এবং পুরুষদের অভিশাপ করেছেন, যে পুরুষ নারীর পোষাক পরিধান করে এবং ঐ নারী যে পুরুষদের পোষাক পরিধান করে।[১৬]

## শালীন পোষাক ও তার বিধি নিষেধঃ

দেশাচার ও জাতিভেদের তারতম্য থাকলেও পোষাকের মাঝে একটা শালীনাত থাকা দরকার। যে ধরনের পোষাক পরলে মনে কু-প্রবৃত্তি জন্মে না। অহংকার আস্ফালনে নাকের শিরা উপশিরা স্ফীত হয়ে উঠে না, অথচ শরীর ও মনকে সুস্থ রাখা যায় সে ধরনের পোষাক পরাই সঙ্গত।

চৌদ্দ'শ বছর পূর্বে এক মহামানব অসভ্য যুগের মাঝে জন্ম নিয়েও অসভ্য মানুষের জন্য পোষাক পরিচ্ছদের উপর যে, বিধি ব্যবস্থা দিয়ে গেছেন বিজ্ঞাননের উৎকর্ষের যুগেও তা প্রমানিত সত্য হিসাবেই প্রতিষ্ঠিত।[১৭]

রাসূল(সঃ) বলেছেন: গোড়ালীর নীচে পায়ের যে অংশ কাপড় ঝুলে উহা দোযখে যাবে। তিনি আরো বলেছেন যে ব্যক্তি গর্ব প্রকাশের জন্য তার পায়জামা লম্বা করে আল্লাহ তার সাথে কথা বলবেন না। তিনি আরো বলেছেন ঃ যে ব্যক্তি গর্ব অহংকার প্রকাশের জন্য পোষাক পরিধান করে কেয়ামতের দিন আল্লাহ তার দিকে তাকাবেন না । তিনি বলেন : যে ব্যক্তি অহংকার বশত: পায়জমা পায়ের গোড়ালীর নীচে ঝুলায়ে পরে এমন কি জামা কিংবা পাগরি পরিধানের মধ্যেও যদি অহংকার থাকে কেয়ামতের দিন আল্লহ তার দিকে তাকাবেন না। [১৮]

সুনানে আবু দাউদে বর্ণিত হয়েছে যে, একব্যক্তি টাখনুর নীচে গড়ানো পোষাক পরে নামাজ পড়ছিল, এ সময় বাসূল (সঃ) তাকে বল্ল যাও ওযু করে এস সে ওযু করে এল আবার বললেন যাও ওযু করে এস এক ব্যক্তি জিজ্ঞাসা করল হে রাসূল (সঃ) আপনি তাকে ওযু করতে বললেন কেন? রাসূল (সঃ) চুপ করে রইলেন কিছুক্ষন পর বললেন সে টাখনুর নীচে গড়ানো পোষাক পরে নামাজ পড়ছিল। এ ধরনের নামাজ আল্লাহ কবুল বরে না।[১৯]

এবার আসা যাক পায়ের গোড়ালীর নীচে কাপড় পরিধান বিজ্ঞানের দৃষ্টিতে কতটুকু সঙ্গত বা অসঙ্গত । পায়ের গোড়ালীর নীচে কাপড় ঝুলে পরা অর্থই রাস্তার ধুলো-বালি, কাদা , মল বিষ্টা প্রভৃতি ইচ্ছাকৃতভাবে কাপড়ে সংযুক্ত করা। এই রোগ জীবানু বিশিষ্ট পদার্থ কাপড়ের সঙ্গে মিতালী করে হাত, পা ও গায়ে ঢুকার সুবর্ণ সুযোগ পায় । পোষাকের সঙ্গে সৌন্দর্যের প্রশ্ন জড়িত , কাপড় যে পায়ের গোড়ালী স্পর্শকরে তা নি:সন্দেহে যে, রাস্তা পরিষ্কারের কাজ করে অপবিত্র ও দুর্গন্ধ যুক্ত হয়ে উঠে এটাও জ্ঞানীদের দৃষ্টিতে নির্ভুল। অহংকারী মনে ফ্যাশনের আশায় নিজের পোষাক যদি কেউ দুর্গন্ধযুক্ত করে তোলে তবে বন্ধু বান্ধবদের কাছেই শুধু নয় আলাহর কাছে ও সে ঘৃনিত হিসাবে পরিগনিত হবে। আলাহ পবিত্রতা ভালবাসেন, অপবিত্রকে পছন্দ করেন না। কুরআনে আরো বলা হয়েছে "হে বসনাবৃত উঠো। অনন্তর ভয় প্রদর্শন কর এবং তোমার প্রতিপালকের মহিমা প্রচার কর এবং তোমার পরিচ্ছদ পবিত্র কর এবং মলিনতা দূরিভূত কর ।[২০]

## নারীদের জন্য হিযাব পরিধান করা অত্যাবশ্যকীয় ঃ

যে বস্ত্র দিয়ে মহিলাদের শরীর ঢেকে রাখা হয় তাকে বলা হয় হিজাব। হিজাব সম্পর্কে আল্লাহর বক্তব্যঃ হে নবী তোমার স্ত্রীগন কন্যাগনও ঈমানদার লোকদের মহিলাগনকে বলে দাও তারা যেন নিজেদের উপর চাদরের আচঁল ঝুলিয়ে দেয়। ইহা অধিক উত্তম নিয়ম ও রীতি । যেন তাদেরকে চিনতে পারা যায় ও তাদের কে উত্যক্ত করা না হয়।[২১]

" যেন তাদেরকে চিনতে পারা যায় " এর মর্ম হচ্ছে তাদেরকে এ সরল ও শালীন পোষাক পরিহিত দেখে প্রত্যেকে একথা বুঝে নেবেন যে, তারা সম্ভ্রমশীলা সতী মহিলা, তারা উশৃংখর ও খেলাড়ী মহিলা নয় যে কোন দুরাচারী মানুষ নিজের অন্তরের বাসনা তাদের দ্বারা পূর্ণ করার আশা করতে পারে।

পক্ষান্তরে আমাদের বাংলাদেশের সমাজ ব্যবস্থা এতটা ক্রটিপূর্ন যে আল্লাহর বাণী যখন নারী পুরুষের কর্ণ কুহরে পৌছে তখন কেউ কেউ কিছুটা অনুতপ্ত হয় আবার অনেকেই এ সব বাণী শোনার প্রয়োজন অনুভব করে না। যারা শুনে অনুতপ্ত হয় তারাও সময়ের সাথে সাথে বদলে যায়, মিশে যায় পুরানো সাজানো পরিবেশের সাথে। আমাদের সমাজে নারীদের পোষাক আল্লাহর নির্দেশিত পোষাক নয় বলে তারা দুরাচারী মানুষের অন্ত রের বাসনা পূরনের বস্তুতে পরিণত হয়। ফলে প্রতি দিন ঘটে যাচ্ছে নারী নির্যাতনের ঘটনা, তারা হচ্ছে ধর্ষিতা, তারা হচ্ছে এসিড দগ্ধা। কুরআনের এ নির্দেশ দ্বারা প্রমানিত হয় যে, নারীরা আপাদমস্তক ঢেকে চলবে, তারা মুহাররাম ব্যতিত অন্য কারও সামনে পর্দা ব্যতিত আসবে না। তাদের সাজ সজ্জা প্রকাশ করবে না। রাসূল (সঃ) বলেছেন নারীরা আড়ালে থাকার বস্তু। আড়াল হতে বের হলে-ই শয়তান তার প্রতি উঁকি মারে।[২২]

তার মানে এই নয় যে, নারীরা ঘর থেকে বের হতে পারবে না। তারা ঘর থেকে বের হতে পারবে, তাদের প্রয়োজনীয় সকল কার্য সম্পাদন করতে পারবে। তবে সকল ক্ষেত্রে তাদেরকে নারীত্ব বজায় রেখে শালীন পোষাক পরতে হবে। পর্দার মাথায় কুঠারাঘাত হেনে যেন হিন্দু, খ্রীষ্টান ও ইহুদীদের মত মুসলমানরা অবাধ মেলা মেশার সুযোগ নিতে না পারে। মুহাম্মদ (সঃ) এর আর্বিভাবের পূর্বে আরব সমাজের নারীরা ইচ্ছামত ধর্ষিতা হতো। হযরত মুহাম্মদ (সঃ) সমাজের চরম দুর্দশা দেখে নারী জাতির প্রতি পশুর মত আচরণ দেখে কঠোর আদেশ দিলেন। কোন পুরুষ কোন স্ত্রীলোকের শরীরের দিকে দৃষ্টিপাত করতে পারবে না। এবং কোন স্ত্রীলোক অন্য কোন পুরুষের শরীরের দিকে দৃষ্টিপাত করতে পারবেনা। আর দু'জন পুরুষ একত্রে চাদরের নীচে শুইতে পারবে না এবং দু'জন স্ত্রীলোক একত্রে এক চাদরের নীচে শুইতে পারবে না।[২৩]

হিজারের একটি অংশ হল নিকাব। নিকাব মানে সেই বস্ত্র বা বস্ত্রাংশ যা দিয়ে মুখমন্ডল ঢেকে রাখা যায়। মহিলারা কি তাদের মুখমন্ডল নিকাব দ্বারা আবৃত্ত রাখবে নাকি মুখমন্ডল উন্মুক্ত অনাবৃত রাখা তাদের জন্য বৈধ? কিছু সংখ্যক আলেম মনে করেছেন মুসলিম মহিলাদের মুখাবয়ব খোলা রাখার অবকাশ আছে। অন্যরা মনে করেন কুরআন সুন্নাহর বিধান অনুযায়ী মুসলিম মহিলাদের জন্য তাদের শরীরের অন্যান্য অংশ ঢেকে রাখার মতই মুখ মন্ডল ও ঢেকে রাখা ওয়াজিব। কুরআন মজিদের একটি আয়াতাংশের বিশ্লেষণের ক্ষেত্রে মুফাসিসর গনের কিছুটা মত পার্থক্যই সমস্যাটির মূল কারণঃ আয়াতের অর্থ আর তারা (নারীরা) যেনো নিজেদের "যীনত" সৌন্দর্য প্রকাশ না করে। তবে যা স্বতই প্রকাশ হয়ে পড়ে তার কথা স্বতন্ত্র। তবে স্বতই যা প্রকাশ হয়ে পড়ে বাক্যাংশের বিশ্লেষণ কেউ মুখমন্ডল কে এমনিতেই প্রকাশ হয়ে পড়ে সৌন্দর্য বলে মনে করেছেন [২৪]

নারীর মান ইজ্জত ও মর্যাদা দিলেন মহানবী (সঃ)। পর্দা প্রথা পুরাতন হলেও নূতন কঠোর আদেশের মাধ্যমে যিনি চালু করলেন তিনিই হলেন বিশ্ব মানবের মুক্তি দাতা হযরত মুহাম্মদ(সঃ), শুধু অচেনা অজানা নারী পুরুষের দেখা করাই নিষেধ নয়। নিজ পরিবার ভুক্ত ও আত্মীয়দের মধ্যে বিশেষ কয়েক ব্যক্তি ছাড়া নারীদের মেলা-মেশাও নিযিদ্ধ করেছেন।

উমর বিন আমের (রাঃ) হতে বর্ণিত আছে, রাসূল (সঃ) বললেন : সাবধান হও স্ত্রী লোকদের নকিট গমন হতে। একজন আনসারী বল্ল হে রাসূলুল্লাহ দেবর সম্বন্ধে কি বলেন? তিনি বললেন "দেবর মৃত্যু তুল্য"।

প্রগতিশীল দেশের নর-নারীদের আপাদমস্তক ঢেকে রাখার পোষাককে প্রাচীন ও অসভ্য পোষাক বলে মনে করে। তাদের মতে ঃ (১) এটা নারীর উপরে একটা অবরোধ প্রথা, যার ফলে নারীর মানসিক চিন্তা ধারার উপর বিরুপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। নারীর স্বাস্থ্যকে হীন ও দুর্বল করে ব্যধিগ্রস্থ করে ফলে স্নায়ুতন্ত্রে আস্তে আস্তে অবশাদ আসে। ফলে নৈতিক শক্তিও দুর্বল হয়ে পড়ে। আর স্নায়ু মন্ডলীর দুর্বলতার কারণেই যৌন উম্মাদনার সৃষ্টি হয়।

(২)পর্দা প্রথার জন্যই বিবাহের পূর্বে নারীদের তন্ন তন্ন করে দেখার সুযোগ হয়না। তাই বিবাহের পর দু' জনের জীবনে অভিশাপ নেমে আসে।

(৩) পর্দা প্রথা নারীকে জ্ঞান বিজ্ঞান আহরনের পথে বাঁধা দেয়। তাই ইচ্ছা অনুযায়ী স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের চত্বরে স্বাধীনভাবে চলতে পারেনা। তাদের মতে নারী পুরুষের অবাধ মেলা-মেশা সামাজিক অর্থনৈতিক জীবনে উন্নতি আনে। নারীকে অবরোধ করে তাদের প্রতিভা চাপা রাখা উচিত নয়। এই মতবাদেই তারা আজ নারীকে মাঠে-ঘাঠে, হাটে ও বাজারে নামিয়েছে। নারীকে নানাভাবে প্রেরনা দিয়ে চঞ্চলা করে তুলছে। ইংল্যান্ড, আমেরিকা জাপান জার্মান, ফ্রান্স, ইতালী,চীন রুশ ও ভারত প্রভৃতি দেশে নারীরা পুরুষের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করছে এবং প্রভূত উন্নতিও করছে। এটা অস্বীকার করার নয়। তাদের মতে নারীরা প্রগতির পথে। কিন্তু সমাজ হিতৈষী ও ধর্মপরায়ন মনিষীদের মতে তারা প্রগতির পথে নয় অধ:গতির পথে।[২৫] তাদেরকে কেন্দ্র করে আল্লাহ বলেন ঃ হে আদম সন্তান! শয়তান যেন তোমাদেরকে তেমন করে আবার ফিতনায় ফেলতে না পারে, যেমন করে সে তোমাদের পিতা-মাতাকে জান্নাত হতে বহিস্কৃত করেছিল, এবং তাদের পোষাক তাদের দেহ হতে খুলিয়ে ফেলেছিল যেন তাদের লজ্জাস্থান পরস্পরের নিকট উন্মুক্ত হয়ে পড়ে। সে এবং তার সাথীরা তোমাদেরকে এমন এক স্থান হতে দেখতে পায়, যেখান হতে তোমরা তাদেরকে দেখতে পাওনা। এই শয়তান গুলোকে আমরা ঈমানদার নহে এমন লোকদের জন্য পৃষ্টপোষক বানিয়ে দিয়েছি।[২৬]

## পুরুষের পোষাকের ক্ষেত্রে ইসলামী বিধান ঃ

ইসলামে নির্দিষ্ট পোষাক নেই। এর উপর কোন বিধি-নিষেধ ও নবী পয়গম্বরগন দিয়ে যাননি। আবহাওয়ার সঙ্গে মিল রেখে শরীরকে সুস্থ রাখার জন্য যে কোন পোষাকই ব্যবহার করা চলে। এর প্রমান আমরা পাই হযরত আব্বাস (রাঃ) এবং হযরত ওমর (রাঃ) এর বাণী হতে। যাই ইচ্ছা আহার কর, পান কর ও পরিধান কর, যে পর্যন্ত অমিতব্যয়িতা ও অহংকার উহার সহিত মিলিত না হয়।[২৭]

হযরত আনাস (রাঃ) হতে বর্ণিত আছে যে, হযরতের নিকট (সঃ) সবচেয়ে প্রিয় পোষাক ছিল ইয়মনী চাদর (যাহা প্রায় সবুজ)। হযরত আয়শা (রাঃ) হতে বর্ণিত আছে যে, রাসূল (সঃ) ইয়মনী চাদর বেশী পছন্দ করতেন। মৃত্যুর সময়ও তাঁকে ঐ চাদরেই ঢাকা হয়েছিল।[২৮]

রাসূলে করিম (সঃ) বলেছেন " সর্বোৎকৃষ্ট পরিচ্ছদ দ্বারা তোমরা কবরে ও মসজিদে আল্লাহর সহিত সাক্ষাত করতে যাও, উহা শ্বেত বস্ত্র।"[২৯]

## যে সকল পোষাক পুরুষের জন্য নিষিদ্ধ ঃ

বেহেস্তবাসীদের পোষাক হবে রেশমের অর্থাৎ তাদের সমস্ত পরিচ্ছদ, বিছানা, পর্দা ইত্যাদি রেশমের হবে। যা দুনিয়াতে সর্বোত্তম পোষাক হিসেবে গণ্য। বলার অপেক্ষা রাখেনা যে, বেহেস্তের রেশমের সাথে দুনিয়ার রেশমের কোন তুলনা হয় না। নামের দিক দিয়ে শুধু সামঞ্জস্য রয়েছে নুতবা গুন গত দিক দিয়ে বেহেস্তের রেশম অতুলনীয়। ঈমাম নাসাঈ (রঃ) হযরত আবু হোরায়রা (রাঃ) সূত্রে বর্ণনা করেন রাসূলুল্লাহ (সঃ) এরশাদ করেছেন ঃ যে ব্যক্তি দুনিয়াতে রেশমের পোষাক পরিধান করবে আখেরাতে তার পরনে কোন পোষাক থাকবে না। যে ব্যক্তি দুনিয়াতে মদ্য পান করবে আখেরাতে সে তা থেকে বঞ্চিত থাকবে। যে ব্যক্তি দুনিয়াতে সোনা

রূপার পাত্রে পানাহার করবে , আখেরাতে এ সব পাত্রে পানাহারের সুযোগ পাবেনা । অতঃপর রাসূল (সঃ) বলেছেন যে, উল্লেখিত তিনটি বস্তু বেহেস্তবাসীদের জন্য নির্দিষ্ট ।[৩০]

সহীহ আল বুখারীতে আরও বর্ণিত আছে যে, রাসূল (সঃ) স্বর্ণ ও রৌপ্যের পাত্রে পানাহার করতে রেশমী পোষাক পরিধান করতে ও রেশমী বিছানায় বসতে নিষেধ করেছেন । সহীহ মুসলিমে বর্ণিত হয়েছে যে , রাসূল(সঃ) এক ব্যক্তির হাতে সোনার আংটি দেখে তা খুলে ফেললেন এবং বললেন তোমাদের এই ব্যক্তির নিজ হাতে জাহান্নামের আগুন পরতে সখ হয়েছে, অনুরূপভাবে স্বর্ণ ও রেশমের নকশা এবং এমব্রয়ডারী ও পুরুষের জন্য হারাম ।[৩১]

## রাসূল (সঃ) এর পছন্দের পোষাক ও রং ঃ

দেশের আবহাওয়ার সাথে সামঞ্জস্য রেখে সুতি বা পশমী বস্ত্র পরিধান করা বিধেয়। মানুষ তার রুচির তারতম্য অনুযায়ী সাদা-কালো , সবুজ , লাল, বেগুনী বা জাফরান রঙের বস্ত্র ব্যবহার করে। পুরুষ ও স্ত্রী লোকদের জন্য উত্তম যে সব রং সে গুলি ব্যবহারের জন্য রাসূল (সঃ) নির্দেশ দিয়েছেন এবং তিনি নিজে ব্যবহার করে আমাদেরকে শিখিয়েছেন । তিনি সাদা পোষাককেই বেশী পছন্দ করতেন। সাদার পরেই তাঁর নিকট সবুজের স্থান ছিল। আনাস (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেছেন রাসূল (সঃ) এর প্রিয় পোষাক ছিল সবুজ রঙের জুব্বা।[৩২]

আনাস (রাঃ) আরো বলেছেন "হযরত মুহাম্মদ (সঃ) পুরুষকে নিষেধ করেছেন জাফরানী রং ব্যবহার করতে।[৩৩]

হযরত আলী (রাঃ) বলেছেন হযরত (সঃ) আমাকে সোনার আংটি রেশমের পোষাক এবং রুকু সেজদাতে কুরআন পাঠ ও লাল রঙের পোষাক পরিধান করতে নিষেধ করেছেন ।[৩৪]

দেহকে আবৃত করতে যেমন জামা কাপড়ের দরকার, মস্তিষ্ক ও পদযুগল রক্ষা করতেও তেমনি পরিচ্ছদ দরকার । এ জন্য হযরত (সঃ) টুপি, পাগরি ও জুতা ব্যবহার করতেন । এ বিষয়ে অনেকেই সাক্ষ্য দিয়েছেন যেমন ঃ যখন হযরত (সঃ) পাগরি বাঁধতেন তখন উহার শেষাংশ উভয় স্কন্ধের মধ্য দিয়ে ঝুলিয়ে দিতেন।[৩৫]

মুশরিক ও আমাদের মধ্যে পার্থক্য এই যে, আমরা টুপির উপর পাগরি ব্যবহার করি । তোমরা পাগরি পরবে , যেহেতু উহা ফেরেশতাদের চিহ্ন এবং উহা তোমাদের পিঠের উপর ঝুলিয়ে দিবে ।[৩৬]

তোমাদের কেহ একজুতা পরে চলবে না । উভয় জুতা খুলে রাখবে বা উভয় জুতা পরবে।[৩৭]

## বিজ্ঞানের দৃষ্টিতে টুপি বা পাগরি পরার গুরুত্ব ঃ

ধুলো-বালি, উষ্ণ হাওয়া ও ক্ষতিকর বিষাক্ত গ্যাসীয় বস্তুর হাত থেকে মস্তিষ্ক রক্ষা করতে টুপি বা পাগরি ব্যবহারের প্রয়োজন। এটা অহেতুক বা অবৈজ্ঞানিক ব্যবস্থা নয়। কেননা উপরে বর্ণিত পদার্থ সমুহের প্রভাবে মস্তিষ্কে নানা রোগের সম্ভাবনা থাকে। এই জন্যই সর্ব দেশের মানুষই মাথাকে ঢেকে রাখার ব্যবস্থা করে। চীনারা লাল ঝুল বিশিষ্ট টুপি ব্যবহার করে। জাপানী, জার্মনী প্রভৃতি জাতি "ফেল্টক্যাপ" ব্যবহার করে আরবীয়গন পাগরি , পাকিস্তানীরা জিন্নাহ ক্যাপ, ভারতীয়গন নেহেরু ক্যাপ ব্যবহার করে। শুধু ফ্যাশনের জন্য নয় ,মস্তিষ্ক রক্ষাই এর প্রধান উদ্দেশ্য।[৩৮]

প্রাকৃতিক নিয়মেই পুরুষদের দাড়ি গজায়। রাসূল (সঃ) বলেছেন ঃ "গোঁফ ফেল ও দাড়িকে ক্ষমা কর"। দাড়ি গজালে শক্তি সাহস বেশী হয় দেহ বর্ধিষ্ণু ও হয়। গলার স্বর মোটা হয়, পুরুষ জাতীয় জীবকে স্ত্রী জাতীয় জীব হতে পৃথক করতেই আল্লাহ পাকের এই ব্যবস্থা। বিজ্ঞান দ্বারা প্রমানিত যে যাদের দাড়ি আছে তারা কাম প্রবৃত্তিতে অনেক শক্তিশালী। এ ছাড়া দাড়ি কাটার ফলে স্নায়ু মন্ডলী আঘাত প্রাপ্ত হয়, ফলে চোখের জ্যোতি কমে যায় আর মুখের চেহারা নষ্ট হয়। এজন্য রাসূল (সঃ) বলেছেন গোঁফ ফেলে দেয়া বা ছোট করার প্রয়োজন আছে। রাসূর (সঃ) এর মতে গোঁফের পানি হারাম। কেন না গোঁফে ধুলো-বালি ঘর্ম ও দুষিত দ্রব্য লেগে থাকা সম্ভব যা পান করার সময় পাকস্থলিতে প্রবেশ করে ও অঘটন ঘটায়।[৩৯]

পরিচ্ছদের মধ্যে আর একটি বস্তু যা রাসূর (সঃ) অত্যান্ত বেশী পছন্দ করতেন তা হলো সুগন্ধি। কেউ সুগন্ধি তাকে উপহার দিলে তা কোন দিন তিনি ফিরিয়ে দেননি, সানন্দে গ্রহন করতেন। এর প্রমান পাওয়া যায় হযরত আনাস এবং হযরত আয়েশা (রাঃ) এর উক্তি হতে আনাস (রাঃ) বলেন নবী (সঃ) কখনো সুগন্ধি ফেরৎ

দিতেন না। আয়েশা (রাঃ) বলেন " আমি রাসূলুল্লাহ (সঃ) কে উত্তম সুগন্ধি যা পেতাম তা দিয়েই সুগন্ধ করতাম। এমনকি আমি তার মাথা ও দাড়িতে সুগন্ধির চাকচিক্য দেখতাম। আমি বিদায় হজ্বে নিজ হাতে যবীরা (এক প্রকার সুগন্ধি) দিয়ে ইহরাম ছাড়া ও বাধার সময় রাসূল (সঃ) কে সুগন্ধ করেছি।[৪০]

পরিচ্ছদের মধ্যে আর একটি অন্যতম বস্তু সুরমা। রাসূল (সঃ) সুরমা ব্যবহার করতেন। হযরত (সঃ) এর সহচরগন এ ব্যাপারে সাক্ষ্য দিয়েছেন। চক্ষুকে সুরমা দ্বারা রঞ্জিত কর। কারণ উহা দ্বারা তিনি প্রতি রজনীতে বাম চোখে দু'বার এবং ডান চোখে তিনবার সুরমা দিতেন।[৪১]

বিজ্ঞানের দৃষ্টিতে সুরমা চোখকে সুস্থ্য রাখে। সুরমা স্নায়ু মন্ডলীকে সতেজ করে। দৃষ্টি শক্তিকে প্রখর করে। নিয়মিত সুরমা ব্যবহার করলে বার্ধ্যক্য ছাড়া চোখকে আর কোন রোগ স্পর্শ করতে পরেনা।[৪২]

## বাংলাদেশ প্রসঙ্গ ঃ

বাংলাদেশেরে জনসংখ্যার প্রায় ৯০% মানুষ মুসলমান। এদের মধ্যে ইসলাম সম্পর্কে সচেতন আছে আনুমানিক ২০% মানুষ। বাকীদের মধ্যে আনুমানকি ৬০% লোক সামাজিক বা ধর্মীয় অনুষ্ঠানাদিতে ইসলামকে অনুসরন করে। আর বাকী ১০% লোক মুসলমান হয়েও ইসলামী মূল্যবোধকে বিশ্বাস করে না। যারা ইসলাম সম্পর্কে সচেতন তাদের একটা বিরাট অংশ পুরুষদের ক্ষেত্রে শুধু মাত্র পায়জামা পাঞ্জাবী বা লুঙ্গি - পাঞ্জাবীকেই ইসলামী পোষাক মনে করেন। নারীদের ক্ষেত্রে আপাদমস্তক ঢাকা যায় এমন যে কোন পোষাককেই তারা ইসলামী পোষাক মনে করে। ইসলামী চিন্তা ধারায় বিশ্বাসী বাকীরা মনে করেন ইসলামে নির্দিষ্ট কোন পোষাক নেই, আবহাওয়ার তারতম্যের আলোকে যে স্থানে যে রকম পোষাক পরিবেশের সাথে মানিয়ে যায় সেটাই হবে ইসলামী পোষাক। তবে এ ক্ষেত্রে মনে রাখতে হবে যে, এমন পোষাক যেন না হয় যা দ্বারা দাম্ভিকতা বা অহংকার প্রকাশ পায় অথবা মুসলিম নয় এমন কোন জাতীর পোষাককে অনুকরন করা হয়। মুসলমানদের দ্বিতীয় পক্ষ যারা শুধু মাত্র ইসলাম মানে আনুষ্ঠানিকতাই মনে করেন তাদের কাছে ইসলামী-অনৈসলামী জাতীয়-বিজাতীয় পোষাক বলতে কিছুই নেই। পছন্দ মত যাহা যখন পাওয়া যায় নারী পুরুষ নির্বিশেষে সেটাই তাদের পোষাক। মুসলমানদের তৃতীয় পক্ষ যারা নামে মাত্র মুসলমান কার্যতঃ জন্ম, বিবাহ আর মৃত্যু দিবস ছাড়া মুসলমানির গন্ধ ও তাদের কাছে পাওয়া যাবে না। পোষাকের ক্ষেত্রে তাদের ভাল মন্দ বৈধ অবৈধ বিবেচনা আশা করা বোকামী ছাড়া কিছুই নয়। অন্যান্য পরিচ্ছদের ক্ষেত্রে যেমন ঃ সুগন্ধি ব্যবহার, গোঁফ কাটা, দাড়ি রাখা, সুরমা লাগানো ইত্যাদির ক্ষেত্রে শুধু মাত্র তৃতীয় পক্ষকে ছাড়া অন্যদের তেমন বাক বিতন্ডায় অবতীর্ণ হতে দেখা যায় না।

## তথ্য সূত্র ঃ

১.আল কুরআন, সুরা - আ'রাফ, আয়াতঃ ২৬,
২. আল কুরআন, সুরা - আ'রাফ, আয়াতঃ ৩১,
৩.মাওলানা সাইয়েদ আবুল আ'লা মওদূদী, তরজমায়ে কুরআন মজিদ, পৃষ্ঠা : ২৬৬,
৪.আল কুরআন , সুরা - আ'রাফ, আয়াত :৩২,
৫.মুহাম্মদ নুরুল ইসলাম, বৈজ্ঞানিক মুহাম্মদ (দঃ), ১ম খন্ড, পৃষ্ঠা : ২১৫ মল্লিক ব্রাদার্স , কলকাতা, সন : ১৯৯৫,
৬.প্রগোক্ত , ১ম খন্ড, পৃষ্ঠা : ২১৬,
৭.হাফেজ শিহাবুদ্দিন আহমদ , মুখতাছার আত্ তারগীব ওয়াততাহীব, পৃষ্ঠা : ১৯৪,হাদীস নং ৭৩১,
মুআচ্ছাচাতুর রিসালাহ, এদারাতু এহইয়াউল মায়া'রিফ, মালিগাঁও , সন ১৯৮৮,
৮.প্রাগোক্ত, পৃষ্ঠা : ১৯৪, হাদীস নং- ৭৩২,
৯.প্রাগোক্ত, পৃষ্ঠা : ১৯৪, হাদীস নং-৭৩৪,
১০.প্রাগোক্ত, পৃষ্ঠা : ১৯৩, হাদীস নং -৭২৫,
১১.প্রাগোক্ত, পৃষ্ঠা : ১৯৩, হাদীস নং -৭২৬,
১২.প্রাগোক্ত, পৃষ্ঠা : ১৯৩, হাদীস নং -৭২৭,
১৩.প্রাগোক্ত, পৃষ্ঠা : ১৯২, হাদীস নং -৭২৪,
১৪.প্রাগোক্ত, পৃষ্ঠা : ১৯৩, হাদীস নং -৭২৯,

১৫.প্রাগোক্ত, পৃষ্ঠা : ১৯৪, হাদীস নং- ৭৩১,
১৬.প্রাগোক্ত, পৃষ্ঠা : ১৯৪, হাদীস নং- ৭৩২,
১৭.বৈজ্ঞানিক মুহাম্মদ (দঃ) , ১ম খন্ড , পৃষ্ঠা : ২১৬,
১৮.আবু বকর যায়ের আল জাযায়েরী , মিনহাজুল মুসলিম, জাহেদুল কুদসী, সন : ১৯৯০,
১৯.শামছুদ্দীন মুহাম্মদ বিন উসমান আয্ যাহাবী, কবীরা গুনাহ, অনুবাদ : হাফেজ মাওলানা আকরাম ফারুক, বাংলাদেশ ইসলামিক সেন্টার, ঢাকা সন : ১৯৯৮,
২০.আল কুরআন, সুরা - আল মুদ্দাসিসর, আয়াত : ৩-৪ ,
২১.আল কুরআন , সুরা - আল আহযাব, আয়াত : ৫৯,
২২. বুখারী শরীফ , তরজমা : মাওলানা শামছুল হক, ৬ষ্ঠ খন্ড, পৃষ্ঠা : ৩৬৯,
২৩.বৈজ্ঞানিক মুহাম্মদ (দঃ), ২য় খন্ড, পৃষ্ঠা : ১৬০,
২৪.আব্দুস শহীদ নাসিম , ইসলামের পারিবারিক জীবন, বর্ণালী বুক সেন্টার, ঢাকা, সন : ২০০০,
২৫.বৈজ্ঞানিক মুহাম্মদ (দঃ), ২য় খন্ড, পৃষ্ঠা : ১৬২,
২৬. আল কুরআন, সুরা - আ'রাফ, আয়াত : ২৭,
২৭. মৌঃ মুহাম্মদ তরিকুল ইসলাম, বুখারী শরীফ , সংগৃহিত হাদীসে রাসূল (সঃ), পৃষ্ঠা : ৩৪০,
২৮.বুখারী শরীফ , তরজমা : আব্দুর রহমান খাঁ , পৃষ্ঠা : ৩৮৬,
২৯.ইবনে মাজাহ , সংগৃহিত মুহাম্মদ আজহার উদ্দীন , হাদীসের আলো, ২য় খন্ড, পৃষ্ঠা : ১০
৩০.মুফতী মুহাম্মদ শফী , মাসায়েলে মা' আরিফুল কুরআন , অনুবাদ : মুফতী মুহাম্মদ উবাইদুল্লাহ , দারুল ইফতা প্রকাশনী , ঢাকা , সন : ১৯৯৩,
৩১.ইমাম আয যাহাবী, কবীরা গুনাহ , পৃষ্ঠা : ১৫০,
৩২.বুখারী শরীফ , সংগৃহিত মুহাম্মদ আজহার উদ্দীন , হাদীসের আলো, ২য় খন্ড, পৃষ্ঠা : ১৯০,
৩৩.প্রাগোক্ত , ২য় খন্ড , পৃষ্ঠা : ১০৯,
৩৪.তিরমিজি , সংগৃহিত : মুহাম্মদ আজহার উদ্দীন , হাদীসের আলো ২য় খন্ড , পৃষ্ঠা : ১০৯,
৩৫.প্রাগোক্ত, ২য় খন্ড, পৃষ্ঠা : ১০৮,
৩৬.মেশকাত, ২য় খন্ড, পৃষ্ঠা : ১০৯,
৩৭. বুখারী, তরজামা : আবদুর রহমান খাঁ, হাদীস নং ৮০৬,
৩৮.বৈজ্ঞানিক মুহাম্মদ (দঃ) , ১ম খন্ড , পৃষ্ঠা : ২২৩,
৩৯.প্রাগোক্ত, ২য় খন্ড, পৃষ্ঠা : ২২৭,
৪০. বুখারী , তরজমা : আবদুর রহমান খাঁ , হাদীস নং ১৯৩-১৯৪,
৪১.তিরমিজি, তরজমাঃ আবদুর রহমান খাঁ ,২য় খন্ড , হাদীস নং ১১২, ৫১৯,
৪২.বৈজ্ঞানিক মুহাম্মদ (দঃ), ২য় খন্ড , পৃষ্ঠা : ২২৭- ২২৮,

আল জামেয়া টেইলার্স এন্ড ফেব্রীক্স
পাঞ্জাবী, জুব্বা ও কাবুলী স্পেশালিস্ট
*এখানে উন্নত মানের দেশী বিদেশী কাপড় বিক্রয় করা হয়*
*ও নিখুঁতভাবে সেলাই করা হয়।*

প্রোপ্রাইটরঃ হাফেজ মুহাম্মদ সানাউল্লাহ
৫০, শাহী জামে মসজিদ মার্কেট, আন্দরকিল্লা, চট্টগ্রাম। মোবাইলঃ ০১৮-৩৮০২৮২

# দ্বীন প্রতিষ্ঠা ঃ উপকরণ ও কর্মপন্থা অপরিহার্যতা

মুঃ নাজমুস সায়াদাত(শাহীন) *

## ❑ প্রাথমিকীঃ

পৃথিবীর প্রায় অধিকাংশ মানুষই তাদের জীবনে কোন না কোনদ্বীন বা মতবাদের অনুসরণ করে থাকে। আর তা করা হয় সুন্দর সুশৃঙ্খল জীবন যাপনের লক্ষ্যে। কারণ সকল দ্বীনের অনুসারীরাই তাদের দ্বীন বা মতবাদকে পৃথিবীর সকল কিছুর চাইতে পবিত্র ও শ্রদ্ধার বিষয় বলে মনে করে এবং তার দ্বীনের এই ভক্তিপূর্ণ অনুসরণই তাকে সুশৃংখল জীবন যাপনে সহায়তা করে। তবে এক্ষেত্রে প্রকৃত মুসলমানগণ ব্যতিত আর কোন দ্বীনের অনুসারীরা সফলকাম হয়না। কারণ মানুষের স্রষ্টাই যিনি কল্যাণ অকল্যাণ সম্পর্কে সম্যক অবগত তিনি শান্তি সুখের দ্বীন হিসাবে একমাত্র 'ইসলামকে' পছন্দ করেছেন। যেমন তিনি বলেন, "আল্লাহর কাছে স্বীকৃত ও মনোনীত দ্বীন হলো ইসলাম"[১] আর আমাদের জীবনকে সুশৃঙ্খল ও শান্তিময় করার জন্য মহান স্রষ্টা দ্বীন ইসলামকে প্রতিষ্ঠিত করার নির্দেশ দিয়েছেন। তিনি বলেছেন, "তোমরা দ্বীনকে প্রতিষ্ঠিত কর (অন্য সব দ্বীনের উপর) এবং পরষ্পর এ কাজে মতপার্থক্য করোনা।"[২]

মহান আল্লাহ পাক পবিত্র কুরআনের বিভিন্ন জায়গায় দ্বীন প্রতিষ্ঠার জন্য সরাসরি নির্দেশ দিয়েছেন। নিম্নের আলোচনায় আমরা তা ফুটিয়ে তোলার চেষ্টা করবো ইন্‌শাআল্লাহ।

## ❑ দ্বীন কি?

দ্বীনের অর্থ বুঝতে সাইয়েদ আবুল আ'লা মওদূদী (রঃ) বলেছেন, "আরবী ভাষায় দ্বীন শব্দটি একাধিক অর্থে ব্যবহৃত হয়।

এর এক অর্থ প্রভূত্ব ও প্রাধান্য, শক্তি ও আধিপত্য। দ্বিতীয় অর্থ আনুগত্য ও দাসত্ব। তৃতীয় অর্থ প্রতিফল ও কর্মফল। এবং চতুর্থ অর্থ পথ, পন্থা, ব্যবস্থা আইন ইত্যাদি।

উল্লেখিত আয়াতে (ইসলাম আল্লাহর কাছে একমাত্র মনোনীত দ্বীন) 'দ্বীন' শব্দটি এই শেষ অর্থে ব্যবহৃত হয়েছে। অর্থাৎ 'দ্বীন' শব্দের অর্থ জীবন যাপনের পন্থা বা ব্যবস্থা। কিন্তু মনে রাখতে হবে যে, কুরআন কেবল 'দ্বীন' (دين) বলে নাই, বরং কুরআনে বলা হয়েছে "আ-দ্বীন (الدين) ইংরেজী ভাষায় This is a way (এই একটি পথ) এর পরিবর্তে This is the way (এই একমাত্র পথ) বলায় অর্থের দিক দিয়ে যতখানি পার্থক্য হয় ঠিক দ্বীন (دين) এবং আ-দ্বীন

(الدين) শব্দের মধ্যেও অর্থের দিক দিয়ে ততখানি পার্থক্য হয়ে থাকে। অর্থাৎ কুরআন এই কথা বলছেনা যে, "ইসলাম আল্লাহর নিকট (মনোনীত) ধর্ম, বরং উহার দাবী আল্লাহর নিকট ইসলামই একমাত্র মনোনীত

---

* লেখকঃ কুরআনিক সায়েন্স বিভাগের অনার্স শেষ বর্ষের ছাত্র।

প্রকৃত বিশুদ্ধ ও নির্ভুল জীবন ব্যবস্থা বা চিন্তা ও কর্মের প্রণালী।

ইকামতে দ্বীন সম্পর্কে আরো পরিষ্কারভাবে বুঝতে হলে প্রথমে কুরআন পাকের আলোকে 'দ্বীন' শব্দের সঠিক ব্যাখ্যা প্রয়োজন। কুরআন মজীদে এ শব্দটি বিভিন্ন অর্থে ব্যবহার করা হয়েছে।

**একঃ** প্রতিদান, প্রতিফল, বদলা ইত্যাদি। যেমন সুরা ফাতেহাতে বলা হয়েছেঃ مــالك يوم الديـن 'প্রতিদান দিবসের মালিক'। সূরা ইনফিতারে বলা হয়েছেঃ كلابل تكذ بون بالدين "না, তা নয়, বরং তোমরা প্রতিদানকে মিথ্যা মনে কর।"

**দুইঃ** আনুগত্য বা হুকুম মেনে চলা। যেমনঃ আলে ইমরানে আল্লাহ বলেন,

افغيردين الله يبغون وله أسلم من فى السموات والأرض

অর্থাৎ এরা কি আল্লাহর আনুগত্য ছাড়া অন্য কিছু চায়? অথচ আসমান ও জমীনে যা কিছু আছে সবাই তারই নিকট আত্মসমর্পন করেছে।"

সুরা আয্-যুমারে আল্লাহ বলেন,

فاعبد الله مخلصًا له الدين ـ

"আল্লাহর প্রতি আনুগত্যকে নিরংকুশ করে তাঁর দাসত্ব কর।"

**তিনঃ** আনুগত্যের বিধান বা পদ্ধতি। সূরা আলে-ইমরানে বলা হয়েছেঃ

إن الددين عند الله الإسلام ـ

"নিশ্চয়ই আল্লাহর নিকট একমাত্র ইসলামই আনুগত্যের বিধান।"

**চারঃ** আইন রাষ্ট্র ও সমাজ ব্যবস্থা। সুরা তাওবায় বলা হয়েছে-

ولايدينون دين الحق ـ

এবং তারা সত্য দ্বীনকে আইন হিসাবে মানে না"

দ্বীন শব্দের ব্যাখ্যা প্রসঙ্গে কুরাআন পাকের এই কটি আয়াত থেকে পরিষ্কার হয়েছে যে, আল্লাহ পাক দুনিয়ার জীবনে মানুষকে সঠিক জীবন যাপনের জন্য যে বিধান ও পদ্ধতি নবীর মাধ্যমে পাঠিয়েছেন তার মূল কথাই হলো আল্লাহর আনুগত্য।[৪]

## দ্বীন প্রতিষ্ঠা বলতে কি বুঝায়?

- দ্বীন প্রতিষ্ঠা বা ইকামতে দ্বীন বলতে কি বুঝায় সেই সংজ্ঞা দিতে গিয়ে "ইকামতে দ্বীন" এর লেখক বলেন- "দেশে দ্বীন ইসলাম কায়েম হওয়া অর্থ হলো সরকার ও জনগণের যাবতীয় কাজ কর্ম কুরআন হাদীস অনুযায়ী চলা।"[৫]
- ইসলামী রাষ্ট্র প্রতিষ্টার দায়িত্ব বইটি তে ছদরুদ্দীন ইসলাহী বলেন, অনুবাদক মুহাম্মদ হাবীবুর রহমানের ভাষায়ঃ (ইকামতে দ্বীন মানে)

ব্যক্তিগত ও জাতিগত ভাবে সে তাদের কাছে এই দুনিয়ায় কিভাবে বসবাস করবে, কি কি কাজ করার এবং কোন বস্তুতে পরিণত হবার দাবী জানায়, সে সব বিষয়ে পুরোপুরি জ্ঞান অর্জন করবে। অতপর সেই জ্ঞান অনুসারে নিজেদের আচরণ ও ক্রিয়াকলাপ বিন্যস্ত ও পরিশুদ্ধ করতে শুরু করবে। কোরআন ও সুন্নাহর প্রতিটি নির্দেশকে পালন করবে। শরীয়তের প্রতিটি বিধানকে কার্যকরী করবে। ইসলামী জীবন ব্যবস্থার তাবৎ রীতি নীতির উপর এবং একমাত্র এরই উপর জাতীয় জীবনের ইমারত গড়ে তুলবে।

যে কোন ব্যাপারে কেবল এই দ্বীনের শেখানো দৃষ্টি ভঙ্গি গ্রহণ করবে এবং গোটা সমাজকে এরই আকাংখিত রূপে গড়ে তুলবে। এমন কি দর্শকদের চোখে যেনো গোটা সমাজ ও পরিবেশে একটি জীবন্ত ও গতিশীল কোরআন বলে মনে হয়।

অন্যকথায় একটি সুউচ্চ বস্তুকে সোজা খাড়া করে দিলে দর্শক যেমন এক দৃষ্টিতেই তার আপাদমস্তক দেখে নিতে পারে তেমনি এই গোটা দ্বীনকে মানব জীবনে কার্যকরী ও প্রভাবশীল করে তুলতে হবে যাতে দূর দূরান্ত থেকে একে দেখা মাত্র চিনে নেয়া যেতে পারে।[৬]

ইসলামী আন্দোলন ও সংগঠনের লেখক "নিজামী" বলেন দ্বীন কায়েম বলতে বুঝায় কোন একটি জনপদে দ্বীন ইসলাম বিজয়ী আদর্শ হিসাবে প্রতিষ্ঠিত হওয়া। দ্বীন ইসলামের পরিপূর্ণ বিধি বিধান অনুসরণ ও বাস্তবায়নের পথে কোন প্রকার বাধা বা অন্তরায় না থাকা।[৭]

### ❑ দ্বীন প্রতিষ্ঠা সম্পর্কে মাওলানা মওদুদী (রহঃ) বলেন-

আমরা যখন ইকামতে দ্বীন শব্দ ব্যবহার করি তখন তার অর্থ কেবলমাত্র মসজিদে দ্বীন কায়েম করা কিংবা কয়েকটি ধর্মীয় আকীদাহ বিশ্বাস ও নৈতিক বিধান প্রচার করাই বুঝাইনা। বরঞ্চ আমাদের নিকট এর অর্থ হলো ঘরবাড়ী, মসজিদ, মাদ্রাসা, কলেজ, ইউনিভার্সিটি, হাট বাজার, থানা, সেনানিবাস, কোর্ট কাচারী, সংসদ, মন্ত্রীসভা, দূতাবাস সর্বত্রই সেই এক খোদার দ্বীন প্রতিষ্ঠিত করতে হবে। যাতে আমরা আমাদের রব এবং মাবুদ বলে মেনে নিয়েছি। আর এসব কিছুর ব্যবস্থাপনা সেই রাসুলের (সঃ) শিক্ষানুযায়ী পরিচালিত করতে হবে। যাতে আমরা আমাদের প্রকৃত পথ প্রদর্শিত বলে স্বীকার করে নিয়েছি।

শামছুন্নাহার নিজামী বলেন- "ইকামতে দ্বীন অর্থ দ্বীন প্রতিষ্ঠার চেষ্টা করা। দ্বীন প্রতিষ্ঠা বলতে বুঝায় কোন জনপদে আল্লাহর আইন চালু থাকা, আল্লাহর আইন অনুসরণ ও বাস্তবায়নের পথে বাধা না থাকা।"

এখানে সকলের কথায় যে সত্যটি ফুটে উঠেছে তা হচ্ছে- মানুষের সার্বিক জীবনে আল্লাহ্‌র আইন চালু থাকা ও এ ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা না থাকা।

## দ্বীন প্রতিষ্ঠার অপরিহার্যতাঃ

### ❑ এটা ফরজ দায়িত্বঃ

ইকামতে দ্বীন বা দ্বীন প্রতিষ্ঠার আন্দোলন করা প্রত্যেক ব্যক্তির জন্য ফরজ। রাসুল (মঃ) এবং সাহাবায়ে কেরামের জীবন থেকে একথা প্রমানিত যে, ইকামতে দ্বীনের কাজ সব ফরজের বড় ফরজ। কারণ এ ফরজ আদায় না করলে অন্যান্য ফরজ আদায় করা কখনোই সম্ভব নয়। কারণ কোন ফরজই বাতিল দ্বীনের অধীনে ফরজের মর্যাদা পায়না। এ কাজের জন্যই আল্লাহ্‌ তায়ালা রাসুল পাঠিয়েছেন বলে কয়েকটি সূরায় ঘোষণা করেছেন। সূরা সফ এ আল্লাহ্‌ বলেন "তিনিই সেই সত্তা, যিনি তাঁর রাসুলকে হেদায়াত ও আনুগত্যের একমাত্র সত্য বিধান সহ পাঠিয়েছেন, যেন রাসুল (সঃ) সে বিধানকে আর সব রকমের আনুগত্যের বিধানের উপর জয়ী করেন।"[১০]

এইভাবে তিনি সূরা তাওবা ও ফাতেহের মধ্যেও উল্লেখ করেছেন। আমরা রাসুলের উত্তরসূরী। তাই রাসুল (সঃ) যে মিশন নিয়ে এসেছেন, আমাদেরকে সেই মিশনের দায়িত্বই পালন করতে হবে।

তাছাড়া আল্লাহ অন্য আয়াতের মাধ্যমে- "দ্বীন প্রতিষ্ঠাকে" আমাদের সকলের জন্য অত্যাবশ্যকীয় কাজ বলে ঘোষণা করেন। তিনি বলেন-

"أن أقيموا الدين ولا تتفرقوا فيه"

"তোমরা দ্বীনকে প্রতিষ্ঠিত কর এক্ষেত্রে পরস্পর মত পার্থক্য করো না।"

তাই আল্লাহর এই ফরজ নির্দেশ-পালন করার নিমিত্তে আমাদের উপর দ্বীন প্রতিষ্ঠার দায়িত্ব পালন করা আবশ্যক।

### ❑ আল্লাহর গজব ও ভয়াবহ পরিণাম থেকে বাঁচার জন্য দ্বীন প্রতিষ্ঠা করা আমাদের জন্য অপরিহার্য কাজঃ

দ্বীন প্রতিষ্ঠার এই আন্দোলনে শরীক না হওয়ার পরিণাম ঈমানের দাবী পূরণে ব্যর্থতা। আর এ অবস্থায় এক পর্যায়ে ঈমানের নূন্যতম পূঁজিটুকুও হারাবার আশংকা রয়েছে।

তাছাড়া এ আন্দোলনে শরীক না হবার আরো একটি ভয়াবহ পরিণাম রয়েছে। তা হলো দুনিয়াতেই আল্লাহর গজবের আশংকা। কোন সমাজে আল্লাহর নাফরমানী যদি ব্যাপকতা লাভ করে আর যেখানে সংস্কার সংশোধন ও বন্টনের কোন প্রচেষ্টা না থাকে, তা হলে আল্লাহর চিরাচরিত নিয়মানুযায়ী আল্লাহর গজব আসে। অতীতের নবী রাসুলগণের দাওয়াত অস্বীকারকারী অনেক জাতিকেই তো আল্লাহ তায়ালার খাস মেহেরবানী থাকার কারণে এবং রাসুলের খাস দোআ থাকায় সেইরূপ সর্বগ্রাসী গজব অবশ্য উম্মতের উপর আসবেনা। তাই বলে অবাধে আল্লাহর নাফরমানীর সয়লাব বয়ে যাবে- এটাও আল্লাহ বরদাশত করবেন না। এই নাফরমানী ব্যাপক হলে মহামারী, দুর্ভিক্ষ, অতিবৃষ্টি, অনাবৃষ্টি, পারস্পরিক মারামারি, খুন খারাবী তথা গৃহযুদ্ধের আকারে আল্লাহর সেই গজব উম্মতের উপর আসবে। এমন সমাজে ব্যক্তিগতভাবে এবাদত বন্দেগীতে মশগুল লোক থাকলেও সে গজব থেকে রেহাই নেই।

যেমনিভাবে রাসুলের বর্ণনামতে কোন এক জনপদকেও রেহাই দেয়া হয়নি। যেখানে একজন আল্লাহর আবেদ থাকা সত্ত্বেও আল্লাহর নাফরমানে সয়লাবকৃত সেই জনপদের ঐ আবেদ সহ ধ্বংস হয়ে গেছে। সূতরাং আল্লাহর গজব থেকে বাঁচার তাগিদই দ্বীন প্রতিষ্ঠা চেষ্টা করা আমাদের জন্য অপরিহার্য দায়িত্ব।

## ❑ আল্লাহ প্রদত্ত আহকাম সমূহ মানা এবং হারামসমূহ থেকে বাঁচার জন্য দ্বীন প্রতিষ্ঠা করা অপরিহার্যঃ

দ্বীন কায়েম না থাকার কারণে যুগপৎ ভাবে আমরা ফরজ, ওয়াজেব প্রভৃতি কাজ আনজাম দিতে যেমন ব্যর্থ হচ্ছি, তেমনি ব্যর্থ হচ্ছি হারাম কাজ সমূহ বর্জন করতে।

এই পরিনাম থেকে বাঁচতে হলে দ্বীন কায়েম করা সবচেয়ে বেশী জরুরী কাজ হিসাবে প্রমানিত হয়।[১১]

❑ সামাজিক কল্যাণ ও ন্যায়কে সমাজে প্রতিষ্ঠিত করা এবং অন্যায়কে পরাস্ত করার জন্য আল্লাহ আমাদেরকে দুনিযায় পাঠিয়েছেন। আর এটাকেই দ্বীন প্রতিষ্ঠা বলা হয়। তাই আল্লাহর টার্গেট পূর্ণ করার জন্য আমাদেরকে অবশ্যই ইকামতে দ্বীনের এই দায়িত্ব পালন করতে হবে।

আল্লাহ তায়ালা বলেন- "তোমরাই সর্বোত্তম জাতি তোমাদের সৃষ্টি করা হয়েছে যে, তোমরা পরস্পরকে সৎ কাজের আদেশ করবে এবং অসৎ কাজ থেকে বিরত রাখবে।"[১২]

❑ সৃষ্টির জন্য সৃষ্টির গড়া মতবাদ কখনোই সঠিক ও কল্যাণকর হতে পারে না। বিপরীতে তা অকল্যাণকর, দুঃখময় ও ফিতনা ফাসাদই বৃদ্ধি করে।

বরং যে কোন সৃষ্টির স্রষ্টাই সৃষ্টির জন্য কল্যাণকর নীতি নির্ধারণ করতে পারেন। এটাই যৌক্তিক কথা। আর সৃষ্টিকে সেই দিশা দেয়ার জন্য আল্লাহ ঘোষণা করেন "সাবধান সৃষ্টি যার আইন চলবে তার"।[১৩]

❑ ফিতনা ফ্যাসাদ যা সমাজে শান্তি বিনষ্ট করে তা সমাজ থেকে উৎপাটন করার জন্য ইকামতে দ্বীনের আন্দোলন করা অত্যাবশ্যকীয় কাজ। সেই নির্দেশ দিয়েই আল্লাহ তায়ালা সূরা বাকারায় বলেন "তোমরা তাদের (ফিতনা ফ্যাসাদ কারী) বিরুদ্ধে ততোক্ষন পর্যন্ত যুদ্ধ কর যতক্ষন পর্যন্ত না ফিতনা ফ্যাসাদ নির্মূল হয়। আর আনুগত্য শুধু আল্লাহ্‌রই বাকী থাকে।"[১৪] সুতরাং বুঝা যাচ্ছে নিজেদের কল্যাণের জন্যই দ্বীন প্রতিষ্টার সংগ্রামে অংশ গ্রহণ করা আমাদের জন্য আবশ্যকীয় দায়িত্ব।

## ❑ দ্বীন প্রতিষ্ঠার দায়িত্ব ও আলেম সমাজঃ

শেষ নবীর পক্ষ থেকে কিয়ামত পর্যন্ত দ্বীনকে কায়েম রাখার ও কায়েম করার দায়িত্ব সাধারণ ভাবে সমস্ত উম্মতের। আর বিশেষ ভাবে উম্মতের মধ্য থেকে নেতৃস্থানীয় ব্যক্তিদের। এই নেতৃস্থানীয় ব্যক্তিগণ নায়েবে রাসুল(সঃ)। শেষ নবীর অবর্তমানে উম্মতের আলেমদের মাধ্যমে সে কাজ আঞ্জাম দেবার ব্যবস্থা আল্লাহর নির্দেশে আল্লাহ্‌র রাসুল করে গেছেন। তিনি বলেছেন, 'আলেমগণ নবীদের ওয়ারেছ। নবীগন টাকা পয়সা ধন সম্পদ রেখে যান না। তারা সম্পদ হিসাবে রেখে যান দ্বীনের এলেম। আল্লাহ্‌র শেষ নবী মুহাম্মদ (সঃ) সেই

দ্বীনের এলেম কুরআন ও সুন্নাহ রূপে আমাদের কাছে আমানত রেখে দুনিয়া থেকে বিদায় নিয়েছেন। শেষ নবীর আদর্শ, তার দাওয়াতের দায়িত্ব মানুষের কাছে পৌছাবার দায়িত্ব পালন করা ছাড়া কেউ নবীর ওয়ারেস হতে পারে না। নবীর ওয়ারেস হিসাবে উম্মতের আলেমদের প্রধান দায়িত্বই হল সঠিক অর্থের এলমে দ্বীন অজর্ন করা, সংরক্ষন করা ও সম্প্রসারণ করা। মানুষের মনগড়া দ্বীন ও মতবাদ, মতাদর্শের অসারতা প্রমান করে আল্লাহর দ্বীনের শ্রেষ্ঠত্ব তুলে ধরা।

সর্বোপরি বাস্তবে এ দ্বীনকে বিজয়ী শক্তি হিসাবে মানুষের সমাজ জীবনের সর্বত্র প্রতিষ্ঠিত করার সংগ্রামে অগ্রণী ভূমিকা পালন করা।

সারা দুনিয়ায় আজ এলমে দ্বীনের যে অমূল্য সম্পদ ও অফুরন্ত ভান্ডারের আমরা সন্ধান পাই, তা বিভিন্ন যুগের আলেম সমাজেরই অক্লান্ত সাধনার ফসল। আমাদের বাংলাদেশেও এলমে দ্বীনের যতটা চর্চা আজকের দিন পর্যন্ত জারি আছে তা এদেশের বিভিন্ন যুগে ওলামায়ে দ্বীনের চেষ্টা সাধনার ফল। বৃটিশ ভারতে ইংরেজদের সর্বগ্রাসী ষড়যন্ত্রের মুকাবিলা করেও তারা এদেশের জনগনকে সাথে নিয়ে রাসুলের ওয়ারেস হিসাবে এলমে দ্বীনকে ধরে রেখেছেন।

শ্রদ্ধেয় আলেম সমাজের উল্লেখিত খেদমতের প্রতি যথার্থ সম্মান প্রদর্শন করে আজকের প্রেক্ষাপটে, আধুনিক যুগ সন্ধিক্ষণে বর্তমান যুগের আলেম সমাজের দায়িত্ব পালনের ব্যাপারে নতুন করে কিছু চিন্তা ভাবনা করার প্রয়োজন রয়েছে। এ কথা কারো পক্ষেই অস্বীকার করা সম্ভব নয় যে, নবীর রেখে যাওয়া সম্পদ অর্থাৎ যে এলমে দ্বীনের তারা অনুসারী সেই এলমে দ্বীন শুধু আনুষ্ঠানিক ইবাদত আর নিকাহ তালাকের ফতোয়ার মধ্যে সীমাবদ্ধ নয়। অথচ পরিস্থিতির শিকার হয়ে আজকের দ্বীনি শিক্ষার প্রতিষ্ঠানগুলো ইসলামকে একটি পূর্ণাঙ্গ দ্বীন বা জীবন বিধান রূপে উপস্থাপন করার মত আলেম তৈরী করতে পারছেনা। এবং আজকের আলেমে দ্বীন হিসাবে পরিচিত ব্যক্তিদের খুব নগণ্য সংখ্যকই তা বুঝতে এবং বুঝাতে সক্ষম হচ্ছেন। এ দায়িত্ব পালন করতে হলে অন্ততঃ কিছু সংখ্যক নেতৃস্থানীয় আলেমে দ্বীনকে ইজতিহাদ শক্তির অধিকারী হতে হবে এবং সত্যিকারের ফকিহর ভূমিকা পালনে এগিয়ে আসতে হবে। দ্বীনকে পূর্ণাঙ্গ জীবন বিধান হিসাবে, দুনিয়ার শান্তি ও আখেরাতের মুক্তির একমাত্র সনদ হিসাবে একটি সর্বব্যাপী ও বিশ্বজনীন আদর্শ ভিত্তিক আন্দোলন হিসাবে শিখবার ও এবং শিখাবার বাস্তব পদক্ষেপ গ্রহণ করতে হবে।

নবী ও রাসুলগণের দায়িত্ব যেহেতু শুধুমাত্র দ্বীনের দাওয়াত ও তাবলীগের মধ্যেই সীমাবদ্ধ ছিল না, বরং এ দ্বীনকে কায়েম করার- ও বিজয়ী করার লক্ষ্যে বাস্তবে মাঠে ময়দানে আন্দোলন পরিচালনাই ছিল তাদের প্রধান কাজ। অতএব নবীর ওয়ারেস হিসাবে আজকের আলেম সমাজকেও দ্বীনকে দ্বীন হিসাবে শিখবার ও শিখাবার দায়িত্ব আনজাম দেবার পাশাপাশি দ্বীন কায়েমের আন্দোলনেও শরীক হতে হবে.। বরং অগ্রনী ভূমিকা পালন করবে। এটাই আজকের যুগের দাবী।

সত্যিই যারা নবীদের ওয়ারেস, নবীদের রেখে যাওয়া এলমে দ্বীনের ধারক বাহক আল্লাহ ছাড়া কাউকে তারা ভয় করতে পারে না।

অতএব রিজিকের ভয়ে কোন বাতিল শক্তির সাথে আপোষ করা, কোন বাতিল শক্তির প্রত্যক্ষ বা পরোক্ষ সহায়কের ভূমিকা পালন করা তাদের জন্য আদৌ শোভনীয় হতে পারে না। কোন অবস্থা, কোন পরিস্থিতির শিকার হয়ে তারা তাগুতি শক্তির ক্রীড়ানক হতে পারে না। তাগুতি শক্তির নব্য জাহেলিয়াতের কুহেলিকা ভেদ করে সর্বাবস্থায়ই তারা দ্বীনের নির্ভেজাল দাওয়াত জারি রাখবেন। দ্বীনকে বিজয়ী করার লক্ষ্যে নির্ভিক সৈনিকের ভূমিকা পালন করবেন।

আলেম সমাজ কথা ও কাজের মাধ্যমে এই ভূমিকা যথার্থ ভাবে পালন করতে পারলে স্বাভাবিকভাবেই উম্মতের নেতৃত্ব তাদের হাতে আসবে- চাইতে হবেনা।

কিন্তু যদি এর বিপরীত আল্লাহর পরিবর্তে সমসাময়িক খোদাদ্রোহী শক্তির ভয় প্রাধান্য পায় তাহলে রাসুলের (সঃ) ভাষায় তারা হবে আসমানের নীচে সবচেয়ে নিকৃষ্ট প্রণী।

আল্লাহ তায়ালা উম্মতের আলেম সমাজকে এই দূর্ভাগ্যজনক পরিণতি থেকে রক্ষা করে এমন ভূমিকা পালনের তৌফিক দিন যাতে করে আখেরাতে তাদের মর্যাদা দেখে অন্যান্য নবীগণও ঈর্ষান্বিত হন। আমীন।[১৫]

### ❑ দ্বীন প্রতিষ্ঠার সঠিক উপায় উপকরণঃ

ইসলামী জীবন বিধানের প্রতি আহবানকারীদের জেনে রাখা উচিত যে, তারা মানুষকে সর্বপ্রথম ইসলামের মৌলিক আকীদা বিশ্বাসের প্রতি পরিপূর্ণ ঈমান আনয়নের জন্য আমন্ত্রন জানাবেন। যদিও তারা নিজেদের মুসলমান বলে দাবী করেন এবং যদিও সরকারী রেকর্ড পত্রে তাদের মুসলমান বলে উল্লেখ করা হয়ে থাকে। তবুও ইসলামী বিধানের আহবায়কগণ প্রথমে মানুষকে বুঝিয়ে দেবেন যে, ইসলামের অর্থ হচ্ছে কালেমায়ে "লা ইলাহা ইল্লাল্লাহু" কে তার সঠিক তাৎপর্যসহ গ্রহণ করা। কালেমার সঠিক তাৎপর্য হচ্ছে নিজের জীবনের সকল দিক ও বিভাগে আল্লাহ তায়ালার সার্বভৌমত্ব দাবী করে নেয়া এবং যারা আল্লাহর- সার্বভৌমত্বের বিপরীত নিজেদের সার্বভৌমত্ব দাবী করে তাদের কতৃত্ব অস্বীকার করা। ইসলামী আকীদা বিশ্বাসের উপরোক্ত তাৎপর্য গ্রহণ করার পর নিজেদের মস্তিষ্ক জীবন যাত্রা, চাল-চলনে এ বিশ্বাসের প্রতিফলন অপরিহার্য।

যারা ইসলামী আন্দোলনের উপরোক্ত তাৎপর্য উপলব্ধি করার পর আন্দোলনে যোগদান করে শুধু তাদের সমষ্টিকেই সত্যিকার ইসলামী সংগঠন বা ইসলামী সমাজ আখ্যা দেয়া যেতে পারে এবং একমাত্রই ঐ জ-ামায়াত বা সমাজই সমষ্টিগত জীবনে ইসলামী আদর্শ বাস্তাবায়িত করার যোগ্য। কারন তারা স্বেচ্ছায় তাদের পরিপূর্ণ জীবনের উপর ইসলামী আদর্শকে রূপায়িত করার এবং এক ও অদ্বিতীয় আল্লাহ তায়ালা ব্যতিত অন্য কারো সার্বভৌমত্ব গ্রহণ না করার সিদ্ধান্ত নিয়েছে।

এভাবে যখন উপরোক্ত ধরণের একটি সমাজ জন্ম লাভ করবে এবং ইসলামী শিক্ষাই সে সমাজের ভিত্তি হিসাবে গৃহীত হবে। তখনই সে সমাজ তার পারিপার্শ্বিক প্রয়োজনের পরিপ্রেক্ষিতে ইসলামী বিধান প্রণয়ন করতে অগ্রসর হবে। ইসলামী জীবনাদর্শ প্রবর্তনের এটাই হচ্ছে বাস্তব ধর্মী এবং বিজ্ঞজনোচিত কর্মপন্থা।

ইসলামী জীবনাদর্শের বৈশিষ্ট্য যারা উপলব্ধি করতে পারেন নি, সেরূপ এক শ্রেণীর নিষ্ঠাবান লোক এ ব্যাপারে তাড়াহুড়া করেন। তারা বুঝেণী না যে সর্বজ্ঞ ও মহাজ্ঞানী আল্লাহ তায়ালা দ্বীন প্রতিষ্ঠার যে পদ্ধতি নির্দিষ্ট করে দিয়েছেন, তার মধ্যে প্রকৃত কল্যান নিহিত রয়েছে। তাঁরা মনে করেন যে, ইসলামী আদর্শের মৌলিক নীতি ও আইন-বিধান সম্পর্কে মানুষকে অবহিত করার সাথে সাথেই তাঁরা স্বতঃপ্রণোদিত হয়েই ইসলামী আদর্শ প্রতিষ্ঠার জন্যে অগ্রসরণ হবেন। প্রকৃত পক্ষে এটা হচ্ছে তাড়াহুড়া করে কিছু করে ফেলার মনোভাব সম্পন্ন লোকদের কাল্পনিক ধারণা।

এ ধরণের ধারনা যদি রাসুলে করীম (সঃ) কে দেয়া হতো এবং তিনি যদি ভৌগলিক জাতীয়তা, অর্থনৈতিক বিপ্লব অথবা সংস্কারবাদী আন্দোলনের প্রতি জনগনকে আহ্বান করতেন, তাহলে তাঁর কাজ অনেক সহজ হয়ে যেতো। কিন্তু তিনি সে পথ গ্রহণ করেননি। ইসলামী জীবনাদর্শের বিস্তারিত আইন-কানুন সম্পর্কে মানুষকে অবহিত করে তাদেরকে এ দিকে আকৃষ্ট করার আগে তাদের অন্তরে আল্লাহর প্রতি গভীর ঈমান আনয়ন ও অপরাপর সকল বিধান বাতিল করে দিয়ে আল্লাহ প্রদত্ত বিধানের প্রতি পরিপূর্ণ আত্মসমর্পন করা অত্যন্ত জরুরী। আল্লাহর নিকট পরিপূর্ণ আত্মসমর্পন ও অন্যান্য মানবীয় দাসত্ব গ্রহণে অস্বীকৃতির ফল স্বরূপই আল্লাহর শরীয়াতের প্রতি ভালবাসা সৃষ্টি হবে, অন্যান্য বিধানের তুলনায় আল্লাহর বিধানের শ্রেষ্ঠত্ব বিবেচনা করে নয়। অবশ্য এ বিষয়ে কোন সন্দেহ নেই যে, আল্লাহ প্রদত্ত বিধান মানব রচিত বিধানের তুলনায় সর্বোতভাবে শ্রেষ্ঠ। কারণ, এ বিধান স্বয়ং স্রষ্টার রচিত এবং স্রষ্টা ও সৃষ্টির রচিত বিধান কখন ও সমপর্যায়ে আসতেই পারে না। কিন্তু বিধানের শ্রেষ্টত্ব ইসলামী আন্দোলনের ভিত্তি হতে পারে না। এর ভিত্তি হচ্ছে·বিনা দ্বিধায় শরীয়তে ইলাহীকে গ্রহণ ও শরীয়ত বহির্ভূত সকল ধরণের বিধানকে সরাসরি বর্জন। এটাই ইসলামেরন তাৎপর্য এবং এ ছাড়া অন্য কিছুই ইসলাম নয়।[১৬]

## ❑ দ্বীন প্রতিষ্ঠার আন্দোলনকে সফল করে তোলার জন্য যে যে কর্মপন্থা ও কর্মপদ্ধতি গ্রহণের প্রয়োজনঃ

একঃ আদর্শ যত নিখূঁত হোক কোন আদর্শ নিজে নিজে সমাজে কায়েম হতে পারে না। এমন একদল নেতা ও কর্মী বাহিনী তৈরী হওয়া প্রয়োজন যারা সমাজ ও রাষ্ট্রের বিভিন্ন বিভাগে ঐ আদর্শ বাস্তবে কায়েম করার যোগ্য।

দুইঃ এ ধরনের যোগ্য নেতা ও কর্মীদল আসমান থেকে নাযিল হয়না। মানব সমাজ থেকেই এদেরকে সংগঠিত করে গড়ে তুলতে হয়। কারণ সংগঠন ছাড়া দ্বীন প্রতিষ্ঠা সম্ভব নয়। তাই আল্লাহ বলেন- "তোমরা আল্লাহর রজ্জুকে শক্ত করে ধারণ কর এবং পরস্পর বিচ্ছিন্ন হয়ো না।"[১৭]

আন্দোলনের পরিচালকগণ তাদেরকে সুসংগঠিত করে এক বিশেষ কর্মসূচীর মাধ্যমে তাদের মন, মগজ ও চরিত্র ঐ আদর্শ অনুযায়ী গড়ে তুলেন।

তিনঃ ইসলামী আন্দোলনের কর্মীদের সাথে কায়েমী স্বার্থের এ সংঘর্ষ প্রত্যেক নবীর জীবনেই দেখা গেছে। এ সংঘাতই কর্মীদের জন্য সত্যিকার পরীক্ষা। সমাজের সুযোগ-সুবিধা বঞ্চিত হয়েও এবং কায়েমী স্বার্থের জেল, জুলুম ও নির্যাতন বরদাশত করেও যারা আন্দোলনে টিকে থাকে তারাই এ আদর্শের যোগ্য বলে প্রমানিত। এ স্বাভাবিক পরীক্ষা ছাড়া যোগ্য লোক বাছাই করার অন্য কোন উপায় নেই।

চারঃ আন্দোলনের যোগ্য নেতৃত্ব ও কর্মীবাহিনী তৈরীর এ চিরন্তন পদ্ধতি অবশ্যই সময় সাপেক্ষ। হঠাৎ অল্প সময়ে এটা কিছুতেই হতে পারে না। তাই বিশ্ব নবীকে দীর্ঘ ১৩টি বছর ব্যক্তি গঠন পর্যায়ে মদীনায় হিজরতের পূর্ব পর্যন্ত কায়েমী স্বার্থের বিরুদ্ধে সংগ্রাম করতে হয়েছিল। নবীর কর্মী বাহিনীকে শেষ পরীক্ষা দিতে হয়েছিল হিজরতের মাধ্যমে। ইসলামের খাতিরে এমনভাবে যারা বাধ্য হয়ে বাড়ী ঘর, আত্মীয়-স্বজন, ধন-সম্পদ ও জন্মভূমি ত্যাগ করেছিলেন। তারা প্রমান করলেন, তাঁদের হাতেই দ্বীন ইসলামের বিজয় সম্ভব।

পাঁচঃ ব্যক্তি গঠনের এ পর্যায় অতিক্রম করার পরই সমাজ গঠনের সুযোগ হতে পারে। ব্যক্তি গঠনের এই সংগ্রামের যুগে তৈরী লোকদের হাতে কোথাও ক্ষমতা অর্পিত হলে আন্দোলনের বিজয় যুগ শুরু হয় এবং তখনি সমাজ গঠন সম্ভব হয়। হিজরতের পর মদীনায় এ সূযোগই রাসুল (সঃ) পেয়েছিলেন।

ছয়ঃ ইসলামের খেদমত ও ইসলামী আন্দোলনে সুস্পষ্ট পার্থক্য রয়েছে। ইসলামী আন্দোলনের সাথে প্রচলিত ক্ষমাতাসীন ও কায়েমী স্বার্থের সংঘর্ষ অনিবার্য। কিন্তু ইসলামের যে সব খেদমত সম্পর্কে কায়েমী স্বার্থ বিচলিত নয় সে সবের সঙ্গে তাদের সংঘাত হয়না। ইসলামের ঐ সব খেদমত পরোক্ষভাবে এবং বিভিন্ন পর্যায়ে ইসলামী আন্দোলনের সহায়ক হতে পারে। কিন্তু ঐ খেদমত সমূহ প্রচলিত সমাজ ব্যবস্থাকে বদলিয়ে দিতে পারে বলে আশংকা না করলে কায়েমী স্বার্থ তাদেরকে বাধা দেয় না। আল্লাহর দাসত্ব ও রাসুল (সঃ) এর নেতৃত্বের ভিত্তিতে ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রকে গঠন করার বিপ্লবী কর্মপদ্ধতি ও কর্মসূচীই নবীদের প্রধান সুন্নত।

সাতঃ ইসলামী আন্দোলন সঠিক কর্মপদ্ধতি ও কর্মসূচী নিয়ে দীর্ঘ সংগ্রাম যুগ অতিক্রম করা সত্তেও এবং ইসলাম কায়েমের যোগ্য নেতৃত্ব ও কর্মীদল সৃষ্টি করতে সক্ষম হলেও এটা হবে বিজয়ের প্রথম শর্ত পূরণ।

কিন্তু যদি সে সমাজের বৃহত্তর জনসংখ্যা সে আদর্শের সক্রিয় বিরোধী হয় তাহলে বিজয় সম্ভব নয়। যার বাস্তব প্রমাণ হলো- রাসুলুল্লাহ (সঃ) এর তৈরী যে, নেতৃত্ব ও কর্মীদল মদীনায় ইসলাম কায়েম করতে সক্ষম হলেন তারা মক্কায় কেন অক্ষম হলেন? কারন হলো ইসলাম বিরোধী জনতার উপর ইসলাম কায়েম করা যায় না। দ্বীন কায়েমের জন্য দ্বিতীয় শর্তটি হলো জনগণের কমপক্ষে পরোক্ষ সমর্থন। মক্কায় দ্বিতীয় শর্তটি পূরুন হয়নি বলেই মদীনায় হিজরত করতে হয়েছে।

আটঃ এ কথা বিশেষ ভাবে লক্ষ করার বিষয় যে ইসলামী আন্দোলনের কাজ হলো প্রথম শর্ত পূরণের চেষ্ট করা। অর্থাৎ বাতিল শক্তির সাথে মোকাবিলা করে সমাজের মধ্য থেকে একদল বিপ্লবী মুজাহিদ তৈরী করা। যদি এ শর্ত পূরন হয় এবং দ্বিতীয় শর্ত ও উপস্থিত থাকে তাহল ঐ মুজাহিদ দলকে নেতৃত্ব দান করার দায়িত্ব আল্লাহ পাক নিজ হাতে রেখেছেন। কিভাবে কি পন্থায় কখন তিনি নেতৃত্ব দান করবেন তা পরিস্থিতির উপর নির্ভর করবে। নেতৃত্ব দান করার দায়িত্ব আল্লাহরই। কোন অস্বাভাবিক ও কুটিল পন্থায় নেতৃত্ব হাসিল করার চেষ্টা ইসলামী আন্দোলনের সঠিক কর্মপন্থা হতে পারে না।

আল্লাহ বলেন "তোমাদের মধ্যে যারা ঈমানদার ও সৎ কর্মশীল তাদেরকে দুনিয়ার খেলাফত দান করার ওয়াদা আল্লাহ করেছেন"।[১৮]

উপরোক্ত কর্মপদ্ধতি অনুসরণ না করে কোন না কোন প্রকারে ক্ষমতা হাসিল করলে যদি ইসলাম কায়েম করার উদ্দেশ্যে সফল হতো তাহলে যখন রাসুল (সঃ)কে মক্কার নেতারা ইসলামের দাওয়াত পরিত্যাগ করে বাদশাহী কবুল করার আহবান জানালেন তখন তিনি ক্ষমতা হাতে নিয়ে কায়দা করে ইসলাম কায়েমের কথা নিশ্চয়ই বিবেচনা করতেন।[১৯]

পরিশেষে এই কথাই বলা যায় যে, দ্বীন প্রতিষ্ঠার "ফরজিয়াত"ই এর অপরিহার্যতাকে সুস্পষ্ট করে। আর এই অপরিহার্য কাজে সফলতা অর্জনের জন্য অবশ্যই সুনির্দিষ্ট তথা যুগ-উপযোগী কর্মপন্থা এবং কর্মপদ্ধতি অনুসরন করতে হবে।

আল্লাহ এ কাজে আমাদেরকে সাহায্য ও সফল করুন। আমীন!


গ্রন্থ সূত্রঃ

১। আল কুরআন, সূরা আলে-ইমরান, আয়াত/১৯,
২। সূরা আল শুরা, আয়াত/১৩
৩। সাইয়্যেদ আবুল আলা মওদুদী, **"একমাত্র ধর্ম"**, আধুনিক প্রকাশনী, ঢাকা, ১৪শ সংস্করন প্রকাশ কাল ১৯৯৯ ইং, পৃঃ ২
৪ অধ্যাপক গোলাম আযম, **"ইকামতে দ্বীন"** আধুনিক প্রকাশনী, ঢাকা. ২০ তম প্রকাশ, ২০০০ইং, পৃঃ ১৩-১৭
৫। প্রাগুক্ত পৃঃ ২১
৬। মাওঃ ছদরুদ্দীন ইসলাহী, অনুবাদকঃ মুঃ হাবীবুর রহমান, **"ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার দায়িত্ব"** খোশ রোজ কিতাব মহল, ঢাকা, ২য় সংস্করন, ১৯৭৬ইং, পৃঃ ৫০
৭। মতিউর রহমান নিজামী, **ইসলামী আন্দোলন ও সংগঠন**, সাহিত্য প্রকাশনী, ঢাকা, ৮ম প্রকাশ, ২০০১ ইং, পৃঃ১৬
৮। আবুল আলা মওদুদী, **জামায়াতে ইসলামীর উদ্দেশ্য, ইতিহাস ও কর্মসূচী**, অনুবাদঃ আঃ শহীদ নাসিম, সাইয়্যেদ আবুল আলা রিসার্স একাডেমী, ঢাকা, ১৯৯৫ ইং, পৃঃ ১০-১১
৯। শামছুন্নাহার নিজামী, **দ্বীন প্রতিষ্ঠায় মহিলাদের দায়িত্ব**, আধুনিক প্রকাশনী, ঢাকা, ৪র্থ সংস্করন, ১৯৯৮ইং, পৃঃ ২১
১০। সূরা-আস-সফ আয়াত/৯
১১। মতিউর রহমান নিজামী, **দ্বীন প্রতিষ্টার দায়িত্ব**, সাহিত্য প্রকাশনী, ঢাকা, ৬ষ্ঠ প্রকাশ, ১৯৯২ইং, পৃঃ ১৮
১২। সূরা আলে-ইমরান, আয়াত/১১০
১৩। সূরা- আল আরাফ, আয়াত/৫৪
১৪। সূরা আল-বাকারাহ্, আয়াত, ১৯৩
১৫। মতিউর রহমান নিজামী, **দ্বীন প্রতিষ্ঠার দায়িত্ব**, পৃঃ ৩৭-৪১
১৬। সাইয়েদ কুতুব শহীদ, **ইসলামী সমাজ বিপ্লবের ধারা**, আধুনিক প্রকাশনী, ঢাকা, ৯ম সংস্করন, ২০০১ইং, পৃঃ ৪৭-৪৮
১৭। সূরা-আলে-**ইমরান**- আয়াত/১০৩
১৮। সূলা নূর- আয়াত/ ৫৫
১৯। অধ্যাপক গোলাম আযম, **ইসলামী ঐক্য ইসলামী আন্দোলন**, বই কিতাব প্রকাশনী, ঢাকা, ৮ম সংস্করন, ১৯৯১ইং, পৃঃ ৩০-৩৩

# সাংস্কৃতিক আগ্রাসন ঃ প্রতিকার

মুহাম্মদ নাজমুল হুদা (সোহেল) *

## প্রাথমিক কথাঃ

Culture is the mirror of a nation. একটি জাতির আদর্শ ও বিশ্বাসের প্রতিফলন ঘটে তাদের সংস্কৃতির মাধ্যমে। আধুনিক বিশ্বব্যবস্থায় মানুষের জীবন প্রবাহের গতিধারা নিয়ন্ত্রনে সংস্কৃতির প্রভাব অপরিসীম। আজ প্রতিটি জাতির জীবনধারার আসল নিয়ন্ত্রক মূলতঃ সংস্কৃতি। জাতি হিসাবে আমরা মুসলমান। আমাদের রয়েছে একটি স্বতন্ত্র ও সু-সমন্বিত সংস্কৃতি। কিন্তু পরিতাপের বিষয় আজ মুসলমানদের সংস্কৃতি আগ্রাসনের শিকার। ইসলামের শত্রুরা আমাদের সংস্কৃতির বিরুদ্ধে চুতর্মুখী যুদ্ধ শুরু করেছে। তারা আমাদের ঈমান আকীদা ও বিশ্বাসের উপর আঘাত হানছে। আমাদের সমাজে অশ্লীলতা, অনৈতিকতা, কুসংস্কার ও অপসংস্কৃতি ছড়িয়ে দেয়া হচ্ছে। আমাদের রীতিনীতি প্রথা- ঐতিহ্যকে বলি দিয়ে ব্রাহ্মণ্যবাদী নগ্ন আদিরসের অবাদ আমদানীর ব্যবস্থা করা হচ্ছে। এ জাতীয় নানামুখী ষড়যন্ত্রের কবলে পড়ে আমাদের মুসলিম জাতিসত্ত্বা আজ ধ্বংসের দ্বারপ্রান্তে। সুতরাং আমাদেরকে আমাদের জাতিসত্ত্বা রক্ষার্থে ইসলামী সাংস্কৃতিক আন্দোলনে ঝাঁপিয়ে পড়তে হবে। এ আহ্বান নিয়েই মূলতঃ আমি আমার কলম ধরেছি।

## সংস্কৃতির পরিচয়

**ক. আভিধানিক পরিচয়ঃ** সংস্কৃতি শব্দটি সংস্করণ বা সংস্কার বিশেষ্য পদ থেকে গঠিত।

সংসদ বাঙ্গালা অভিধানে সংস্কৃতি শব্দের অর্থ করা হয়েছে সংস্কার, উন্নয়ন, অনুশীলন দ্বারা লব্ধ বিদ্যাবুদ্ধি, রীতিনীতির উৎকর্ষ, সভ্যতাজনিত উৎকর্ষ, কৃষ্টি।[১]

সংস্কৃতি শব্দের ইংরেজী প্রতিশব্দ Culture. ১৯৯৩ সালে বাংলা একাডেমী কর্তৃক প্রকাশিত BANGLA ACADEMY ENGLISH- BENGAL DICTIONARY" নামক অভিধানে Culture শব্দের অর্থ করা হয়েছে সংস্কৃতি, কৃষ্টি, মানব সমাজের মানসিক বিকাশের প্রমাণ। একটি জাতির মানসিক বিকাশের অবস্থা। কোন জাতির বিশেষ ধরনের মানসিক বিকাশ। কোন জাতির বৈশিষ্টসূচক সমাজনীতি।[২]

আরবী ভাষাতে "সংস্কৃতি" শব্দকে বিশেষ ভাবে দুটি শব্দে প্রকাশ করা হয়।

১। تهذيب (তাহজীব)[৩] সজ্জিত করা।

২। ثقافة (স্বাকাফাহ)[৪] আরব সমাজে সংস্কৃতিবান লোককে বলা হয় مثقف (মুসাক্কাফ)

উর্দু ভাষায় "সংস্কৃতি" এর প্রতিশব্দ হলো تمدن (তমুদ্দন)[৫]

---

* লেখকঃ দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, প্রথম সেমিস্টার।

**খ পারিভাষিক পরিচয়ঃ** আভিধানিক আলোচনা থেকে আমরা সংস্কৃতি শব্দের ব্যাপকতা অনুধাবন করতে পেরেছি। মূলতঃ সংস্কৃতি এমন একটি বিশাল দিক যাকে সংজ্ঞা দ্বারা সীমায়িত করা কঠিন। তবুও নিম্নে বিশেষজ্ঞদের কতিপয় সংজ্ঞা পেশ করছি।

১। প্রখ্যাত ইংরেজ দার্শনিক ডিউই বলেছেন "Culture means at least something cultivated, something repened. It is opposed to the raw and crude".

অর্থাৎ সংস্কৃতি বলতে এমন কিছু বুঝায় যার অনুশীলন করা হয়েছে, যা পরিপূর্ণতা লাভ করেছে। এ হচ্ছে অপরিণত ও অমার্জিতের পরিপন্থী।[৬]

২। T.S. Eliot বলেছেন, সংস্কৃতি হলো বিশেষ স্থানে বসবাসকারী বিশেষ লোকদের জীবন ধারা ও জ ীবনপদ্ধতি।[৭]

৩। রাগেব আলী বৈরুতি তাঁর الثقافة। নামক গ্রন্থে লিখেছেন-

"স্বাকাফাহ"- মানে মানসিকতার সঠিক ও পূর্ণ সংশোধন এমনভাবে যে, সংস্কৃতিবান ব্যক্তির সত্তা পরিপূর্ণতা ও অধিক গুণ-বৈশিষ্ট্যের দর্পণ হবে। ...... খারাবীর সংশোধন এবং বক্রতাকে সোজা করাই স্বাকাফাহ বা সংস্কৃতি।[৮]

৪। সু-সাহিত্যিক আবুল মনসুর আহমেদ তার বিখ্যাত গ্রন্থ "বাংলাদেশ কালচার" এ লিখেছেন "ব্যক্তির যেমন ব্যক্তিত্ব, সমাজের তেমন সংস্কৃতি। ব্যক্তির-ব্যক্তিত্ব যেমন তার পোশাক-আশাক, চাল-চলন কথাবার্তা, আচার-আচরন ইত্যাদিতে ফুটে উঠে, তেমনি সংস্কৃতিতে একটি সমাজের সামগ্রিক প্রতিফলন ঘটে।[৯]

আলোচ্য সংজ্ঞাগুলো থেকেও সংস্কৃতির ব্যাপকতা বুঝা যায়। এ ব্যাপকতার কারণেই বিশেষজ্ঞরা আজ পর্যন্ত সংস্কৃতির কোন সুনির্দিষ্ট সংজ্ঞা দিতে পারেননি। মোটকথা সংস্কৃতি হচ্ছে মানুষের জীবন পরিচালনার পদ্ধতি ও প্রক্রিয়ার নাম।

**গ. সংস্কৃতির সীমানাঃ** সংস্কৃতিকে শুধু কিছু রীতিনীতি কিংবা আচার-অনুষ্ঠানের মধ্যে সীমাবদ্ধ করা যায় না। বরং এটা জীবনের সর্বাঙ্গ জুড়ে ব্যপৃত। শিল্প, সাহিত্য, সংগীত ইত্যাদি বিষয়কে সাধারাণতঃ সংস্কৃতি হিসাবে চিহ্নিত করা হলেও আসলে এগুলো ঠিক সংস্কৃতি নয়, বরং সংস্কৃতির বাহনমাত্র। একে শুধু চিন্তা-চেতনা, কল্পনা ও ধ্যানের মধ্যেও আবদ্ধ করা যায়না। সংস্কৃতি সমাজদেহের শুধু লাবন্যছটা নয়, তার সমগ্র রূপ।

সংস্কৃতি কখন ও ভাষাকে কেন্দ্র করে গড়ে উঠে কখনও বা ভৌগলিক অবস্থানকে কেন্দ্র করে গড়ে উঠে। আবার এমনও হয়ে থাকে যে, সংস্কৃতি ভাষা, ভৌগলিক সীমানা ইত্যাদি পেরিয়ে বিশ্বজনীন[১০] আকার ধারন করে।

**ঘ. সংস্কৃতির আদর্শিক শ্রেনীভেদঃ** বর্তমান পৃথিবীতে তিন ধারার সাংস্কৃতিক বিকাশ লক্ষনীয়। (এক) ইসলামী সংস্কৃতি (দুই) খৃষ্টবাদী-যায়নবাদী (তিন) পৌত্তলিক ও কুনফুসীয় সংস্কৃতি।[১১] এক্ষেত্রে ইসলাম ছাড়া অন্য সকল সংস্কৃতির মূলকথা হচ্ছে মদ, নারী যৌন উশৃংখলতা ইত্যাদি। হিন্দুরা নাচ গানের মাধ্যমে তাদের পৌত্তলিক ধর্মকে উপস্থাপন করে থাকে। ইহুদী-খৃষ্টানরাও সেসব পন্থায় নাটক-সিনেমার মাধ্যমে তাদের বিকৃত ধর্মকে প্রচার করে। বলতে গেলে এসব সংস্কৃতির কোন জীবনবাদী ও মানবিক লক্ষ্যমাত্রা নেই। আর ইসলামী সংস্কৃতি মূলতঃ আল্লাহর একত্ববাদকে ঘিরে আবর্তিত। ইসলামী সংস্কৃতি সুস্থ বিনোদন চর্চায় অঙ্গীকারাবদ্ধ।

## ইসলামী সংস্কৃতি

যে সংস্কৃতি ইসলামী মতাদর্শের উপর ভিত্তিকৃত মানুষের মনে ইসলামী চেতনা সৃষ্টি, সংরক্ষন এবং উজ্জীবনের সহায়ক তাই ইসলামী সংস্কৃতি।

কয়েকটি পত্রিকা ছাড়া ইসলামী মূল্যবোধের স্বপক্ষে কথা বলার মত বলতে গেলে আর কোন দৈনিক পত্রিকা নেই। অপর দিকে অধিকাংশ পত্র পত্রিকাই ইসলাম, ইসলামী আন্দোলন ও ইসলামী মূল্যবোধের বিরুদ্ধে অপপ্রচার চালিয়ে যাচ্ছে।

বাংলাদেশে সরকার নিয়ন্ত্রিত ইলেকট্রনিক মিডিয়া হচ্ছে বাংলাদেশ বেতার ও বিটিভি। বেতারের অনুষ্ঠান সমূহে কিছুটা রয়ে সয়ে পশ্চিমা সাংস্কৃতির প্রভাব পড়লেও বিটিভির অবস্থা খুবই খারাপ। দীর্ঘদিন থেকে বিটিভি তার সামগ্রিক আয়োজনের মধ্য দিয়ে বাংলাদেশের অধিকাংশ মানুষের সংস্কৃতি ও জীবনবোধকে তুলে ধরতে ব্যর্থ, ব্যর্থ নয়, বরং তুলে না ধরার ষড়যন্ত্রে পুরোপুরি সফল। এটি যেন চরিত্র বিধ্বংসী কামানের ন্যায় ব্যবহৃত হচ্ছে। চিত্তবিনোদনের নামে চলছে নারীদেহ প্রদর্শনী ও অশ্লীলতার মহাআয়োজন।

বাংলাদেশে একমাত্র বেসরকারী ইলেকট্রনিক মিডিয়া হচ্ছে ETV[১৫] বিভিন্ন পরাশক্তির এজেন্টদের পয়সায় পরিচালিত এ টিভি চ্যানেলটি ধর্মনিরপেক্ষতার নামে ইসলামী আদর্শ ও সংস্কৃতির বিরুদ্ধে কাজ করে যাচ্ছে।

৩। **স্যাটেলাইটঃ** এটি হচ্ছে অপসংস্কৃতি ছড়িয়ে দেওয়ার এক ভয়ংকর মাধ্যম।স্যাটেলাইট মিডিয়ার একচ্ছত্র তান্ডবে গোটা মুসলিম বিশ্বের নিজস্ব সংস্কৃতি লন্ডভন্ড হয়ে যাওয়ার উপক্রম। ইউরোপ,আমেরিকা ও ভারতীয় স্যাটেলাইট চ্যানেল গুলো সীমাহীন অশ্লীলতা ছড়াচ্ছে,ইসলাম বিদ্বেষী চমকপ্রদ প্রতিবেদন ও ছবি প্রদর্শন করছে। কিন্তু মুসলিম বিশ্ব অসহায়ের মত এসব দেখা ছাড়া আর কিছুই করতে পারছে না। আমাদের বাংলাদেশের স্যাটেলাইট চ্যানেল সমুহের ৯০ ভাগই ভারতীয় যৌন আবেদন মুলক অনুষ্ঠানে ভরপুর।যার কারণে আমাদের মুসলিম যুব সমাজ নিজেদের আদর্শ ও সংস্কৃতি থেকে বিচ্যুত হয়ে পড়েছে।

৪। **অশ্লীল চলচ্চিত্রঃ** চলচ্চিত্র এদেশের একটি উল্লেখযোগ্য গণমাধ্যম। প্রতিদিন হাজার হাজার লোক রাজ ধানীসহ সারাদেশে ছড়িয়ে থাকা সিনেমা হল গুলোতে ভীড় জমায়। কিন্তু আমাদের দেশের চলচ্চিত্র গুলোতে আদর্শ ও শিল্প বোধের তত বালাই নেই,বরং নগ্নতা ও বেহায়াপনায় ভরপুর। এ কারণে দর্শকদের দেহ ও মনে অপসংস্কৃতির মারাত্মক প্রভাব পড়ে। তারা ধীরে ধীরে ভুলে যেতে থাকে নিজেদের আদর্শ ও সংস্কৃতির কথা।

৫। **অশ্লীল পত্র-পত্রিকাঃ** বাংলাদেশে বর্তমানে অশ্লীল ম্যাগাজিন ও পত্র-পত্রিকার ছড়াছড়ি আশংকাজনক ভাবে বেড়ে গেছে। কিছু অসাধু প্রকাশক একদিকে নিজেদের ব্যবসার জন্য অন্যদিকে যুব সমাজের চরিত্র হননের অসৎ উদ্দেশ্যে যৌন আবেদনে ভরপুর এসব ম্যাগাজিন ছাপিয়ে থাকে। স্বাভাবিক কারণেই যুবকরা এসব পর্ণো ম্যাগাজিনের দিকে আকৃষ্ট হচ্ছে এবং এসব থেকে চরিত্র ধ্বংসের নিত্য নতুন কলাকৌশল আয়ত্ব করে নিচ্ছে।

৬। **অশালীন সাংস্কৃতিক অনুষ্ঠানঃ** আজকাল সাংস্কৃতিক অনুষ্ঠানের নামেও চলছে বেহায়াপনার নগ্ন চর্চা। শহরের বিভিন্ন হল বা অডিটরিয়ামে যাত্রা, কন্‌সার্ল্ট, ব্যান্ড সংগীতানুষ্ঠান, নৃত্যানুষ্ঠান ইত্যাদির মাধ্যমে চালানো হয় নারীদেহ প্রদর্শনীর মহড়া।

৭। **বিউটি পার্লারঃ** পশ্চিমা সংস্কৃতির অনুকরণে আমাদের দেশে গড়ে উঠেছে বেহায়াপনার আরেক মাধ্যম "বিউটি পার্লার"। শহরের আনাচে-কানাচে এ সব বিউটি পার্লার লক্ষ্য করা যায়। এখানে দেহের সাজসজ্জা ও মেকআপ করানো হয়। এমন অনেক বিউটি পার্লার আছে যেখানে মহিলাদেরকে মেকআপ করে দেয় পুরুষ কর্মীরা এবং পুরুষদের সাজিয়ে দেয় মহিলা কর্মীরা। এছাড়াও পর্দার আড়ালে ঘটে নানারকম বিকৃত যৌনাচার।

৮। **ফ্যাশন শোঃ** পশ্চিমা সংস্কৃতির যে বাহনটি সম্প্রতি বাংলাদেশের তরুণ তরুণীদের মাঝে ব্যাপক পরিবর্তন সূচনা করেছে; তাহলো "ফ্যাশন শো"। ফ্যাশন শো এক ধরনের বিজ্ঞাপন মাধ্যম। নতুন নতুন পোষাককে পরিচিত করানোর জন্য ফ্যাশনের আয়োজন করা হয়। এসব পোষাক আশাক অধিকাংশই পশ্চিমা

ধাঁচের। ফ্যাশন শোতে অংশগ্রহন করেন মডেল তারকারা। তারা ফ্যাশন পোষাক পরিধান করে পোষাকের সাথে সাথে দর্শকদের সামনে নিজেদের দৈহিক সৌন্দর্য প্রদর্শন করেন।

**৯। উৎসব ও মেলাঃ** আমাদের দেশে বিভিন্ন সময়ে বিভিন্ন উপলক্ষে নানা উৎসব ও মেলার আয়োজন করা হয়। যেমন- নববর্ষের উৎসব, রজত জয়ন্তী, বাসন্তী উৎসব, থার্টি ফাষ্ট নাইট,[১৭] বই মেলা, বাণিজ্য মেলা। এসব উপলক্ষকে কেন্দ্র করে আমাদের দেশের উচ্ছল তরুণ-তরুণীরা আরেক বেহায়াপনার জন্ম দেয়। গত শতাব্দীর শেষ থার্টি ফাষ্ট নাইটে ঢাকা বিশ্ববিদ্যালয়ে রাসেল গং কর্তৃক তরুণী বাঁধনের বস্ত্র হরণ এসবের জ্বলন্ত উদাহরণ।

**১০। আদর্শহীন শিক্ষাব্যবস্থায়ঃ** আমাদের জাতীয় শিক্ষাব্যবস্থা কোন বিশেষ নৈতিক আদর্শের উপর প্রতিষ্ঠিত নয়। সহশিক্ষা ভিত্তিক এ শিক্ষাব্যবস্থায় শিক্ষিতদের মাঝে নৈতিক আদর্শের বড় অভাব থেকে যায়। যার কারণে জাহাংগীর নগর বিশ্ববিদ্যালয়ে জসিম উদ্দীন মানিকরা[১৮] ধর্ষনের সেঞ্চুরী করে উৎসব করার সাহস পায়। অন্যদিকে এ শিক্ষাব্যবস্থা শিক্ষিতদের মাঝে নিজস্ব সংস্কৃতি বর্জন করে পশ্চিমা সংস্কৃতি গ্রহন করার প্রবনতা বেশী। এর কারণ হলো আমরা আজও ইংরেজদের সেই ১৮৩৫ সালের ষড়যন্ত্রমূলক শিক্ষাব্যবস্থাকে অনুসরণ করছি। সেদিন ইংরেজরা চেয়েছিল এ শিক্ষায় শিক্ষিতরা হবে Indian in blood and colour, but English taste in opinion in morals and in intellect.[১৯] মোট কথা বর্তমান শিক্ষা ব্যবস্থায় আমাদের নিজস্ব আদর্শ ও সংস্কৃতির প্রতিফলন ঘটেনি।

**১১। N.G.O. তৎপরতাঃ** N.G.O.২০ মূলত সাহায্যদাতার ছদ্যাবরনে এক নতুন প্রভূ, নয়া সাম্রাজ্যবাদ, নয়া ইষ্ট ইন্ডিয়া কোম্পানী। বাংলাদেশের অধিকাংশ N.G.O. তহবিল আসে বিভিন্ন খ্রীষ্টান সংগঠনগুলোর পক্ষ থেকে। যার কারনে এরা খ্রীষ্টান মিশনারীর কাজ করে যাচ্ছে। এদের প্রধান টার্গেট কিন্তু ধর্মান্তর করা। সুতরাং ৯০% মুসলমানের এই দেশে N.G.O দের এহেন তৎপরতা ইসলাম ও ইসলামী সংস্কৃতির জন্য মারাত্মক হুমকি স্বরূপ।

**১২। ধর্মের অপব্যাখ্যাঃ** দেশে এমন কিছু আলেম আছেন যারা নিজেদের স্বার্থে কিংবা বাতিল শক্তির এজেন্ট হিসাবে ইসলামের অপব্যাখ্যা করে থাকেন। যার কারনে শিরক, বিদায়াত, পীর পূজা, কবর পূজার মত অপসংস্কৃতি সহজেই মুসলমানদের মধ্যে ঢুকে পড়ছে।

**১৩। বিজাতীয় দিবস পালনঃ** বর্তমানে আমাদের মধ্যে বুঝে না বুঝে পশ্চিমাদের অন্ধ অনুকরন করে দিবস পালনের হিড়িক পড়ে গেছে। আমরা মুসলমানরা এমন কিছু দিবস পালন করি যেগুলোর সাথে ইসলামী সংস্কৃতির দূরতম সম্পর্কও নেই। যেমন, বিশ্বভালোবাসা দিবস, বিশ্বনারী দিবস, আন্তর্জাতিক নাট্যদিবস ইত্যাদি। আবার এমন দিবসকেও আমরা উৎসবের সাথে পালন করি যে দিবসের ইতিহাস ছিল মুসলমানদের জন্য পরাজয়ের ও মর্মান্তিক। যেমন, ১লা এপ্রিল (এপ্রিল ফুল)[২১]। এ সব কিছু কিন্তু আমাদের অন্ধ অনুকরণের কারনে হচ্ছে। এ জাতীয় অনুকরণ করতে আল্লাহ নিষেধ করেছেন

وإن تطع اكثر من فى الأرض يضلوك عن سبيل الله، إن يتبعون الا الظن وإن هم الايخرصون -

অর্থঃ "যদি তুমি দুনিয়ার লোকদের কথামত চল তবে তারা তোমাকে আল্লাহর পথ হতে বিচ্যুত করবে। তারাতো শুধু অনুমানের অনুস্বরন করে। আর তারা শুধু অনুমান ভিত্তিক কথা বলে।" (আল-কোরআন)[২২]

**১৪। লেখক বুদ্ধিজীবিঃ** আমাদের দেশে এমন কিছু লেখক বুদ্ধিজীবি আছে যারা নামে মুসলমান কার্যতঃ বেঈমান, নাস্তিক। এরা সবসময় ইসলাম ও ইসলামী আদর্শের বিরুদ্ধে কথা বলতে ভালোবাসে। যখন

কাশ্মীর, আফগানিস্থান, চেচনিয়া, বসনিয়া, কসোভায় মুসলিম গণহত্যা চালানো হয় তখননো ভীন দেশী অপশক্তির এজেন্ট এই বুদ্ধিজীবিরা নীরব থাকে। বর্তমানে ভারতে সংখ্যালঘু মুসলমানদেরকে গনহারে হত্যা করা হচ্ছে, কিন্তু এসব লেখক-বুদ্ধিজীবিদের কলম থেকে কথা বেরোয় না। অথচ বাংলাদেশে হিন্দু সংখ্যালঘুদের উপর কাল্পনিক নির্যাতন নিয়ে এদের ঘুম নেই। মূলতঃ এরা সাচ্ছন্দবোধ করে ইসলামের বিরুদ্ধে, কোরআনের বিরুদ্ধে কথা বলতে, দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র করতে। এরা বলে ইসলাম এইযুগে অচল, কোরআনে ভুল আছে, ফজরের আযান বেস্যার চিৎকারের ন্যায়[২৩] ইত্যাদি। এসব শিক্ষিত শয়তানদের মধ্যে আহাম্মদ শরীফ(মৃত) তসলিমা নাছরীন, জাহানারা ঈমাম(মৃত) কবির চৌধুরী মুনতাসির মামুন ও শামসুর রহমানরা অন্যতম। ইসলামী আদর্শ ও সংস্কৃতি বিকাশে এরা মারাত্মক বাধা।

**১৫। অপসংস্কৃতি চর্চাঃ** আমাদের মুসলিম সমাজে হাজারো অপসংস্কৃতি চর্চিত হয়ে আসছে। যেসবের সাথে ইসলামের আদৌ কোন সম্পর্ক নেই। যেমন, অনেকে মনে করেন রাতে কাউকে টাকা দিলে দাতা গরীব হয়ে যায়, সোমবারের বাঁশকাটা ঠিক নয়, শনিবারের যাত্রা অশুভ, সকালে বের হওয়ার আগে ঘড় ঝাড়ু দিতেই হবে ইত্যাদি। বিশেষ করে জাতীয় পর্যায়ে কয়েকটি অপসংস্কৃতি চর্চা বেশ লক্ষ্যনীয়। যেমন খালি পায়ে শহীদ মিনারে যাওয়া, মাজারে পুস্পস্তবক অর্পন, মৃত ব্যক্তির স্মরনে ১মিনিট নিরবতা পালন ইত্যাদি। এসব কারণে মুসলমান গণ ইসলামের আসল রীতিনীতি তথা সংস্কৃতির ব্যাপারে বিভ্রান্ত হয়ে যাচ্ছে।

## আগ্রাসনের প্রভাবঃ

আজকে একথা প্রমাণিত সত্য যে, সাংস্কৃতিক হামলা, বাতিলের অন্য যে কোন হামলার চেয়ে অধিকতর মারাত্মক ও ভয়াবহ। মুসলমানদের উপর এসব হামলার মারাত্মক কুপ্রভাব পড়ছে। যেমন-

(ক) অপসংস্কৃতির চতুর্মুখী আগ্রাসনের ফলে পৃথিবীর ১২৫কোটি মুসলমানের অধিকাংশই এখন আর বিশ্বাস ও কর্মে মুসলমান হিসাবে সক্রিয় নেই। বাতিলের সাংস্কৃতিক আগ্রাসনের সাফল্য এখানেই।

(খ) মুসলমানরা যে একটি মর্যাদাবান জাতি, তাদের রয়েছে আলাদা কৃষ্টি-কালচার-ঐতিহ্য ও মহত্ব, মানবতার বিজয় ঘোষণার জন্য তাদের সৃষ্টি করা হয়েছে, এ কথা অধিকাংশ মুসলমানই আজ ভুলে গেছে।

(গ) বাতিলের সাংস্কৃতিক ঘুমপাড়ানি গান মুসলমানদের মত একটা জীবন্ত জাতিকে ঘুমন্ত জাতিতে পরিণত করেছে।

(ঘ) আমরা জানি বাতিলের সশস্ত্র হামলায় একজন মুসলমান জীবন দিলে ইসলাম তাকে শহীদের মর্যাদা দেয়। শহীদের জন্য রয়েছে আল্লাহর দরবারে মর্যাদা ও জান্নাত। অপরদিকে বাতিলের সাংস্কৃতিক হামলার কারনে প্রতিদিন হাজার হাজার মুসলমান তার মুসলমানিত্ব হারাচ্ছে -মৃত্যু ঘটছে তাদের ঈমানী চেতনার। তখন তাদের এবং ইহুদী-নাছারাদের মাঝে কোন পার্থক্য থাকে না।

আল্লামা ইকবাল কত সুন্দর করে বলেছেন-

وضع میں تم ہو نصاری تو تمدن میں ہنود
تم مسلمان ہو جنیی دیکہ کی شرمائے یہود -

অর্থঃ "চেহারায় নাসারা, সংস্কৃতিতে হিন্দু, তুমি এমন মুসলমান যে, তোমাকে দেখে ইহুদীও লজ্জিত হয়।"[২৪]

## সংস্কৃতিক আগ্রাসন প্রতিরোধের উপায়ঃ

উপরোক্ত আলোচনার মাধ্যমে ইসলামী সংস্কৃতির অবক্ষয়ের যে চিত্র ফুটে উঠেছে তা অত্যন্ত ভয়াবহ। তাই মুসলিম উম্মাহর উচিত অচিরেই কার্যকরী ব্যবস্থা গ্রহন করা। ইসলামী সংস্কৃতির পতাকাবাহীরা নিম্নোক্ত পদক্ষেপগুলো বাস্তাবায়নের মাধ্যমে এ পথে অগ্রসর হতে পারেন।

**১। মিডিয়া নেটওয়ার্ক তৈরীঃ** একথা বাস্তব সত্য যে, সাংস্কৃতিক রুচিবোধ পরিবর্তনের জন্য মিডিয়া সবচেয়ে শক্তিশালী হাতিয়ার। এ মিডিয়ার আগ্রাসনেই আজ মুসলমানগণ জর্জরিত হয়ে যাচ্ছে। কিন্তু দুঃখজনক হলেও সত্য যে মুসলমানদের হাতে এ জাতীয় কোন মিডিয়ার নিয়ন্ত্রন নেই। তাই নতুন শতাব্দীর প্রেক্ষাপটে মুসলিম জাতিসত্ত্বা বিনির্মানে এবং শত্রুদের ষড়যন্ত্র মোকাবেলায় আমাদেরকে অচিরেই নিজস্ব মিডিয়া নেটওয়ার্ক গড়ে তুলতে হবে। বিগত ৮০এর দশকে INA বা Islamic News Agency নামে একটি সংবাদ সংস্থা জেদ্দায় প্রতিষ্ঠিত হয়েছিল। বর্তমানে তার অস্তিত্ব নেই। যা সত্যিই দুঃখজনক।

**২। অশালীন CD ও VCD আমদানী বন্ধঃ** যুব সমাজের জন্য ক্ষতিকর এমন অশ্লীল CD ও VCD আমদানী পুরোপুরি বন্ধ করে দিতে হবে। এক্ষেত্রে সরকারী ভাবেই পদক্ষেপ নেয়া উচিত।

**৩। ইসলামী চলচ্চিত্র নির্মানঃ** চলচ্চিত্র এদেশের শক্তিশালী গণমাধ্যম। ইচ্ছা করলেই আমরা এটা বন্ধ করে দিতে পারবোনা। তাই প্রচলিত অশ্লীল চলচ্চিত্রকে ইসলামী সংস্কৃতির আলোকে চলচ্চিত্র নির্মানের মাধ্যমেই মোকাবেলা করতে হবে। সিনেমা বা চলচ্চিত্রকে যে কত চমৎকারভাবে সৃজনশীল ও গঠন মূলক কাজে ব্যবহার করা যায়, ইসলামী বিপ্লবোত্তর[২৫] বৎসর ইরানী চলচ্চিত্রই তার প্রকৃষ্ট প্রমাণ। আল্লাহর বিধানকে কিছুমাত্র বিকৃত না করে এবং ইসলামী শরীআতের চৌহদ্দীর মধ্যে থেকেই ইসলামী রাষ্ট্র ইরান তার চলচ্চিত্র শিল্পে এক ইতিবাচক বিপ্লব ঘটিয়েছে। যা মানবতার কল্যাণে অসমান্য অবদান রাখছে।

**৪। ইসলামী নাটকঃ** নাটক আরেক জনপ্রিয় গণমাধ্যম। নাটকের মাধ্যমেও ইসলামী সংস্কৃতি জনপ্রিয় করা সম্ভব।

**৫। গজল, সংগীতঃ** গজল ও ইসলামী সংগীতের মাধ্যমেও ইসলামী সংস্কৃতিকে তুলে ধরা সম্ভব। অশ্লীল গান-সংগীতে ভরপুর ক্যাসেট ও CD, VCD এর মোকাবেলায় প্রচুর পরিমানে ইসলামী সংগীতের ক্যাসেট ও CD, VCD বের করতে হবে।

**৬। Radio এবং T.V. তে ইসলামী অনুষ্ঠানঃ** Radio এবং T.V. যে কত শক্তিশালী মিডিয়া তা বলার অপেক্ষা রাখে না। তাই এতে ইসলামী অনুষ্ঠান সম্প্রচার বাড়ানোর জন্য কতৃপক্ষের উপর চাপ প্রয়োগ সহ সম্ভব সব ধরনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**৭। সরকারী সাংস্কৃতিক প্রতিষ্ঠানঃ** বাংলা একাডেমী, শিল্পকলা একাডেমী, শিশু একাডেমী, নজরুল ইনষ্টিটিউট, ইসলামিক ফাউন্ডেশন ইত্যাদি প্রতিষ্ঠান সাংস্কৃতিক মন্ত্রনালয়ের অর্থানুকূল্যে পরিচালিত হয়। এগুলো খুব শক্তিশালী সাংস্কৃতিক প্রতিষ্ঠান। কিন্তু এসব প্রতিষ্ঠান ইসলামী সংস্কৃতির পক্ষে খুব একটা কাজ করছেনা। অন্যদিকে এ মুহূর্তে এসব প্রতিষ্ঠানের মোকাবেলায় অন্য প্রতিষ্ঠান গড়ে তোলা আমাদের পক্ষে হয়তো সম্ভব হবে না। তাই এ সব প্রতিষ্ঠানে ইসলামী সাংস্কৃতিক ব্যক্তিত্বদের পাঠিয়ে আমাদেরকে এগুলো নিয়ন্ত্রনের চেষ্টা করতে হবে। সেজন্য বেশী করে যোগ্য সাংস্কৃতিক ব্যক্তিত্ব গড়ে তুলতে হবে।

**৮। ইসলামী সাহিত্য সৃষ্টিঃ** আধুনিক বিশ্বে মানুষের মধ্যে সংস্কৃতি বোধ সৃষ্টিতে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে যে মাধ্যমটি তার নাম সাহিত্য। তাই ইসলামী সংস্কৃতির বিকাশ ঘটাতে হলে ইসলামী সাহিত্যের ব্যাপক প্রসার ঘটাতে হবে।

**৯। পাঠাগার প্রতিষ্ঠাঃ** জ্ঞানের স্বল্পতার কারণেই অপসংস্কৃতির আগ্রাসনে আমরা টিকে থাকতে পারছি না। তাই মুসলমানদের মধ্যে সচেতনতা বৃদ্ধি কল্পে প্রচুর ইসলামী পাঠগার প্রতিষ্ঠা করা দরকার। মনে রাখতে হবে ইসলামী জ্ঞানের প্রসার ব্যতিত ইসলামী সংস্কৃতির প্রসার সম্ভব নয়।

**১০। সাংস্কৃতিক কর্মীদের সহায়তাঃ** সাংস্কৃতিক কর্মীরা হচ্ছে যুগের মুয়াজ্জিন আর রাজনৈতিক নেতারা ঈমাম। তাই ইসলামী সংস্কৃতিক আন্দোলনের কর্মীদের সার্বিক সহায়তা করে এগিয়ে নিয়ে যেতে হবে। কারন পূর্ণ সহযোগিতার অভাবে তারা বাতিলের মোকাবেলায় পিছিয়ে পড়তে পারে।

**১১। কবি সাহিত্যিকদের সহায়তাঃ** রাসূল (সঃ) এর একটি হাদীস দ্বারা সহজেই আমরা এ বিষয়টার গুরুত্ব বুঝতে পারবো। মহানবী (সাঃ) বলেছেন, "কবিদের আর্থিক সহায়তা দান করা পিতামাতার সাথে সদ্ব্যবহার করার সমতুল্য।"[২৬]

**১২। কাব্য চর্চায় উৎসাহ প্রদানঃ** আমাদের কবি সাহিত্যিকদেরকে তাদের সাহিত্য চর্চায় সর্বদা উৎসাহ দিতে হবে। রাসূলে করীম (সঃ) নিজে কবিতা প্রেমিক ছিলেন, অন্যদেরও তিনি এ ব্যাপারে আগ্রহী করতে সচেষ্ট ছিলেন। তিনি বলেছেন যে, "দুটো মনোরম আবরণে আল্লাহ বিশ্বাবাসীকে সাজিয়ে থাকেন, কবিতা তার একটি।"[২৭]

সাহাবীদেরকে তিনি কবিতা চর্চায় তাগিদ দিতেন। হাদীস শরীফ থেকে জানা যায় তিনি সাহাবীদেরকে নির্দেশ দিয়েছিলেন, "তোমরা তোমাদের সন্তানদের কবিতা শেখাও তাহলে তাদের কথা মিষ্টি ও সুরেলা হবে।"[২৯]

**১৩। ইসলামী শিক্ষা আন্দোলনঃ** ইসলামী সাংস্কৃতিক আন্দোলনের পাশাপাশি ইসলামী শিক্ষা আন্দোলন জোরদার করতে হবে। কেননা ইসলামী শিক্ষা ব্যতীত ইসলামী সংস্কৃতির বিকাশ প্রায় অসম্ভব।

**১৪। অশ্লীলতার প্রতিরোধঃ** অনৈসলামিক সংস্কৃতির মূলমন্ত্র হচ্ছে অশ্লীলতা। আর ইসলামী সংস্কৃতি বিকাশে এটি সবচেয়ে বড় বাধা। তাই অন্যায় ও অশ্লীলতার বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে হবে। কেননা সমাজ থেকে যাবতীয় অন্যায়, অশ্লীলতা ও বেহায়াপনা দুর করা না গেলে ইসলামী সংস্কৃতির পরিপূর্ণ বিকাশ আদৌ সম্ভব নয়। এটা ঈমানের অপরিহার্য দাবীও বটে। হাদীস শরীফে এসেছেঃ

قال رسول الله ﷺ من رأي منكم منكرًا فليغيره بيده فإن لم يستطع فبلسانه فإن لم يستطع فبقلبه وذالك أضعف الإيمان -

"তোমাদের মধ্যে কেউ যদি কোন অন্যায় দেখে, তবে যেন হাত দিয়ে (শক্তি প্রয়োগ করে) তার প্রতিরোধ করে। যদি তা সম্ভব না হয় তবে জিহবা দিয়ে, যদি তাও সম্ভব না হয় তবে অন্তর দিয়ে। আর এটা ঈমানের দুর্বলতম পর্যায়। হাদীস[৩০]

## উপসংহারঃ

এ কথা প্রমানিত সত্য যে, স্বাতন্ত্র, মৌলিকত্ব এবং রুচিবোধের দৃষ্টিতে ইসলামী সংস্কৃতির সাথে পৃথিবীর অন্য কোন সংস্কৃতির তুলনাই হয় না। তথাপি ও ইসলামী সংস্কৃতি আজ নানাবিধ আগ্রাসনের শিকারে পরিণত হচ্ছে। আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তিতে বলিয়ান পশ্চিমা সাম্রাজ্যবাদী, ইহুদীবাদী ও হিন্দু জাতীয়তাবাদী শক্তি মুসলমানদের সাংস্কৃতিক অভিজ্ঞান ধ্বংস করার জন্য আজ এক পায়ে খাড়া। এসব আগ্রাসনের মোকাবেলায় মুসলিম উম্মাহকে ঐক্যবদ্ধভাবে বাস্তবভিত্তিক পদক্ষেপ হাতে নিয়ে এগিয়ে আসতে হবে।

আজ মুসলমানদের বড় অভাব ঈমানী শক্তির। যার কারণে তারা অপসংস্কৃতির ছোবল থেকে নিজেদের রক্ষা করতে পারছেনা। তাই গোটা মুসলিম উম্মাহকে নিজেদের ঈমান ও আমলের দুর্বলতা কাটিয়ে পবিত্র কোরআন ও সুন্নাহকে আঁকড়ে ধরতে হবে। যাতে করে বাতিলের যে কোন আগ্রাসন সহজেই প্রতিহত করা যায়। কেননা বিদায় হজ্বের ভাষণে রাসুল (সঃ) আগত অনাগত মুসলিম উম্মাহর উদ্দেশ্যে বলেছেনঃ

تركت فيكم أمرين لن تضلوا ما تمسكتم بهما كتاب الله وسنة رسوله -

"আমি তোমাদের নিকট দুটি জিনিস রেখে গেলাম। তোমরা এগুলো আঁকড়ে ধরলে কখনও পথভ্রষ্ট হবে না, আর তা হলো আল্লাহর কিতাব(কুরআন) ও তাঁর রাসূলের (সঃ) সুন্নাত। (আল-হাদীস)[৩০]

তথ্যসূত্রঃ


১। সংসদ বাঙ্গালা অভিধান, পৃষ্ঠা নং-৬৫৪ সংশোধিত ও পরিবর্ধিত চতুর্থ সংস্করন প্রকাশকঃ দেব জ্যেতি দত্ত, শিশু সাহিত্য সংসদ প্রাঃ লিঃ কলিকাতা।

২। BANGLA ACADEMY ENGLISH- BENGALI DICTIONARY প্রকাশকঃ বাংলা একাডেমী প্রথম প্রকাশ (১৯৯৩)

৩। ডঃ মুহাম্মদ ফজলুর রহমান, আরবী-বাংলা ব্যবহারিক অভিধান, রিয়াদ প্রকাশনী, ঢাকা পৃষ্ঠা নং-২৩২

৪। আবু তাহের- মেসবাহ, আল-মানার, মোহাম্মদী লাইব্রেরী, প্রকাশ কাল ১৯৯০ ইং, পৃষ্ঠা নংঃ ১২৩৪

৫। فرہنگی ربانی উর্দু-বাংলা অভিধান, আশরাফিয়া লাইব্রেরী। ৭ম সংস্করণ, পৃঃ ১৯১

৬। আসাদ বিন হাফিয, ইসলামী সংস্কৃতি, প্রীতি প্রকাশন, প্রথম প্রকাশ (১৯৯৫) পৃঃ ২৫

৭। T.S. Eliot: Notes Towards the Defination of culture. p.13

৮। মাওলানা আব্দুর রহীম, শিক্ষা সাহিত্য ও সংস্কৃতি, খায়রুন প্রকাশনী প্রথম প্রকাশ (২০০০) পৃঃ ২৫৩

৯। আ. জ. ম. ওবায়দুল্যাহ, সাংস্কৃতিক অবক্ষয়ের কবল থেকে মুসলিম জাতি ও বাংলাদেশকে বাঁচাতে হবে। (প্রকাশিত প্রবন্ধ) মনযিল '৯৯ পৃঃ ৮৩

১০। ভাষা, দেশ ও আঞ্চলিকতার সীমাবদ্ধতা পেরিয়ে পৃথিবীব্যাপী যে সংস্কৃতি। যেমনঃ সারা বিশ্বের মুসলমানদের সংস্কৃতি।

১১। 'মুহাম্মদ মুজিবুল হক", আজকের মুসলিম এশিয়া (প্রকাশিত প্রবন্ধ) মন্‌যিল'৯৯' পৃঃ১৩৩

১২। সূরা আন-আম, আয়াত ১৬২

১৩। এসব গুলো আন্তর্জাতিক প্রিন্ট মিডিয়ার নাম, তন্মধ্যে Reuter বৃটেনের AFP ফ্রান্সের CP কানাডার- AP আমেরিকার, SINHUA চীনের, ITAR TASS রাশিয়ার PTI ভারতের সংবাদ সংস্থা।

১৪। এগুলো বর্তমান পৃথিবীর শক্তিশালী ইলেকট্রনিক মিডিয়ার নাম, তন্মদ্যে GTV ভারতের, BBC বৃটেনের, VOA (ভয়েচ অব এমেরিকা) DW, CNN যুক্তরাষ্ট্রের সংবাদ সংস্থা।

১৫। একুশে টেলিভিশন, ১৯৯৮ সালে এটি বেসরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত হয়েছে।

১৭। ৩১ শে ডিসেম্বর রাত।

১৮। জসিম উদ্দীন মানিক নামের জাহাংগীর নগর বিশ্ববিদ্যালয়ের এই ছাত্রটি ১০০ বার ধর্ষন করে মিষ্টি বিতরনের মাধ্যমে উৎসব করেছে।

১৯। এটি লর্ড মেকেলের একটি উক্তির খন্ডাংশ। ১৮৩৫ সালে উপমহাদেশের শিক্ষানীতি প্রসংগে তিনি এ উক্তিটি করেছেন।

২০। Non Goverment Organisation এগুলো উন্নত বিশ্বের বিভিন্ন দাতা প্রতিষ্ঠানের দানে পরিচালিত বেসরকারী সাহায্য সংস্থা।

২১। ১লা এপ্রিল হচ্ছে মানব সভ্যতার ইতিহাসে একে বর্বরোচিত হত্যাকান্ডের দিন। একবার স্পেনের রাজা জর্জ ফার্ডিনান্ড যুদ্ধে পরাজিত মুসলমানদের উদ্দেশ্যে ঘোষণা করলেন যে সব মুসলমান কর্ডবার মসজিদে আশ্রয় নিবে তাদেরকে হত্যা করা হবেনা। কিন্তু মুসলমানগণ নিরস্ত্র অবস্থায় মসজিদে প্রবেশ করার পর মিথ্যাবাদী ফার্ডিনান্ডের বাহিনী মসজিদের চতুর্দিকে আগুন লাগিয়ে হাজার হাজার মুসলমানকে পুড়িয়ে হত্যা করে। এরপর থেকে খ্রীষ্টান সম্প্রদায় প্রতিবছর ১লা এপ্রিলকে উৎসবের মাধ্যমে উপস্থাপন করে।

২২। সূরা আন'আম, ১১৬ আয়াত

২৩। এই উক্তিটি কবি শামসুন রহমানের।

২৪। এ. এইচ. এম শামসুর রহমান, আপন গৃহে অপরিচিত, প্রকাশকাল ২০০০ইং, ৪র্থ অধ্যায়ের ২৪ নং পৃঃ

২৫। ১৯৭৯ সালে ঈমাম খোমেনীর নেতৃত্বে ইরানে ইসলামী বিপ্লব সংঘটিত হয়েছে।

২৬। আল হাদীস, আসাদ বিন হাফিজ, ইসলামী সংস্কৃতি ৯৫ নং পৃঃ হতে সংকলিত।

২৭। আল হাদীস আসাদ বিন হাফিজ, ইসলামী সংস্কৃতি ৮৫ নং পৃষ্ঠা হতে সংকলিত।

২৮। আল হাদীস আসাদ বিন হাফিজ, ইসলামী সংস্কৃতি ৮৫ নং পৃষ্ঠা হতে সংকলিত।

২৯। সহীহ বুখারী শরীফ।

৩০। মোত্তাফাকুন আলাইহে।

# القسم
# الانجليزى

# Democratic Movement and Jama`at - e - Islami Bangladesh

**Md. Enayet Ullah Patwary ***

## Introduction:

against the west Pakistani military rule on 16th December 1971. Bangladesh is the 2nd largest Muslim country in the world. The people of the then East Pakistan fought against Pakistani reign to establish their franchise, to ensure their due political participation and for economic emancipation. But, it is a tragedy for the people of Bangladesh that they had to enjoy military rule most of the time of 1st two decades after liberation.[1]

Late Sheikh Mujibur Rahman banned all political parties and seized their political rights and freedom of media within 3 years of independence. Several military coups took place during the period 1975 to 1982. General Hussain Muhammed Ershad was one of the military rulers who ruled over 9 years at a stretch. A vigorous anti-Ershad movement was held and after a massive movement general Ershed was forced to quit. All the political parties including Jama`at-e-Islami Bangladesh participated actively in the democratic movement during 1982 to 1990.

## Purpose of the study:

Bangladesh has a colorful heritage of Islam & Muslim rulers to its credit. Bangladesh was under the Muslim rule for six centuries (1203- 1757) which was over thrown by the British colonialists in 1757 after a bloody war against Nawab Sirajaddawla, the independent ruler of Bengal, Bihar and Urissha. After the establishment of British rule, Muslims came to realize their fault & deviation and once again started struggle against the British rule to regain their lost throne and establish an independent state. In this connection, the great leaders were Sir Syed Ahmed khan, Syed Amir Ali, Nawab Abdul Latif- pioneers in the education sector and Syed Ahmed Shaheed, Haji Shariat Ullah, Titumir, Mohammed Ali Jinnah, Maulana Mohammed Ali, A.K.M. Fazlul Hoque etc- in political arena. Muslim league under the leadership of Muhammad Ali Jinnah became successful to establish a separate Muslim country from British India. After the formation of Pakistan Muslim league, Muslim people ruled Pakistan. Lack of forethought of the Muslim League leaders and palace conspiracy among themselves, people of East Pakistan had to demand the autonomy and eventually an independent state for them. During the movement against autocratic government of Pakistan all major Islamic parties were in the main stream of

* Writer is a lecturer in Political Science at International Islamic University Chittagong (IIUC). Former Registrar (in charge) & Director, Students Affairs Division, IIUC

democratic movement. Jama`at-e-Islami Pakistan & other Islamic parties participated actively in the movement under the banner of COP-Combined Opposition Party & DAC-Democratic Action Committee. In the early years of Bangladesh Islamic parties could not play any vital role as the 1st government of

political, social and economic rights especially in East Pakistan. However in 1976, Islamic parties got the opportunity to play their political role after the enactment of PPR. (Political Parties Regulations). From that time till date Islamic parties including Jama`at-e-Islami Bangladesh played a vital role in every democratic movement specially in the long nine year movement against Ershad regime which is generally treated as autocratic regime. In this study I will try to justify the following issues briefly.

a) To review the programs of Jama`at-e-Islami Bangladesh during the movement against Ershad government.

b) To evaluate the positive & negative results of its programs.

c) To analysis its Political & organizational achievements

**Legal framework:**

General H.M. Ershad took over the power of Bangladesh following a bloodless military coup on 24th March, 1982. He was the only ruler who ruled for 9 years at a stretch. No single government in Bangladesh could rule over 5-years tenure before. We recognize the period form March 82 to 6 December 1990 as the regime of Ershad. During this period all political programs held against the government by the oppositions are called democratic movement. Political program means all sorts of activities by the opposition parties including procession, public meeting, hartal, strike etc. Political party is an essential component of a modern democratic state. Political party is an association of committed people who organize themselves for common causes and participate in decision-making process through concerted endeavors, and try to form a government. Islam is a complete way of life. Following the principles of Islam problems of every sector in life can be solved. Islamic politics is an organized effort to establish Islam in every sphere of life by establishing an Islamic government. Islamic party means the party, which declares Islam as its ideology

:consciousness about Islam among the leaders , practice of Islamic principles in real life, preaching Islam sincerely and create morality among the followers of the party.

**Role of Jama`at-e-Islami Bangladesh.**

Jama`at-e-Islami Bangladesh contributed a lot in the movement against the autocratic ruler, president H.M. Ershad. Jammat is the largest Islamic party in Bangladesh and proved it self as one of the major political parties in the politics of Bangladesh. Syed Abul A`la Mawdudi (Rh.) founder Jama`at in 1941. After the formation of Pakistan, Jamat worked separately in both India & Pakistan.

In 1971, after the dismemberment of Pakistan, Jama`at started its works again in independent Bangladesh. Jama`at is not merely a political or religious but also an ideological party. Jama`at was banned by the government of Sheikh Mujibar Rahamn the first government of independent Bangladesh. Due to Political Parties Regulations (PPR) in 1976 Islamic parties got the opportunity to work

freely. In April 22, 1977 Secularism, one of the fundamental principles of the state was removed from the constitution following an ordinance of the then president. Jama`at started its programs openly through a conference held in Dhaka on May 25 27, 1979.[2]

Jama`at-e-

armed revolution.[3] In principle, Jama`at has always been against military rule. It wants to go to power through the mandate of the people. It is essential to create a democratic environment to give the people the scope of expressing their opinions. So Jama`at is always involved in the democratic movement with a target of establishing an Islamic government.

The history of Jama`at is the glorious history of sincere and bold struggle in favor of Islam and democratic process.[4] Jama`at was banned in Pakistan on 6th January, 1964 because of its participation in the anti Ayub movement. Its founder Maulana Mawdudi (Rh.) and some other 60 central leaders were arrested.[5] Jama`at played a vital role in Anti Ayub regime during the period between 1964 to 1970 under the banner of COP, PDM and DAC.[6] Being forced by the movement of the opposition , Pakistan government declared its first general election in 1970 during its 23- years reign. Awami league secured majority seats in the central and provincial assembly. Jama`at issued several statements in the dailies emphasizing on handing over the power to Sk. Mujibur Rahman as the leader of majority party.[7]

Jama`at took initiative to start a movement against undemocratic government of H. M. Ershad through an informal discussion with the leaders of Bangladesh Nationalist Party (BNP) including Abdul Matin Chwodhury a senior leader of BNP.[8] The movement against the government of Ershad began in the middle of

government. At the pressure of the movement, Ershad had to give permission to do

the amendment of constitution. Awami league and its allies demanded the resumption of the 1972 constitution. During that period demand had been raised from the Military that their participation in parliament and in administration should be ensured by the constitution.[9]

In consideration of Jama`at, it would create political crisis if military ruler had been given authority to amend constitution. For the sake of the nation armed forces should be kept aside from such kind of debate.[10] Jama`at distributed thousands of leaflet throughout the country calling to hold a general election under the postponed constitution. Jama

intellectuals of the nation. A four daylong member (Rukon) conference was held in Dhaka from October 14 17, 1983. A resolution had been resolved calling the annulment of military rule and to hold a general election at first.[11]

In October, 1983 Ershad visited United States of America (USA). During his visit, Ershad said that Presidential election would be held during the mid of 1984. Jama`at had shown a very strong reaction and turned the announcement as a conspiracy against the democratic system. They called upon all political parties to boycott the presidential election for the sake of the country.[12]

Jama`at-e- Islami is the first political party demanding the need of a care taker government. The demand was placed before the nation and government in a mammoth public meeting held on November 20, 1983 at south gate of Baitul Mokarram.[13] Jama`at declared the government of Ershad as illegal and demanded its resignation immediately. They also placed a caretaker formula

during the dialogue with president Ershad in April 1984. Jama`at asked other political alliances and parties to demand the caretaker government during the political dialogue with president. But no other political party and alliances raised the demand. After a series of demand and political programs the government of Ershad had to announce the general election.

Considering the political and organizational situation Jama`at participated in the 3rd parliament election held on May 7, 1986. They contested in 76 seats and secured 10 seats and were placed in 2nd position in 15 seats.[14] The election was held in the worst undisciplined atmosphere: ballot rigging, violence, media coup were the feature of 3rd parliament election.[15] Jama`at became the 2nd largest opposition party in the parliament getting 4.61% vote of the casting thereof. Mps of Jamat tried to play a meaningful role in parliament. But, protesting the fascist attitude of the government and seeking resignation of Ershad the MPs of Jama`at joined the democratic movement and resigned from the membership of parliament on December 5, 1987.[16] It is a record in the history of parliamentary politics in Bangladesh that all the members of a party resign from the membership of the parliament. All the political parties, intellectuals and mass rd parliament had been dissolved within two days after the resignation of MPs of Jama`at.

Jama`at took part in the movement with the 15 and 7 party alliances in parallel. Jama`at organized a mammoth national gathering on October 14, 1984 in Dhaka in consistence with the program of 15 and 7 party alliances.[17] Sheikh Hasina Leader oif the Awame League and Begum kahleda Zia leader of BNP led 15 and 7 party alliances respectively.

The 4th parliamentary election was held in March , 1988. Major political parties

